বস্থুমতী-শাস্ত্র-প্রচার

যোগশাস্ত্র

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় অনুদিত

বস্নমতী – সাহিত্য – মন্দির

১৬৬, বিপিন বিহারী গাঙ্গুলী খ্রীট কলিকাতা-৭০০১২ ৰথ্যতী কৰ্ণীন্দ্ৰেন তিমিটেঙ ১৬৬, বিপিন বিহাৰী গালুলী ট্লাট, কলিকাতা—৭০০০১২

অকাশ: জুন, ১৯৫৬

শ্ৰীক্ৰদাদ দত কৰ্তৃক ৰমুমতী গ্ৰেগ হইছে মৃত্যিত ও প্ৰকাশিত শিব-সংহিতা।

ষট্, ভক্র-নি**রূপণ**। 🗸 অপ্টাবক্র-সংহিতা।

সন্তাত্ত্রের গ্রেহ্ন বিশ্বরহন্ত ।

ব্রহ্ম-সংহিতা ।

ঘেরণ্ড-সংছিতা ।

পরাশরপ্রোক্ত-যোগাপদেশ।

স্ফুচীপত্ৰ

	শিবসংহিতা	
ৰি	বয়	পৃষ্ঠ
প্ৰথ	ম পটল—	
	মলসাচরণ, অবভরণিকা, শারসমূহের মতভেদ, আত্ম	নিক্ল-
	শণ, চাৰ্ব্বাকাদির মত, যোগশান্তের প্রাধান্ত, কর্ম	কাত,
	আনকাণ্ড, মায়াপ্রভাবে জগৎ সৃষ্টি-বর্ণন	> 2 8
Tue	হীয় পটল—	
	পিওরক্ষাও ও জী বাঝ্মা রি , নাড়ীসংস্থান-বর্ণন, সুস	टम् -
	প্রাপ্তির কারণ, মোকসাধন · · · · · · · · · · · · · · · · · · ·	₹6—3¢
ত্ত	ীয় পটল—	
	প্রাণাদি দশবায়ুর সংস্থান, গুরুকরণেয় আবহাকতা,	বোগ-
	সিহার্থ অবগ্রনীয় নিয়ন, বায়ুসিলির ক্রম, বিল্ল	শকিব
	উপায়, পাল-পুণ্য-বিনাশ, ঘটাবস্থা, পরিচয়াবস্থা, ক	रवाह.
	নিশ্যন্তাবস্থা এবং পদ্মাসনাদি আসনকংন \cdots	•
ह ण्	ূৰ্থ পটল	
	বিবিধ মুখ্য ও তেকেক	645
প্র) ম পটল—	
	যোগবিদ্ধ-বর্ণন, চছুর্ব্বিধ যোগ ও চছুর্ব্বিধ সাধক,	প্ৰতী-
	কোপাসনা, আত্মসাকাৎকার ও নাদাহুস্থানের	উপায়,
	যোগোপদেশগ্ৰহণের নিয়ম, আৰু ফলপ্ৰান বিবিধ	যোগ,
	ষ্ট্চক্ৰবিজ্ঞান ও ধ্যানাদি, ৰাজ্যোগ, ৰাজাংৰা	ৰযোগ,
	মস্তোকার, মন্ত্রকপের নিয়ম ও ফল 🚥 \cdots	><<

ষট্চক্রনিরূপণশ্

আবারপল্ল, আদিষ্ঠানপদ্ম, মৃলাধারণল্ল, মণিপূর্পল্ল, আনহিভাপল্ল, বিভন্নপূর্ম, আজ্ঞাপদ্ম ও সংক্রারপদ্ম বর্ণন ১৫৭—১৮২

অষ্টাবক্রসংহিতা

প্রবিম প্রকিরণ — আ'ব্য'যুত্তব			340
িষ্ট্ [†] র প্রকরণ দুঅ(মুমুভ'ব'লাস	• •	• •	\$ b 4
ङ् ^{को} श्च श्रातदन्— बार्टकल्यादालान्य	• •	~ •	04:
চ্ছুৰ্প পকৰণ-অন্নভাৱে প্লাস্মট্ক			9 4 5
९क र खकदन सरह ३ देव			: 24
रहे अकरब উछ १५ इक		7 • ¢	২ ০ ●
र श ः श्रद्यत् : ष्यग्रू २२४ १ क	* *	~	₹•>
ष्यदेव छा कर्य		٠.	₹ • ৩
मदम शकदन मार्यमाहेक	• •	• • .	₹ 5
भण्य श्राहरण 'डेजम्य रहेड		•	٥ . ن
এक्षम श्रवद्य छान्। हेइ		• •	२०३
ছাদৰ প্ৰবন্ত্ৰহাইক	,	• • .	२১১
ত্ৰ য়াৰশ প্ৰাঃবন—সুণসপ্তাঃ	• • •	• • •	2:0
চতুৰিৰ প্ৰকৰণ—শাখিত্যক		•••	2:4
भक्ष च शहरत—• द्वापानिहरू वह			2 > 9
<क छ व श्रवदश ^{——ह} बरबर्शलरम	• • •	•••	२ २२
रक्षः अकरन एड्डब्र्य्यस्त्रिर्श्विक		• • •	૨ ૨ ૯

বিশয়			73'	
অধ্যানৰ প্ৰাক্ত্ৰৰ—ভাতিমূলকৰ		* * a	₹. 2 •	
উনবিংশ প্রকরণ—অগ্যানিস্রাণ্টিক			265	
বিংখ প্ৰবৃধ—জীংনু ক্ষিৎকৃতি শক			200	
এক বিংশ প্রাকরণ—সংখ্যা এমকপন	•		245	
-				
स्वर ेगार म <i>ा । १९</i> भे र् स				
যোগ্য হয়				
(تا ۱۳۰۰ ۱۹۰۹ ۱۹۰۹ ۱۹۰۹ ۱۹۰۹ ۱۹۰۹ ۱۹۰۹ ۱۹۰۹			5 \$ 3	
(عابدريه وعلا	•	, .	5 919	
যো ⁵ গচৰ্য্য		•	267	
Street and Principles Company				
কেন ংহিতা				
বলাদিও স্বাহেজন্মাদি স্থি-কান		* b 9	-000	
Name of State of Stat				
<u> দেরভ</u> সংহিতা				
প্রথমোপদেশ —				
ঘটত যোগৰান, সন্তাল্যম ও সম্মান, নৌধন, থেজি,				
অন্তর্থীতি ভালসার, বাহিসার, অগ্নিসার, দত্যধীকে,				
क्षिकारमाध्य हे भागम		100€	—७२:	

বিভীয়োপদেশ--

বিদ্বাসন, পদ্মাসন, সিংহাসন প্রভৃতি বিবিধ আসন ৩২২ — ৩৩৩

æ			_
т	3	ъ	
	٦,	-	

75

তৃতীয়োপদেশ—

মহামুক্রা, নভোমুক্রা প্রভৃতি অসংখ্য মুক্তাপ্রণাদী ও **स्टर्**कन

চতুর্থোপদেশ—

প্রভাহারধােগ ... ০৫৯—৩৬০

পঞ্চযোপদেশ--

প্রাণায়ামপ্ররোগ, স্থাননির্ণয়, কালনির্ণয়, মিভাছার, নাড়ী শুদি, উজ্জানী, নীতলী প্রভৃতি বিবিধ কুন্তক ১৮১ -- ১৮২ यद्क्षाभटममा-

ধ্যানযোগ, সুলধ্যান, জ্যোতিধ্যান, সুক্ষ্ণ্যান ইত্যাদি ৮৮৩-৩১৯ সপ্তমোপদেশ---

नमार्थियोग, शांनरवांगनमाथि, नामरवांगनमाथि, बनानस-বোগসমাধি, সমুযোগসমাধি, ভক্তিবোগসমাধি, বাত-যোগসমাধি, সমাধিযোগ-মাভাত্মা .. ৩৯০—৩৯৫

পৰাশৰপ্ৰোক্ত

যোগোপদেশ

अवा» व कर्तुक (वारगांभरम^अ कथम

স্চীপত্ত সমাপ্ত

শিবসংহিতা

প্রথম-পটলঃ

মলকাচরণ

একং জ্ঞানং নিত্যমান্তস্তশ্যং,
নাত্যং কিঞ্চিষ্ঠিতে বস্তু সত্যম্।

যভেদোহশিদ্ধিন্তিয়োপাধিনা বৈ,

জ্ঞানস্থায়ং ভাসতে নাত্যধৈব ॥ ১ ॥

অবভর্গিকা

অথ ভক্তামূরকো হি বক্তি ঘোগামূশাদনম্। ঈশ্বঃ দর্বভূতানামাক্ষম্ক্তিপ্রদায়কম্॥ ২ ॥

একমাত্র অনাদি, অনস্ত, চিন্নয় ব্রহ্মই নিতা এবং সতা। সেই
চিন্নয় বাতীত অন্য কোন বস্তুই সতা নহে। তবে যে মায়া-বিজ্পতি
ইন্দ্রিয় বারা এই জগতে (সেই অন্বিতীয় ব্রহ্মের ক্ষিতি, অপ্, তেজ,
বায়্, আকাশ, দেব, নর, পশু প্রভৃতি) নানা প্রকার ভেদ লক্ষিত
হইতেছে, তাহা কেবল (মকভ্মিতে মৃগত্ফাবং) অবিভাবিলসিত
ভাস্তি-পরপরামাত্র, অন্য কিছুই নহে। কারণ, ইন্দ্রিয়রণ উপাধি
তিবোভ্ত হইলে অ্বিতীয় ব্রহ্মে ভেদজ্ঞান ভাসমান হয় না। ফল
ক্বা, গওজ্ঞানই অবিভাবিলসিত ভ্রাস্ত এবং অ্বওজ্ঞানই প্রস্ক্রস্ক্রপ॥১॥

বিবাদ-নিরত তাকিকগণের আলোচনা হইতেই আছিজান জন্ম;

ত্যক্তা বিবাদশীলানাং মতং ছর্জানহেত্কম্। **আত্মজা**নায় ভূতানামনগুগতিচেত্নাম ॥ ৬॥

শাস্ত্রসমূহের মতভেদ

সভাং কেচিৎ প্রশংসন্তি তপঃ শৌচং তথাপরে।
কমাং কেচিৎ প্রশংসন্তি তথৈব শমমাৰ্ক্ত বম্ ॥ ৪ ॥
কেচিছানং প্রশংসন্তি পিতৃকর্ম তথাপরে।
কেচিৎ কর্ম প্রশংসন্তি কেচিছৈরাগ্যমৃত্তমম্ ॥ ৫ ॥
কেচিদ্গৃহস্কর্মাণি প্রশংসন্তি বিচক্ষণা:।
ক্ষাহোত্রাদিকং তথা কেচিৎ পরং বিতঃ ॥ ৬ ॥
মন্ত্রবোগং প্রশংসন্তি কেচিতীর্থাস্থ্রেমম্ ।
এবং বহুস্পায়াংস্ত প্রবদ্ধি হি মৃক্তয়ে ॥ ९ ॥

সেই ব্যক্ত ভক্তামুরাণী ভগবান্ মহাদেব একা গ্রচিত্ত অনয়োপায় ভক্তকুল বাহাতে সেই মত পরিহার করিয়া আত্মজ্ঞান লাভ করতঃ ভববদ্ধন হুইতে মুক্তিলাভ করিতে পারে, সেইরূপ বোগোপদেশ কীর্ত্তন করিতেছেন ॥ ২-৩॥

কেহ কেছ সভ্যনিষ্ঠা ও সভ্যের প্রশংসা করেন, কোন কোন ব্যক্তি বিশুদ্ধাচার ও তপস্থাচরণকে শ্রেষ্ঠ বলিয়া থাকেন; কোন কোন ব্যক্তির মতে ক্ষমাই সর্বপ্রধান, আবার কোন কোন ব্যক্তি সারল্য ও শাস্তিকেই সর্বোত্তম বলিয়া কীর্ত্তন করেন; কেছ কেছ দান, কেছ কেছ পিতৃক্রিয়া, কেছ কেছ পুণ্যপ্রদ কামাক্রিয়া, কেছ কেছ বৈরাপা, কোন কোন বছদশা ব্যক্তি শ্বিংহা্রোদি ষ্প্রক্রিয়া, কেছ কেছ মন্তবাগ এবং কোন কোন ব্যক্তি তীর্থপর্য্যনকেই শ্রেয়াধন বলিয়া বোধ করেন। এইয়পে শ্রেকেই খনেক প্রকার মৃক্তির উপায় নির্দ্ধেশ করিয়া থাকেন। ৪—৭ ॥ উক্ত মতাবলম্বীদিগের পুন: পুন: সংসারে পতন
এবং ব্যবসিতা লোকে কুত্যাকুত্যবিদো জনা: ।
ব্যামোহমের গচ্ছন্তি বিমুক্তা: পাপকর্মডি: ॥ ৮ ॥
এতন্মতাবলম্বী মো লব্ধ। ত্রিতপুণাকে ।
ভ্রমতীত্যবদ: সোহত্র জন্মভূত্যবন্ধরাম >

নৈয়ায়িক ও বৈশেষিকমতে আত্মনিরূপণ অত্যৈমতিমতাং শ্রেষ্টেগুপ্তালোকনতংপরে:। আত্মানো বহবং প্রোক্তা নিত্যাং সর্ব্বপ্রতান্তবা ॥ ১০ ।

প্রত্যক্ষবাদী ও চার্ক্ষাকাদির মত

যদ্ধং প্রায়ক্ষবিষয়ং তদন্তন্ত্রান্তি চক্ষতে।

কুতঃ বর্গাদয়ঃ দৃষ্টাত্যক্তে নিশ্চিত-মানসাঃ ॥ ১১ ॥

বন্ধতঃ কোন্ বিষয় শ্রেয়:দাধন এবং কোন্টি ভদিপরীত, ইহা জ্ঞাত হইয়া বাহারা বিচার পূর্ব্ধক উক্ত সমস্ত ব্যাপারে নিরত হন, তাহারা পাপ হইডে পরিজ্ঞাণ লাভ করিতে পারেন সতা, কিন্তু তাঁহারা অতীব স্ক্রোন-তিমিরে ও প্রাক্তিলালে ক্ষড়িত হন। কারণ, এই সকল মতাবলম্বী লোকেরা বিবিধ কণ্ম হারা পাপ-পূণা অজ্ঞান করিয়া, বাসনা না থাকিলেও অবশ হইয়া, জন্ম-মরণ-পরস্পরা-ভোগ সহকারে এই সংসারে পূনঃ পুনঃ যাতায়াত করিতে থাকেন। এইরপে তাঁহাদের বহু জন্ম অতীত হয়. কিন্তু কোনক্রপেই তাঁহারা মুক্তিলাভে সমর্থ হইতে পারেন না । ৮-১ ।

পক্ষান্তরে, নৈয়ায়িকাদি স্ক্রণশী তীক্ষবৃদ্ধি কোন কোন স্থী বলেন যে, আলা বহু, সর্বগত ও নিভা ॥ ১০ ॥

আবার প্রত্যক্ষবাদী চার্জাকাদি নিশ্চিতবৃদ্ধিসম্পন্ন কোন কোন পঞ্জি নিরূপণ করিয়াছেন যে, যাহা বাহেন্দ্রিয় যারা লক্ষিত হয় না. বিজ্ঞানবাদ, শৃহ্যবাদ ও সাংখ্যমত জ্ঞানপ্রবাহ ইত্যায়ে শৃষ্ণং কেচিৎ পরং বিহুট্। বাবেব তত্ত্বং মন্তক্ষেহপরে প্রকৃতিপুরুষে ॥ ১২॥

সাংখ্যগণের মতে সেশ্বর ও নিরীশ্ববাদ
মত্যস্তভিন্নমতয়ঃ পরমার্ধপরাঝুঝাঃ।
এবমন্তে তু সংচিস্তা মধামতি মধাশ্রুতম্ ॥ ১৩ ॥
নিরীশ্বমিদং প্রাহ সেশ্বরঞ্ তথাপরে।
বদস্তি বিবিধৈর্ভেদৈঃ হযুক্যা স্থিতিকাতরতাঃ ॥ ১৪ ॥

তাহা আদে। নেই। স্বৰ্গাদি দৰ্শেনেন্দ্ৰিয়ের অতীত, কাজেই তাহাব অভিত্ব তাঁহাদিপের মতে স্বীকাষ্য নহে॥১১॥

বিজ্ঞানবাদী বিচক্ষণের মধ্যে কোন কোন ব্যক্তি বলেন যে, এই জগৎ জ্ঞানপ্রবাহমাত্র। শৃত্যবাদী বৌদ্ধং। এইরূপ বলেন যে, ঈশ্বর নাই, জ্ঞগৎও নাই। কোন কোন বৌদ্ধের মতে ঈশ্বর নাই, কিন্তু শৃত্যমূলক জগৎ আছে। আবার কোন কোন বৌদ্ধ বলেন যে, জগৎ নাই, ঈশ্বর বিজ্ঞমান আছেন। সাংখ্যমতাবলম্বীর মতে প্রকৃতি ও পুক্র, এই চই তত্ত্ব হইতেই জগতের উদ্ভব হইয়াছে। তাহার মধ্যে প্রকৃতি একমাত্র এবং পুক্রর জনেক সংখ্যক। ১২॥

এই সমস্ত বিদ্যানের মধ্যে কোন কোন ব্যক্তি ঈশ্বরকে স্বীকার করেন, কেহু বা স্বীকার করেন না। ফলতঃ ইহারা প্রকৃত তত্ত্বমার্গে পাকিতে না পারিয়া নিজ নিজ যুক্তিবলে নানাবিধ দিদ্ধান্ত করিয়া থাকেন। প্রকৃত পক্ষে ইহাদের মতের পরস্পর সনেক প্রভেদ; ইহারা পরমার্থ-পথ হইকে একবারেই বিমুপ, ইহারা ধ্যরপ উপদেশ লাভ করিয়াছেন এবং ইহাদের ধ্যরূপ বৃদ্ধি, তদস্থারে চিন্তা করিয়া ইহারা সেম্মরবাদ বা নিরীশ্রবাদ নিরূপণ ক্রিয়াছেন॥ ১৩—১৪॥ ঐ সকল দার্শনিকমভাবলম্বিগণের পুন: পুন: সংসারে পতন

এতে চাক্তে চ মূনয়: সংজ্ঞাভেদা: পৃথগ্ৰিধা:।
শাস্ত্ৰেমু কথিতা কেতে লোকব্যামোহকাৰকা: ॥ ১৫ ॥
এতি বিবাদশীলানাং মতং বক্তৃং ন শক্যতে।
অমন্তান্দ্ৰন্ জনা: সৰ্বে মৃক্তিমাৰ্গবহিষ্কৃতা:॥ ১৬ ॥

ষোগশান্তের প্রাধাত্ত আলোক্য সর্ব্বশান্তাণি বিচাধ্য চ পুনঃ পুনঃ। ইদমেকং স্থানিশারং ধারণান্তং পরং মতম্॥ ১৭॥ ধশ্মিন্ জ্ঞাতে সর্ব্বমিদং জ্ঞাতং ভবতি নিশ্চিতম্। তদ্মিন পরিশ্রমঃ কার্যাঃ কিমন্তংশান্তভাষিতম্॥ ১৮॥

এই সমন্ত ও অক্সান্ত দর্শনকার মৃনিগণ—গৌতম, কণান, কপিন, প্রভৃতি পৃথক্ পৃথক্ নামভেদে বিখ্যাত আছেন: তাঁহাদের পৃথক, পৃথক, মতসকলও নানাপ্রকার দর্শনশাস্ত্রে কথিত হইয়াছে। পরত্র ইহার। সকলেই লোকব্যামোহকারক অর্থাং ইহার। মানবদিগকে কেবল মোহপথেই নিপাতিত করিয়া থাকেন। ১৫॥

এই সমন্ত পরস্পর বিবাদনিরত মুনিগণের মত দে কত পৃথক, তাহা ৰলিয়া শেষ করা যায় না। ফল কথা, যাহারা এই সমন্ত বিভিন্ন মতের অক্সতম অবলম্বন করেন, তাহারা মুক্তিমার্গ হইতে বিক্ষিপ্ত হইয়া এই সংসারে পুন: পুন: যাভায়াত করিতে থাকেন; তাহাদের সহজে ভ্রপাশচ্ছেদনের কোন উপায়ই লক্ষিত হয় না। ১৬॥

ষাহা হউক, নিখিল শাগ্র দশন পূর্বক পুনঃ পুনঃ বিচার বারা একমাত্র এই স্থিন-নির্দিষ্ট হইয়াছে যে, যোগশাস্ত্রই সমস্ত শাস্ত্র অপেকা শ্রেষ্ট ॥ ১৭ ॥ বোগশান্ত্রমিদং গোপ্যমন্মাঙিঃ পরিভাষিতম্। স্বভক্তায় প্রদাতব্যং কৈলোকে ভূম্মিন মহাক্সনে ॥ ১৯ ॥

জ্ঞানকাও এবং কম্ম কাণ্ডের ফল ও দোষবর্ণন
কম্ম কাণ্ডে। জ্ঞানকাও ইতি ভেদৌ দ্বিধা মতঃ।
ভবতি দ্বিবিধা ভেদৌ জ্ঞানকাওত কম্ম লং॥ ২০॥
দ্বিধাং কম্ম কাণ্ডঃ ত্যায়িষেধবিধিপূর্ববঃ॥ ২১॥
নিষিদ্ধকম্ম করণে পাপং ভবতি নিশ্চিত্রম্।
বিধানকম্ম করণে পুপাং ভবতি নিশ্চিত্রম্॥ ২২।
ত্রিবিধো বিধিকটঃ ত্যায়িজ্যানৈমিত্তকাম্যতঃ।
নিত্যে ক্রন্তেইকিলিবং ত্যাং কাম্যে নৈমিত্তিকে ফলম্॥ ২৩।

এই শাস্ত্র জ্ঞাত হইলে অভান্তরপে সমত্ত তত্তই বিদিত হওয়া ধায়।
স্থাত্রা এই যোগশাস্ত্রে পরিশ্রম করাই সকলের কর্ত্তবা। অন্যান্য শাস্ত্রেব
উপদেশ শ্রবণে প্রয়োজন কি । পরস্ক অস্থাৎকথিত এই যোগশাস্ত্র গোপন
করা সর্কান্তোভাবে কর্ত্তবা, কেবল এই জগতের মধ্যে যে মহাস্থা অতীব
ভক্তে, ভাগাকেই ইহা অর্পণ করিবে। ১৮—১১।

বেলাদিবিহিত সমস্থ ক্রিয়াই কম্মাকাণ্ড জ্ঞানকাণ্ড এই ছুই অংশে বিভক্তঃ বঙ্জান ও অবগুজানভেদে জ্ঞানকাণ্ড স্মাবার ছুই প্রকার ৷ ২০ া

এইরপ কর্মকাণ্ডও ঘিবিধ ,—নিধেষস্বরপ ও বিধিস্বরূপ । ২১ । নিষিদ্ধ কন্মের অন্তর্গান করিলে পাপস্থয় হয় এবং বিহিত ক্রিয়ার অন্তর্গান ঘারা পুণ্য অর্জন হচয়া থাকে সন্দেহ নাই । ২২ ॥

বিধিনিরপিত কর্ম ও আবার তিন প্রকার,—নিত্য, নৈমিত্তিক ও কাম্য। নিতাকর্মের অস্টান করিলে দৈনন্দিন পাপ ধ্বংস হয়, কাম্য ও নৈমিত্তিক ক্রিয়ার স্ম্প্রটান করিলে পুণ্য উপার্জন হইয়া থাকে সংশয় নাই। ২৩॥ ষিবিধন্ধ ফলং জেয়ং স্বৰ্গং নরকমেব চ।
স্বর্গে নানাবিধকৈব নরকেহিশি তথা ভবেং ॥ ২৪ ॥
পূণ্যকর্মা গি বৈ স্বর্গো নরকং পাপকর্মাণি।
কর্মার স্কানাগ্রথা ভবতি প্রবন্ ॥ ২৫ ॥
জন্ধভিশ্যাস্থানি ব্যব্দে নানাস্থানি চ।
নানাবিধানি হংখানি নরকে হংসহানি বৈ ॥ ২৬ ॥
পাপকর্মারশাদ্ধ্যং পূশ্যকর্মারশাং স্বর্মা।
তক্ষাং স্থাণী বিবিধং পূণ্যং প্রকৃমতে ভূশম্॥ ২৭
পাপভোগাবসানে ভূ পুনর্জন্ম ভবেদ্ বহু।
পুণ্যভোগাবসানে ভূ নাগ্রথা ভবতি প্রবম্॥ ২৮ ॥

কমফিল ছুই প্রকার,—স্বর্গ ও নরক। স্বর্গে বেমন নানাবিধ ভোপ ∙ হয়, নিরয়েও সেইরূপ বছবিধ ভোগ হইয়া থাকে । ২৪ ॥

পুণামুষ্ঠান করিলে অর্গভোগ হয় এবং পাপক্রিয়ার আচরণ বারা নরকভোগ হইয়া থাকে। এই ভগং এইরূপই কর্মবন্ধনময়। পাপ বা পুণা যাহাই কর, তাহার ফল অবশ্রই ভোগ করিতে হইবে: কোন প্রকারেই তাহা দজন হইবে না ॥ ২৫॥

জীবকুল অর্গে নানাবিধ স্থভোগ করে, নরকে নানাপ্রকার ত্ঃসহ বন্ত্রপা ভোগ করিয়া থাকে ॥ ২৬ ॥

পাণক্রিরার দানা তৃঃধভোগ এবং পুণ্যকর্ম দারা স্থভোগ হয়; এই ভদ্ম স্থভেচ্ বাজি ভ্রি পরিমাণে নানারূপ পুণাকর্মের আচরণ করিরা থাকে ॥ ২৭ ॥

পরস্ক পাপকম্মের ভোগ শেষ হইলে অথবা পুণাকম্মের ভোগ শেষ হইলে জীবকে পুনর্কার জন্মগ্রহণ করিতে হয় সন্দেহ নাই। এইরূপে জীব পুন: পুন: সংসারে বাতায়াত করে; কোন প্রকারেই ইহার অন্তথা হয় না । ২৮॥ স্বর্গেই পি ছংখসন্তোগং পরজীদর্শনাদির।
ভতো ছংখমিদং দর্কাং ভবেরান্ত্যতা সংশয়: ॥ ২৯ ॥
ভৎকন্ম করুকৈ: প্রোক্তং পুণ্যপাপমিতি বিধা।
পুণ্যপাপময়ো বজো দেহিনাং ভবতি ক্রমঃ ॥ ৩০ ॥

জানকা ও-বুড়াত্ত

ইহাৰ্জ ফলবেনী সফলং কৰ্ম সংভ্যক্তে।
নিজ্যে নৈমিজিকে সফং ভাক্বা বোগে প্ৰবৰ্ততে। ৩১ ॥
কন্ম কাণ্ডত্য মাহান্মাং বৃদ্ধা বোগী ভাকেং সুধী:।
পূৰ্যপাপদম্বং ভাক্বা জ্ঞানকাণ্ডে প্ৰবৰ্ততে। ৩২ ॥
আন্ধা বা অবে এইবা: শ্ৰোভব্যভ্যোদিকা শ্ৰুভি:।
সা সেব্যা ভূ প্ৰধন্ধেন মৃক্তিদা হেভুদাম্নিনী। ৩৩॥

ষর্গ অথভোগের স্থান হইলেও তথায় পরদারাদর্শনাদিকত তৃ:খদন্ডোগ হইয়া থাকে, স্বতরাং এই সংসার বে ষত্রণাপূর্ণ, তাহাতে সন্দেহের অবকাশ নাই ॥ ২>॥

কম্মকল্পনাকারিগণের মতে ঐ কম্মি পুণ্য ও পাপ এই তুই ভাগে বিভক্ত; স্তরাং জীবের বন্ধন তুইটি;—একটি পুণ্যমন্ন, বিভীন্নটি পাণমন্ন। এই তুইরূপ বন্ধন বারাই জীব পুন: পুন: সংগারে যাভায়াত করে॥ ৩০॥

বে ব্যক্তি ঐহিক ও পারলোকিক ফলে নিছাম, তাঁহার কর্ত্তব্য এই বে, তিনি ফলপ্রদ কর্ম ক্রিয়া তাাগ করিবেন। নিতানৈমিন্তিকাদি কর্মের আসক্তি তাাগ পূর্বেক ধোগদাধনে নিযুক্ত হওয়াই তাদৃশ নিস্পৃহ ব্যক্তির কর্ত্তব্য । ৩১ ॥

বে বৃদ্ধিনান্ খোগী কর্ম কাণ্ডের মাহান্ত্র অবগত হইরাছেন, তিনি কর্ম কাণ্ড ত্যাগ করিবেন, আর পাপ ও পুণ্য তৃইটিই বিদর্জন পুর্ম ক কান-কাণ্ডে নির্ভ হইবেন॥ ৩২॥

"আত্মবর্ণন, আত্মশ্রবণ ও আত্মনিদিধ্যাদন করা কর্ত্তব্য ; নিরম্ভর

ত্রিতেমু চ পুণোমু যো ধীবৃত্তিং প্রচোদয়াৎ।
সোহহং প্রবর্ততে মন্তো জগৎ সর্বাং চরাচরম্॥ ৩৪ ॥
সর্বাঞ্চ দৃশ্যতে মন্তঃ সর্বাঞ্চ মন্তি স্বায়তে।
ন তন্তিলোহহমশ্মিন্ যো মন্তিলো ন তৃ কিঞ্চন ॥ ৩৫ ॥
জলপুর্ণেছদংখ্যেমু শরাবেমু যথা ভবেৎ।
একন্ত ভাত্যদংখ্যজং তন্তেদোহত্ত ন দৃশ্যতে॥ ৩৬ ॥
উপাধিমু শরাবেমু যা সংখ্যা বর্ত্ততে পরম্।
সা সংখ্যা ভবতি যথা রবে চাল্পনি সা তথা॥ ৩৭ ॥

এইরপ্-করিলে এ সংসারে আর পুনরাগমন করিতে হয় না" প্রভৃতি শ্রুতিবচনের অন্থগামী হওয়া সহত্বে কর্ত্তব্য; কারণ, শ্রুতিবচনই হেতৃবাদ নির্দ্দেশ পূর্বকৈ মৃক্তিপথ প্রদর্শন করিতেছে। ৩৩॥

ধিনি পুণ্যকর্মে ও পাপকার্য্যে বৃদ্ধিবৃত্তি পরিচালিত করিতেছেন, সেই আক্ষাই আমি। আমা হইতেই সমস্ত চরাচর জগং প্রবৃত্তিত হইতেছে॥ ৩৪॥

আমা হইতে সমস্ত জগৎ প্রকাশমান হইতেছে, আর নি[']২ল ব্রহ্মাণ্ড কালসহকারে আমাতেই লয়প্রাপ্ত হইবে। আমি ঘাহাকে জগৎ বলিয়া শ্বির করিতেছি, তাহা আমা হইতে ডিল্ল নহে। যে বস্তু আমা হইতে ভিন্ন, তাহা অবস্তু॥ ৩৫॥

আনেক-জলপূর্ণ শরাবে একমাত্র ভাস্কর প্রতিবিম্বিত হইয়া বছ-সংখ্যকরূপে দৃষ্ট ও অমুভূত হইলেও যেমন প্রকৃতপক্ষে এক, সেইরূপ এক আত্মাও মায়াবিচ্ছিল হইয়া বছসংখ্যক বলিয়া দৃষ্ট হইয়া থাকেন। ফলতঃ স্থ্যের স্থায় আত্মারও বছত্ব নাই॥ ৩৬॥

একমাত্র পূর্য্য বেমন বছদংখ্যক শরাবন্ধপ উপাধিতে অনুপ্রবিষ্ট হইয়া উপাধির সংখ্যান্থ্যাবেই বছসংখ্য বলিয়া প্রতীয়মান হন, আল্লাও ডক্তপ বছ উপাধিতে অন্ধ্রপ্রবিষ্ট হইয়া উপাধির সংখ্যান্থ্যারে অনেক বলিয়া প্রভীয়মান হইভেচেন ॥ ৩৭॥ যথৈক: কল্পক: স্বপ্নে নানাবিধতয়েয়তে।

জাগরেহপি তথাপোকতথৈব বহুধা জগং॥ ৩৮॥

সর্পবৃদ্ধির্যথা রজ্জে শুক্তো বা রজতভ্রম:।

তবদেবমিদং বিশ্বং বিবৃতং পরমান্সনি॥ ০৯॥

রজ্জুজানাদ্যথা সর্পো মিথ্যারপো নিবর্ততে।

আল্পজানাত্তথা যাতি মিথ্যাভূতমিদং জগং॥ ৪০॥

রৌপ্যভানিত্তবিয়ং যাতি শক্তিজ্ঞানাদ্যথা খলু।

জগদ্ভান্তিবিয়ং যাতি চাত্মজ্ঞানাং সদা তথা॥ ৪১॥

বথা বংশোরোগভান্তির্তবেত্তেকবদাঞ্জনাং।

তথা জগদিদং ভান্তিরধ্যাসকল্পনাঞ্জনাং।॥ ৪২॥

স্থাবস্থায় এক ব্যক্তিই ধেরণ আপনাকে আনেক বাজিরপে কল্পনা করিতেছেন, সেইরপ জাগ্রদবস্থাতেও একমাত্র আত্মাই বছবিধ জগৎ বল্পনা করিয়া লইতেছেন। ফলত: স্থাবস্থাতে ও জাগ্রদবস্থাতে এক ভিন্ন বিতীয় নাই। বেমন রজ্জাতে সপ্রমাধ শুজিতে রজত ভ্রান্তি হয়, পর-মাত্মাতেও সেইরপ ভ্রান্তিজ্ঞানে এই জগৎ বিস্তান্তিত হইয়াছে। ৩৮-৩১।

ষেধানে বজ্জতে অহিন্নম হয়, তথায় বজ্জান হইলে বেরণ নাত্রিক,স্কিত মিথ্যাদর্প তিরোধান পাদ, দেইরূপ যে স্থলে আত্মাতে ক্লগদ্নম হইতেছে, দে স্থলে প্রকৃত আত্মজান ক্লিলে ভ্রান্তিম্লক মিথ্যাক্ত এই ক্লগংও তিরোহিত হইয়া যায়॥ ৪০॥

ধথায় ভক্তিতে বোণাভ্রম হয়, দেখানে ভক্তিজ্ঞান হইলে ধেরণ বোণাভ্রান্তি তিগোহিত হইয়া যায়, দেইরূপ আত্মজান সম্দিত হইলে আত্মাতে ভগদ্ভ্রম সর পাইরা থাকে॥ ৪১॥

চকুর্ব য়ে বৈরূপ ভেক-বদার অঞ্চন দিলে বংশে দর্পভ্রান্তি হয়, দেইরূপ অধ্যাদকল্পনারূপ অঞ্চন ধারণ করিলে আত্মাতে ভ্রমবশে এই স্পৎ প্রকাশমান হট্যা থাকে॥ ৪২॥ আত্মকানাদ্যপা নান্তি বজ্জানাভূজসম:।

যথা দোষবশাৎ শুক্লং পীতং ভবতি নান্তপা।

অজ্ঞানদোষাদাত্মাপি জগন্তবতি হুন্তাজমু॥ ৪৩॥
দোষনাশে যথা শুক্লং গৃহতে রোগিণা অয়মু।

শুক্জানাং তথাজ্ঞাননাশাদাত্মত্মা ক্রিয়া॥ ৪৪॥
কালত্রেইপি ন যথা রজ্জ্য সর্পো ভবেদিতি।

তথাত্মা ন ভবেদিখং শুণাতীতো নিরঞ্জনঃ॥ ৪৫।

আগ্মাপায়িনোইনিভ্যা নাশ্রুদাদীখরাদয়ঃ।

আগ্মবোধেন কেনাপি শান্তাদেতিধিনিশ্চিতমু॥ ৪৬॥

বিজ্জান হইলে ধেরপ অমমূলক দপ্তান থাকিতে পারে না, আত্মজান জানিলেও দেইরপ অমমূলক জগৎ অবস্থিত থাকিতে পারে না। ধজপ পিতাদি দোষ হেতু শুক্রবর্ণ পদার্থ পীতবর্ণ বলিয়া অমুমিত হয়, অজ্ঞানদোষ নিবন্ধন আত্মাও তজপ জগজপে উপলব্ধি হইয়া থাকেন। ধতদিন অজ্ঞান থাকে, ততদিন এই জগদ্ভান্তি কোনরপেই বিদ্বিত হয় না॥ ৪০॥

পিতাদিদোষ অপগত হইলে যেরপ শুক্রবর্ণ বস্তু শ্বভাবত:ই খেতবর্ণ দৃষ্ট হয়, শব্দাননাশাবদানে শুদ্ধানের উদয় হইলেও দেইরপ আত্মা আত্মস্ব্রপেই অধিষ্ঠান করেন ॥ ৪৪ ॥

রজ্জু থেরপ কোন কালে কদাচ মর্পব্ধপে পরিণত হইতে পারে না, গুণাভীত নিরঞ্জন, বিকার-রহিত আত্মাও সেইরপ কোনকালেও কথনই ব্রহ্মাওরপে পরিণত হন না॥ ৪৫॥

শাস্ত্ৰ-উক্ত আগতে গুজান-বিশেষ দাবা নিরূপিত হট্যাছে বে, ক্র-মৃত্যুনীল দ্বীর অবধি তৃণগুলু দাবং সমস্ত জগংই নশ্বর ও অনিত্যা ৪৬॥ বধা বাতবশাং সিদ্ধাৰ্থপন্নাঃ ফেনব্ছুদাঃ।
তথাত্বলি সমৃদ্ধতঃ সংসারঃ ফণডকুরঃ। ৪৭॥
অভেনো ভাসতে নিভাং বস্তভেনো ন ভাসতে।
বিষা ত্রিধানিভেনোহরং শ্রমত্বে পর্যবন্ধতি॥ ৪৮॥
বস্তুতং বচ্চ ভাবাং বৈ মৃপ্তাম্প্তং তবৈব চ।
সর্বমেব অগদিদং বিবৃতং পরমান্সনি। ৪০॥
কল্লকৈঃ কল্লিভা বিদ্ধা মিধ্যা জাতা মুযাত্মিকা।
এতমুলং জগদিবং কথং সভাং ভবিশ্যতি॥ ৫০॥
চৈতক্রাং সর্বম্পন্নং জন্সদেভচ্চরাচরম্।
ভত্মাং সর্বং পরিভাল্য চৈতক্তম্ব সমাপ্রয়েং॥ ৫১।

বেরণ বার্বোপে সমূত্রে ফেনবুদ্বুদ প্রস্তৃতি জন্মে, আল্লাতেও মারাবশে সেইরপ এই কাঞ্বংদী সংসার সঞ্চাত হইরাছে॥৪৭॥

শ্বণ্ড বিশ্বজ্ঞানে অভেদভাবই ভাদমান হয়; বস্তুভেদ ভাদমান হয় না: পণ্ডজানে বিধা ত্রিধা প্রভৃতি বে জ্বন্তজ্ঞা লক্ষিত হইতেছে, তাহা জমদে পর্যাবদিত হয়। বাহা হইয়াছে এবং বাহা হইবে, বাহা মূর্ত্ত এবং বাহা অমূর্ত্ত, তংশমস্তত্ত্বরূপ এই জপং পরমান্মার বিবর্ত্তমাত্র অর্থাৎ দর্প বেমন ভ্রান্তিবশতঃ রজ্ব বিবর্ত্ত, এই জপংও দেইরূপ অজ্ঞানবশতঃ পরমান্মার বিধর্ত্তমাত্র॥ ৪৮-৪৯॥

অবটন-বটন-পটারসী অবিদ্যা জীবগণ কর্ত্ব পরিকল্পিত ও মিথ্যা-স্থান, কাজে কাজেই এই অবিদ্যা অভিত্ত্বপূক্ত। এই জ্বগৎ বখন আবার সেই মিধ্যাভূত অবিদ্যান্দক, তথন ইহা কিরপে সত্য হইছে পারে? অসং হইতে সভের উদয় অস্ক্রব ॥ ৫০॥

এই চরাচর জগং চৈতজের বিবর্ত্তমাত্র; অর্থাং অবিদ্ধা নিবছন চৈতজ্ঞ হুইতেই মিথ্যাস্থরূপ এই জগতের সম্ভব হুইয়াছে। এরপ অবস্থায় মিথ্যাভূত নিধিল বিশ্ব পরিহার পূর্ব্বক একমাত্র সত্যস্থরূপ চৈতজ্ঞেরই শর্প গ্রহণ করা কর্ত্তব্য ॥ ৫১॥ ঘটতাভাস্তরে বাছে বধাকাশং প্রবর্ততে
তথাআভাস্তরে বাছে কার্বর্গেষু নিত্যশং॥ ৫২॥
অসংলগ্রং যথাকাশং মিথ্যাভূতেষু পঞ্চয়ু।
অসংলগ্রন্তথা হাজা কার্ব্যবর্গেষু নাক্তথা॥ ৫০॥
ঈশ্বরাদি জগৎ সর্ক্রমান্ত্রা ব্যাপ্য সমস্ততঃ।
একোহন্তি সচিদানদ্দং পূর্ণোহন্তৈতবিব্যক্তিতঃ॥ १৪॥
শশ্রং প্রকাশেকা নান্তি শপ্রকাশো ভবেততঃ।
অপ্রকাশো বতন্তশাদান্ত্রা জ্যোতিংশ্রন্পকঃ॥ ৫৫॥
পরিচ্ছেদো যতো নান্তি দেশকালম্বর্গতঃ।
আয়ানং সর্ক্রথা তথাদান্ত্রা পূর্ণো ভবেৎ কিল॥ ৫৬॥

ঘটের মধ্যভাগে ও ব**হির্ভাগে বেরপ মহাকাশ নিরন্তর বর্ত্তমান** আছে, আলাভ কেইরপ স্থ**ট বস্তসকলের অহরে** ও বাহিবে নিয়ত অবস্থিতি করিতেছে ॥ ৫২ ॥

মহাকাশ বেরপ মিথ্যাভূত ভূতবর্গের অস্তবে ও বহির্ভাগে অধি-ষ্ঠিত থাকিলেও কিছুতেই সংলগ্ন নহে, আত্মাও সেইরপ স্ট বস্তু-রাশির অস্তরেও বহির্ভাগে সর্বাত্ত বিশ্বমান থাকিলেও কিছুতেই দিপ্ত হইতেছেন না । ৫৩॥

বৈতশ্য সচিদানদ্ভরণ একমাত পূর্ণ আত্মা, ঈশর অবধি ত্ৰওল যাবৎ সমস্ত জবোরই বাহাছ্যস্তরে সর্বথা ব্যাপিয়া অধিষ্ঠান করিতেছেন। ৫৪॥

বেরপ স্থা বা প্রদীপ ঘটপট প্রভৃতির প্রকাশক, সেইরূপ আত্মার প্রকাশক কিছুই নাই; স্তরাং আত্মা স্থাকাশ। স্থা স্থাকাশ বিষয়া ষেমন জ্যোতিঃস্বরূপ, আত্মাও সেইরূপ স্থাকাশতা নিবন্ধন জ্যোতিঃস্বরূপ ॥ ৫ ৫ ॥

দেশভেদে বা সময় অন্থসারে বধন আত্মার অরপতঃ পরিচ্ছেদ

বসার বিগতে নাশো পঞ্চুতৈমুর্বাদ্মকৈ:।
আরা তসান্তবেরিত্যন্তরাশো ন ভবেৎ ধলু ॥ ৫৭ ॥
ধসান্তদক্তো নান্তীহ তসাদেকোহন্তি সর্বাদ।।
ধসান্তদক্তো নিধ্যা সাদাস্থা সত্যো ভবেন্তত: ॥ ৫৮ ॥
অবিদ্যাভূতসংসারে হংখনাশঃ স্থাং বত: ॥
জ্ঞানাদত্যন্তশূলং স্থাৎ ভসাদাস্থা ভবেৎ স্থামু ॥ ৫৯ ॥
ধসান্তালিভজানং জ্ঞানেন বিশ্বকারণমু ।
ভস্মাদাস্থা ভবেভ্জানং ভস্মাৎ সনাতনমু ॥ ৬০ ।
কালতো বিবিধং বিশাং ধদা চৈব ভবেদিদমু ।
ভদেকোহন্তি স এবাস্থা কল্পনাপথবৰ্জ্জিত:॥ ৬১ ॥

(नीমা) নাই, তথন সেই আত্মা যে সর্বপ্রকারে পূর্ণস্বরূপ, তাহাতে বিন্দুমাত্ত সন্দেহ নাই ॥ ৫৬ ॥

মিখ্যাভূত পঞ্জীতিক ত্রব্য যেরপ কালক্রমে লয় প্রাপ্ত হয়, আস্তার সেরপ বিনাশ নাই; স্বতরাং আস্তার বগন কথনই লয় হয় না, তথন আসা নিত্য ও অবিনশ্ব, তাহাতে সম্ভেহ নাই। ৫৭॥

আরা ভিন্ন বখন অপর কিছুই নাই, তখন আত্মাকে সর্বাদা এক ও অবিতীয় বলা ধায়। আর বখন আত্মা ভিন্ন অন্ত সমস্ত বস্তুই মিথ্যা, তখন একমাত্র আত্মাই সতাম্বরূপ বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৫৮॥

অজ্ঞানমূলক এই বিখে বখন ছংখাবদানই স্থ বলিয়া কৰিত এবং আত্মজ্ঞান হইতেই বখন অত্যন্ত ছংখের উপশ্ম হইতেছে, তখন আ্লাই বে স্থায়ক্ষণ, তাহাতে কোন সন্দেহ নাই ॥ ৫১॥

বধন জ্ঞান ঘারা নিখিল ব্রহ্মাণ্ডের হেডুখনপ জ্ঞান ধাংল প্রাপ্ত হুইতেছে, তখন আত্মাই জ্ঞানস্বরূপ এবং জ্ঞানই সভ্য নিত্য পদার্থ ॥ ৬০॥ এই অধিল ব্রহ্মাণ্ড যথন কালে নানাবিধ রূপ পরিগ্রহ করিতেছে, ন খং বাযুর্ন চাগ্নিন্দ ন জলং পৃথিবী ন চ।
নৈতৎ কার্য্য: নেখরাদি পূর্বৈকাত্ম। ভবেং কিল ॥ ৬২ ॥
বাহানি দর্মভূতানি বিনাশং যান্তি কালত:।
যতো বাচো নিবর্ত্তমে আত্ম। বৈতবিবক্ষিত: ॥ ৬০ ॥
আত্মানমাত্মনো ঘোগী পশ্রত্যাত্মনি নিশ্চিতম্।
দর্মসকল্লদন্যাদী ত্যক্তমিখ্যাতবগ্রহ:॥ ৬৪ ॥
আত্মনাত্মনি চাত্মানং দৃষ্ট,ানস্তং স্থাত্মকম্।
বিশ্বত বিখং রমতে সমাধেতীত্রততত্ত্বা॥ ৬৫ ॥

তথন কৈল্পনামার্গের অতীত এক আত্মাই বে নিব্বিকার, তাহাতে কি সংশয় থাকিতে পারে ? ॥ ৬১ ॥

শাঝা যথন শৃক্ত নহেন, বায় নহেন, তেজ নহেন, ক্ষিতি নহেন, পাঞ্জোতিক দ্রব্য নহেন, অথবা ঈশ্বর অবধি তৃণগুল্ল যাবং নশ্বর-পরিচ্ছিন্ন কোন দ্রবাই নহেন, তথন তিনি যে পূর্ণস্বরূপ ও অদিতীয় ভাহাতেও সংশয়মাত্র নাই ॥ ৬২ ॥

ইন্দ্রিয়গ্রাহ্ বাহ্বস্ত সকলই কালসহকারে লয় প্রাপ হইয়া থাকে।
পরস্ক বাক্যের অগোচর একমাত্র অন্বিতীয় আস্থাই অন্থর ॥ ৬৩ ॥

যিনি মিধ্যাভৃত সংসার এবং সমস্ত সংবল্প ও বাসনা ত্যাপ পূর্বক আপনাকে (জীবাত্মাকে) পরমাত্মার সহিত মিলিত করে, সেই বোগী আপনাতে আপনাকে দেখিতে পান, সম্মেহ নাই। ৬৪।

তাদৃশ বোগী তুরহ সমাধিবলে বিশ্বসংসার বিশ্বত হইরা অনম্ভ স্থাত্মক আত্মার দর্শন লাভ করিয়া আপনাতে আপনি ক্রীড়া করিতে থাকেন অর্থাৎ নিত্যানন্দস্বরূপ হইয়া নিত্যানন্দ উপভোগ করিতে থাকেন, সংশয় নাই ॥ ৬৫ ॥ सार्देशव विश्वकानी नाक्या उत्विधिया भन्ना।
स्था नामः मसाग्राजि विश्वः नान्धि उत्ता अन् ॥ ७७ ॥
ट्रिशः मर्किमिः यस्तू साग्राविनमिकः यस्तः।
उत्ति न श्रीजिविषयस्य विश्वस्थास्य कः ॥ ७१ ॥
स्विभि सभूमानीनः खिविधिः स्थामिनः स्वरः।
वावश्विषु निग्रसः मृष्ठाक नाग्या भूनः॥ ७৮ ॥

এই মিধ্যাভূত জগৎ অঘটন-ঘটন-পটায়দী মায়া হইকেই সম্ভূত হই েছে, মায়া ভিন্ন অভাকেহই বিশ্বজননী নহে; অভএৰ আত্মজ্ঞান ঘানা ধখন মায়া বিনষ্ট হয়, তখন ঘোগীর পক্ষে এই মিধ্যাভূত-জনংপ্রপঞ্চ কিছুই থাকে না । অধাং রজ্জুতে ভ্রমজ্বত দর্পজ্ঞান হইলে পরে যখন ঐ ভ্রম বিনষ্ট হয়, তখন ধেমন ঐ ভ্রমজ্বনিত দর্প কখনই থাকিতে পারে না, দেইরূপ অবিভাব বিনাশ হইলে অবিভাজ্ঞ জগংপ্রপঞ্চ কোন প্রকারে দৃষ্টিমার্গে অবস্থিতি করিতে পারে না ॥ ৬৬ ॥

ষোগীর পক্ষে এই দৃশ্যমান সমন্ত পদার্থই হেয় অর্থাৎ এগ্রাহ্ন, কারণ, এই সমন্তই মায়াবিলাদিতমাত্র। এই জন্ম দেহ, ধন প্রভৃতি লৌকিক স্থান্থক বস্তু দকল কথনই ধোগীর প্রীতিজনক হইতে পারে না॥ ৬৭॥

এই জগৎ-প্রপঞ্চ শক্ত, মিত্র বা উদাদীন, এই ত্রিবিব-ভাববিশিষ্ট ব্যবহার দ্বারা সমস্ত বস্থতে এই তিন প্রকার ভাব দৃষ্ট হইয়া থাকে, কথনই ইহার অভাবা হয় ন। ॥ ॥ ৬৮॥

^{*} যে বস্তু স্পপ্রদ, তাহাই প্রিয়; যে বস্তু তঃথকর, তারাই অপ্রিয়; আর যে বস্তু স্থকরও নহে, তঃথপ্রদও নহে, তাহা উদাদীন। প্রত্যেক পদার্থই এক ব্যক্তির পক্ষে স্থাকন, সভ্যের পক্ষে তঃথপ্রদ এবং কোন বাজির পক্ষে উনাদীন। যেরপ এক বিজয়ী বাজা নিজ নৈজ্যের পক্ষে অন্তর্ক, বিপক্ষনৈজ্যের পক্ষে তুঃগপ্রদ ও ভিরদেশীয় লোকের পক্ষে উদাদীন, এই তিন প্রকার ভাব ধারণ

প্রিয়াপ্রিয়ানিভেনন্ত বন্ধয়ু নিয়ত স্কৃটম্।
আব্যোপাধিবশাদেবং ভবেং পুলোহিশি নাম্বপাঃ ॥ ৬৯ ॥
মায়াবিদসিভং বিশং জ্ঞাত্বৈব শ্রুভিড্তঃ।
অধ্যাবোপাশবাদাভ্যাং লয়ং কুর্বন্তি বোগিনঃ ॥ १० ॥
কম্ম জ্ঞামিদং বিশং মত্যা কম্মণি বেদতঃ।
নিথিলোপাধিবিজিতো মদা ভবতি পুরুষঃ।
ভদা বিজয়তে ২খগুজ্ঞানরূপী নিরঞ্জনঃ ॥ १১ ॥

প্রিয়, অপ্রিয় ও উদাদীন, এই তিনরপ ভাব, দমন্ত জবেটই নিবস্তর বিভামান আছে। এমন কি, আত্মন্তরপ পুত্রও উপাধিবিশেষে উক্ত ত্রিবিধ ভাব ধাবণ করে, ইহার অক্তথা হয় না ॥ ৬৯॥

যাহা হউক, বোগিগণ শ্রুতিষ্ক্তি অন্থলারে অধ্যারোশ * এবং অপবাদ ণ বার। এই জগৎ-প্রপঞ্চ মিথ্যা ও মায়া-কল্লিভমাত্র বোধে পরমান্মাতে (জীবান্ধায়) লয় করেন॥ १०॥

কর্ম হইতেই সংসার হইতেছে এবং কর্ম কি, তাহা বেদ হইতে অবগত হইয়া মানব ৰখন নিধিল উপাধি কয় করেন অর্থাৎ মানবের

করেন, অথবা ধেমন এক রূপবতী যুৰতী স্ত্রী তাহার স্বামার পক্ষে স্থপপ্রদ, সপত্নীবর্গের পক্ষে তৃঃথন্ধনক ও অন্ত নারীগণের পক্ষে উদাদান—এই প্রকার জগতের নিথিল পদার্থই ব্যক্তিবিশেষের পক্ষে স্থপ্তনক, ব্যক্তিবিশেষের পক্ষে তৃঃথক্বর এবং ব্যক্তিবিশেষের পক্ষে উদাদীনভাব অবলম্বন করে।

- অধ্যাবোপ—সত্য বস্তুতে যে মিথ্যাভূত বস্তুর আরোপ, তাহার নাম অধ্যাবোপ। যেমন বজ্তে ভ্রমমূলক সর্পের আরোপ অথবা শুক্তিতে ঐ প্রকারে বৌপ্যেব আরোপ, কিংবা সত্যস্বরূপ নির্গুণ নির্বিকার ব্রন্ধে আজ্ঞানমূলক মিথ্যাস্বরূপ বিকারময় বিশের আরোপ। এইরূপ আরোপই অধ্যারোপ শব্দে অভিহিত।
- ক অপবাদ—বজ্ব বিবর্ত ধে দর্প, তাহার বে বজ্মাত্রেই পর্য্যবদান,
 ভক্তিবিবর্ত্ত যে বজত, তাহার বে ভক্তিমাত্রেই পর্য্যবদান, আর ব্রন্ধবিবর্ত্ত বে

মায়াপ্রভাবে জগৎস্পীবর্ণন

সোহকাময়ত পুৰুষ: স্বন্ধতে চ প্ৰজা: স্বয়ম্।
অবিদ্যা ভাগতে যুসাং তন্মান্মিধ্যান্বভাবিনী ॥ ৭২
ভদ্ধব্ৰহ্মত্মন্বদ্ধো বিচ্ছা সহিতো ভবেং।
ব্ৰহ্ম তেন গতী যাতি যত আভাগতে নভঃ॥ ৭০॥
তত্মাং প্ৰকাশতে বায়্কায়োয়গ্নিঅতো অসম্।
প্ৰকাশতে ভতঃ পৃথী কল্পনেয়ং স্থিতাহসতী ॥ ৭৪॥

কম্মত্যাপ হয় এবং ঘট পট প্রভৃতির ভিন্নজ্ঞান বিভ্নান থাকে না, তথনই তিনি অথগুজ্ঞানস্বরূপ নিরঞ্জন ব্রহ্মরূপে বিরাজমান হন ॥ १১॥

সেই পরমপুরুষ প্রথমতঃ সহল্ল করেন এবং সেই সহল্ল হইতেই প্রজা সমূৎপত্ন হয়। এই সহলের অপর নাম অবিষ্ঠা, অবিভাই স্টের হেড়, সেই জক্ত ইহা মিধ্যামভাবা বলিয়া কথিত॥ ৭২॥

বিষ্ণার (শক্তির) সহিত নিশুণ এক্ষের সম্বন্ধ হইলে একাই প্রকৃতিরূপে পরিণত হইরা থাকেন। কেহ কেহ এই বিষ্ণা বা শক্তিকে এক্ষের ইচ্ছা বলিয়া নির্দেশ করেন। এই অবিষ্ণাময় পুরুষ হইতে পরম্পরা-সম্বন্ধ আকাশের উৎপত্তি হয়। ৭০॥

আকাশ হইতে বায়, বায় হইতে তেজ, তেজ হইতে জল এবং জল হইতে ক্ষিতির উদ্ভব হইতেছে। এইরূপ কল্পনা ভ্রমমূলক *॥ १৪॥

জগৎ, তাহার যে ব্রহ্মমাত্রেই পর্যাবদান, তাহারই নাম অপবাদ। বথার উপাদানকারণ রূপাস্তরিত হইয়া অপর বস্তুর উৎপাদক হয়, তাহার নাম বিকার। যেমন মর্ণের বিকার কেয়্র ইত্যাদি। আর বেখানে উপাদান কারণ রূপাস্তরিত হয় না, অথচ অক্সান বশতঃ অন্ত বস্তুর উৎপত্তি হয়, তাহার নাম বিবর্ত্ত। হেমন রেচ্ছের বিবর্ত্ত সূপ্র ইত্যাদি।

প্রক্রতগক্ষে সংখ্রপ অন্ধেই এই সকল করিত হয়। বস্ততঃ স্ট বস্তুসমূহের স্বতয় সন্তা নাই। সকলই সেই অন্ধের বিকার মাত্র।

আকাশাঘাযুৱাকাশপবনাদয়িদস্তবঃ।

থবাতায়েজলং বােম বাতায়িবারিতা মহী ॥ ৭৫ ॥

থং শক্তকলং বায়্চঞ্চলং স্পর্শক্ষণঃ।

আজ্রপলক্ষণগুলুং সনিলং রসলক্ষণম্॥ ৭৬ ॥

গন্ধলাক্ষণিকা পৃথী নাল্যথা ভবতি প্রবম্।

বিশেষণো গুণক্তির্যতঃ শাল্রাছিনির্বয়ঃ॥ ৭৭ ॥

আদেকগুণমাকাশং দিগুণো বায়ুকচাতে।

তথৈব ত্রিগুণং তেজাে ভবস্তাপশ্চতুগুণাঃ॥ ৭৮ ॥

শব্দং স্পর্শত রবাে গন্ধতথৈব চ।

এতংপঞ্চণা পৃথী কল্লকৈঃ কল্লাতেহধুনা॥ ৭৯ ॥

চক্ষা গৃহতে রবাং গন্ধো ঘাণেন গৃহতে।

রসাে বসনয়া স্পর্গ ভাচা সংগৃহতে পরম্॥ ৮০ ॥

ফদতঃ আকাশ হইতে বায়, আকাশসহকৃত বায় হইতে তেজ, আকাশবায়্দহকৃত তেজ হইতে জল এবং আকাশবায়্তেজসহকৃত জল হইতে পৃথিবীর উৎপত্তি হয়॥ ৭৫॥

শক্ষ গগনের লক্ষণ, স্পর্শ চপল অনিলের লক্ষণ, রূপ তেজের লক্ষণ, সলিল রসের লক্ষণ এবং গল্প ক্ষিতির লক্ষণ। এই পঞ্চত্তের যে বিশেষ পঞ্চ লক্ষণ উক্ত হইল, কোনরপেই ভাহার অল্পথা হয় না। শাস্তে নির্দিত হইয়াছে বে, কার্য্যে কারণগুণের ফুন্তি হইয়া থাকে॥ १৬— १९॥

এই জন্ত একমাত্র শব্দই আকাশের একটিমাত্র গুণ; বায়্র ছুইটি গুণ,—শব্দ ও স্পর্ল; শব্দ, স্পর্শ ও রূপ এই তিনটি তেজের গুণ; শব্দ, স্পর্শ, রূপ ও বদ এই চারিটি জলের গুণ এবং শব্দ, স্পর্শ, রূপ, বদ ও পদ্ধ এই পাচটি পৃথিবীর গুণ, কল্পনাকারা স্থাগণ কারণগুণাস্থ্যারে এইরপই কল্পনা করেন॥ ৭৮-৭৯॥

চকু বারা রূপ-গ্রহণ, নাদিকা বারা গন্ধগ্রহণ, রুদনা বারা রুদ-

ভোত্তেণ গৃহতে শব্দে। নিয়তং ভাতি নাম্পার্থা ৮১॥

চৈতন্তাৎ সর্বমৃৎপন্নং জগদেতজ্বাচনম্।

অতি চেৎ কল্লনেরং স্থান্নাতি চেদত্তি চিন্মর: ।

পৃথী শীর্ণা জলে মগ্রা জলং মগ্রফ তেজনি।

শীনং বাম্বো তথা ভেজো ব্যোদ্নি বাতো লয়ং ব্যো।

অবিভারাং মহাকাশো লীয়তে পরমে পদে॥৮০॥

বিক্ষেপাবরণা শক্তিত্বস্তাহস্থবস্থিনী।

জডরপা মহামান্না রক্তঃসন্থতমোগুণা॥৮৪॥

সা মান্নাবরণাশক্ত্যাবৃতা বিজ্ঞানরূপিনী।

মর্শরেজ্ঞগদাকারং তং বিক্ষেপন্থ ভাবতঃ॥৮৫॥

গ্রহণ, অগিন্দ্রিয় হারা স্পর্শ-গ্রহণ এবং শ্রবণ হারা শব্দ-গ্রহণ হয়; অর্থাৎ পঞ্চ ইন্দ্রিয় হারা এই পঞ্চ বিষয় উপলব্ধ হইয়া থাকে; কদাচ ইহার স্বাস্থা হয় না॥৮০—৮১॥

জগতের অন্তিত্ব কল্পনা করিলেই বুঝিতে হইবে যে, একমাত্র চিৎস্বরূপ ব্রহ্ম হইতেই এই চরাচর ব্রহ্মাণ্ডের স্বষ্টি হইয়াছে। পরস্ত জ্পগতের অন্তিত্ব অস্থীকার করিলে ইহাই প্রতীয়মান হয় যে, সেই একমাত্র চিনায় ব্রন্থই বিজ্ঞমান আছেন, অন্ত কিছই নাই ॥৮২॥

প্রায়কালে ধরা বিশার্ণা হইয়া জলে বিলীন হয় এবং জল তেজে, তেজ ; বায়ুতে, বায়ু গগনে, গগন অবিভাতে ও অবিভা সেই প্রমন্ত্রান্ধ লয় পাইয়া থাকে ॥৮০॥

সন্ধ, বন্ধঃ ও তম এই ত্রিগুণময়ী মায়া স্বরূপতঃ অভ্রূপিণী, তৃঃধর্রপিণী ও ত্রস্তা। এই মায়ার বিক্ষেপশক্তি ও আবরণশক্তি নামে তৃইটি শক্তি আছে। বে শক্তি সভ্যস্থরপ ত্রগ্ধে অগৎ আভাসিত করিতেছে, ভাহার নাম বিক্ষেপশক্তি এবং বে শক্তি সভ্যস্থরপ ত্রন্ধকে আবৃত করিয়া রাথে, ভাহার নাম আবরণশক্তি॥৮৪॥

धरे चळानक्रभा मात्रा चारवण-मक्ति चारा विकानविद्यान निवधन

ত্ৰোগুণাধিক্য বিশ্বা বা সা তুৰ্গা ভবেৎ স্বরু।
ঈবরত্বপৃথিতং চৈতক্যং তদভূদ্ প্রবমু॥ ৮৬॥
সহাধিকা চ বা বিশ্বা লক্ষ্মী: সা দিব্যরূপিশী।
চৈতক্ষং তত্বপহিতং বিষ্ণুর্ভবিতি নাক্রথা॥ ৮৭॥
রক্ষোগুণাধিকা বিশ্বা জ্বেয়া বৈ সা সরস্বতী।
ঘশ্চিংস্বরূপী ভবতি ব্রহ্মা তত্বপথায়িকা॥ ৮৮॥
ঈশাদ্বা: সকলা দেবা দৃশুস্তে পর্মাক্ষনি।
শরীরাদি কড়ং সর্বাং সা বিশ্বা তত্তবা তথা॥ ৮০॥
এবংরূপেণ কল্লান্তে কল্লকা বিশ্বসন্তব্মু।
তত্ত্বাতবাং ভবস্তীহ কল্লনান্তোগ্রচেদিতা॥ ১০॥

ব্রহ্মকে আচ্ছন্ন করিয়া বিক্ষেপশক্তিবলে তাঁহাকেই জগদাকারে প্রদর্শন করাইয়া থাকেন। ৮৫॥

এই মায়া ধখন তমোগুণাধিকা হন, তংকালেই তাঁহাকে হুৰ্গা নামে আহ্বান করা ধায় আর তত্পহিত চৈতক্তকে কল নামে অভিহিত করা হয়॥৮৬॥

এই মায়া যথন সম্বন্ধণাধিক। হন, তৎকালে দিব্যরূপিণী লক্ষ্মী ছইয়া থাকেন এবং এই সম্বন্ধপ্রধানা মায়াতে অম্প্রবিষ্ট চৈতক্তই বিষ্ণু নামে কথিত ॥ ৮৭ ॥

এই মায়াতে বাজোগুণের আধিকা হইলেই তাঁহাকে সর্পতী কহে এবং এই বজোগুণাধিকা মায়াতে অনুপ্রবিষ্ট চৈতক্তকেই ব্রশ্বা

এখন দেখা বাইতেছে বে, মহেশবাদি অখিল দেবতাই পরমান্ত্রা হুইতে পৃথকু নহেন এবং দেহানি বাৰতীয় কড়বন্ধ অবিদ্যা ভিন্ন অপর কিছুই নহে; স্বতরাং দেহানি সমন্ত কগং গগনকাত পুপাবং মিখ্যা॥৮৯॥ জগং-কল্পনাকারিগণ এইরপেই জগতের সৃষ্টি কল্পনা করেন. প্রমেয়ত্বাদিরপেণ সর্ববিস্ত প্রকাশতে।
তথৈব বস্তু নাস্ড্যেব ভাগকো বস্ততে পরম্॥ ১১ ॥
স্বরপত্বেন রূপেণ স্বরূপং বস্তু ভাগুতে।
বিশেষশব্দোপাদানে ভেদে! ভবতি নায়পা॥ ১২ ॥
এক: সত্তাপুরিভানন্দরূপঃ, পূর্ণো ব্যাপী বর্ততে নাস্তি কিঞ্চিৎ।
এতভ্জানং য: করোভ্যেব নিত্যাং, মূক্তঃ স স্থায়,ভ্যুসংসারত্বাং॥ ১১
স্থারোপাপবাদাভ্যাং যত্র সর্বে লয়ং গতাঃ।
স্থকো বর্ততে নাত্রং তচ্চিত্রেনাবধার্থতে॥ ১৪ ॥

আর ঐ কল্পনাপর স্পরাই পরস্পর পরিচালিত হইয়া তত্ত্ব-মতত্ত্ত্তপ্র বিচার্যামান হয়॥ ১০॥

জগতের নিখিল বস্তুই জ্ঞাতা, জ্ঞেয় ও জ্ঞানরপে প্রতিভাত ুঁহুইতেছে। ফলতঃ জগতের কোন প্রব্যেরই প্রকৃত সন্তা নাই; বস্তুর ভাসক একমাত্র আত্মাই থাবহমান শোভা পাইতেছেন॥ ১১॥

জগতের ধাবতীয় পদার্থ ব্রেক্ষর স্বরূপমাত্র; আর স্বরূপ দারাই ব্রক্ষস্বরূপ দ্রবাও প্রকাশমান হইতেছে। এই সংসারে ধে ভিন্ন ভিন্ন পদার্থ ঘটপটাদি, শব্দভেদ দারাই ভাহার পার্থকা লক্ষিত হয় মাত্র, বস্তুতঃ ভাহার কোনরূপ ভেদ নাই॥ ১২॥

সংস্থার আনন্দময় সর্কারাপী একমাত্র অক্ষয় পূর্ণপ্রকাই শোভা পাইতেছেন; প্রক্ষ ভিন্ন অন্ত কোন পদার্থই জগতে নাই। প্রীপ্তকার কুপান্ন থাঁহার এই জ্ঞান বন্ধমূল হয়, তিনি জন্মসূত্যরূপ সাংসারিক ৰাতনা হইতে পরিত্রাণ প্রাপ্ত হন॥ ১৩॥

অধ্যারোপ ও অপবাদ দারা 'তং ঘং' পদার্থের শুদ্ধি হইলে বাহাতে মুম্বত দ্বাস্থ পায়, একমাত্র সেই পরব্রদাই সর্বাহানে শোভা পাইতেছেন, অন্ত কিছুই নাই; বোগী ব্যাক্তি একমাত্র ইহাই ফারে ধারণ করেন॥ ১৪॥ পিতৃরয়ময়াৎ কোষাজ্ঞায়তে পূর্বকর্মতঃ।
তচ্ছবীরং বিতৃত্ থং স্বপ্রাপ্তেলাগায় স্থলবম্।
মাংসান্থিলায়্মজ্জাদিনিমিতং ডোগমন্দিরম্।
কেবলং তৃংথভোগায় নাড়ীসস্ততিগুদ্দিতম্। ২৬॥
পারমেষ্ঠ্যমিদং পাত্রং পঞ্চভূতবিনিমিতম্।
ব্রহ্মাণ্ডসংজ্ঞকং তৃংথস্থভোগায় কল্লিতম্॥ ২৭॥
বিন্দু: শিবো রক্ষ: শক্তিকভরোমেলনাৎ স্বয়ম্।
স্প্রভূতানি জায়স্তে স্থশক্ত্যা কড়রপয়া॥ ২৮॥
তৎপঞ্চীকরাপাৎ তুলায়্যসংখ্যানি সমাসতে।
ব্রহ্মাণ্ডমানি বস্তুনি বত্র জীবোহন্ডি কর্মডিঃ॥ ২৯॥

পিতার অল্পমন্ন কোষ হইতে পুরাক্তত কার্যানিবন্ধন যে দেহ উৎপন্ধ হয়, তাহা প্রথমতঃ দেখিতে রমণীয় বটে, কিন্তু সর্বে থা বাতনা-ময়। কারণ, পুরুষ্ সঞ্চিত পাপপুণ্যভোগার্থই এই দেহ লাভ ক্রা যায়॥ ১৫॥

মাংস, অস্থি, স্নায়্, মজ্জা ইত্যাদি ধাতু দারা গঠিত, নাড়ীপুঞ্চে গ্রম্বিত, ভোগায়তনম্বরূপ এই জীবদেহ কেবল ক্লেশভোগেরই আধার ॥ ১৬॥

ব্ৰহ্ম-নিমিত পঞ্জুতাম্বক এই দেহকেই ব্ৰহ্মাণ্ড কহে। পুৰাকৃত্ত কৰ্মামুদারে তৃঃথ ও স্থখডোগাৰ্থেই এই দেহ পরিকলিড হইয়াছে ॥ ১৭ ॥

বিন্দু শিবত্বরূপ এবং রক্তঃ শক্তিত্বরূপ; এই ত্ইটির মিলন চ্ইলে শ্বরং আত্ম। জড়রূপিণী নিজশক্তি হারা বহুরূপে প্রকাশমান হন॥ ১৮॥

স্ক্র পঞ্চভূতের পঞ্চীকরণ ভাব হইলে ব্রহ্মাণ্ডফ্র অসংখ্য স্থুলবস্তব উৎপত্তি হয়। এই দ্রব্যদকলেই জীবগণ নিজ নিজ কর্মাফুসারে অধিষ্টিত আছেন॥ >>॥ তত্ত্বক্ষকাৎ দক্ষ (ভাগাখ্যং জীবসংজ্ঞকম্।
পূক্ষ কৰ্মান্থবাদেন করোমি ঘটনামহম্॥ ১০০॥
অবড়: দক্ষ ভূতছো জড়ন্বিত্যা ভূনক্ষি তং।
জড়াৎ স্বৰ্মজিৰ্মছে জীবাখ্যো বিবিধো ভবেং॥ ১০১॥
ভোগামোংপদ্মতে কৰ্ম ব্ৰহ্মাণ্ডাধ্যে পূন: পূন:।
জীবক্ষ দীয়তে ভোগাব্যানে চ স্বৰ্মান্ডঃ॥ ১০২॥

ইতি শ্রীশবসংহিতায়াং ধোগশাস্ত্রে লয়প্রকরণং নাম প্রথমঃ পটলঃ॥ ১॥

ঐ পঞ্ছত হইতেই জীবের ভোগশরীর (স্থানেহ) উৎপন্ন হইরাছে। জীবের• পূর্বকৃত পাপপূণ্য অস্থানে আমা (আস্থা) হইতেই এই সমস্ত ঘটনা ঘটে॥ ১০০॥

বছতঃ আছা অভ্যত্তপ নহেন; পরস্ক তিনি দর্বভৃতত্ত হইয়া জড়পদার্থ আশ্রয় পূর্বেক জীবগণের জড়পদার্থ ভোগ করিতেছেন। জড়বের হইতে নিজ নিজ পাপপুণ্যত্তপ কার্য্য বারা বন্ধ জীব এইরণে বছবিধ হইয়া থাকেন॥ ১০১॥

এই জগতে পাণপুণ্যত্মপ কার্যাই বারংবার ভোগের কারণ হয়। নিজ কর্ম থারা জীবের ভোগসমাপ্তি হইলেই তিনি পরমত্রক্ষে লয় প্রাপ্ত হন। পরস্ক বডদিন পাপপুণ্যত্মপ কর্ম থাকিবে, ততদিন কথনই ভোগের শেষ হইবে না, মোকণ হইতে পারিবে না॥ ১০২॥

ইতি লয়প্রকরণ নামক প্রথম পটল সমাপ্ত।

দিতীয়-পটলঃ

(পিণ্ডব্ৰহ্মাণ্ড ও জীবাত্মপ্ৰাপ্তি)

দেহরণ কুত্রকাতে সরিৎ-সাগরাদির সংস্থানবর্ণন

দেহেহশ্মিন্ বর্ত্ততে মেক: সপ্তদ্বীপসমন্বিত: ।
সরিত: সাগরা: শৈলা: ক্ষেত্রাণি ক্ষেত্রপালকা: ॥ ১ ॥
ঋষয়ো মূনয়: সর্ব্বে নক্ষত্রাণি গ্রহান্তথা ।
পূণ্যতীর্থানি পীঠানি বর্ত্ততে পীঠদেবতা: ॥ ২ ॥
স্ষ্টিসংহারকর্ত্তারো ভ্রমন্তের্গ শশিভান্ধরো ।
নভো বায়ুক্ত বহ্নিক জলং পৃথী তথৈব চ ॥ ৩ ॥
তৈবোক্যে ঘানি ভূতানি তানি সর্ব্বাণি দেহত: ।
মেকং সংবেষ্ট্য সর্ব্বত ব্যবহার: প্রবর্ত্তে ॥ ৪ ॥

এই মহয় শরীরে সপ্তদ্বীপ সংযুক্ত স্থমেক পর্বত, নদ-নদীসমূহ, সমূলসমূহ, শৈলসকল, ক্ষেত্রসমূহ, ক্ষেত্রপালগণ, ঋষিসভা, মূনিবর্গ, নক্ষত্রকুল, গ্রহবর্গ, পুণ্যতীর্ধসকল, পীঠন্থানসমূহ ও পীঠদেৰতাগণ অধিষ্ঠান ক্রিতেছেন ॥ ১-২ ॥

বিশেষতঃ, এই শরীরে ফ্টেনাশকারী রবিশনী সর্বাদ। ভ্রমণ করিতে-ছেন। ব্যোম, বায়ু, বক্তি, সলিল ও মেদিনী এই সকলও এই শরীরে বিভাষান রহিয়াছে॥ ৩॥

ফল কথা, ত্রিলোকীমধ্যে যে সকল ত্রব্য যে ভাবে আছে, দেহেও তৎসমূদার ত্রব্য সেইরণ মেল অবলখন পূর্ব্যক অবস্থান করতঃ স্বীয় স্বীয় কর্ম নির্বাহ করিতেছে॥ ৪॥ জানাতি বং সর্কমিদং স বোগী নাত্র সংশয়: । । বিশ্বতি দেকে ব্যাদিশং বাবস্থিত: ।

মেরুপ্লে স্থারশির্বিরটকলয়া বৃত: ॥ ৬ ॥

বর্ত্তবেংহনিশং সোহপি স্থাং বর্ষত্যধাম্থ: ।

ততোহমৃতং বিধাভূতং যাতি স্কাং বথা চ বৈ ॥ १ ॥

ইড়ামার্গেণ পুষ্টার্থং বাতি মন্দাকিনীজলম্ ।

প্ষাতি সকলং দেহমিড়ামার্গেণ নিশ্চিতম্ ॥ ৮ ॥

এষ পীযুষরশির্হি বামপার্শে ব্যবস্থিত: ।

অপব: ভরত্বাভো হর্ষক্ষিত্মগুল: ।

মধ্যমার্গেণ স্ট্রর্থং মেরে সংঘাতি চন্দ্রমা: ॥ ৯ ॥

ষিনি এই সকল বিষয় জ্ঞাত আছেন, তিনিই যোগী, সংশয় নাই।। ৫।।

পৃথিবীস্থ সমন্ত জবাই বন্ধাণ্ডরূপ এই শরীরের ষণান্থলে বর্তমান রহিয়াছে। মেরুর উপরিভাগে ষোড়শকলায় পূর্ণ চন্দ্রমা স্বর্জনা বর্তমান রহিয়াছেন। এই চন্দ্র স্বর্জনাই নিম্নে স্থাবর্ষণ করেন। সেই পরিক্রত স্থা ছই ভাগে বিভক্ত হইয়া স্ক্রেরপে নাড়ীষ্ম্যে গমন করিয়া থাকে॥ ৬-৭॥

এই ছই ভাগ অমৃতের মধ্যে এক ভাগ অমৃত শরীরে পৃষ্টির জন্ত মন্দাকিনীয়রপা ইড়া নাড়ীতে প্রবিষ্ট হইয়া তদীয় জনরপে পরিণত হয়। ইহা হারাই সমন্ত শরীরের পৃষ্টিবর্দ্ধন হইয়া থাকে, সংশয় নাই।৮।

এই স্থামর কিরণ বামভাগে সঞ্চারিত হইতেছে। কেন না, বামভাগেই ইড়া নাড়ীর অবস্থান। চন্দ্রমণ্ডলনাত বিতীয় অমৃতমর কিরণ বিশুদ্ধ সূত্যবং শেতবর্গ ও আনন্দপ্রদ। স্বাচীর জন্ম স্বয়ুরাণণ বারা এই অমৃতময়-কিরণ মেক্তে গমন করিতেছে। ১॥ মেক্রন্লে ছিত: স্বাঃ: কলা-ছাদশনংযুত:।
দক্ষিণে পথি বশিভিক্ষত্তৃত্বিং প্রজাপতি:। ১০
পীযুষরশিনিব্যাসং ধাতৃংক গ্রসতি এবম্।
সমীরমওলৈ: স্বাো ভ্রমতে সর্কবিগ্রহে। ১১॥
এবা স্ব্যাপরা মৃতিনিক্ষাণং দক্ষিণে পথি।
বহতে লগ্নবোগেন স্টেসংহারকারক:। ১২॥
সার্কলক্ষরেনাড়ীর মধ্যে প্রধাননাড়ীনির্ণয়
সার্কলক্ষরেং নাডাঃ সন্তি দেহান্তরে নৃণাম্।
প্রধানভূতা নাডাল্ক তাম্ন ম্থ্যাক্তৃত্বিশ। ১০॥
স্যুমেড়া পিল্লা চ পান্ধারী হতিভিহ্নিকা।
কুহু: সরস্বতী প্রা শন্ধিনী চ পর্যাকনী॥১৪॥

মেরুপ্রাদেশে বাদশকলা-সম্পন্ন প্রজাপতি স্থা অবিস্থিতি করিছেছেন। এই স্থা উদ্ধ্রীয় হইরা রশ্যি বারা দক্ষিণমার্গে অথাং শিক্ষশানাড়ীতে প্রবহমান হন এবং নিজ কিরণ বারা চন্দ্রমন্তলের অমৃতময় কিংণ ও শরীরক্ষ ধাতুসমূহ গ্রাস করিয়া থাকেন। এই স্থামগুলই আবার বায়মগুল কর্ত্তক পরিচালিত হইয়া সমস্ত শরীরে বিচরণ করে॥ ১০-১১॥

বস্তত: এই বিচরণকারী স্থা মেকমগুলস্থিত স্থোর অপর একটি মূর্ত্তি। ইনি লগ্ন অফুসারে দক্ষিণমার্গে (পিক্লা নাড়ীতে) সঞ্চালিত হইয়া মৃক্তি-পদ দায়িনী হন, আবার লগ্ন অফুসারেই ইনি স্ট বস্তুসকল নাশ্বও করিয়া থাকেন॥ ১২॥

মাহয়দেহ-মধ্যে তিন লক পঞ্চাশৎ সহস্র নাড়ী বিভ্যান আছে। এই সকল নাড়ীর মধ্যে বে চতুর্দশ নাড়ী প্রধান, তাহাদের নাম বর্ণন করিতেছি॥ ১৩॥

रथा— ऋयूम्, रेफा, शिवना, श्रासादी, रुखिक्खा, क्रू, मन्यजी,

বাক্ণালঘ্যা চৈব বিখোদনী বশখিনী।
এতাহ তিলো মৃখ্যা: স্থা: শিদ্দেভাহ্যুদ্ধিক। ॥ ১৫ ॥
তিহুদেকা হুযুদ্ধৈব মৃখ্যা সা বোগবল্প।
অস্তাতদাশ্রং কুতা নাড্য: সন্তি হি দেহিনাম্ ॥ ১৬ ॥
সর্বাশ্যাধাম্থা নাড্য: পদ্মতভ্বনিভা: ছিতা: ।
পূর্চবংশং সমাশ্রিত্য সোমস্থায়িক্রপিণী ॥ ১৭ ॥
তাসাং মধ্যে গভা নাড়ী চিত্রা স্থাৎ মম বল্প।।
বন্ধান্ধক্ষ তত্তিব হুন্ধাৎ হুন্ধভবং গভম্ ॥ ১৮ ॥
পূঞ্বর্ণোজ্জ্বলা ভব্বা হুযুমামধ্যক্রিণী।
দেহস্থোপাধিকপা সা হুযুমামধ্যক্রিণী। ১০ ॥

পুৰা, শব্দিনী, পরস্থিনী, বাহ্নণী, অনমুষা, বিখোদরী ও বশস্থিনী। এই চতুর্দশ নাড়ীর মধ্যে মাবার ইড়া, শিক্ষণা ও স্বয়্যা, এই তিনটি নাড়ী শ্রেষ্ঠ্য ১৪-১৫॥

এই তিন্টি নাড়ীর ভেতরেও আবার স্থ্যা নাড়ীই সর্বাপ্রধানা ও যোগণাধনের উপযোগিনী। মহস্তগণের মন্তাত নাড়ীনকল এই স্যুয়া নাড়াকে আতার করিয়াই বর্ত্তমান আছে॥ ১৬॥

লোম, স্থ্য ও অগ্নিরপা ইড়া, পিছলা ও স্থানা নাড়ী মেকদও আপ্রর পূর্বক অধােম্থে অবস্থিতি করিতেছে। এই তিনটি নাড়ী পদ্মতে অবস্থা আই তিনটি নাড়ী মধ্যে স্থানা নাড়ীর মধ্যস্থিত চিত্রা নামক নাড়ীই আমার অভ্যন্ত প্রির। এই চিত্রা নাড়ীর ভিতরে স্কর্ভতেও স্ক্রতর ব্রন্ধবির বহিরাছে॥ ১৭—১৮॥ *

र्युद्रा-यश्वविनी এই हिला नाष्ट्री नक्सर्न नम्ब्बन। विश्वदा ।

^{*} এই অন্ধবিবর দারা কুলকুগুলিনী মূলাধার হইতে সহস্রারে গমন পূর্বক পরমত্রন্ধে মিলিত হন। এই কারণে ইহা অন্ধবিবর, অন্ধরন বা অন্ধব্য বলিয়া বিখ্যাত।

দিব্যমার্গমিদং প্রোক্তমস্থতানন্দকারকম্।
ধ্যানমাত্রেণ বোগীক্রো ছুরিতৌবং বিনাশয়েৎ॥ ২০॥
সুলাধারবর্ণন

শুদাতু বাঙ্গাদ্ধিং মেছাতু বাঙ্গাদধঃ।
চতুবঙ্গাবিখারমাধারং বর্ততে সমম্॥২১॥
তিমিয়াধারপাথোকে কর্ণিকায়াং স্থাশাভনা।
ক্রিকোণা বর্ততে যোনিং স্বর্তত্তেম্ গোপিতা॥২২॥
তত্ত্র বিছাল্লভাকারা কুগুলী পরদেবতা।
সান্ধিত্রিকারা কুটিলা স্বয়ুমামার্গসংছিতা॥২০॥
ক্রাৎসংস্টির্কা সা নির্মাণে সভতোগ্যতা।
বাচামবাচার বাগেবী সদা দেথৈন্মস্কুতা॥২৪॥

বস্ততঃ সুযুদ্ধার মধ্যভাপকেই চিত্রা নাড়ী বলা যায়। এই নাড়ী দেহমুলম্বরূপা ॥১৯॥

চিত্রা নাড়ীর অন্তর্গত এই ব্রহ্মবিবরই দিব্যপথ বলিয়া প্রথিত। ইহা অমৃত ও আনন্দ-প্রদ। যোগীরা ইহার ধ্যান করিবামাত্র পাপসমূহ হইতে পরিত্রাণ পাইয়া থাকেন॥ ২০॥

গুহুষাবের অঙ্গুলিঘয় উর্দ্ধে মেড্রন্থানের অঙ্গুলিঘয় নিম্নে চারি অঙ্গুলি বিস্তৃত মুলাধারপন্ন আছে॥ ২১॥

প্রই মৃলাধারপদ্মের কর্ণিকামধ্যে অতি স্থাভন একটি ত্রিকোণ-মণ্ডল বিরাজিত রহিয়াছে। এই ত্রিকোণমণ্ডলকে ধোনিমণ্ডল কছে। ইহা সম্ভ তন্ত্রেই গোপনীয় ॥ ২২ ॥

এই খোনিমগুলের মধ্যপ্রদেশে বিছালতার তায় আকারসম্পন্ন। সান্ধিত্রেলয়াকারা কুটিলা পরমদেবতা কুলকুগুলিনী অহ্মপথ রোধ করতঃ অবস্থান করিতেছেন॥ ২৩॥

ইড়ানায়ী তুষা নাড়ী বাষমার্গে ব্যবস্থিতা।
স্বয়ুয়াং সা সমান্ত্রিয় দক্ষনাসাপুটং গতা ॥ ২৫ ॥
পিকলা নাম ধা না নাড়ী দক্ষার্গে ব্যবস্থিতা।
মধ্যনাড়ীং সমান্ত্রিয় বাষনাসাপুটং গতা ॥ ২৬ ॥

সম্ভতা, ইনি বাগ্দেবী, সর্বদেবের প্রনীয়া ও বাক্যের বহিভূতা ॥ ২০ ॥

ইড়া নামী যে নাড়ী বাম নাপে বিভ্যমান আত্তে, তাহা স্থ্য়। নাড়াকে আলিখন প্ৰেক চক্ৰে বেষ্টন ক্রিয়া দক্ষিণ-নাগাচ্ছিত্র দিয়া আজাচক্ৰে একত্র হইয়াছে ॥ ২৫ ॥

भनीरत्रत मक्निन्डार्श निक्रमा नास्य स्य नाष्ट्री विश्वमान आह्य. अ

* वांधरमोक्शार्थ এই विवस्त्र किहू विष्ठु ज्ञारमाठना कवा हहेन। मृनाधात পण्य क्नक् अनिनी, नाविखी अवर बन्धा विश्वमान । क्नक् अनिनीय चनद এकि पृत्ति मारिबी। त्कन ना, क्नक् अनिनी त्वज्ञन वर्गमधी, পাবিত্রীও ভদ্রপ বর্ণময়ী। এই কুলকুগুলিনী হতেই বাক্যের উদ্ভব হহয়। পাকে। সেইজন্ম তিনি বাগ্দেৰতা নামেও কথিত হন। বাক্য ৰখন উদ্ভত হয়, তথন এই কুলকু ওলিনী হইতেই একটি শক্তি উলাত হয়, এই त्व मक्ति, हेनि मच अथाना । अहे मच अथाना मक्ति त्व ममग्र नामा अल्लाका चरुविद्या रहेशा थारकन, जरकारम औ मंकि भ्वनि मरस कथिल हन। তৎপরে এ ধানি বধন তমোগুণে অহবিদ্ধ হন, তখন নাদরণে পরিণতি প্রাপ্ত হন। তাহার পর ঐ নাদে তমোগুণের আধিক্য হইলেই উহা निरत्रिका रिका अधिरिका हन। उर्पाद ये निर्दाधिकात्र ब्रक्ष: ख তমোগুণের প্রাচুণ্য ঘটিলেই অর্ছেন্দু, এবং অর্ছেন্দুর পরিণতি বিন্দু উৎপন্ন হুইয়া থাকে। ভাহার পর ঐ বিন্দু মূলাধারে প্রবেশ করিয়া পরিপুষ্ট হইলে, পরা, স্বাধিষ্ঠানে উন্নীত হইলে পক্তরী, অনাহত চক্রে উপস্থিত इट्रेंटन मधामा, अवर कर्छ धारवन कतितन देवने नाम आधारिक इन। व्यावात थहे देववी कर्श, जानू, मढ, वर्ष, मुक्का अवः विस्तात महाग्रजात्र ৰিবিধ বৰ্ণ এবং তাহাৰ সমষ্টিভাবে ৰাক্যক্লপে প্ৰকাশিত হন। रम्था बाहेराञ्यहः, व्यङ्गाङ्गारक वह कुनकुछनिनीहे बाग्रान्दछ।।

ইড়াপিদসমোর্শধ্যে স্থ্যা বা ভবেং ধলু।

বট্সানেষ্ চ বট্শক্তি বট্পদ্মং বোপিনো বিছ:॥ ২৭॥

পঞ্জানস্থ্যায়া নামানি স্থাবহুনি চ।
প্রয়োজনবশান্তানি জ্ঞাতব্যানীত্ শাস্ত্রে ॥ ২৮॥

অপরাপর নাড়ীসংস্থানকীর্ত্তন
অক্তা যান্ত্যপরা নাড়ী মূলাধারাৎ সমূথিতা।
রসনামেডুব্যুণপাদাকুষ্ঠক নাসিকাম্॥ ২১॥

নাড়ীও ঐ প্রকারে হয়ুয়৷ নাড়াকে আলিজন পূর্বক চক্রে চক্রে বেষ্টন করিয়া বামনাদাপুট দিয়া আজ্ঞাচক্রে ত্রিবেণীস্থলে দমিলিড হইয়াছে॥২৬॥*

ইড়া ও পিক্লা এই ছুইটি নাডীর মধ্যপ্রদেশে ছয় স্থানে ছয়টি পদ্ম ও ছয়টি:শক্তি:আছে; তাহা কেবল ধোগিগণেরই জ্ঞাতব্য ॥ ২৭ ॥ প

স্মুমার মধ্যে যে পঞ্জান, পঞ্চ শৃত্য বা পঞ্চক্র আছে, তাহার নাম অসংখ্য। তৎসমস্ত এ স্থানে বক্তব্য নহে। আবশুকমতে ু(ক্রেয়ামলাদি) অপরাপর তত্ত্বে তাহা বিদিত হইতে পারা ঘাইবে॥ ২৮॥

ম্লাধার পদ্ম হইতে যে সকল নাড়ী উথিতা হইয়াছে, উহার। কিল্লা, মেড়, রুষণ, পাদাকুষ্ঠ, নাসিকা, কক্ষ, চকু, অলুষ্ঠ, কর্ণ, পায়ু,

ণ পদাষট্ যথাক্রমে মৃলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞাচক্র নামে প্রসিদ্ধ এবং ছয়টি শক্তি যথাক্রমে ডাকিনী, রাকিণী লাকিনী, কাকিনী, শাকিনী ও হাকিনী নামে প্রকীন্তিত।

^{*} এই তিন নাড়ী অর্থাৎ ইড়া, পিছলা ও স্থ্য়া ও সরস্বতী নামেও আথাত হইয়া থাকে। এই নাড়ীত্রয় আজ্ঞাচক্র হইতে স্বতন্ত্রভাবে প্রবাহিত হইয়া মূলাধারে প্রবেশপূর্বক পুনরায় একত হইয়াছে। এই নিমিত্ত আজ্ঞাচক্র মৃক্ত ত্রিবেশী এবং মূলাধার চক্র-ত্রিবেশী নামে কথিত হইয়া থাকে। এই চক্রম্বয় সাধারণভাবে ত্রিবেশী বলা হয়।

কক্ষনে আকৃষ্ঠ কৰ্বং সৰ্ববাদং পায়ুকু ক্ষিক্ষ্।

লক্ষ্য নিবৰ্ত্তে সা বৈ বথাদেশসমূদ্ধনা ॥ ৩ • ॥

এতাভ্য এব নাছীভ্য: শাখোপশাখত: ক্রমাং।

সার্দ্ধক্ষরেং জাতং বথাভাগব্যবন্থিতম্ ॥ ৩১ ॥

এতা ভোগবহা নাড্যো বায়ুদ্ধারবক্ষকা:।

ওতপ্রোভাভিসংবাাপ্য ভিষ্ঠস্থান্মিন্ ক্ষেব্রে ॥ ৩২ ॥

অরপাচক বহিসংস্থান

সূধ্যমন্ত্ৰসংগ্ৰহকৰা দাণশশংষুতঃ।
বন্তিদেশে জনবহিৰ্বৰ্ত্ত চান্তপাচকঃ॥ ৩৩॥
বৈশানবাশিবিজেয়ো মম তেজোহংশসম্ভবঃ।
কবেতি বিবিধং পাকং প্ৰাণিনাং দেহমান্থিতঃ॥ ৩৪॥

কুক্ষি ইত্যাদি অকপ্রতাকে গমনপূর্কক নিজ নিজ কার্য্য সম্পন্ন করতঃ আবার নিজ নিজ জনস্থানে আসিয়াছে॥ ২৯—৩০॥

এই সকল নাড়ী হইতেই শাখা ও প্রশাখারণে ক্রমে দাড়ে তিন লক্ষ নাড়ী হইছাছে। ঐ সমস্ত নাড়ী ঘথাক্রমে বামভাগে বিভামান আছে॥৩১ শ

এই সকল নাড়ীকে ডোপবহা নাড়ী কহে। এই নাড়ীসকল ঘাঃ। স্বাদেহে বায়ুদ্ধার (ও জ্ঞানস্থার) হয়। এই সকল নাড়ী (আলোক লভার ক্যায়) ওতপ্রোতভাবে স্বাদেহ ব্যাপিয়া বহিয়াছে॥ ৩২॥

স্থামপ্তলে যে বাদশ কলা আছে, নেই বাদশকলার সক্ষে মিশ্রিত অন্নপাচক-প্রস্কলিত অগ্নি বন্তিদেশে অবস্থিত আছে॥ ৩৩॥

ইহার নাম বৈধানরাগি। মদীর (রুদ্রের) তেক হইতেই ঐ জাগ্নির উৎপত্তি হইয়াছে। এই অগ্নি জীববর্গের দেহে অবস্থানপূর্বক অন্নপাক ও নানাপ্রকার ধাতুর পরিপাক করে॥ ৩৪॥ चाद्धः श्रेषात्रका बिर्विनः शृष्टिः प्रपाष्टि छ ।
भाषीत्रभाविवकाणि ध्वच्यद्यात्रममूख्यः ॥ ०६ ॥
कच्चादिकानवान्त्रिक श्रकामा विधिवर स्वरीः ।
किच्चनद्वर स्ट्यार (यात्री श्राप्टार क्षकानस्वा ॥ ०५ ॥

সুলদেহপ্রাপ্তির কারণ

ৰশ্বাওসংজ্ঞকে দেহে স্থানানি স্থাবহুনি চ।
ময়োক্তানি প্ৰধানানি জ্ঞাতব্যানীহ শান্তকে ॥ ৩৭ ॥
নানাপ্ৰকাৰনামানি স্থানানি বিবিধানি চ।
বৰ্ত্তন্তে বিগ্ৰহে তানি কথিতুং নৈৰ শক্যতে ॥ ৩৮ ॥
ইখং প্ৰকল্পিতে দেহে জীবো বসতি সৰ্ব্বগঃ।
অনাদিবাসনামালালকভঃ কৰ্মশৃদ্ধলঃ॥১৯॥

এই বহিং পরমায়্বর্দ্ধক, বলকর ও পুষ্টিজনক; ইহা দারাই শরীরে পটুতা রক্ষা হয় এবং এই অগ্নি প্রজ্ঞলিত থাকিলে কোন ব্যাধির উৎপত্তি সম্ভব হয় না॥ ৩৫॥

স্থতরাং গুরুপদেশমতে যথাবিধি এই বৈশানরানল প্রজালিত রাখিয়া নিত্য তাহাতে আহতি দানই জ্ঞানা যোগীর কর্ত্তব্য ॥ ৩৬ ।

কুদ্ৰেজাগুস্থরণ এই শ্রীরে জ্ঞাতব্য বহু স্থান আছে, তাহার মধ্যে আমি প্রধান প্রধান কতিপয় স্থান মাত্র নির্দেশ করিলাম। জ্ঞাপ্ত স্থানসমূহ জ্ঞাত তন্ত্র হইতে জ্ঞাত হইতে পারিবে॥ ৩৭॥

কারণ, শরীরাভ্যন্তরে যে সকল স্থান আছে, ভাহা বছবিধ ও অসংখ্যা; কাজে কাজেই এ স্থানে তৎদম্দয় বর্ণন সম্ভব নহে॥৩৮॥

ঈদৃশ পৰিকল্পি শরীরে সর্ব্বগত জীব অবস্থিতি করিভেছেন, এই জীব কর্মশৃদ্ধলে বদ্ধ ও অনাদি বাসনাশালায় পরিশোভিত । ৩৯॥ নানাবিধগুণোপেতঃ সর্বব্যাপারকারকঃ।
পূর্ব্বার্চ্জিতানি কর্মাণি ভূনক্তি বিবিধানি চ ॥ ৪ • ॥

যদ্ধং দংদৃশুতে লোকে সর্বাং তৎ কর্মসম্ভবম্ ।

সর্বান্ কর্মাম্পারেণ জন্ধর্ভোগান্ ভূনক্তি বৈ ॥ ৪১ ॥
বে বে কামাদরো দোবাঃ স্থবহুংপপ্রদায়কাঃ।
তে তে সর্ব্বে পর্বস্তে জীবকপ্রাম্পারতঃ ॥ ৪২ ॥
পূণ্যোপরক্ত চৈত গৈঃ প্রাণান্ প্রীণাতি কেবলম্ ।
বাহে পূণ্যময়ং প্রাণ্য ভোজাবস্ত স্বয়ন্তবেং ॥ ৪০ ॥

কর্মশৃঝলে বন্ধননিবন্ধন এই জীব নানারপ গুণবিশিষ্ট হইয়া নিথিদ ব্যাশার নিশাদন করিতেছেন এবং পূর্বেদঞ্চিত পাণপুণা অন্ননারে নানারপ স্থহংথও ভোগ করিয়া আসিতেছেন॥ ৪০॥

এই সংসাবে ৰাহা ঘাহা দৃষ্টিগোচর হইতেছে, তৎদমুদায়ই জীবের পূর্বকর্মাহুসাবে উৎপন্ন ও ঐ পূর্বকর্মাহুসাবেই জীব নানাবিধ হুখছ:খ ভোগ করিয়া আদিতেছে॥ ৪১॥

কাম, বোষ, লোভ, মোহ ইত্যাদি যে দোষ সকল স্থ বা ছু:থ প্রদান করিতেছে, তৎসকলই জীবের পূর্বকর্মান্থসারে প্রবৃত্তিত হয়। ৪২।

পুণ্যোপরক্ত চৈতক্ত নিকেই বাফ্জগতে পুণ্যময় ও স্থময় ভোগ্যবস্থ হইয়া প্রাণকে প্রীত করে • ॥ ৪৩ ॥

^{*} এই স্থানে পুণ্যোপরক চৈতন্তের আর্থ লইরা গোল বাধিতে পারে;
তাই ইহার নিগ্ত তাৎপর্য নিম্নে প্রদত্ত হইল:—বে আত্মা আপনাডে
পুণার আভাস পঞ্চায় নিজেকে পুণ্যবান্ বলিয়া অভিমান পোষণ করেন,
তাঁহাকেই পুণ্যোপরক চৈতন্ত বলা যায়। কিছু প্রকৃত পক্ষে আত্মা নির্নিপ্ত।
আত্মাকে স্থ-তৃঃথ, পাপ-পুণ্য প্রস্তৃতি স্পর্শ করিতে পারে না; কেন না,
ঐ সকল মনের ধর্ম। ইহার উদাহরণ এই বে, কোন স্বচ্ছ বস্তুর উপর

ততঃ কর্ম্মবলাং পুংসঃ স্বথং বা ছ্:খমের বা।
পাপোপরক্তৈতক্তঃ নৈর তিষ্ঠতি নিশ্চিত্র্॥ ৪৪ ॥
ন তম্ভিরো ভবেং সোহপি ন তন্তিরম্ভ কিঞ্চন ॥ ৪৫ ॥
মায়োপহিতটেচতক্তাং সর্ববস্ত প্রজারতে।
যথাকালোপভোগায় জন্তুনাং বিবিধান্তরঃ ॥ ৪৬ ॥
যথা লোষবশাচ্ছুক্তের্বি রক্ষতারোপণং ভবেং।
তথা স্বক্ষদোষাত্র ব্রহ্মণ্যারোপ্যতে জনং ॥ ৪৭ ॥

তদনস্তর জীবের কর্মাত্মদারেই স্থভোগ কিংব। যাতনাভোগ হয় কর্মাং পুণাকর্মের ফলে স্থথ এবং পাতকের ফলে তুংথভোগ হইয়া থাকে। এতন্তির কেবল স্থপভোগ অথবা তুংথভোগ হওয়া অসম্ভব ॥ ৪৪ ॥

বস্ততঃ আত্ম: সেই স্থপ্তদ বা ছঃপদনক বস্ত হইতে পৃথক নহেন, কাৰণ, আত্মা ভিন্ন জগতে কিছুই নাই ॥ ৪৫ ॥

যথাকালে জীববর্গের উপভোগের নিমিত্ত যে নানা প্রব্যের উৎপত্তি হয়, তংদমুদায়ই একমাত্র মায়োপংত চৈতক্ত হইতেই সমৃদ্ধতে ॥ ৪৬॥

যেরূপ ভ্রান্তিদোষনিবন্ধন শুক্তিতে রন্ধণ্ডের আরোপ হয়, তদ্ধপ স্বক্লত কর্মারূপ দোষনিবন্ধনই প্রক্ষে অগতের আরোপ হইডেছে॥৪৭॥

কোন বর্ণময় পদার্থ বাধিলে উহাতে ধেমন তাহার প্রতিবিদ্ধ পড়িয়া তাহাকে ঐ বর্ণময় দেখায়, তদ্রণ পাপ-পূণ্য প্রভৃতি নিকটন্থ হওয়ায় তাহার উপর পাপ-পূণ্যর হায়া পতিত হইয়া আক্ষাকে কল্বিত বলিয়া মনে হয়। কিন্তু প্রকৃত পক্ষে আত্মাতে পাপ-পূণ্য স্পৃষ্ট হয় না। মনের পাপে আত্মা উপরত হন মাত্র। সেইজ্বন্ত পূণ্যে উপরত চৈতন্তকে পূণ্যোপরক চৈতন্ত নামে অভিহিত করা হইয়া থাকে। এই প্রকারে ধে চৈতন্ত পাপে উপরক্ত, তাহাকে পাপোপরক্ত চৈতন্ত নামে আথ্যাত কয়া হয়য়

बीदित याक्रताधन

স্বাস্থনাত্ৰমেৎপশ্নোন্ধনাতিসমৰ্থনম্।
উৎপন্নকেদীদৃশং ভাৎ জ্ঞানং মোক্ষপ্ৰসাধনম্ ॥ ৪৮ ॥
সাক্ষাদিশেষদৃষ্টিস্ত সাক্ষাৎকারিণি বিভ্ৰমে।
কারণং নাত্ৰথা যুক্ত্যা সত্যং সত্যং মন্ত্ৰোদিতম্ ॥ ৪০ ॥
সাক্ষাৎকারভ্ৰমং সাক্ষাৎ সাক্ষাৎকারিণি নাশ্বেং।
স হি নাস্ত্ৰীতি সংসারে ভ্ৰমো নৈব নিবর্ত্তে ॥ ৫০ ॥

এই জগৎ পূর্ববাসনা ও ভাস্তি ছারাই উৎপন্ন। এই জগতের উন্নেলনে সম্পূর্ণ সমর্থ জ্ঞান জনিলে তাহাই মৃক্তির সাধক হইয়া থাকে । ৪৮॥

যিনি ঘট পট প্রভৃতি বিষয় প্রভাক্ষ করেন, সেই সাক্ষাৎকার-সম্বন্ধ তাঁহার বিশেষদৃষ্টি হইলে ভদীয় ভ্রমাত্মক জ্ঞান দূরীভূত হয়। যংকালে রজ্জুতে সর্পভ্রান্তি হয়, তখন সেই সাক্ষাংকর্ত্ত। বিশেষরূপে দৃষ্টি ও অৱেষণ করিলে তাদৃশ সর্পভ্রান্তি যেমন কথনই থাকিতে পারে না, তজ্ঞপ যিনি জগতের ঘট পট প্রভৃতি বিষয় প্রভাক্ষ করিতেছেন, তিনি কিঞ্চিৎ বিশেষ দৃষ্টি ঘারা অৱেষণ করিলেই সেই ভ্রমজ্ঞান কখন স্থায়ী হইতে পারে না। আমি সভাই কহিতেছি, বিশেষদর্শন ব্যতীত যুক্তি ঘারা কখন এই ভ্রম দূর হইবার নহে॥ ৪৯॥

এই বিশেষদৃষ্টিই প্রতাক্ষকারীর প্রতাক্ষকরণ বিষয়ক ভ্রম দুর করিয়া দেয়। যত দিন এইরূপ ভ্রমজ্ঞান থাকে যে, এই জ্বং স্তা, ইহা ভ্রান্তিমূলক নহে, তত দিন বিশেষদৃষ্টি হয় না, ভ্রান্তিও হইতে পারে না। যংকালে রজ্জুতে সর্পভ্রান্তি হয়, তংকালে ইহা যথার্থই সর্প, দর্শব্দের এরূপ ধারণা থাকিলে ভাহার বিশেষ-দৃষ্টি বিষয়ে (মনোযোগ সহ প্যাবেক্ষণে) প্রবৃত্তি হয় না, ফুডরাং সর্পভ্রমণ্ড দূর হইতে পারে না॥৫০॥ मिखाकाननिवृद्धिकं वित्वं वर्णनिवित्वं ।

खख्या न निवृद्धिः जीवं श्रांट वर्षकंष्यः ॥ ९५ ॥

यावत्वारभण्यक कानः नाकांरकातः निव्यतः ।

कावर नर्वाि क्कानि नृश्रंद विविधानि क ॥ ९२ ॥

याग कर्षाव्छिकः (मरुः निर्वाग-नाधनः क्दरः ।

का नेवीववरनः नक्तर श्राप्त काश्रंथा । ९० ॥

यागृत्रै वामना मृना वर्कक कीवनिन्नो ।

कागृत्रः वहक कहः कुलाकुल्वित्यं सम्म ॥ ८८ ॥

मःनावनान्तरः कर्ष् क्ताक्वह्मावानाधकः ।

कृषा वर्षाक्ष्यः कर्ष क्तावर्कः नमाक्दरः ॥ ९८ ॥

ষাহা হউক, কেবল বিশেষদৃষ্টি দারাই মিথ্যাজ্ঞান বিদ্বিত হয়, বিশেষ-দৃষ্টি ব্যতীত কোন প্রকারেই সেই মিথ্যাজ্ঞানের উপশম হইতে পারে না। ধেখানে ভক্তিতে রজতভ্রম হয়, তথায় বিশেষদৃষ্টি দারা (ভক্তিজ্ঞান ব্যতীত) কি রক্তভাস্থি নই হইতে পারে ? 2) ॥

ষাবং আত্মসাক্ষাংকার ধার। সত্যজ্ঞান না ক্রমে, ততদিন ভ্রম নিবন্ধন বছবিধ ভূতসকল দৃখ্যামান থাকে॥ ৫২॥

জীবের এই কর্মোপাৰ্জ্জিত শরীর ষধন মোক্ষের সাধন হয়, তথনই বলা ষাইতে পারে যে, এই শরীর বহন করা সার্থক। আরও, এই শরীর মোক্ষের উপযুক্ত না হইলে তাহা বহন করা বিফল॥ ৫০॥

প্রাণীর সদাসন্দিনী মূলবাসনা যেমন থাকে, জীবও উচিতাস্থচিত বিষয়ে সেইরপ ভ্রান্তি ধারণ করে ॥ ৫৪ ॥

কল কথা, যোগদাধক মহান্দ্রা যদি ভবদাগর পার হইতে ইচ্ছা করেন, ভাছা হইলে তাঁহার উচিত এই যে, তিনি নিজবর্ণাশ্রমোচিত যে কোন কার্য্যের অষ্ট্রান করিবেন, তাহার ফলেচ্ছা করিবেন না ॥ ৫৫॥ বিষয়াসজ্ঞপুক্ষা বিষয়েষু স্বথেপাব: ।
বচোভিক্সনির্কাণাদর্ত্তরে পাপকর্মণি ॥ ৫৬ ॥
আন্ধানমান্ত্রনা পশুয় কিঞ্চিদিহ পশুভি ।
তদা কর্মণরিত্যাপে ন দোষোহস্তি মতং মম ॥ ৫৭ ॥
কামানয়ো বিলীয়স্তে জ্ঞানাদেব ন চাল্যথা ।
অভাবে সর্কাত্রানাং সমং তত্তং প্রকাশতে ॥ ৫৮ ॥
ইতি শ্রীশিবসংহিতায়াং যোগপ্রকথনে তত্ত্জানোপদেশো নাম
দিতীয়ঃ পটলঃ ॥ ২ ॥

বে সকল পুক্ষ ধনমোহিত ও বৈষয়িক স্থাথে সম্পূর্ণ ইচ্ছুক, তাঁহার! ফলেচ্ছা পূর্বাক ফলশ্রুতি কর্ত্বক ক্ষমুক্তি হইয়া অর্থাৎ মুক্তিপথ হইতে চ্যুত হইয়া পাপযুক্ত ধর্মেই রত থাকেন। ৫৬।

ৰে সাধক আপনি আপনাকে দৰ্শন করেন, তিনি পৃথিবীর কোন বস্তুই স্ত্য বলিয়া প্রত্যক করেন না। আমার মতে এই প্রকার অবস্থাতে কাষ্যত্যাগ করিলে কোন হানি নাই॥ ৫৭॥ *

জ্ঞানের উন্মেষ হইলেই কামক্রোধাদি সকল বৃত্তি নই হয়; তন্তিয় কোন প্রকারেই তাহা হইতে পারে না। ফল কথা, যে সময়ে সকল তত্ত্বের অভাব হয়, তথনই আল্লতত্ত্ব প্রকাশিত হইয়া থাকে॥ ৫৮॥

ইতি ভবজানোপদেশনামক বিতীয় পটল সমাপ্ত।

^{*} তাৎপধ্য এই বে, যিনি ঘটপটাদি সকল পদাৰ্থে অন্তিম্ব দর্শন করিতেছেন অর্থাৎ গাঁহার বিধাজ্ঞান নই হয় নাই, তাঁহার পক্ষে কার্য্যত্যাগ করা মহাপাপপত্তে মগ্ন হইবার সোপান। এ প্রকার ব্যক্তির কর্তবা এই বে. যত দিন অবৈতবৃদ্ধি না হয়, ভাবৎ ফলাকাক্ষা ত্যাগ করতঃ যথোচিত ধর্মকার্য্যের অফুঠান বরেন!

তৃতীয়-পটলঃ

প্রাণাদি দশবায়ুর সংস্থান প্রাণের স্থান

বস্তুন্তি প্রক্রং দিব্যং দিব্যলিকেন ভূষিতম্।
কাদিঠান্তকরোপেতং দাদশারং স্থশোভিতম্ ॥ ১ ॥
প্রাণো বসতি তত্ত্বৈব বাসনাভির্লক্ত:।
অনাদিকর্মদংগ্রিষ্টঃ প্রাণ্যাহ্রাবসংযুতঃ ॥ ২ ॥

বৃত্তিভেদে প্রাণের নামভেদ প্রাণক্ত বৃত্তিভেদেন নামানি বিবিধানি চ। বর্ত্তিস্তে তানি দর্বাণি কথিতুং নৈব শক্যতে । ৩ । প্রাণোহপানঃ সমানশ্চোদানো ব্যানশ্চ পঞ্চমঃ। নাগঃ কুর্মশ্চ কুকরো দেবদত্তো ধনঞ্জয়ঃ । ৪ ।

প্রাণিসমূহের হৃদয়-মধ্যে দিবালিক-সমলস্কৃত একটি মনোহর স্থন্দর ঘাদশদল পদ্ম আছে, ইহার প্রত্যেক পত্রে ক অবধি ঠ পর্যান্ত বাদশ অক্ষরের এক একটি বর্ণ স্থানোভিত রহিয়াছে॥ ১॥

ঐ দাদশদল কমলমধ্যে অনাদি কশ্ম-পরম্পরায় সংশ্লিষ্ট, পূর্ব্বপূর্ব্ব-বাসনালম্কৃত আত্মাভিমানী প্রাণবায় অবস্থিতি করিতেছেন। ২।

ক্রিয়াভেদে এই প্রাণবায় নানাপ্রকার নামে অভিহিত হয়। এ স্থলে সেই সকল নাম বলা সম্ভব হইতে পারে না॥ ৩॥

পরস্ক ভাহার মধ্যে প্রাণ, অপান, সমান উদান ও বাান, এই পাঁচটি এবং নাগ, কৃষ, ক্লকর, দেবদন্ত ও ধনমন্ত্র এই পাঁচটি, মোট এই দশটি আপবায়ুই প্রেষ্ঠ ॥ ৪ ॥

বৰ্ণ বাবাদি মুখ্যানি ময়োজানীছ শাস্ত্ৰকে।
কুৰ্ণছি ভেছ্ব কাৰ্য্যাণি প্ৰেরিতানি স্বক্ষভিঃ। প্র
প্রাণাপানাদি বায়র সংস্থান ও ক্রিয়া
ক্রাণি বায়বং পঞ্চ মুখ্যাঃ স্থ্যদশতঃ পুন:।
ক্রাণি প্রেষ্ঠকর্তারো প্রাণানো ময়োদিতো ॥ ৬ ॥
বি প্রাণো স্কদেহপানং সামানো নাভিমপ্তলে।
উদানং কঠদেশস্থো ব্যানং সর্কাশরীরগঃ॥ ৭ ॥
নাগাদিবায়বং পঞ্চ কুর্বস্তি তে চ বিগ্রহে।
উদগারোনীসনং ক্ষৃত্তি ভ্সা হিকা চ পঞ্চ বৈ ॥ ৮ ॥
ক্রেন বিধিনা বাে বৈ ব্রহ্মাপ্তং বেভি বিগ্রহম্।
সর্ব্বপাপবিনিমুক্তঃ স যাতি পরমাং গতিম্॥ ৯ ॥

মংকথিত এই দশ প্রাণবায় স্বীয় স্বীয় কার্য্য বারা পরিচালিত হইয়া শারীরিক কার্য্য দকল সম্পাদন করিতেছে॥ ৫॥

এই দশ বায়ুর মধ্যে আবার প্রাণ, অশান, সমান, উদান ও ব্যান, এই পাঁচটি বায়ুই প্রধান। এই পঞ্চবায়ুর মধ্যেও আবার মংক্ষিত প্রাণ ও স্পান এই বায়ুষ্যই প্রধানতম; কেন না, এই ত্ইটিই শরীরের শ্রেষ্ঠকাথ্য সকল সম্পাদন করিয়া থাকে। ৬॥

ষদয়ে প্রাণ, গুহুদেশে অপান, নাভিমগুলে সমান, কঠে উদান এবং সর্বদেহে ব্যান নঞ্চারিত হইয়া স্বীয় কর্ম নিম্পাদন করিতেছে ॥ १॥

নাগ প্রভৃতি দেহস্থ পঞ্চবায়্র মধ্যে নাগের কর্ম উদগার, ক্র্মের উন্নীলন (প্রসারণ ও সকোচ), কৃকরের ক্ষ্যা ও তৃষ্ণা, দেবদত্তের জ্ঞান এবং ধনঞ্জের কর্ম হিকা। ৮॥

ষে মহত এই প্রক্রিয়া-অহয়ারী এই দেহরণ ক্ত ব্রহ্মাণ্ড বিদিত হইছে পারেন, তিনি সমন্ত পাপ হইতে মৃক্ত হইরা শ্রেষ্ঠগতি লাভ করিয়া থাকেন। ১। শ্বন ক্রম্নের আবে কর্তা

শ্বন ক্রম্নির আবি কর্তা

শ্বন ক্রম্নির ক্রম্নির বাগিল বিশ্বর ।

শ্বনা ক্রম্নির ক্রম্নির বাগিলা বোগদাধনে ॥ ১০ ॥
ভবেরীধারতী বিজ্ঞা শুক্রবন্ধা নাতিহ্বেদা ॥ ১১ ॥
শ্বন্ধার ফ্রম্নির ক্রমিরা চাতিহ্বেদা ॥ ১১ ॥
শ্বন্ধের বিভারাস্থ্যা: ফ্রম্নার রাং ॥ ১২ ॥
শ্বন্ধের বিভারাস্থ্যা: ফ্রম্নার রাং ॥ ১২ ॥
শ্বন্ধান বিভারাস্থ্যা: ফ্রম্নার রাং ॥ ১২ ॥
শ্বন্ধান মন্সা বাচা ভব্নাং শিব্রা: প্রদেব্তে ॥ ১০ ॥
শ্বন্ধান মন্সা বাচা ভব্নাং শিব্রা: প্রদেব্তে ॥ ১০ ॥
শ্বন্ধান মন্সা বাচা ভব্নাং শিব্রা: প্রদেব্তে ॥ ১০ ॥
শ্বন্ধান মন্সা বাচা ভব্নাং শিব্রা: প্রদেব্তে ॥ ১৪ ॥
শ্বন্ধাং সেব্রো গুরুন্বিতামন্ত্রণা ন শুভং ভবেং ॥ ১৪ ॥

শহ্মতি কি প্ৰকারে শীঘ্র যোগদিদ্ধি লাভ হয়' তাহা কহিতেছি। ইহা জ্ঞাত হইলে সাধকরা যোগসাধন-বিষয়ে তঃৰ প্রাপ্ত হন না ॥ ১০॥

এই যোগবিদ্যা গুরুর নিকট হইতে লাভ করিলে বীষাবতী হয়, গুরুপদেশ ভিন্ন যোগসাধনে নিযুক্ত হইলে তাহা নিক্ষীয়া ও কট্টনায়ক হুইয়া থাকে; কাজে কাজেই তাহাতে কোন ফলই হয় না॥ ১১॥

ষিনি বত্নের সহিত গুরুকে সম্ভষ্ট করত: তাঁহার উপদেশ-অনুযায়ী ধোগদাধন করেন, তিনি শীঘ্র সেই সাধনার ফল লাভ করেন॥ ১২॥

গুরুই জনক, গুরুই মাতা এবং গুরুই দেবত। সদৃশ। এই কারণেই ঘোগিগণ কায়মনোবাকে। সম্পূর্ণরূপে গুরুর দেবা করিয়া থাকেন। ১৩।

গুৰু যদি সন্তই হন, তাহা হইলেই সমন্ত গুৰুফ্স প্ৰাপ্ত হইতে পাৱা যার; স্বভ্যাং সর্বাদাই গুৰুসেবা করা উচিত। গুৰুসেবা ব্যতীত কগনই কাম্যক্ষুস সাভ করা যায় না ॥ ১৪॥ প্রদক্ষিণত্তয়ং কথা স্পৃষ্টনা সব্যেন পাণিনা।
প্রদক্ষিণং নমস্থ্যাৎ গুরো: পাদসরোক্ষ্ম ॥ ১৫ ॥
বোসসিদ্ধার্থ অবলম্বনীয় নিয়ম
শ্রুদ্ধাত্তবাং পৃংসাং সিদ্ধিতবতি নিশ্চিতা।
অস্তেষাঞ্চ ন সিদ্ধিং স্থান্তমাদ্বত্বেন সাধ্যেৎ ॥ ১৬ ॥
ন ভবেং সক্ষুক্তানাং তথাবিশ্বাসিনামপি ।
গুরুপ্রাবিহীনানাং তথা চ বহুসন্ধিনাম্ ॥ ১৭ ॥
মিথ্যাবাদরতানাঞ্চ তথা নিষ্ঠবভাষিণাম্ ।
গুরুপ্রাবহীনানাং ন সিদ্ধিং স্থাৎ কদাচন ॥ ১৮ ॥
ফলিগতীতি বিশ্বাসং সিদ্ধেং প্রথমনক্ষণম্ ।
বিভীয়ং শ্রহ্মা যুক্তং তৃতীয়ং গুরুপ্রান্ম ॥ ১২ ॥

পরাংপর শ্রেষ্ঠ দেবতাসদৃশ শুরুর নিকটে গমন পূর্বক প্রথমে বারত্ত্বয় প্রদক্ষিণ করত: দক্ষিণহত্ত হারা তাঁহার চরণকমল স্পর্শ করিবে। পরে পুন্র্বার প্রদক্ষিণ করিয়া গুরুর চরণে সাষ্টাক প্রণাম করিতে হইবে॥ ১৫॥

আত্মজ্ঞানযুক্ত জিতেজিয় মান্ত্যাগণের মধ্যে যিনি বিশেষ ভক্তিমান্, তিনি নিশ্চয়ই যোগসিদ্ধ প্রাপ্ত হইতে পারন; অক্ত কেহ কোন প্রকারে সিদ্দিলাভে সমর্গ হয় না, ততেএব সচেষ্ট ও ভক্তিযুক্ত হইয়া যোগসাধন করা উচিত। ১৬॥

ষিনি বিষয়ে সংগক্ত, যিনি অবিশাসী, যিনি গুরুপুজা-শৃক্ত, যিনি অবিশ্বত বছজনের সঙ্গে সহবাস করেন, যিনি অন্তবাক্যে ও মিথা: ব্যবহারে নিহত, যিনি নির্দয়বাক্য কহেন অথবা যিনি গুরুতে সম্ভষ্ট না করেন, কোনরপ্রস্ত তাঁহার যোগসিদ্ধি হয় না ॥১৭—১৮॥

নিশ্চয়ই সিদ্ধ হইব, এরপ জ্ঞান থাকিলে নিশ্চয়ই সিদ্ধি হয়; স্থতরাং বিশাসই প্রথম কারণ। এইরপ সিদ্ধির দিতীয় কারণ আছা, তৃতীয় কারণ গুরুপুঞা॥ ১৯॥ চতুৰ্বং সমতাভাবং পঞ্চমেন্দ্রীয়নিগ্রহম্।
বঠঞ্চ প্রমিতাহারং সপ্তমং নৈব বিছতে ॥ ২০॥
বোগোপদেশং সংপ্রাপ্য লক্ষ্য বোগবিদং গুরুম্।
গুরুপদিষ্টবিধিনা ধিয়া নিশ্চিতা সাধ্যেৎ ॥ ২১॥
ফশোভনে মঠে বোগী পদ্মাসনসমন্বিত:।
আসনোপরি সংবিশু পবনাভ্যাসসমাচরেং ॥ ২২॥
সমকায়ং প্রাঞ্জিশ্ব প্রশান্ত চ গুরুন্ স্থবী:।
দক্ষে বামে চ বিদ্নেশক্ষেত্রপালাম্বিকাং পুন:॥ ২০॥
ততশ্চ দকাল্প্রেন নিক্ষা পিছলাং স্থবী:।
ইড্যা পুরয়েবায়ুং ব্যাশক্তা তু কুন্তরেং॥ ২৪॥

চতুর্ব লক্ষণ সমভাব (সর্বাত্র সমন্দর্শন), পঞ্চম লক্ষণ জিতেন্দ্রিয়তা, ষষ্ঠ লক্ষণ পরিমিত ভোজন। এই ছয়টি লক্ষণ ব্যতীত ধোগসিদির সপ্তম লক্ষণ আর কিছই নাই ॥২০॥

সাধক প্রথমতঃ বোগবেতা গুরুর সকাশে গমন পূর্বক ঘোগের উপদেশ গ্রহণ করিবে; পরে ভাহাতে স্থান্ট বিশ্বাসরক্ষা পূর্বক গুরুপদিষ্ট প্রক্রিয়া অমুযায়ী বোগব্যাপারে নিযুক্ত হইবে॥ ২১॥

যোগাভ্যাস-সময়ে সাধক প্রথমতঃ স্থলকণাক্রান্ত স্থাশেভন মন্দিরে ধথাকথিত স্থাসনোপরি পদ্মাসনে উপবিষ্ট হইয়া বায়ুসাধন স্থভ্যাস করিবে ॥ ২২ ॥

এই প্রকারে উপবেশন পূর্বক ঋজুকার হইরা অথাং শরীর সর্বভাবে রাধিয়া কর্যোড়ে বামকর্বে গুরুচতুইয়কে, * দক্ষিণকর্ণে হেরছ ও ক্ষেত্রপালকে এবং (কপালে) ভগবভীকে (ইইদেবভাকে) প্রণাম করিবে॥২০॥

তংপরে সাধক দক্ষিণ অনুষ্ঠ ঘারা পিক্সা অর্থাৎ দক্ষিণনাসিকা

^{*} अक, भव्रम्थक, भव्राभव्यक **७ भ**व्रम्बिसक ।

ভতত্ত্যক । পিদলয়া শনৈবেৰ ন বেগত: ।

ক্ন: পিদলয়াপূর্বা বথাশক্ত্যা তু কুন্তরেং ॥ ২৫ ॥

ইড়য়া রেচয়েঘায়ৄং ন বেগেন শনৈ: শনৈ: ।

ববং বোগবিধানেন কুর্ব্যাবিংশতিকুক্তকান্ ॥ ২৬ ॥

দর্মবন্দবিনিমুক্ত: প্রত্যহং বিগতালস: ।

প্রাত:কালে চ মধ্যাহে প্র্যান্তে চার্মবাত্রকে ।

কুর্ব্যানেবং চতুর্ববারং কালেখেতেয়ু কুন্তকান্ ॥ ২৭ ॥

বোধপুর্বেক ইজা অর্থাৎ বামনাদিকা ছারা শীঘ্র শীঘ্র বায়ু আকর্ষণ করতঃ জঠর পূর্ণ করিয়া (গুরুর উপদেশমতে ছুই নাদিকা অররোধ সহকারে) যে পর্যান্ত শক্তি হয় কুম্বক করিবে॥ ২৪॥

পরে (অনামিকা ও কনিষ্ঠা অঙ্কৃলি ঘারা বামনাদিকা ক্ষম রাবিয়াই)
শিক্ষণা অর্থাৎ দক্ষিণনাদিকা ধারা ধীরে ধীরে ঐ বায় ত্যাগ করিতে
হইবে। পরে এই প্রক্রিয়ায় পুনর্বার ঐ শিক্ষণা কর্ত্বক বায় টানিয়া
সাধ্যমত কুন্তক করিবে॥ ২৫॥

তৎপরে বামনাদিক। বারাধীরে ধারে ঐ বায়্ ত্যাগ করিতে হইবে,
কোনরপে বেগে বায়্ ত্যাগ করিবে না। এই প্রকারে বোগবিধানাম্পারে
(একাসনে একাদিক্ষমে অস্থলোমবিলোমে) বিংশতিসংখ্যক কুম্বক করিতে
হইবে। ২৬॥ *

প্রতিদিন আলক্ষা ও শীত-শীম প্রভৃতি বন্দদহিঞ্ হইর। প্রাভালালে একবার, দ্বিপ্রহারে একবার, সন্ধার একবার ও অর্থনাত্রি সময়ে একবার, এই চারিবার এইরূপ বিংশতি কুম্ভক করিবে॥২৭॥

हेरां निर्वीकं व्यानाद्याम । मधीय व्यानाद्यास्य कथा भरते वना रहेरफ्ट्छ ।

ট্ঝং মাগত্তরং কুর্ব্যাদনালক্ষং দিনে দিনে। ওতো নাড়ী বিশু**রঃ আদ্বিলবে**ন নিশ্চিতম দ ২৮ দ

আলত্তশ্ত হইরা তিন মান পর্যন্ত প্রতিদিন এই প্রকার প্রাণায়াম প করিলে শীঘ্রই নাড়ী ড্রিছির সংক্ষেত্নাই ॥ ২৮॥

ণ এই স্থলে দজীব প্রাণায়াম দল্পে নংক্ষেপে কিছু লিখিত হইল।
দিবারাত্রির মধ্যে চারিবার প্রাণায়াম ক্রিবার বিধি—ধ্যা প্রাতঃ,
মধ্যাক, দায়াক্ এ অর্ন্ধাত্তি। প্রত্যেক বারই দশবার প্রাণায়াম করিবার
বিধি। প্রাতঃকালে ব্রহ্মগ্রন্থিতে, মধ্যাকে বিষ্ণুগ্রন্থিতে, দায়াকে রুদ্রগ্রন্থিতে
এবং রাত্তিকালে দহস্রারে চিত্ত নিবেশ করতঃ কৃষ্ণকের সহিত ধ্যান করা
কর্ত্ব্য। কেহ কেহ এই ধ্যানকে সন্ধ্যা বলিয়া নির্দ্দেশ করেন। ব্রহ্মগ্রন্থি—
নাজি; নাভিদেশেই রক্ষোন্তগময় বিষ্ণুর ধ্যান। ইহাই প্রথম প্রাণায়াম।
বিষ্ণুগ্রন্থি—লদাট । সলাটে তমোন্তব্যময় বিষ্ণুর ধ্যান। ইহাই তৃতীয়
প্রাণায়াম; আর সহস্রারে যে প্রাণায়াম—ভাহাই চতুর্থ প্রাণায়াম।

প্রাণায়াম উত্তম, মধ্যম ও অধমতেদে তিন প্রকার। উত্তম প্রাণায়ামে প্রাণবায় ব্রহ্মবন্ধ প্রাপ্ত হইয়া থাকে। মধ্যম প্রাণায়ামে দেহে ঘ্যা দেখা দেয় এবং অধম প্রাণায়ামে শ্রীর কম্পাবিত হয়। প্রাণায়ামের শময় যদি সাধকের দেহে ঘর্ম দেখা দেয়, তাংগ হইলে তৈলমর্দ্ধনের ন্যায় অক্মর্দ্ধন করিলে দেহ লঘু ও স্কৃত হইয়া থাকে এবং সকল প্রকার জড়তা দ্রীভূত হয়। প্রাণায়াম প্রথম আরম্ভসময়ে ছয় ও ঘতসম্বিত অয়ই আহার করা বিধি। প্রাণায়ামে কুম্বক সিদ্ধ হইলে এ নিয়্ন পালনের আবশ্রকতা নাই।

প্রথম অবস্থায় অত্যধিক প্রাণায়াম করা অমুচিত। হিংশ্র পশুকে ষেমন ক্রমে ক্রমে বংশ আনয়ন করিতে হয়, তক্রেশ প্রাণায়ামওক্রমে ক্রমে অভ্যাস করা উচিত। এককালে অধিক প্রাণায়াম করিলে প্রাণাসংশয় হইতে পারে। নিয়মপুর্বক ষদি প্রাণায়াম করা না হয়, ভাহা হইলে শিংপীড়া, হিঞা, কর্ণরোগ, খাস, কাস, চম্বংগীড়া প্রভৃতি হইতে পারে, এমন কি মৃত্যু হওয়াও আশুষ্য নহে। নিয়মাহসারে প্রাণায়ামকারী যোগীই সিদ্ধিশাভ করিয়া থাকেন।

ৰদা তু নাড়ীভদ্ধি: ভাদ্ৰোগিনভন্তৰদ্দিন:।
ভদা বিধ্বন্তনামক ভবেদারস্কক্ষক: ॥ ২০ ॥
চিহ্নানি যোগিনো দেহে দৃশ্বন্তে নাড়ীভদ্ধিত:।
কথ্যন্তে তু সমন্তান্তদানি সংক্ষেপতো ময়া॥ ৩০ ॥
সমকায়: হগদ্ধিক হ্বকান্তি: ছবলাধক:।
প্রোচ্বহ্নি: হডোগী চ হুখী স্বাক্ষহ্মর:॥ ৩১ ॥

বে সময় তত্ত্বদশী বোগীর নাড়ীত্তত্তি হয়, দেই সময় তাহার দৈহিক দোষসমূহ ধ্বংস হইয়া পাকে। ইহাকেই আরম্ভাবস্থা বলা যায়॥২৯॥

এই প্রকারে নাড়ীশুদ্ধি হইলে বোগীর শরীরে যে চিগ লক্ষিত হয়, তাহা সংক্ষেপে কহিতেছি॥ ৩•॥

এই আরম্ভাবস্থায় যোগী সমকায়, স্থপদ্ধশ্বীর, স্কর লালণ্য-সম্পন্ন ও স্বরসাধনে সমর্থ হন অর্থাৎ এই সময়ে সাধকের শ্রীরের সমস্ত

প্রাণায়ামেট নিয়ম এই:—প্রথমে দক্ষিণ অকুষ্ঠ দারা দক্ষিণ নাসিকা রোধ করত: ১৬ বার মন্ত্র জপ করিতে করিতে নাসিকা দারা বায় আকর্ষণ করিবে। তাহার পর গুরুর নির্দ্ধেশাহ্রসারে উভয় নাসিকাই বোধ করত: ৬৪ বার জপ করিবে। তংপরে অনামিকা ও কনিষ্ঠা অকুষ্ঠী দারা বামনাসিকা রোধ করিয়া ৩২ বার জপ করিতে করিতে গাঁরে গাঁরে দক্ষিণ নাসিকার দারা বায় ত্যাগ করিতে হইবে। তিনবার এই প্রকারেই জপ করিবার বিধি। অন্থলোম ও বিলোম জনমই প্রাণায়াম করাই নিয়ম। মোট কথা—অন্থলোমে বাম নাসিকার পূরক, পরে দক্ষিণ নাসিকার রেচক, বিলোমে দক্ষিণ নাসিকার পূরক, বাম নাসিকার রেচক; আবার অন্থলোমে বাম নাসিকার পূরক, দক্ষিণ নাসিকার রেচক; আবার অন্থলোমে বাম নাসিকার পূরক, দক্ষিণ নাসিকার রেচক ইহাই বুঝিতে হইবে। প্রকৃতপক্ষে প্রত্যেক প্রাণায়াম নিহিত। অর্থাৎ শরীর হইতে নির্গত বায়ুর নাম প্রাণ; বে বায়ু দেহাভান্তরে প্রবেশ করে, তাহার নাম অপান।

এই হেতৃ প্রক ঘারা প্রাণবায়্র পরাভূত প্রাণদংষমই প্রথম প্রাণায়াম। রেচক ঘারা অপানের পরাভবের নাম ভূতীর প্রাণায়াম এবং কুন্তক ঘারা একই সমরে প্রাণ ও অপানকে সংৰত করাই দিতীয় প্রাণায়াম। সংপূর্ণস্বদয়ে যোগী সর্ব্বোংসাহবলাবিত:।

জারন্তে যোগিনোহবভামেতে সর্ব্বকলেবরে॥ ৩২॥

আরন্তক ঘটকৈর তথা পরিচয়ন্তন।।

নিম্পত্তি: সর্ব্বোগেষ্ যোগাবস্থা ভবস্তি তা:॥ ০০ ॥

আরন্ত: কথিতোহপ্সাভিরধুনা বায্দিদ্ধয়ে।

অপরং কথাতে পশ্চাং সর্ব্রংগোঘনাশকম্॥ ০৪॥

অথ বর্জ্জ্যং প্রবক্ষ্যামি যোগবিল্লকরং পরম্।

যেন সংসারহংথাদিং তীর্ত্ব বাস্তন্তি যোগিন:। ০৫॥

ভাগই ৰথোপযুক্তরূপে সমান হয়, তাঁহার দেহে স্থনর জ্যোতি: হয় ও তাহাতে একপ্রকার স্থান্ধ অন্থভূত হইতে থাকে এবং তাঁহার স্বর স্রতি স্থাধৃর ও স্থাধিত হয়। এই কালে যোগীর স্বায়ি উদ্বীপ্ত হয় এবং তিনি স্থান্ধর ভোগসমর্থ, সর্বান্ধ স্থান, সম্পূর্ণ-হনমন, বলবান্ ও সংকাৎসাহ-বিশিষ্ট হইয়া থাকেন। এই আরম্ভাবস্থায় বায়্দাধক যোগীর দেহে নিশ্রষ্ট এ সমুদায় লক্ষণ লক্ষিত হইবে॥ ৩১—৩২॥

যোগের চারিটি অবস্থা;—আরম্ভাবস্থা, ঘটাবস্থা, পরিচয়াবস্থা ও নিশ্যন্ত্রবস্থা। সকল যোগদাধনেই এই চারিটি অবস্থা ঘটিয়া থাকে॥৩৩॥

বামুশাধন সম্বন্ধে আরম্ভাবস্থা বর্ণিত হইল। ঘটাবস্থা প্রভৃতি অবস্থাত্রয় পশ্চাং বণিত হইবে। এই অবস্থাত্রয়ে সর্কবিধ চৃঃথদমূহই নাশ পায়॥ ৩৪॥

এক্ষণে যাহা যোগের অনিষ্টকর, যাহা ত্যাগ করা যোগিগণের একাস্কই উচিত, যাহা ত্যাগ করিয়া যোগসাধন করিলে যোগী সংসাররূপ ক্লেশসাগর পার হইতে পারেন, তাহা বলিতেছি॥ ৩৫॥ শ্বাং কক্ষং তথা তীক্ষাং লুবুণং নার্বপং কটুন্!
বছলংজ্বনং প্রাভঃশ্বানং তৈলবিদাহক ম্ ।
তেরং হিংলাং জনবেষঞ্চাহকারমনার্জ্বম্ ।
উপবাসমসতাঞ্চ মোহঞ্চ প্রাণিপীড়নম্ । ৩৭ ॥
প্রীনল মগ্রিদেবাঞ্চ বহুবালাপং প্রিয়াপ্রিয়ম্ ।
অতীব ভোজনং যোগী তাজেদেতানি নিশ্চিড়ম্ ॥ ৬৮ ॥
উপায়ঞ্চ প্রবন্ধানি ক্ষিপ্রং যোগতা দিক্ষে ।
গোপনীয়ং সাধকানাং যেন সিক্কিত্বেং খল্ ॥ ৬৯ ॥
ঘতং ক্ষীরঞ্চ মিষ্টায়ং ভাষ্কাং চুর্ণবিজ্ঞিতম্ ।
কপুরং নিস্তম্থ মিষ্টাইং স্মুটং স্ক্ষুবন্তক ম্ ॥ ৪০ ॥

অমুদ্রা, রুক্ষদ্রা, লবণ, সর্থপ বা সার্থপ তৈল এবং কটুক্রা, এই সমন্ত ভোজন করা ধোগীদিগের পক্ষে সর্বতোভাবে অকর্ত্তরা। বহু পথভ্রমণ, প্রাতঃসান, তৈল-ব্যবহার, বিদাহী ক্রব্য ব্যবহার, * এডং-সমুদায়ও যোগীর পক্ষে নিষিদ্ধ ॥ ৬৬॥

অন্মের দ্রব্য অপহরণ, হিংদা, দ্বেষ, মৃত্তা, ক্রুবতা, উপবাদ, মিথ্যাকথা, মিথ্যা-ব্যবহার, মোহ (দংদারে অভ্যাদাক্তি), জাবহিংদা, স্ক্রিবহাদ, অগ্নিমেরা, অভিবক্তা, প্রিয় ও অপ্রিয়-বিচার, অভীব ভোজন, অভংকমুদায় ভ্যাগ করাও দাধ্বের কর্ত্তব্য ওপ---ওচ।

অধুনা কি প্রকারে আশু ধোগদিদ্ধি হয়, তাহা কহিভেছি; ইহা সাধকদিপের পক্ষে অত্যস্ত গোপ্য। ইহা দারা নিশ্চন্ট সিদ্ধিলাভ হইয়া পাকে। ৩০।

ঘুত, হগ্ধ, মিষ্টান্ন, চূর্ণবজ্জিত তাম্বৃদ, কর্পুব, নিশ্বষ এব্য

^{*} যে আহাথ্য গ্ৰহণে অন্ন হইয়া থাকে, এবং বুক জালা করে চিকিৎদা শাস্ত্রমতে তাহাই বিদাহী দ্রব্য।

নিছান্ত শ্ৰবণং নিভাং বৈরাপ্যগৃহদেবনম্।
নামপংকীর্জনং বিফোঃ স্থনাদশ্রবণং পরম্ ॥ ৪১ ॥
ধৃতিঃ ক্ষমা তপঃ শৌচং ব্রীমতির্গু ক্ষদেবনম্।
স্বৈদভানি পরং যোগী নিয়মানি সমাচরেও ॥ ৪২ ॥
অলিকেইর্ক প্রবিষ্টে চ ভোক্তবাং যোগি জিঃ দলা।
বায়ৌ প্রবিষ্টে শশিনে শীয়তে সাধকোত্তমৈঃ ॥ ৪০ ॥
সচ্চোতৃকেইতিক্ষিতে নাভ্যাসঃ ক্রিয়তে বুধৈঃ।
অভ্যাসকালে প্রথমং কুর্যাৎ ক্ষীরাজ্যভোক্তনম্ ॥ ৪৪ ॥

(খোলারহিত ম্দা, চণক প্রভৃতি), মিষ্টম্বা, স্বাক্ষণাক্রান্ত উত্তম মঠ ও স্ক্রবন্ত্র, এতংদম্দায় ব্যবহার করা বোগীর উচিত। ৪০ ॥

দিদ্ধান্তবাক্যপ্রবণ, দর্বদা নি:সঙ্গভাবে সংসাবে অবস্থান, হরির নাম-সঙ্গীর্ত্তন * প্রবণমধুর শব্দ প্রবণ, ধৃতি, ক্ষমা, তপস্তা, বাহ্ন ও আভ্যন্তর শৌচ অর্থাৎ বিশুদ্ধভাবে অবস্থান, হী (নীচসংসর্গে বা কুকর্ম্মে লজ্জা), মতি (সদস্ঞানে প্রবৃত্তি) এবং শুরুদেবা, এই সমস্ত নিয়ম সর্বদা পালন করাও যোগীর অবশুক্তিয় ॥ ৪১ — ৪২ ॥

ধে কালে বায়ু স্থাে প্রবেশ করিবে অথাং যে কালে পিক্লা-নাড়ীতে (দক্ষিণনাদিকায়) বায়ু প্রবাহিত হইবে, দেই কালে ভোজন করা বোগীর উচিত্ত; আর ৰে কালে বায়ু চন্দ্রনাড়ীতে প্রবেশ করিবে অথাং বে সময় ইড়া-নাডীতে (বামনাদিকায়) বায়ু প্রবাহিত হইতে থাকিবে, যোগীরা দেই সময়েই শয়ন করিয়া থাকেন। ৪৩॥ দ

ভোকন কবিবার কিছুক্ষণ পরে এবং অত্যন্ত ক্ষ্ধার সময়ে

হরিনাম সঙ্কীর্ত্তন অর্থে স্ব স্থ ইষ্ট্রেনব্রতাকে বৃত্তিতে হইবে।

ণ শ্বাদ সম্বন্ধে জ্ঞানলাভ করিতে হইলে মৎসম্পাদিত 'পবনবিজ্ঞান শ্বোদয়' পাঠ করা অবশ্য কর্ত্তব্য। উহাতে শ্বাদসম্বন্ধীয় সকল বিষয়ই বিশদরূপে বণিত আছে।

তভোহভানে দ্বীভূতে ন তাদৃঙ্নিয়মগ্রহ: ॥ ৪৫ ॥
অভ্যাদিনা বিভোক্তব্যং স্থোকং স্থোকমনেকথা।
পূর্ব্বোক্তকালে কুর্যাচ্চ কুন্তকান্ প্রতিবাদরে ॥ ৪৬ ॥
ততো যথেষ্টা শক্তিঃ স্থাদ্যোদিনো বাযুধারণে।
যথেষ্টং ধারণাঘায়োঃ কুন্তকঃ দিধাতি প্রবন্ন ॥ ৪৭ ॥
কেবলে কুন্তকে দিদ্ধে কিং ন স্থাদিহু যোনিনঃ ॥ ৪৮ ॥

ষোপাভাাস করা উচিত নহে। প্রথম যোগাভাাসকালে তৃগ্ধ ও ঘৃত ভক্ষণ করা কর্ত্তব্য ॥ ৪৪ ॥

পরে যে কালে অভ্যাস দৃঢ়ীভূত হইবে, সে কালে আর সেরূপ নিয়মপালনের প্রয়োজন নাই ॥ ৪৫ ॥

পরস্ক যোগাভ্যাদে নিযুক্ত ব্যক্তির পক্ষে দামাত দামাত করিয়া বছবার ভোজন করা উচিত এবং এই প্রথম স্বভ্যাস-সময়ে প্রতিদিন ষ্থানিয়মে ষ্থাসময়ে কুম্বক করা স্ববশ্ব কর্ত্তব্য ॥ ৪৬ ॥

এইরপ করিলে যোগীর বাযুধারণ করিবার শক্তি উৎপন্ন হয়, তথন কেবল-কুম্বক-সিদ্ধি হয়, সন্দেহ নাই ॥ ৪৭ ॥

কেবল-কুন্তক সিদ্ধ হইলে যোগীর পক্ষে কোন্ কার্য্য আসিদ্ধ থাকে। ৪৮॥ *

কেবলকৃত্ত সম্বন্ধে ৰাজ্ঞবন্ধ্য শংহিতায় বিরত আছে, যথা,—
 "রেচকং প্রকং ত্যক্তা স্থধং ৰবায়্ধারণম্।
 প্রাণায়ামোহয়মিত্যক্তঃ দ বৈ কেবলকৃত্তকঃ।
 য়াবং কেবলসিদ্ধিঃ স্তাৎ তাবং সহিতমভ্যসেৎ॥
 কেবলে কৃত্তকে সিদ্ধে রেচপ্রকর্ম্পিতে।
 ন তত্ত তুর্লভং কিঞ্চিৎ ত্রিয়্ব লোকেয়ু বিছতে॥

রেচক ও পূরক ত্যাপ পূর্বক অবহেলে যে বায়্ধারণ, ভাহাকে কেবলকুস্তক প্রাণারাম কছে। বতকণ কেবলকুস্তক দিদ্ধি না হয়, তাবং দহিতকুম্ভক অর্থাৎ পূরকরেচকসহক্বত কুম্ভক শিক্ষা করিবে। রেচক পূরকরহিত কেবলকুম্ভক দিদ্ধ হইলে জিলোকে কিছুই ছুম্মাণ্য থাকেনা।

বায়ুসিদ্ধির ক্রম

স্বেদঃ সংকায়তে দেছে যোগিনঃ প্রথমোর্ছমে।
যদা সংকায়তে স্বেদো মর্দ্দনং কারয়েং স্বধীঃ।
অক্স বা বিগ্রহে ধাতুর্ন ষ্টো ভবতি ঘোগিনঃ॥ ৪৯ ॥
দ্বিতীয়ে হি ভবেৎ কম্পো দার্দ্ধিয়ে মধ্যমে মতঃ।
ভতােহধিকতরাভ্যাসাদ্ গগনেচরসাধকঃ॥ ৫ • ॥

এই প্রাণায়াম-সাধনকালে ঘোপনিষ্ঠ যোগীর দেছে অগ্রে প্রথমতঃ স্বেদ নিজ্ঞান্ত হইতে থাকে। পরস্ক যংকালে ঐ স্বেদবারি নিঃস্ত হইবে, তথন বৃদ্ধিমান্ যোগী স্বীয় শরীরেই উহা মর্দ্ধন করিবেন। একপ না করিলে যোগীর শরীরের ধাতৃ ক্ষপ্রপ্রাপ্ত হইবে, সন্দেহ নাই ॥ ৪৯ ॥ এইরূপে কিয়দ্দিন সাধন করিলে যোগীর শরীরে অগ্রে কম্পন, পরে

ইহার প্রসাদে সাধক অক্রেশে আকাশেও গমন করিতে সমর্থ হন।
ধোগতারাবলীতে ব্যক্ত আছে, ধধা,—
সহস্রশঃ সম্ভি হঠেয়ু কুন্তাঃ সম্ভাব্যতে কেবলকুন্ত এব।

কুন্ডোত্তমে যত্র তুরেচপুরৈ: প্রাণস্থ ন প্রাকৃতবৈকৃতার্হি:। নিরঙ্গানাং বসনোলামানাং নিরোধনৈ: কেবলকুস্তকার্যাঃ। উদেতিঃসর্কেন্দ্রিয়বৃত্তিশৃক্তো মকলয়: কাপি মহামতীনাম্।

অর্থাৎ হঠযোগের মধ্যে অসংখ্য প্রকার কৃষ্কক বিবৃত হইয়াছে, কিছ তরুধ্যে কেবলকুন্তকই দর্বশ্রেষ্ঠ। এই দর্বপ্রধান কৃষ্ণকে প্রাণের প্রাকৃত অবস্থা-স্থরূপ রেচক ও বৈকৃত-অবস্থাস্থরূপ প্রক কিছুমাত্র বিভ্যমান থাকে না। খাস-প্রখাদ প্রকৃতই নিরন্ধুশ অর্থাং অনিবার্থা; পরছ কেবলকুন্তক হারা এই খাস-প্রখাদের রোধ করিলে স্থান্দি যোগী-দিগের প্রাণবায়ু পর্মপদে বিলীন হয়, তথন বোগীর কোন ইন্দ্রিয়ের কোন বৃত্তিই বিভ্যমান থাকে না।

বোগী পদাসনস্থাহিপি ভ্বম্ংস্থা বর্ততে।
বাষ্পিছিন্তদা জ্বেয়া সংসারধবান্তনাশিনী ॥ ৫১ ॥
তাবংকালং প্রকৃষ্ধীত যোগান্তনিরমগ্রহম্ ॥ ৫২ ॥
অল্লনিতা প্রীষঞ্চ ভোকংম্ত্রঞ্চ জায়তে।
অরোগিত্বমদীনত্বং যোগিনস্তব্দর্শনম্ ॥ ৫০ ॥
তেলো লালা কুমিন্তৈব সর্প্রিথব ন জায়তে।
কৃষ্ণণিত্তানিলন্তৈব সাধকস্তা কলেবরে ॥ ৫৪ ॥
তিশ্মিন কালে সাধকস্তা ভোজ্যেষনির্মগ্রহং।
অত্যল্লং বন্ধা ভুক্তা যোগী ন ব্যথতে হি সং ॥ ৫৫ ॥

আরও কিছুদিন সাধন করিলে যোগীর দার্দ্বী গতি (মণ্ট্কবং-পতি) হইতে থাকিবে। তংপরে সাধক পূর্ব্বাপেক্ষা অধিকতর, শিক্ষা করিলে শুক্সচারী হইতে সমর্থ হন॥ ৫০॥

তথন বোগী পদাদনে বদিয়াও ভূতল পরিহারপূর্বাক অবস্থান করিবেন; স্থতরাং তৎকালেই বৃথিতে হইবে যে, তাঁহার বাসুদিদ্ধি হইয়াছে। এই বায়ুদিদ্ধি ধারা সংসাবরূপ ঘোর অন্ধকার ধ্বংদ হয়॥৫১॥

ৰতক্ষণ বায়্দিদ্ধি না হয়, তাবং যোগশাস্ত্র কথিত নিয়ম পালন করিতে হইবে; বায়দিদ্ধি হইলে কোনরূপ নিয়মপালনের আর আবিভাক নাই। ৫২ ॥

ষধন সাধকের বাসু সিদ্ধি হয়, তৎকালে যোগীর অল্পনিত্রা, অল্পনল, ব্যাধিতীনতা, অকাতর্যা ও তত্ত্বদর্শন, এই সমস্ত লক্ষা দৃষ্ট হয়॥ ৫৩॥

এই কালে সাধকের শরীরে ঘাম, লালা ও ক্রমি কদাচ উৎপন্ন হয় না। অধিকন্ত শরীরত্ব কফ, পিত্ত ও বায় কোন প্রকারেই দ্বিত হইতে পারে না॥ ৫৪॥

ভধন সাধকের ভোজনাদি-সমম্ভেও কোনরূপ নিয়ম বকা করিবার

অধাজ্যাদবশাদ্যোগী ভূচরীং সিদ্ধিমাপুয়াং!
বেনত্ত্ব্ৰজ্নাং মৃতিঃ স্থাং পাণিতাডনাং॥ ৫৬॥
ত্নিবার বিদ্বশান্তির উপান্ন
সন্ত্যত্ত্ব বহবো বিদ্বা দারুণা ত্নিবারণাঃ।
তথাপি সাধয়েদ্যোগী প্রাবৈণঃ কঠলতৈরপি॥ ৫৭॥
ততো রহস্থাপাবিষ্টঃ সাধকঃ সংবতেক্রিয়ঃ
প্রবাহ্বিরাশ ও বিভূতিপ্রাপ্তির উপান্ন
প্রাক্তিতানি কর্মাণি প্রাণান্নামেন নিশ্চিতম্।
নাশয়েং সাধকো গীমানিহলোকোভবানি চ॥ ৫৯॥

আবশ্যক হয় না। কারণ, এ অবস্থায় তিনি অল্লই ডোজন করুন, অথবা বার বার বহু ভোজনই করুন, কিছুতেই ক্লিষ্ট হইবেন না॥ ৫৫ ।

আনস্তর বোদী আভ্যাদবশে ক্রমে ভূচরীদিদ্ধি লাভ করিতে পারেন। এই ভূচরীদিদ্ধির মহিমা এরপ যে, সাধক কর দারা আঘাত করিলে দিংহবাাদ্রাদি দুর্দ্ধর্য জীববর্গও কালকবলে নিপতিত হয়॥ ৫৬ ।

এই যোগসাধনকালে ত্রিবাধ্য ঘোর বিদ্নবাশি ঘটিয়। থাকে। পরস্ক সাধকের কর্ত্তব্য এই ধে, ঘদিও অনিবার বিদ্রবাশি উপস্থিত হয় আরু যদিও ভদ্দারা কণ্ঠাগত জীবন হয়, তথাপি তৎসাধনে বিবৃত হইবেন না। ৫৭॥

এই প্রকার অবস্থায় সাধকের কর্ত্তব্য এই ধে, তিনি ইন্দ্রিয়সংখ্যন পূর্বেক বিজনে থাকিয়া বিল্লবিদ্রণার্থ দীর্ঘমাত্রায় প্রণব জপ ক্রিবেন। ৫৮॥

প্রাণায়ামের মহিমা এ প্রকাব যে, বৃদ্ধিমান্ সাধক তন্ধারা পূর্ব-ক্রমাজ্জিত এবং বর্তমানজন্মকৃত সমস্ত পাপপুণ্য ধ্বংস করিতে পারেন ॥ ৫৯ ॥ পূর্কাজ্জিতানি পাপানি পূণ্যানি বিবিধানি চ।
নাশয়েৎ ঘোডশ প্রাণায়ামেন ঘোপিপুকর: ॥ ৬০ ॥
পাপতৃলচয়ানাহো প্রদহেৎ প্রলয়ায়িনা।
ততঃ পাপবিনিম্ম্ জি: পশ্চাৎ পূণ্যানি নাশরেৎ ॥ ৬১
প্রাণায়ামেন ঘোগীল্রো লবৈন্ধ্যাষ্টকানি;বৈ।
পাপপুণ্যাদধিং তীর্ঘা ত্রৈলোক্যচরতামিয়াৎ । ৬২ ।
ততোহভ্যাসক্রমেন্ব ঘটাদিত্রিতয়ং ভবেং।
বেন স্থাৎ সকলা সিদ্ধিযোগিনস্থীপিতা জবম্ ॥ ৬৩ ॥
বাক্সিদ্ধিঃ কামচারিত্ব দ্রদৃষ্টিত্তবৈধ চ।
দ্রশ্রুভি: স্কাদৃষ্টিঃ পরকায়প্রবেশনম ॥ ৬৪ ।

এমন কি, যাঁহাবা ৰোগীর প্রধান, তাঁহার। বোডশধা প্রাণায়াম করিলেই তদ্বারা পূর্লপঞ্চিত সমস্ত পাপপূণ্য বিনষ্ট করিতে পারেন ॥ ৬০ ॥ বোগীর কর্ত্তব্য এই যে, প্রাণায়ামরূপ প্রলম্বায়ি দারা অগ্রে পাতকরূপ ত্লাবা পিও দগ্ধ করতঃ নিচ্চলুষ হইয়া পরে পুণ্যরাশিও বিধ্বস্ত করেন॥ ৬১॥

ৰোগদিদ্ধ মহাত্ম। ব্যক্তি প্ৰাণায়াম বারা অণিমাদি অটেখ্যা প্ৰাপ্ত হইয়া, পাপপুণারূপ মহাসমূত উত্তীৰ্ণ হইয়া তিলোকবিহারী হন॥ ৬২॥

ভদনন্তর অভ্যানবশে সাধক ক্রমে ঘটাবস্থা, পরিচয়াবস্থা, ও নিশ্বস্তাবস্থা, এই অবস্থাত্তয় লাভ করেন। তথন ্যাগী বেমন ইচ্ছা করেন, তাহাই নিঃসন্দেহে সিদ্ধ হয়॥ ৬০॥

এই তিন অবস্থাতে যোগীর বাক্যসিদ্ধি, কামচারিতা, দ্রদৃষ্টি,
দ্রশ্রুতি, মহন্তব প্রভৃতি হক্ষপদার্থ-দর্শন, পরকায়ে প্রবেশ, মূত্র
দারা মৃত্তিকাদি বস্তব স্থবণীকরণ, নিজ শরীর বা কোন বস্তু অদুশুকরণ

বিশ্ অলেপনে স্বৰ্ণমদৃশ্যকরণং তথা।
ভবস্তোতানি দ্বাণি থেচরত্বঞ্চ যোগিনাম্। ৬৫॥
ঘটাবস্থা

ষদা ভবেদ্ঘটাবস্থা পবনাভ্যাদিন: পরা
তদা সংসারচক্রেন্সিন্ তমান্তি যন্ন সাধ্যেৎ ॥ ৬৬ ॥
প্রাণাপানো নাদবিন্দু জীবাত্মপরমান্সনো ।
মিলিতা ঘটতে ষমান্তমাদৈ ঘট উচ্যতে ॥ ৬৭ ॥
যামমাত্রং ঘদা ধর্তুং সমর্থং স্থান্তদাভূতঃ ।
প্রত্যোহারত্বদেব স্থান্নান্তরো ভবতি প্রবম্ ॥ ৬৮ ॥
যং যং জানাতি যোগীক্রতং তমান্ত্রেতি ভাবয়েৎ ।
বৈরক্রিয়েবিধানজ্ঞতাদিক্রিয়জ্বো ভবেৎ ॥ ৬৯ ॥

এবং গগনশথে বিচরণ— এই সমন্ত বিভৃতি লাভ হইয়। থাকে ॥ ৬৪-৬৫ । প্রনাভ্যাদী যোগীর ঘটাবস্থা দিদ্ধ হইলে তাঁহার এরণ শক্তি জ্বের যে, সংসারের মধ্যে তাঁহার সাধ্যাতীত কার্যাই থাকে না। ৬৬॥

প্রাণ, অপান, নাদ ও বিন্দু এবং জীবাত্মা ও পরমাত্মা পরস্পর সমবেত হইয়া একীভাব-সংঘটনের কারণ হয় বলিয়া ইহাকে ঘটাবস্থা বলা যায় ॥ ৬৭ ॥

নাধক একপ্রহর মাত্র বায়ুধারণে দমর্থ হইলেই তাঁহার ঐ এক প্রহরকাল অন্বয়ত প্রস্তাহার * দৃঢ়ীভূত থাকিবে সন্দেহ নাই † ॥ ৬৮ ॥ প্রত্যাহার অভ্যাদ করিতে হইলে যোগীর কর্ত্তব্য এই বে, ভিনি

^{*} প্রত্যাহার—বিষয় হইতে ইন্দ্রিয়গ্রাম প্রত্যানম্বন।

ক ইহার তাংপ্যা এই বে, সাধক একপ্রহর প্রয়ন্ত বায়্রোধ করিতে পারিলে তথন তাঁহার মন একমাত্র আত্মাতেই স্থির থাকিবে, ক্ষণকালও কোন বিষয়ে গমন করিবে না।

ৰামমাত্ৰং বদা পূৰ্বং ভবেদভ্যাসবোপতঃ।

একবারং প্রকুৰীভ ভদা যোগী চ কুম্বকম । ৭০ ।

দণ্ডাষ্টকং বদা বায়্নিশ্চলো যোগিনো ভবেং।

স্বসামধ্যাতদাসূঠে তিঠেদা তুলবং স্থা : ॥ ৭১ ।

পরিচয়াবস্থা ও কায়বৃাহ

ততঃ পরিচয়াবস্থা যোগিনোহভ্যাসতো ভবেং। বদা বায়্শ্চস্রস্থাং ত্যক্তা তিষ্ঠতি নিশ্চশম্ ॥ १२॥ বায়্: পরিচিতো বায়্: স্বয়ুয়াবোমি সঞ্চবেং। ক্রিয়াশক্তিং গৃহীবৈর চকান্ ভিন্ধা স্থনিশ্চিতম্ ॥ १०॥

ষধন যে যে বিষয় দর্শন করিবেন, সেই সময় সেই সেই বিষয় আত্মত্বরূপ জ্ঞান করিবেন। এ প্রকার করিলে যে যে ইন্দ্রিয়ের যে যে কার্য্য আছে, সেই সেই ইন্দ্রিয় জয় করিতে পারা যাইবে ॥ ৬০॥

প্রাণায়াম অভ্যাদ দারা যে সময়ে পূর্ণ একপ্রহর পর্যন্ত বাযুরোধ ্করিবার ক্ষমতা হইবে, সেইকালে যোগী প্রতিদিন একবারমাত্র কৃষ্ণক করিবেন । ৭০ ।

বোগীর যৎকালে অষ্ট্রনপ্তকাল বায়ু স্থির থাকিবে, সেই সময় তিনি নিজ্পক্তি বারা অসূষ্ঠমাত্রে নির্ভর করিয়া থাকিতে পারিবেন, অথবা তুলার মত আকাশপথেও যথা ইচ্ছা অবস্থিতি করিতে সমর্থ হইবেন॥ ৭১॥

পরে এইরূপ অভ্যাস ঘারা ক্রমে বোগীর পরিচয়াবন্ধা হইরা থাকে। এই সময়ে তাঁলার প্রাণবায় চক্স-সূর্য্য পরিভ্যাপ করতঃ অর্থাৎ ইড়া ও পিক্সলা নাড়ী বর্জ্জনপূর্বক মধ্যভাগে স্বন্ধির হইয়া থাকিবে॥ ৭২॥

এই প্রকার অবস্থাবিশিষ্ট বায়ুকে পরিচিত বায়ু বলিয়া নির্দেশ

ষদা পরিচয়বিস্থা ভবেদভাগিবোগতঃ।

ক্রিক্টং কর্মপাং বোগী তদা পশ্চতি নিশ্চিতম্॥ ৭৪ ॥
ততক কর্মক্টানি প্রপবেন বিনাশগ্নেং।
স যোগী কর্মভোগায় কায়ব্যহং সমাচবেং॥ ৭৫ ॥
অস্মিন্ কাপে মহাযোগী পঞ্চধা ধারণাঞ্চরেং।
বেন ভূরাদিসিদ্ধিঃ ভাৎ তক্তমূত ভয়াপহা॥ ৭৬ ॥

করা যায়। এই পরিচিত বায়ু স্ব্যা-নাড়ীতে শুক্তমার্গে * পরিচালিত হয়, আর ক্রিয়াশক্তি অর্থাৎ দৈনিক স্পন্দনাদি কার্যা গ্রহণপূর্দাক নিথিল চক্র ভেম করত: (ব্রহ্মহানে) গমন করিতে থাকে । ৭৩।

এইরপ প্রাণায়াম অভ্যাস ঘারা সাধকের যে সময় পরিচয়াকত। সম্পূর্ণতা পায়, সে সময় তিনি কার্যোর কৃটত্রয় অর্থাং ভববদ্ধনের কাংণ সম, রক্ষঃ ও তমোগুণরূপ বাগুরা দর্শন করিয়া থাকেন ॥ ৭৪ ॥

এই সময় বোগী ওঁকারজপ দারা ঐ ক্ষক্টটত্তায় নাশ করিতে থাকিবেন এবং প্রারক্ষ ক্ষডোগের কারণ কায়বূহে দ ধারণ করিবেন। ৭৫॥

এই পরিচয়াবস্থায় স্থিত মহাবোগী (ক্ষিত্যাদি পঞ্জুতদমনের কারণ পঞ্চলে) পঞ্চরণ ধারণা করিবেন। এই পঞ্চ ধারণা কর্ত্তক পঞ্চুত সিদ্ধি হইবে এবং কোন ভূত কর্ত্তক কোনরূপ বিদ্ধ হইবার সম্ভাবনা থাকিবে না। (স্থুতরাং বোামে, বায্গর্ভে, সাগরমধ্যে,

শৃক্তমার্গ—ক্ষুদ্রা নাডীর অন্তর্গত ব্রহ্মমার্গের নাম শৃক্তমার্গ।

শ ভোগ ব্যতীত প্রাবন্ধ পাপপুণ্য ক্ষনই নিষ্ট হয় না এবং যতদিন পাপপুণ্য থাকে, ততদিন কোন প্রকারে মৃক্তিলাভ হয় না; কাজে কাজেই বার বার জন্মগ্রহণ ক্রিতে হয়। এই জন্ম ঘোগিগণ শীঘ্র মৃক্তিপ্রাধির আশায় একেবারে নানা দেহ ধারণ প্রকি ভোগ ঘারা এককালে সমস্ত পাপ-পুণ্য নাশ ক্রিয়া মৃক্তিপ্রাপ্ত হইয়া থাকেন।

শাধারে ঘটিকা: পঞ্চ লিকস্থানে তথৈব চ।
তদ্ধিং ঘটকা: পঞ্চ নাভৌ ক্রমধ্যকে তথা ॥ १° ॥
ক্রমধ্যোধ্যে তথা পঞ্চ ঘটিকা ধারয়েং স্থাই:।
তথা ভ্রাদিনা নটো ধোগীন্দ্রো ন ভবেং খলু ॥ १৮ ॥
মেধাবী পঞ্চ্তানাং ধারণাং যা সমভ্যমেং।
শতব্দ্ধাতনাপি মৃত্যুক্ত ন বিশ্বতে ॥ १৯ ॥

নিপত্যবস্থা

ততোহভ্যাসক্রমেণির নিশ্বভির্যোগিনো ভবেং।
মনাদিক্রমবীকানি যেন তীর্ত্বামৃতং পিবেং॥৮০॥
যদা নিশান্তির্ত্বতি সমাধে: স্বেন কর্মাণা।
কীবনুক্তক্ত শাস্তক্ত ভবেদ্ধীরক্ত বোগিন:॥৮১॥

অনলে, পৃথীপর্ভে দর্বাত্রই তিনি স্বচ্ছন্দে প্রমনাগমন করিতে পারিবেন) ৮৭৬ দ

মেদিনীজয়ের কারণ মূলাধারে পাঁচদণ্ড, সলিল-পরাজয়ের জন্ত স্থাধিষ্ঠানে পাঁচদণ্ড, তেজঃপরাজয়ের জন্ত মণিপুরে পাঁচদণ্ড, বায়ুজ্য়ের জন্ত হদরে জনাহতচক্রে পাঁচদণ্ড এবং ব্যোমপথপরাজয়ের জন্ত কণ্ঠদেশে বিশুদ্ধচক্রে পাঁচদণ্ড প্রাণ ও মনের ধারণা করিতে হইবে। এই পর্ক্ষারণা করিলে বৃদ্ধিমান্ বোগী পৃথ্যাদি পঞ্জৃত কর্ত্তক কোন প্রকারেই ব্যাহত বা বিনষ্ট হইবেন না॥ ११-৭৮॥

যে বৃদ্ধিমান্ যোগী এইরপে পঞ্ভূতধারণা অভ্যাস করেন, শতব্রকার নাশ হইলেও তাঁহাকে কালমুখে পতিত হইতে হয় না॥ १२॥

তৎপরে যোগী অভ্যাদ করিতে করিতে ক্রমে নিপাত্তি-অবস্থা প্রাপ্ত হন। এই অবস্থা কর্তৃক যোগী অনাদি কার্য্যদমূহ ও কার্য্যের বীক্ষভূত অনাদি মোহ পার হইয়া ব্রহ্মামুক্ত সেবন করেন॥৮০॥

श्रृष्टित, भाष, भाषामुक्त (बागी (य समन्न এहेन्नर्भ निष्मकार्या बादा

যদা নিশান্তিস**শ্বয়: সমাধি খেচ্ছ**য়া ভবেং। গৃহীতা চেতনাং বায়ু: ক্রিয়াশক্তিঞ্চ বেগবান্॥৮২॥ স্কান চক্রান বি**ভিত্যাত জ্ঞানশক্তে**ী বিদীয়তে॥৮৩॥

বোগশান্তি প্রভৃতির উপায়

ইদানীং ক্লেশহান্তৰ্থং বক্তব্যং বায়ুসাধনম্। যেন সংসায়চক্তেহ্সিন্ ৰোগহানিৰ্ভবেৎ প্ৰবম্॥ ৮৪ ॥

তালুমূলে জিহ্বাস্থাপন করত বায়ুপান

রসনাং তালুমূলে যা স্থাপদ্মিমা বিচক্ষণা।
পিবেং প্রাণানিসং ভক্ত রোগাণাং সংক্ষয়ে। ভবেংনা ৮৫ ॥

ধ্যানযুক্ত হন, সেই সময় সেই পূর্ণসমাধিপ্রাপ্ত যোগী যথনই মনে কবেন, তৎক্ষণাৎ সমাধিধাবে করিতে সমর্থ হন এবং তাঁহার বেগবান্ প্রাণবায় শরীরস্থ কাষ্যশক্তি ও চেতনা গ্রহণ পূর্বক সমন্ত চক্র ভেদ করিয়া জ্ঞানশক্তিতে বিলয়প্রাপ্ত হয় অর্থাৎ এই সমাধিকালে যোগীর শরীরক্ষনন ও বাহজ্ঞান কিছুই থাকে না; ভদ্ধ নিব্বিষয় নিব্বিকল্প চৈতক্তমাত্র তাঁহার অবশিষ্ট থাকে ॥৮১-৮৩॥

একণে সাধকের তৃঃখনাশ করিবার জন্ত বায়ুসাধন কহিতেছি। এই বাযুসাধন ঘারা সংসারে দেহসংদ্ধীয় সমস্ত রোগশাস্তি হয় সংশয় নাই ॥ ৮৪ ॥

যে প্রজ্ঞাবান্ সাধক তালুমূলে জিহনা রাখিয়া প্রাণবায় আহার করিবেন (মুখ দারা ওদ্ধ বায় টানিয়া লইয়া নাসিকা দারা ত্যাগ করিবেন) তাঁহার উৎপন্নপ্রায় বা বর্তমান ব্যাধিককল পূর্ণরূপে কয়প্রাপ্ত হইবে ॥ ৮৫ ॥

শীতলীমূত্রায় বায়্ণান

কাক্চঞা পিবেছায়ং শীতলং বা বিচক্ষণঃ। প্রাণাপানবিধানজঃ দ ভবেমুক্তি ভাজনঃ ॥ ৮৬ ॥ দরসং মঃ পিবেছায়ং প্রভাহং বিধিনা স্থীঃ। নশুন্তি যোগিনস্তত্ত শ্রমদাহজ্বাময়াঃ ॥ ৮৭ ॥

অন্তরূপে পঞ্চবিধ বায়ুপান

রসনামূর্জগাং ক্রতা বশ্চাক্রসনিলং পিবেং।
মাসমাত্রেণ বোগীলো মৃত্যুং জয়তি নিশ্চিতম্ ॥ ৮৮ ॥
রাজদন্তবিলং গাঢ়ং সংগীডা বিধিনা পিবেং।
ধ্যাতা কুপ্তাননাং দেবীং বগাসেন কবির্ভবেং॥ ৮>॥

প্রাণাপানবিধানবিং অর্থাং ঘিনি প্রাণ ও অপানের যোগবিধানে পারপ, সেইরপ স্থা যোগী ষভ্তপি কাকচঞ্ছ ঘারা অর্থাং জিহ্বা ও ওষ্ঠাধর বায়সচঞ্ব করিয়া তদ্বারা শীতল নির্মণ বায়ু সেবন করেন, তবে তিনি বর্তুমান ব্যাধি হইতে নিষ্কৃতি পাইতে পারেন ॥ ৮৬ ॥

বে মেধাৰী ঘোগী উক্ত প্ৰক্ৰিয়ামতে দিন দিন নিৰ্দাণ সৰ্ব (জ্লীয় বাষ্পায়্ক্ত) ৰায় দেবন কৰিবেন, তাঁহার পৰিশ্রম, দাইজন ও অক্সান্ত ব্যাধি নাশপ্রাপ্ত হইবে ॥৮৭॥

বে সাধক বসনা উৰ্দ্ধগামিনী করিয়া কপালস্থ শশিমগুল-বিচ্যুত স্থ। সেবন করিবেন, তিনি একমাসকাল সাধন ঘারাই কালকে জ্বয় করিছে পারিবেন, সন্দেহ নাই ॥ ৮৮ ॥

জিহব। ঘুরাইয়া রাজদক্তের * সমীপশ্ব পর্ত্ত দৃঢ়রূপে পীড়ন করত দেবী কুলকুগুলিনীর ধ্যান পূর্ব্বক বিধিমতে নিশ্বল বায়ু দেবন

বাজনম্ভ-মাড়ির দাত, আকেন দাত

কাকচঞ্চনা শিবেদায়ং সদ্ধায়োকভয়োরপি।
কুগুলিকা মুখে ধ্যাতা ক্ষরোগস্ত শান্তরে॥ ১০ ॥
ক্রনেশং পিবেদ্যোগী কাকচঞ্চনা বিচক্ষণঃ।
দ্রন্দ্রুভিত্তবাক্তাদর্শনং খলু॥ ১১ ॥
দক্রেভিছিন, বৃদ্ধিতবাক্তাদর্শনং খলু॥ ১১ ॥
দক্রেভিছেন: স্থমেধানী মৃত্যুং ক্ষয়তি সোহচিরাং॥ ১২ ॥
ফ্রাদমাত্রমভ্যাদং ধা করোতি দিনে দিনে।
দর্জণাপবিনিম্ন্তো রোগায়াশয়তে হি সং॥ ১০ ॥
সংবংসবরুভাভ্যাদাং ভৈরবো ভবতি প্রবম্।
অণিমাদিগুণান্ কর্না ক্রিভভ্তগণঃ স্বয়ম্॥ ১৪ ॥

করিবেন, ছয়মাস কাল এইক্লপ করিলে তিনি কবিত্বশক্তি লাভ করিতে পারিবেন॥৮৯॥

কোন সাধকের ক্ষয়রোগ হইলে তিনি তাহা নিবারণের জন্ম কুওলিনীর বদনে অহতিদান করা হইতেছে, এইরূপ ভাবনা করিয়া প্রভাতে এবং সন্ধ্যার সময় বায়সচঞ্ছারা নির্মাল বায়্ সেবন করিবেন; তাহা হইলেই তিনি ব্যাধিমুক্ত হইতে পারিবেন॥ २०।

থে মেধাৰী ধোগী দিবানিশি কাকচঞ্ খারা বায়ু সেবন করিবেন, তাঁহার দুরুদৃষ্টি, দুরুশ্তি ও অদুখ্যীকরণ স্থাসিদ্ধ হইবে ॥ २১॥

যে বৃদ্ধিমান যোগী দন্ত দিয়া নিশোষত করিয়া ভিহ্না উদ্ধে রাখিয়। ধীরে ধীরে বায়ু দেবন করেন, তিনি শীছই মৃত্যুঞ্জয় হইতে পারেন॥ ৯২॥

যে যোগী যথাসমাত্র দৈনিক এইরপ সাধনা করিবেন, তিনি নিধিল পাপ হইতে নিমুক্ত হইবেন এবং তাঁহার শরীরে কোন ব্যাধি থাকিবে না ॥ ৯৩ ।

ধণি কোন সাধক এক বংসরকাল প্রত্যন্থ এইরূপ বায়ুসাধন করেন, তাহা হইলে তিনি নিজেই ভৈরবের অরূপত লাভ করিয়া বোগশান্তির ও বিজ্ তিপ্রাপ্তির উপায়ান্তর
বসনামূর্জগাং করা কণার্জং বদি তিঠিতি।
কণেন মৃচ্যতে যোগী বাাধিমৃত্যুক্রবাদিভিঃ ॥ ৯৫ ॥
বসনাং প্রাণসংখ্কাং পীডামানাং বিচিত্তরেং।
ন তক্ত জায়তে মৃত্যুং সত্যুং সভাং ময়োদিতম্ ॥ ৯৬ ॥
এবমভাসযোগেন কামদেবে। দিতীরকঃ।
ন ক্ষা ন ত্যা নিজা নৈব মৃহ্ছা প্রজায়তে ॥ ৯৭ ॥
অনেনৈব বিধানেন বোগীক্রাহ্বনিমপ্তলে।
ভবেং সচ্ছদ্দচারী চ সর্বাপংপরিবর্জ্জিতঃ ॥ ৯৮ ॥
ন তক্ত পুনরাবৃত্তির্মোদতে স স্থবৈরপি।
পুণ্যপাশ্বৈনি সিপ্যেত ফ্রেড্রাচ্বণেন সং॥ ৯৯ ॥

ভূতপঞ্চক পরাজয় করত অণিমা, দ্বিমা প্রভৃতি অষ্টবিধ ঐখর্ব্যের অধিকারী হন, সংশয় নাই ॥ ১৪ ॥

সাধক ক্ষণাৰ্দ্ধকাল বসনা উদ্ধ্যামিনী করিয়া (বাযু আকর্ষণ করত)
স্বস্থান করিতে সমর্থ হইলে শীঘ্র রোপ, জ্বা ও মরণ হইতে মৃক হইতে
পারেন। ১৫॥

যিনি জিহবাগ্র কঠে স্থাপনপূর্বক তাহাতে প্রাণ যুক্ত করিয়া নিপীড়িত করিতে পারিবেন, তাঁহার কখনই মৃত্যু হইবে না, আমি বলিভেছি, ইহ। নিশ্চয়ই সভ্যা ৯৬॥

এইরপ অভ্যাস করিলে অনিতীয় মদনসদৃশ রূপনাবণ্যবিশিষ্ট হইতে পারা যায় এবং ইহা ঘারা শরীরে কুধা, পিপাসা, নিজ্ঞা বা মৃচ্ছ। উপস্থিত হুইতে পারে না ॥ ১৭ ॥

এই প্রক্রিয়া বার৷ বোগাছঠান করিলে দাধক ধ্রণীতলে ইচ্ছাবিহারী (কামচারী) ও সকল বিপৎশৃত্ত হন, তিনি দেবগণের সক্ষে আৰক্ষ ভোগ করিতে থাকেন, পাপ বা পুণ্যে মহ হন না এবং

আসনকথন ও তত্তেদবর্ণন

চত্রশীভাগনানি সস্তি নানাবিধানি চ। তেভাশুভ্ৰমাদায় ময়োজানি ব্বীমাহম্॥ ১০০॥ সিদ্ধাননং তথা পদ্মাননকোগ্রঞ্জ স্বস্তিকম্॥ ১০১॥

শিদ্ধাশন

ষোনিং সংপীতা যত্নেন পাদম্লেন সাধক: !
মেঢ়োপরি পাদম্লং বিশুদেৎ সদা ॥ ১০২
দৃষ্ট্যা নিরীক্ষ্য জ্ঞামধ্যং নিশ্চলং সংঘতে দ্রিয়ং
বিশেদবক্রকায়শ্চ বহস্তাবেগবজ্জিতঃ ॥ ১০৩ ॥

তাহাকে পুনরায় আর সংসার-বন্ধনে জ্ঞাভৃত হইতে হয় না। ১৮-১০।
আমি অক্সান্ত তন্ত্রে পৃথক্ পৃথক্ চতুবনীতি প্রকার আসন বলিয়াছি.
১ এ স্থানে তন্মধ্যে কেবল শ্রেষ্ঠ চারিটিমাত্র আসন বলিতেছি: যথা—
সিদ্ধাসন, প্যাসন, উগ্রাসন ও স্বত্তিকাসন॥ ১০০-১০১॥

যোগতত্ত্ব থোগী বামপদের গুল্ফ বারা যত্ত্বপূর্বক বোনি (লিল ও গুল্দেশের মধ্যস্থল) নিপীড়ন পূর্বক দক্ষিণপদের মূলদেশে (ঘাহাতে লিলবার বন্ধ হয়, এরপভাবে) লিলের উপরে রাখিবেন এবং সংযতে দ্রির ও স্থিবকার হইয়া জ্রমধ্যে স্থিবদৃষ্টি রাখিবেন। বিশেষতঃ নিজ্জনে চাঞ্চল্যশৃত্ত হইয়া এ প্রকার ভাবে বসিতে হইবে যে, শরীরের কোন ভাগ বেন বক্রজাবাপর না হয়॥ ১০২-১০৩॥

^{*} ৮৪ প্রকার আসন শিবকথিত : তরাধ্যে ৩২ প্রকার আসন মন্ত্য-লোকের পক্ষে শুভানায়ক। এই যোগরহস্ত গ্রন্থান্তর্গত ঘেরওসংহিতায় এই ৩২ প্রকার আসানের কথা বিস্তৃতভাবে বদা হইয়াছে।

এতৎ সিদ্ধাননং জ্ঞেয়ং সিদ্ধানাং সিদ্ধিদায়কম্।
বেনাভ্যাদবশাৎ শীল্লং বোগনিপান্তিমাপুয়াৎ । ১০৪ ।
সিদ্ধাননং সদা সেব্যং প্রনাভ্যাসিভিঃ পরম্।
বেন সংসারম্ংস্কা লভাতে পরমা গতিঃ ॥ ১০৫ ॥
নাতঃ পরভরং গুরুমাননং বিশ্বতে ভ্বি।
বেনামুধ্যানমাজেণ যোগী পাণাদ্বিমূচ্যতে ॥ ১০৬ ॥

পদ্মাসন

উত্তানী চৰণো ক্ষা উৰুদংস্থে প্ৰযন্ত । উৰুমধ্যে তথোত্তানো পাণী ক্ষা তু তাদৃ শো॥ ১০ .॥ নাসাগ্ৰে বিশুদেদ্ধিং দস্তমূলক ভিহ্নয়। উত্তভা চিবুকং বক্ষ উত্থাপ্য প্ৰনং শনৈ:॥ ১০৮॥

এইরপ উপবেশনকে দিদ্ধাসন কহে। অনেক দিদ্ধ যোগী এই আসন
দ্বারাই দিদ্ধি প্রাপ্ত ইয়াতেন। এই দিদ্ধাসনে উপবিষ্ট হইয়া যোগাভাাস
ক্রিশে শীঘ্র যোগের নিশ্বির অবস্থা প্রাপ্ত হওয়া যায়॥ ১০৪॥

গাহারা বায়ুশধন করেন, তাহাদের পক্ষে কর্সালা সিদ্ধাসন প্রহণ করা উচিত। এই সিদ্ধাসন খারা যোগাভ্যাস করিলে ভবসাগর পার হইয়া প্রমা গতি প্রাপ্ত হুইতে পারা যায়॥ ১০৫॥

এই দিদ্ধাসন অপেকা পোপনীয় শ্রেষ্ঠতম আসন পুণীতলে আর নাই। সাধক ব্যক্তি ইহার অম্বধ্যানমাত্রই পাতক হইতে মুক্ত হন॥ ১০৬॥

বামপদতল দক্ষিণ উরপরি এবং দক্ষিণ্ণদতল বাম উরপরি ষত্বপূর্বক উভানভাবে রাখিয়া শুরুপদেশক্রমে হস্ততলম্বরও উর্বয়-মধ্যে ঐ প্রকার উভানভাবে সংস্থান এবং দস্তম্পূল জিহ্বা স্থাপন-পূর্বক নাদিকার অগ্রভাবে দৃষ্টি স্থিব রাখিবে; এইকালে বক্ষংস্থল ষ্ণাশক্তা সমাকৃত্য প্রয়েত্দরং শনৈ:।

য়্থাশক্তা ততঃ পশ্চাৎ রেচয়েদবিরোধতঃ ॥ ১০৯ ॥

ইদং পদ্মাসনং প্রোক্তং সর্ব্যাধিবিনাশনম্।

ত্লভিং যেন কেনাপি ধীমতা শভ্যতে পরম্ ॥ ১১০ ॥

অফ্রানে ক্তে প্রাণঃ সমশ্চলতি তৎক্ষণাং।

ভবেদত্যাসনে সম্যক্ সাধকক্তা ন সংশয়ঃ ॥ ১১১ ॥

পদ্মাসনে স্থিতো যোগী প্রাণাপানবিধানতঃ।

প্রয়েং স বিমৃক্তঃ ত্যাৎ সত্যং সত্যং বদাম্যহম্ ॥ ১১২ ॥

ঈষৎ উচ্চ করিয়া ভাষাতে চিবুক স্থাপন করত ধীরে ধীরে বায়ু আকর্ষণ পূর্ব্বক ভদ্যাবা সাধ্যমত হুঠর পূর্ণ করিবে। শ্রীরের কোন ক্ষাত না হয়, এইভাবে যণাশক্তি কুন্তক করিয়া পশ্চাৎ অল্লে আল্লে এ বায়ু ত্যাপ করিবে॥ ১০৭-১০৯॥

যোগীরা ইহাকেই পদাসন কহেন। ইহা ছারা সমস্ত নৈহিক্ব্যাধি দ্র হয়। এই পদাসন সর্বিশাধারণের পক্ষে হজের। বৃদ্ধিমান্ মাত্রেই শুকুর নিকট ইহা প্রাপ্ত হইয়া থাকেন॥১১০॥

এই পদ্মাসনের অভ্যাস করিলে প্রাণবায়ু শীঘ্রই সরলভাবে প্রচলিত হুইতে আরও হয় এবং ইহার অভ্যাসের ফলে ঐ প্রাণবায়ু সকল সময়েই সম্যক্রপে সরলপথে (স্বয়ুমাপথে) গমন করিতে থাকে, সংশয় নাই ॥১১১॥

সাধক পদাসনে উপবিষ্ট হইয়া প্রাণকে নিম্নগামী ও অপানকে উদ্ধৰ্গামী করতে নাভিন্তলে সমানের সহিত যোগ করিতে সমর্থ হইলে তিনি সংসারপাশ হইতে নিঃসন্দেহ মৃত্তিলাভ করেন, ইহা অতি মত্য ॥ ১১২॥

উগ্রাসন ও পশ্চিমোভানাসন

প্রসাধ্য চরণছন্ত্যং পরক্ষপন্সংযুত্ম।
স্থপাণিজ্যাং ধুমা জামুপরি শিরো অনেং॥ ১১০॥
আসনোগ্রমিদং প্রোক্তং জবেদনিলদীপন্ম।
দেহাবসাদহরণং পশ্চিমোজানসংজ্ঞকম্॥ ১১৪॥
য় এতদাসনং শ্রেষ্ঠং প্রত্যহং সাধ্যেৎ মুধাঃ।
বায়ুং পশ্চিমমার্গেণ তম্ম সঞ্চরতি এবম্॥ ১১৫॥
এতএভ্যাসশীলানাং সর্ক্সিদ্ধিঃ প্রকায়তে।
তমাদ বোগী প্রয়ত্বন সাধ্যেৎ সিদ্ধিসাধকঃ॥ ১১৬

সাধক সমাসীন হইয়া চরণদ্ব ধেন পরস্পব সংলগ্ন না হয়, এরপ ভাবে বামপদেব তলে বামহত্তের অঙ্গুলিচভূইয় আর দক্ষিণপদতলে দক্ষিণকরের অঙ্গুলিচভূইর রাখিয়া বামহত্তল দার। বামচরণের অঙ্গুলিগুলি দৃঢ়রূপে এবং দক্ষিণহত্তভল দারা দক্ষিণপদের অঙ্গুলিগুলি ধারণ পূর্বক ভাতুযুগলের মধ্যস্থলে মন্তক স্থাপন করিবে ॥ ১১৩॥

(কক্ষ্য ৰাখিবে, ধেন তখন মেক্ষণণ্ড বক্তনা হয়) ইহার নাম উগ্রাসন। অনেকের মতে ইহা পশ্চিমোজানাসন বলিয়া কথিত। এই উগ্রাসন ধারা উদবাগ্নির উদ্দীপন হয় এবং দেহের অবসাদ্ও নষ্ট হইয়া থাকে॥ ১১৪॥

যে বুদ্ধিমান্ সাধক নিত্য এই উত্তম আদনের আচরণ করেন, তদীয় বায় পশ্চিমপথে অর্থাৎ স্থ্যাপথে স্থারিত হয়, সন্দেহ নাই॥ ১১৫॥

ষে যোগী নিত্য ইহা শিক্ষা করেন, তাঁহার যাবতীয় সিদ্ধিপ্রাপ্তি হয়, স্কুতরাং সিদ্ধিলাভেচ্ছু সাধক নিত্য স্বত্তে উগ্রাসন সাধন করিবেন॥ ১১৬॥ গোপ্তব্যং স্থপ্তবেদ ন দেয়ং যন্ত কন্ত চিং .

যেন শীড্রং মকংসিদ্ধিউবেদ্ছংখোদনাশিনী ॥ ১১৭ ॥
জান্র্রোরস্তবে সমাক্ কৃত্যা পাদতকে উভে ।
সমকায়ং স্থাসীনং স্বন্তিকং তং প্রচক্ষাতে ॥ ১১৮ ॥
আনেন বিধিনা ঘোগী মাকতং সাধ্যেং স্থাঃ ।
দেহে ন ক্রমতে ব্যাধিস্কতা বাসুশ্চ সিধ্যতি ॥ ১১৯ ॥
স্থাসন্মিদং প্রোক্তং সর্ল হংগপ্রণাশনম্ ।
স্বন্তিকং ধোগিভির্গোপ্যং স্ক্রীকর্ণসূত্রমম্ ॥ ১২০ ॥

ইতি শ্রীশিবসংহিতায়াং যোগান্তষ্ঠানপকতৌ গোগাভাস-ভব্দথনে হৃতীয়ঃ পটলঃ॥ ২॥

এই আসন সং ত্ৰ গোপন রাধা কর্ত্তব্য, ইহ' যাহাকে তাহাকে প্রদান করা উচিত নহে . এই আসন দার। মচিরে বাযুদিদ্ধি হয় ; অতএব তুঃথরাশিও বিদ্বিত হইয়া গাকে॥ ১১৭॥

সাধক ত্ই জাত্বও ত্ই উঞর মধ্যন্তলে প্রতল রাজিয় সর্লশ্রীর হইয়া স্থে সমাদীন হইবেন। যোগীয়া বলেন, ইহার নাম অভিকাদন॥১১৮॥

ধে বৃদ্ধিমান্ ধোগী এই আদনে বিদিয়া যথাবিধানে ধাষুদাধন করেন, তাঁহার শরীরে কোন দীভার আক্রমণ হয় না এবং অচিরে উ,হার বায়ুদিদ্ধি হয়॥ ১১৯॥

এই স্বন্ধিকাসনকে স্থাসনও বলে। এই আসন দারা ত্ঃধবাশি বিদ্রিত হয়। ইহার দাবা শরীৰ প্রকৃতিত এবং চিত্ত আত্মন্থ হয়। এই আসন গোশন রাধা যোগিগণেব অবশ্য কর্ত্তব্য ॥ ১২০॥

যোগাভাাদতত্ত্বকথন নামক তৃতীয় পটল সমাপ্ত।

চতুর্থ-পটলঃ

र्यानि-मूखा ७ ए९ एन

আদে প্রক্ষোগেন স্থাধারে প্রয়েমন:
গুদমেট স্তিরে গোনিস্তমাকুঞ্চ প্রবর্ততে ॥ ১ ॥
ব্রহ্মধোনিগতং ধ্যাত্বা কামং বন্ধ্কসন্ধিতম্।
স্থ্যকোটি-প্রতীকাশং চন্দ্রকোটিস্থীতলম্ ॥ ২
তস্তোর্দ্ধে তু শিথা স্ক্রা চিদ্রপা পরমা কলা।
তয়া পিহিতমাত্মানং একাভূতং বিচিন্তরেৎ ॥ ৩ ॥
গছন্তী ব্রহ্মধার্গেণ লিক্তম্বন্ধ্রুমেণ বৈ।
অমৃতং ত্রিসর্গন্ধং পরমানন্দলকণ্ম্॥ ৪ ॥

এক্ষণে যোনিমুজাদাধন বিবৃত হইতেছে।—অত্যে পূরক বারা মনকে মৃলাধাবে স্থাপনপূর্বক গুহুদার ও উপস্থের মধ্যস্থলে যে যোনিমঙল আছে, (কুলকুগুলিনীকে ভাগবিত করণার্থ) তাহা আকুঞ্চিত করিয়া, পরে যোগদাধন আরম্ভ করিতে হইবে॥ ১॥

এই ধোনিমঙলকে ব্ৰহ্মখোনিও কহে। বছ্ক কুষ্মভুলা কলপ্ৰায় কোটি কোটি স্থাবং তেজোবিশিষ্ট ও কোটি কোটি শশাধ্বং স্থি ; এই কলপ্ৰায়ৰ উদ্ধভাগে (মধ্যদেশে) স্ক্ৰা শিথাস্ক্ৰপিণী চৈতভ্যৱপা পৰমা কলা (কুণ্ডলিনী) অধিষ্টিত আছেন, সাধক ধ্যানাস্থে এইরপ ভাবনা করিবেন ষে, আত্মা দেই পরমা কলা কর্তৃক পরিব্যাপ্ত ও একীভূত হইয়াছেন, আর মন, প্রাণ ও আত্মার সহিত একীভূত ঐ কুণ্ডলিনী ব্যাক্রমে স্বয়ন্ত্লিক, বাণলিক ও ইত্রলিক এই তিন লিক ডেদ প্রেক অর্থাৎ ব্রহ্মগ্রহি ও রন্ত্রাহি ভেদ করিয়া স্ব্যুমার অন্তর্গত ব্রহ্মার্গে প্রন করিভেছে। এইরপে ধ্থন কুলকুণ্ডলিনী অকুলে

খেতরক্তং তেজসাঢ়াং স্থাধারাপ্রবর্ষিণম্। পীতা কুলামৃতং দিব্যং পুনরের বিশেৎ কুলম্॥ ৫॥ পুনরেবাক্লং গচ্ছেক্মাত্রাধোগেন নাঞ্ডথা। দা চ প্রাণদমা ধ্যাতা হৃদ্মিংস্তন্ত্রে ময়োদিতে॥ ৬॥

(সহস্রধারে) উপস্থিত হইবেন, তথন তিনি বিদর্গন্ধ * দিব্য কুলামৃত পান করিছে থাকিবেন। এই কুলামৃত অতীব আনন্দময়, শুক্র-লোহিতবর্গ (সন্ধরকোময়) ও তেজঃসম্পন্ন, ইহা হইতে স্থাধারা বর্ষণ হইতেছে। কুলকুগুলিনী এইরুপে দিব্য কুলামৃত পান করিয়া পুনর্বার কুলস্থলে অর্থাৎ মুলাধারে প্রত্যাবৃত্ত হইবেন॥ ২-৫॥

তদনস্তর কুলকুওলিনী পূর্ব্বের পূর্বের ক্রায় মাত্রাম্থনারে পূর্ক দার। পূর্বিৎ অকুলস্থানে (সহস্রারে) সমাগত হইবেন। গ মতৃক্ত (শিব-কথিত) তম্মসমূহে উক্ত এই কুলকুওলিনীই মদীয় প্রাণসমান প্রিয়তমা বলিয়া প্রথিত। ৬॥

^{*} সহস্রারে বিদর্গন্থান ও সেই স্থানে স্থাস্থাবিশী অমাকলা অর্থাৎ শশাকের ষোড্ডশী কলা বিরাজমান আছে; এই অমাকলা অক্ষয়া ও অমৃত-ধারিশী। কুলকুগুলিনী সেই বিদর্গন্ধানে অমাকলা হইতে অমৃতধারা পান করেন।

ক শপীত্বা পাঁত। পুনঃ পাঁত্বা পুনঃ পত্তি ভৃতলে। উথায় চ পুনঃ পাঁত্বা পুনজ্জন ন বিছতে।" এই শ্লোকে রূপকভাবে মেফতন্তে এই যোগ বৰিত হইয়াছে। পরস্ত অনেকে এই শ্লোকের ভাবার্থ এইরপ জ্ঞান করেন ষে, বার বার অপরিমিত মছপান করিয়া ভৃতলে পড়িব, তংপরে চৈতন্ত হইলেই পুনর্বার আর দেহ ধারণ করিছে হয় না। ফলতঃ ইহার ভাবার্থ এই ষে, এই যোনিমুদ্রা ছারা কুগুলিনী সহস্রাবে উঠিয়া পুনঃ পুনঃ অমৃত পান করতঃ মুলাধারে ধরামগুলে পতিত হইবেন, তংপরে পুনর্বার সহস্রাবে উঠিয়া অমৃত পান করিবেন। এইরপে যোনিমুদ্রা লাধন করিলে পুনরায় জননী-ভঠরে প্রবিষ্ট হইতে হয় না।

যোগশাস্ত

পুন: প্রদীয়তে ভক্তাং কালাগ্যাদিশিবাত্মকম্॥ १॥ বোনিমূলা পরা হেষা বন্ধগুল্ঞা: প্রকীর্ভিত:।
ভক্তান্ত বন্ধমাত্রেণ ভন্নান্তি বন্ধ সাধরেং॥৮॥
ছিন্নরপাস্ত বে মন্ত্রা: কীলিভা: শুভিতাশ্চ যে।
দক্ষমন্ত্রা: শিগাহীনা মলিনান্ত ভিরস্কতা:॥৯॥

কুণ্ডলিনী যথন সহস্রারে আগত হন, তথন কালাগ্নি প্রভৃতি শিবগণ পুন্ধীর তাঁহাতে লয় প্রাপ্ত হইবেন॥ ৭॥ *

এই ষোনিমুদাদাধন কজিত হইল। এই ষোনিমুদা স্ক্তেষ্ঠ ; এই ষোনিমুদাবন্ধ দারা যাহা দিন্ধ করিতে না পারা যায়, তাদ্শ কোন কম্মই ভূতলে দৃষ্ট হয় না॥ ৮॥

যে সমস্ত মন্ত্র ভিন্ন, কীলি-, শুন্তিত, দগ্ধ, শিশাশ্চ, মলিন, তিরস্কৃত, মন্দ, বাল, বৃদ্ধ, প্রতি, ধৌবনগণিতে, অরিপকস্ত, বার্যালান, ত্র্বল, গণ্ডিত,

ত্রধা, বিফশ্চ ক্রম্শুচ ঈশ্বরশ্চ দদাশিবঃ। ততঃ পরশিবশৈচধ ষট্শিবাঃ পরিক ভিতাঃ।

মুলাধারে একা, সাধিষ্ঠানে বিষ্ণু, মাণপুরে কন্দ্র বা কালাগ্নি, অনাহত-চজে ঈশ্বর বা নারাগ্নং, বিউক্চজে সদাশিব এবং আজাচজে প্রশিব— এই ছয় দেবত শিবশক্ষর চা কুলকুওলিনা যধন মুখানার বর্জনপূর্বক উল্লেছন, তখন মুখানারও একা তাহার শাবে লয় প্রাপ্ত হন। এইরণে কুওলিনা যধন স্থাবিষ্টানে আগত হন, তখন তত্তা মহাবিষ্টা, যখন মণিপুরে গমন করেন, তখন তত্তা কালাগ্নি, যংকালে অনাহতচজে আগত হন, তখন তংখানস্থিত নারাগ্রণ, যখন বিশুদ্ধকে উপ্লিত হন, তখন তংখানস্থিত নারাগ্রণ, যখন বিশুদ্ধকে উপ্লিত হন, তখন তংখানস্থিত নারাগ্রণ, যখন বিশুদ্ধকে উপ্লিত হন, তখন তংখানস্থ সদাশিব আর যখন আজাচজে আগত হন, তখন তংখানস্থ পরশিব কলকুওলিনার শরীরে বিলান হন। এখানে যদিও সবিভাৱে বিণিত হয় নাই, তুগাপি আদি 'শক্ষ' দারা জানিতে হইবে যে, কুওলিনা যংকালে অকুলে (সহআরে) গমন করিতে থাকিবেন, তখন সাবিত্তী প্রভৃতি সমস্ত চক্রস্থিত নিথিল দেবতা ও ডাকিনা প্রভৃতি সমস্ত দেবতা-শক্তি তাহার শরীরে যথাক্রমে লয় প্রাপ্ত হইবেন। পরে আবার যখন

মন্দা বালান্তথা বৃদ্ধাঃ প্রোঢ়া যৌবনগনিবভাঃ।
অবিপক্ষে স্থিতা যে চ নির্ব্বীর্য্য সন্তবজ্জিতাঃ॥ ১০॥
তথা সন্তেন হীনা বে পণ্ডিতাঃ শতদা কৃতাঃ।
বিধানেন তৃ সংযুক্তাঃ প্রভবন্তি চিরেণ তু॥ ১১॥
সিদ্ধিয়োক্ষপ্রদাঃ সর্বের্গ গুরুণ। বিনিধােদ্ধিতাঃ॥ ২২॥

শতধাকৃত এবং সাধ্যাসাধ্য অর্থাৎ বিধানে বাদ করিলে মাহ। বস্তুদিনে সিদ্ধ হয়, * সেই সকল নির্দ্বাহার্য গুরু এই যোনিমূলার উপদেশ দিয়া থাকেন। এই মোনিমূলাসাধন দারা উপরি-উক্ত নিথিল মাস্ত্রে সিদ্ধি ও মৃক্তিলাভ করিতে পারা ধায়॥ ৯-১২॥

তিনি কুলম্বানে (মুলাধারে) প্রতিগমন করিবেন, তথন ক্রমে ক্রমে তাঁহাব শরীর হইতে প্রতিচক্রের দেবত; ও শক্তি আবিভূতি হইতে থাকিবেন।

* বিশ্বদাব তত্ত্বে ১০ প্রকার মন্ত্রনোষ শিখিত আছে; ধ্বা—(১) ছিন্ন, (২) ক্ষর, (২) শক্তিবান, (৪) প্রায়ুধ, (৫) বিধির, (৬) নেএহান (৭) কীশিত, (৮) গুন্ধত, (১০) দ্বর, (১০) প্রস্তু, (১৯) দ্বর, (১০) প্রস্তু, (১৯) দ্বর, (১০) প্রস্তু, (১৯) দ্বরুক, (১৫। স্তুপ্র, (১৬) মদোরত, (১৫। স্তুপ্র, (১৬) মদোরত, (১৫। স্ট্রুক, (১৮) কুমার, (২০) যুবা, (২৪) প্রৌচ, (২০) রুর, (২১) বালক, (২২) কুমার, (২০) যুবা, (২৪) প্রৌচ, (২০) রুর, (২৮) নিপ্রিংশক, (২৭) নির্ধাণক, (২০) দিরিহান, (২০) মন্দ, (৩০) কুর, (১০) নির্ধাণক, (৩৮) দ্বর্হীন, (৩০) কেনর, (৩৪) জাবহীন, (৩৫) ব্যত, (৬৬) শালিকাত, (৩৭) মাহিত, ৩৮) ক্রার্ত্র (৩০) শতিস্থা, (৪০) আলহীন, (১০) বিকল, (৪৭) শতিস্বার, (৪০) শতিস্বার, (৪০) শতিস্বার, (৪০) শতিস্বার, ও৫৪০ শালিকাত, (৪০) বিকল, (৪৭) শিক্ষেহ, (৪৮) শতিস্ক, ও৫৪০ শালিকাত, (৪০) বালিক্লাসাধন এই উন্পঞ্চাশ্বর মন্ত্রদায়ই হ্রয় থাকে:

যাঁহার। এই সকল দোষের লক্ষণ জানিতে ইচ্ছ। করেন, তাহার। 'বস্মতা প্রকাশিত 'ভন্তমার'ও 'প্রাণভোষণী' দোধলে সমাক্ বুঝিতে পারিবেন। মীক্ষিদ্ধা বিধানেন অভিষিচ্য সহস্রধা।
ততো মন্ত্রাধিকারার্থমেষা মূলা প্রকীর্ত্তিতা॥ ১০॥
ব্রন্দহত্যাসহস্রাণি ব্রৈলোক্যমণি ঘাতয়েং।
নাদৌ লিপ্যতি পাপেন যোনিমূল্রানিবন্ধনাং॥ ১৪॥
গুরুহা চ স্থরাপী চ গুরুত্তরগং।
এতৈঃ পাপের্ন বধ্যেত ঘোনিমূল্রানিবন্ধনাং॥ ১৫॥
তত্মাদভ্যাসনং নিত্যং কর্ত্তবাং মোক্ষকাজ্জিভিঃ।
অভ্যাসাজ্জায়তে সিদ্ধিরভ্যাসান্মোক্ষমাপুয়াং॥ ১৬।
সন্থিনং সভতেহভ্যাসাং যোগোহভ্যাসাং প্রবর্ততে
মূলাণাং সিদ্ধিরভ্যাসানভ্যাসাদ্বাযুস্যধনম্॥ ১৭॥
কালবঞ্চনমভ্যাসাং তথা মৃত্যুগ্রয়ো ভবেং।
বাক্সিদ্ধিঃ কামচারিতং ভবেদভ্যাসঘোগতঃ॥ ১৮॥

গুরু বিধানামূদারে দীক্ষাদান পূর্বাক ইইদেবতার দহস্রনাম দারা দহস্র অভিবেক করিয়া শিষ্যকে মন্ত্রাধিকারী করণার্থ এই যোনিমূদ্র। দান করেন ॥ ১৩ ॥

ষিনি যোনিমূকা-বন্ধন করেন, সহস্র বিপ্রহত্যা বা জিভুবন বিধ্বন্ত করিলেও তাঁহাকে পাপে লিপ্ত হইতে হয় না॥ ১৪॥

ষিনি বোনিমূজাবন্ধনে নিয়ত নিযুক্ত থাকেন, তিনি পর বহরণ, মছ-পান গুরুদারা-সমন অথব। গুরুবধ করিলেও তত্তংপাতকে লিগু হন না॥ ১৫॥

স্তরাং ধোনিমূল। বন্ধন নিরস্তর অভ্যাদ করা মোক্ষকামিগণের কর্ম্তরা। কেন না, অভ্যাদ বারাই যোগদিদ্ধ হয়, অভ্যাদ বারাই মুদ্রাদিদ্ধি হয়, অভ্যাদ বারাই বায়ুদিদ্ধি হয়, অভ্যাদবশেই বাক্দিদ্ধ ও কামচারী হইতে পারে॥ ১৬—১৮॥

ষোনিমূলা পরং গোপা। ন দেয়া কন্সচিৎ। সর্বাধা নৈব দাভব্যা প্রাহণঃ কণ্ঠগৃহতবুপি॥১৯॥

> দশবিধ মুদ্রা; কুলকুগুলিনীর প্রবোধনার্থ মুদ্রাভ্যাদের আবশুকতা

অধুনা কথয়িন্তামি বোগদিদ্ধিকরং পরম্।
গোপনীয়ং স্থানিকানাং যোগং পরমত্র্য ভম্॥ ২০
স্থা গুরুপ্রদাদেন যদা জাগর্ত্তি কুণ্ডলী।
তদা কর্বানি পদ্মানি ভিছান্তে গ্রন্থরোহপি চ॥ ২১
তন্মাৎ কর্বপ্রথান্ত্রন প্রবোধয়িত্মীশ্রীম্।
বন্ধরন্ধ্রম্ব স্থাং ম্বাভাাদং দমাচরেং॥ ২২॥

এই খোনিমুদ। সম্যক্রণে গুহ রাধা কর্ত্তব্য অন্ধিকারী জনকে ইহা প্রদান করা কোনজনেমই উচিত নহে। অধিক কি, জীবন কণ্ঠাগত হইলেও যাহাকে তাহাকে ইহা দান করা স্ক্রিথা অন্তুচিত ॥১০॥

এক্ষণে পরমত্বর্গ ভ যোগনিদ্ধির উপায় বর্ণন করিতেছি। ইহা যোগ-নিদ্ধ মহাস্থাদিগের পরম গোপনীয় ॥ ২০ ॥

মূলাধারচক্রে কুলকুওলিনী ত্রন্ধার রোধ পূর্বক হ্বপ্ত আছেন, প্রীওকর কুপায় ধখন সেই কুলকুওলিনী জাগরিত হন, তখন শরীরত্ব সমন্ত পদ্মই বিক্সিত হয় আর সমন্ত গ্রন্থিত্যও হইয়া থাকে ॥ ২১ ॥

স্তরাং অন্ধাবে প্রস্থ জগদীখরী কুলকুগুলিনীকে প্রবৃদ্ধ করিবার নিমিত্ত মুক্তা অভ্যাদ করা যতুদহকারে কর্ত্তব্য ॥ ২২ ॥

মুজাদশকের নাম

মহামূলা মহাবন্ধো মহাবেধশ্চ খেচরী।
ভালস্করো মূলবন্ধো বিপরীতক্বতিভ্রপা॥ ২০॥
উচ্চানক্ষৈব বজোলী দশমং শান্তিচালনম্।
ইদং হি মূল্রাদশকং মূল্রাণামূল্তমোল্তম্ম ॥ ২৪॥

মহামুদ্রা ও তংফল

মধান্তাং প্রক্ষামি তত্তেহিন্মন্মন বল্পতে।

যাং প্রাপ্য কিলাং সংগিদ্ধিং কাপলাতাঃ পুরাগ্তাং॥ ২৫॥

অপস্বোন সংগীড়ো পাদম্লেন সাদরম্।

গুরুপদেশতে। যোনিং গুদমেতা ত্রালগাম্॥ ২৬॥

সব্যং প্রসারিতং পাদং ধুদ্ধা পাণিযুগেন বৈ।

নব্ধারাণি সংখ্যা চিবুকং হদযোপরি॥ ২৭॥

মহাস্দ্রা, মহাবন্ধ মহাবেধ, খেচরী, জলন্ধর, মূলবন্ধ, বিপরীতকরণী, উড়চান, বজোলী ও শ্লিচালন, এই দশ্টি মুদাই শ্রেষ্ঠ ॥ ২০-২৪ ॥

হে প্রাণপ্রিয়ে । একণে এই তন্ত্রে মহামুদ্রা বর্ণন করিতেছি। কশিলাদি
- সিদ্ধ মহিথিগণ এই মহামুদ্রা অওঠানের ফলে পূর্ব্যকালে সমাক্ সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥ ২৫॥

শুরপদেশ অন্তসারে স্থাতে বামপদের গুল্ফ দারা শুর্দেশ ও উপদ্ধের মধ্যস্থ যোনিমণ্ডল নিপীডিত করত: দক্ষিণপদ প্রসারণ পূর্বক হত্তল-যুগল দারা অকুলিসকলের অগ্রভাগ ধারণ করিবে। তৎকালে নহদার সংহত করিয়া বদয়ের উপরি চিবুক স্থাপন করিতে হয় ॥ ২৬-২৭॥ চিল্লং চিত্তপথে দল্বা প্রারভেষায়ুদাধনম্।
মহামূলা ভবেদেরা সর্ব্বভ্রেয়ু গোপিতা ॥ ২৮ ॥
বামান্দেন সমভ্যক্ত দক্ষাক্ষেনাভাদেং পুন:।
প্রাণায়ামং সমং কৃত্বা যোগী নিয়তমানসং ॥ ২৯ ॥
মূলামেতান্ধ সংপ্রাপ্য গুকুবজ্বাৎ স্থানাভিতাম্।
স্বানে বিধিনা যোগী মন্ভালোচ্প সিধাতি ॥ ৩০
সব্বেধানেব নাড়ীনাং বিন্দুমার্ণন্।
জারণ্ম ক্ষায়ক্ত পাতকানাং বিনাশনন্॥ ৩১ ॥

এইরপ অবস্থায় চিত্ত ব্রহ্মমার্গে রাখিয়া বাসুদাধন করিতে প্রবৃত্ত হইবে। ইহার নাম মহামূজা। এই মহামূজা দমত তল্তেই ওফ রহিয়াছে॥২৮॥

এই মহামুদ্র দাধনকালে অগ্রে বামাতে ধ্বরণ করা হইবে, পশ্চাৎ সংঘত্তিতে দ্মিলাকেও ভদ্রাপ করিতে হইবে। ফলতঃ দক্ষিণদ প্রসারিত করিয়া ঘতবার প্রাণায়াম করা হয়, বামপদ প্রসারিত করিয়াও ভতবাব প্রাণায়াম করা উচিত। (পরস্তু পূরক ও রেচকের কালে গুরুপদেশত পদভাবর্জন পুরুক সমাসীন হইয়। কর্মা করিতে হইবে। ॥ ১৯॥

শুক্রপ্রম্পাথ এই অভান্তুত মুদ্রার উপদেশ লইবে। বেগগদাধনে প্রবৃত্ত ব্যক্তি ধদিও নিভান্ত তুভাগা হয়, তথাপি উক্ত বিধানে সাধন করিলে সিছে প্রাপ্ত ইইতে পারে। ৩০॥

व्यक्षिक छ है हा बाजा निविज नाष्ट्रीय हाजन ও विकृषादेश हुए। ४

ন বিদ্যু শক্ষের অর্থ ইইতেছে, শুক্র । সাধনফলে ঐ শুক্র বাম্পের আরুতি প্রাপ্ত ইইয়া উদ্ধ্য ইইয়া থাকে । ঐ বাষ্প থখন সহস্রারে প্রবিষ্ট হয়, তখন স্ত্রীসহবাসকালীন শুক্রপাতের অপেকাও অধিক আনন্দ লাভ হয়—তৎকালে বাহজ্ঞান তিরোহিত ইইয়া যায় । যিনি এই শক্তি লাভ করেন, তিনিই উদ্ধ্যেতা বলিয়া প্রসিদ্ধ । কেহু কেহু বিন্যুমারণকে বিদ্যুদারণও বলিয়া

কুগুলীতাপনং বামোর্জনক প্রবেশনম্।
সর্কারোগোপশমনং জঠরায়িবিবর্জনম্॥ ৩২॥
বপুষ: কান্তিমমলাং জরায়ুত্যবিনাশনম্।
বাঞ্চিতার্থফলং সৌখ্যমিজিয়াণাঞ্চ মারণম॥ ৩০॥
এতত্ত্জানি সর্বাণি বোগারুত্ত বোগিন:।
ভবেদভাাসতোহবক্তং নাজ কার্য্যা বিচারণ।॥ ৩৪॥
গোপনীয়া প্রয়ম্মেন মুজেয়ং স্থবপূজিতে।
যান্ত প্রাণ্য ভবামোধে: পারংগচ্ছন্তি বোগিন:॥ ৩৫॥
মূলা কামত্বা হেষা সাধকানাং ময়োদিতা।
গুপ্তাচারেণ কর্ত্ববান দেয়া বস্তা কস্তচিং॥ ৩৬॥

থাকেন। ইহা দাবা কষায় অৰ্থাৎ শৱীবস্থ কলুধীভাব নষ্ট হয় এবং নিধিল পাতক বিনষ্ট হইয়া থাকে॥ ৩১॥

ইহা **ষা**রা কুণ্ডালনী সম্ভপ্ত (ও প্রবৃদ্ধ) হইয়া বায়্ব সহিত ব্রহ্মরক্ত্রে উপস্থিত হন এবং শারীরিক পীড়াশান্তি, উদরানলবৃদ্ধি, দেহে স্থানির্মন কান্তি মৃত্যুক্তর ও বার্দ্ধকাভাব বিদ্রণ হয়; স্থিকন্ত, ইহা স্থারা যাবতীয় স্থা, বাস্থিতসিদ্ধি ও ইন্দ্রিয়সংযম হইয়া থাকে ॥ ৩২-২৩॥

আমি যে সমস্ত কল নিরূপণ করিলাম, অভ্যাস দারা যোগী ব্যক্তির এতৎসমস্তই নি:সন্দেহ হইয়া থাকে॥ ৩৪॥

হে দেবপ্জিতে। স্বত্নে এই মহামূলা গোপন রাথা উচিত। যোগিরণ ইহা লাভ করত: ভবদার্গরের প্রপারে র্মন করেন। ৩৫ এ

আমি থে এই মহামূলার উপদেশ দিলাম, ইহা সাধকবর্গের পক্ষে কামধেমুসদৃশ হইয়া নিবিল অভীষ্টফল প্রদান করে। বস্তুতঃ ইহা অতীব গোপনে সাধন করিবে; ঘাহাকে ভাহাকে ইহার উপদেশ দেওয়া কর্তব্য নহে॥ ৩৬॥

মহাবন্ধ ও তৎফল

ভতঃ প্রদারিতঃ পানো বিশ্বন্ত ভম্রপরি।
গুদবোনিং সমাবৃধ্য কথা চাপানমূর্দ্ধগম্॥ ৩৭॥
বোক্ষিত্রা সমানেন কথা প্রাণমধোম্থম্।
বন্ধয়েত্বনেহত্যর্থং প্রাণাপানে চ ষ: স্থাঃ॥ ৩৮॥
কথিতোহয়ং মহাবন্ধঃ সিদ্ধমার্গপ্রদায়কঃ।
নাড়ীজালান্তসব্যুহো মূর্দ্ধানং ষাভি ষোপিনঃ॥ ৩৯॥
উভাভ্যাং সাধয়েং পভ্যামেকৈকঃ স্প্রধত্তঃ॥ ৪০॥
ভবেদভ্যাদতো বায়ঃ স্বয়ুমামধ্যসক্তঃ।
অনেন বপুষঃ পৃষ্টিদ্ ভবিদ্ধাহন্থিপঞ্জরে॥ ৪১॥

এইরপে মহাম্দা আশ্রয়পূর্বক প্রাণায়াম করিয়া পরে সেই প্রসারিত পদ উরস্থলে স্থাপন করতঃ মূলাধার আকৃঞ্চন দারা অপান-• বায়কে উর্দ্ধগামী করিয়া নাভিপ্রদেশে সমানবায়্র সহিত একত্র করিবে এবং এই সময় প্রাণবায়কেও অধোম্থ করিয়া ঐ নাভিদেশে আনয়ন পূর্বক ঐ প্রাণ ও অপানবায়কে নাভিস্থলে সমানের সহিত বন্ধ ও কদ্ধ করিবে। (ইহার নাম মহাবন্ধ) ॥ ৩৭-৬৮॥

এই যে মহাবদ্ধ কীর্ত্তন করিলাম, ইহা দিদ্ধিমার্গপ্রদ। ইহা সাধন-ঘারা যোগিবর্গের নাড়ীপুঞ্জ হইতে বদসকল উর্দ্ধামী হয়, স্থতরাং নাড়ীর মলসমূহ বিনষ্ট হইয়া থাকে॥ ৩৯॥

পরস্ক ধোগীর কর্ত্তব্য এই ষে. এক এক পদে এক একবার মহামূদ্রা. করিয়া তদনস্কর প্রস্যারত পদ উদ্ধপরি রাখিয়া স্বত্তে এই মহাবন্ধ সাধন করিবে, (কেন না, মহাবন্ধ ভিন্ন কেবল মহামূদ্রায় কোন ফল দর্শেনা)॥ ৪০॥

এইরূপ অভ্যাদ ধারা বায়ু স্মুমার মধ্যে গমন করে। ইহা ধারা শরীরের পুষ্টি ও অন্থিপঞ্জর দৃত্বদ্ধ হয় ॥ ৪১ ॥ সংপূর্ণদ্বদয়ো যোগী ভবস্তোভানি যোগিন:।
বন্ধেনানেন ধোগীক্ষ: সাধয়েৎ সর্কামীব্দতম্ ॥ ৪২

মহাবেধ ও তৎফল

জ্ঞপান-প্রাণয়োবৈকং কৃত্বা ত্রিভ্রনেশবি।
মহাবেধস্থিতো ধোগী কৃষ্ণিমাপূর্য্য বাষুনা।
ফিচৌ সংভাডয়েৎ ধীমান বেধোহয়ং কীর্ত্তিতো মগ্না॥ ৪০॥
বেধেনানেন সংবিধ্য বাষুনা খোগিপুশ্বঃ।
গ্রন্থিং স্বযুমামার্গেণ ব্রশ্বশ্বহিং ভিনভানে ॥ ৪৪॥

এই মহাবন্ধ খাৰা বেগী পূৰ্ণাস্তঃকরণ হইরা সমগু বাঞ্চিত সিদ্ধ করিতে সমর্থ হন ॥ ৪২ ॥ ১

হে ত্রিলোকেশবি। স্থবৃদ্ধি যোগী এই প্রকারে প্রাণ ও অপানের বোগ করত: ঐ বাবুত্রয় ছার। উদরপুরণ পূর্বক মহাবেধ আশ্রম করিয়। (উদরের পার্শ্বয় যে করছরের মধ্যদেশে স্থাপিত আছে, তদ্ধার:) সেই পার্শবয় ধারে ধারে কামে সম্ভাজিত করিবে, অথবা উদরপার্শে শনৈঃ শনৈঃ চাপ দিতে থাকিবে।) ইহারই নাম মহাবেধ॥৪৩॥

ষোগিশ্রেষ্ঠ এই মহাকেধ সংকারে বায় বাবা স্বয়্ধা গ্রন্থি বিদ্ধ করিয়া তুর্ভেন্ত অক্ষাপ্তি ভেদ করিতে সমর্থ হন। (অনস্তর ইহা বারাই বিষ্ণুগ্রন্থি ও ক্রপ্রন্থি ভেদ ইইলে অবহেলে সহস্রারে কুণ্ডলিনীর ঘাতায়াত ইইতে থাকে)॥ ৪৭॥

^{*} যথন প্রদারিত পদ উরপরি স্থাপন করিবে তৎকালে গ্রানমুলা আশ্রম করত: ক্রোড়ে উরান করতলবন্ধ স্থাপন করিতে হইবে, আর ঐ করতল দারা অলপরিমাণে মূলাগার চাপিয়া রাখিবে। এইরপ করিলে অপানবায় পুনর্কার অধাগামী হইতে পারিবে না, মহামেধ করিতেও সমর্থ হইবে। এই করেকটি ঘদিও মূলে নাই বটে, কিন্তু গুরুষ্থে শুনিয়া অভ্যাস করিতে হয়।

যা করোতি সদান্ত্যাসং মহাবেধং স্থাপাপিতম্ বাষ্পিদ্ধির্ভবেজস্ত ক্রামরণনাশিনী ॥ ৪৫ ॥ চক্রমধ্যে স্থিতা দেবাঃ কম্পন্তে বাযুতাডনাং। কুপ্রদাপি মহামায়া কৈলাদে সা বিলীয়তে ॥ ৪৬ ॥

মুদ্রাত্রয়ের সবস্থকর্ত্ব্যতা

মহামূদ্রা মহাবন্ধে নিক্ষলে বেধবজ্জিতে।
তক্ষাদ্বােণী প্রথ:ত্বন কৰােতি ত্রিত্যং ক্রনাং ॥ ৪৭ ॥
এতন্ত্রয়ং প্রথত্বেন চতুর্কারং কবােতি যঃ।
বক্ষাসাভ্যস্তরে মৃত্যুং জন্মতােব ন সংশন্ধঃ ॥ ৪৮ ॥

যিনি নিতা (তিন সন্ধা, অস্ততঃ পক্ষে হই বা এক সন্ধা।) অতি গুছভাবে এই মহাবেধ আচরণ করিবেন, ঠাহার বাযুদিদ্ধি হয় এবং জ্বা ও মরণ তাঁকে আক্রমণ করিতে পারে না ১৪৫।

মহাবেধত যোগী: মূলাধার-স্বাধিষ্ঠানাদি চক্রে ব্রহ্ম, বিষ্ণু, কন্দ্র ইত্যাদি যে সমস্ত দেবতা মধিষ্ঠিত আছেন, তাঁহারা বাযু ধারা সন্তাভিত হইয়া কম্পিত হইতে থাকেন। মহামায়া কুলকুগুলিনীও প্রমশিবে বিলীন হইয়া যান ॥ ৪৬॥

মহাবেধ ভিন্ন কেবলমাত্র মহামুদা ও মহাবদ্ধের অন্তর্গন বিকল, এই জন্ম বোগী স্বত্বে ব্যাক্রমে এই তিনটিঃই সাধন করেন। এই জন্ম ইহাকে বন্ধত্রয়যোগ কহে। ইহা খণা বিধানে সাধন করিসে বৃদ্ধ বাজিও যৌবনাবস্থা ধারণ করে এবং এই বন্ধত্রয়যোগ দ্বারা মৃত্যুগ্র হইতে সমর্থ হয় ও শ্রীরে কোন পীড়া থাকে না॥ ৪৭ ॥

খিনি প্রতিদিন প্রভাতে, মধ্যা:হ্ন, সন্ধ্যাকালে ও রাজিতে এই চারি সময় এই বস্কুত্রয়েগোগ সাধন করিবেন, তিনি ষ্যাসাভ্যস্তরেই মৃত্যুঞ্র হুইতে পারিবেন সন্দেহ নাই॥ ৪৮॥ এত ত্রয়ত্ত মাহাত্ম্যং সিজো জানাতি নেতর:।

বজ্জাতা সাধকা: গর্কে সিজিং সম্যক্ লভস্তি চ ॥ ৪৯ ॥
গোপনীয়া প্রয়ত্ত্বেন সাধকৈ: সিজিমীপ্স্ভি:।

অন্তথা চ ন সিজিঃ তাামুত্তাণামেষ নিশ্যয়:॥ ৫০ ॥

থেচরীমূজা ও তৎফল

জ্রবোরন্তর্গতাং দৃষ্টিং বিধায় স্থদৃঢ়াং স্থাঃ। উপবিস্থাসনে বজে নানোপত্রব বক্ষিতঃ॥ ৫১॥ লখিকোর্দ্ধিতে গর্ত্তে রসানাং বিপরীতগাম্ সংযোজ্যেৎ প্রথত্নে স্থাকুপে বিচক্ষণঃ॥ ৫২॥

এই তিনটিদ মাহাত্ম্য দিদ্ধ ব্যক্তিই অবগত আছেন, অস্তু কেহ জোনেনা। সাধকবৰ্গ ইহা জ্ঞাত হইলে প্রমা দিদ্ধি প্রাপ্ত হইতে পারেন॥ ৪৯॥

থে সমস্ত দাধক সিদ্ধি প্রপ্রাপ্ত হইতে ইচ্ছা করেন, দ্যত্তে এই বছত্রেয়যোগ গোপনে রাখা তাঁহালের অপ্ত কর্ত্তব্য। গোপনে না করিলে নিঃসন্দেহ এই বছত্রেসিছির হানি হইবে॥ ৫০॥

বিচক্ষণ যোগী উপস্তবরহিত স্থলে বজ্ঞাসনে * বসিয়া জ্যুগলে দৃচ্রপে দৃষ্টিস্থাপন করতঃ বসনা বিপরীতগামিনী করিয়া প্রকাত গুকার (আলভিহনার) উপরিস্থ গর্ভে পরিচালন দারা স্থত্বে (জ্মধ্যস্থ) ক্মৃতকুপে সংযোজিত করিবে । ৫১-৫২ ॥

ৰ্ত্তিৰা খেচৰী প্ৰোক্তা ভক্তানামস্থ্যোধতঃ।
সিদ্ধীনাং জননী হেষা মম প্ৰাণাধিকাধিকে ॥ ৫৩ ॥
নিরম্বরক্কভাড্যাসাং পীযুষং প্রভাহং পিবেং।
ভেন বিগ্রহসিদ্ধিংশ্রাং মৃত্যুমাভদ্ধ-কেশরী ॥ ৫৪ ॥

ইহারই নাম খেচরীমূলা। † ইহা দিছির জননীম্বরণা। ভক্ত-গণের অন্নরোধে ইহা আমি প্রকাশ করিলাম ॥ ৫৩ ॥

হে প্রাণবল্পতে। এই খেচরীমূল্রাই মহতী সিদ্ধির কারণ। গেচরীমূলা নিরস্তর অভ্যাস কবিলে প্রতিদিন স্থাপান করিতে সমর্থ

ণ দেরওসংহিতায় আছে--

অমৃতকৃপ স্পর্শ করিতে হইলে জিহ্না স্থানীর্ঘ হ 5 দ্লা আবশ্রক। এই
নিমিন্ত ঘাঁহার। খেচবী মূলা সাধন করেন, তাঁহার। স্থান্ন জিহ্নার নিমৃত্বিত
শিরা কাটিয়া ফেলেন। পরে মাধম দিয়া জিহ্না দোহন করিয়া থাকেন
এবং মধ্যে মধ্যে চিমটা বা শাঁড়াসী ছারা জিহ্না টানিয়া জ্বমে বৃহদাকারে
পরিণত করেন। প্রত্যহ এই প্রকার কার্য্যের ছারা জিহ্নাকে কপালকুহরে
প্রবিষ্ট করিতে থাকিলে ছিহ্না স্থানীর্ঘ হয়; তখন খেচবী মূলা সাধন স্থাম
হইয়া থাকে।

থেচরী মূলা অভ্যাদের আরও বে দক্ষ গুণ আছে, তাহা বেরওসংহিতায় স্তর্ধীয় ।

হঠপ্রদীপিকার এ সম্বন্ধে যাহ। আছে, তাহ। দিগ দর্শনের জন্ত এম্থানে সংক্ষেপে কথিত হইল। জিহ্বার নিয়ন্থ শিরা ছেদন করিয়া মাখন দারা দোহন করিবে। তাহার পর আলাজহ্বার উপরে যে গর্জ আছে, তাহাতে জিহ্বা প্রবেশ করাইবে। কিছু দিন এইরূপ করিতে করিতে জিহ্বা দীর্ঘ হইয়া যথন জ্রর মধ্যম্বল স্পর্শ করিবে, তথনই খেচরা মুদা দিছ হইবে। মনসাপাতার আরুতির ন্থায় স্থতীক্ষ এক্র দারা ভিহ্বার নিয়ন্থ শিরা এক লোম পরিমিত কাটিয়া দিবে। তৎপরে হরীতকী ও সৈদ্ধব লবণ দারা জিহ্বা মার্জন করিতে থাকিবে—সাত দিন এই ভাবে মার্জন করিবে। ৬ মান

অপৰিত্ৰ: পৰিত্ৰো বা সৰ্বাবহাং গতোহপি বা খেচৰী ষত্ৰ ভদ্ধা ডু স ভদ্ধো নাত্ৰ সংশয়: ॥ ৫৫ ॥ ক্ৰণাৰ্দ্ধং কুৰুতে বস্তু তীৰ্ণ: পাপমহাৰ্ণবাং । দিবাভোগান প্ৰভুক্ষা চ সংকুলে স প্ৰভাৱতে ॥ ৫৬ ॥

হইতে পারে , ইহা দারা শরীর সম্পূর্ণ সিদ্ধ অর্থাৎ করামৃত্যুরহিত হয়। এইমুদ্রা মৃত্যুরূপ বারণের পক্ষে কেশরীম্বরূপ॥ ৫৪॥

সাধক পবিত্রই হউন বা অপবিত্রই হউন অথবা বে কোন অবস্থায় থাকুন, বিধানে থেচরীমূলা সাধন করিলে শুদ্ধ হইবেন সংশয় নাই॥ ৫৫॥

ষিনি ক্পার্থমাত্র এই মূতা নাধন করেন, তিনি কার্য্যক্রণ সমূত্র হইতে পার হন এবং স্থালোকে মনোহর ভোগ্যক্রব্য উপভোগ করিয়া পরজন্মে মহাবংশে জন্মগ্রহণ করেন ॥ ৫৬॥

কাল এই নিয়মে চলিলে ভিছ্নার নিয়স্থ শিবা ধ্বংস হইবে এবং জিহ্বা উন্মৃক্ত হইয়া ঘাইবে। তথন সেই স্থানীৰ্ঘ জিহ্বা থারা কপালকুহর স্পান্দ কবিতে পাবিলেই খেচরী মূলা সিদ্ধ হইবে। ধ শব্দে আকাল, জিহ্বা ও চিত্ত আকাশগামী হয় বলিয়া ইহার নাম খেচরী মূলা। খেচরী মূলার প্রভাব এক অধিক বে, যদি যুবজী নারীও আলিজন করে, তথাপি খেচরীমূলাসিদ্ধ ব্যক্তির বিন্দুপাত হয় না। জিহ্বার প্রবেশ নিবন্ধন উদ্ভূত অগ্নি বারা চন্দ্রমণ্ডল হইতে অমৃত ক্ষরণ হয়, এই অমৃতক্ষরণকেই অমর-বান্দণী বলা হইয়া থাকে। গো শব্দের অপর একটি অর্থ জিহ্বা। তালুদেশের মূলভাগে জিহ্বার প্রবেশের নাম গোমাংসভক্ষণ। যে সাধক এই অমৃত-বান্দণী ও গোমাংস ভক্ষণ করিতে লমর্থ হন, তিনিই প্রকৃত কৌল নামে অভিহিত হইবার যোগ্য। খিনি ইহা পারেন না, তিনি কুলঘাতক। যে সকল সাধক এই অমৃত-বান্দণী ও গোমাংস ভক্ষণ করিতে পারেন, তাঁহারা মহাপাভক হইতেও উদ্ধার লাভ করেন।

মুক্তৈৰা খেচরী বস্ত স্থান্থিত শিলা কৰা কৰি কৰিছে ।
শত ব্ৰহ্মাপতে নাপি কৰা ক্ষাং মহাতে ছি সং ॥ ৫৭ ॥
শুৰুপদেশতো মূলাং বাে বেন্তি খেচরীমিমাম্ ।
নানাশাপরতাে ধীমান্ শ যাতি পরমাং গতিম্ ॥ ৫৮ ।
স্প্রাণ্ডাে সদৃশাে বস্ত তথ্যে চাপি ন দীয়তে ।
প্রচ্ছােছতে প্রয়েজন মুক্তেয়ং স্বর্প্জিতে ॥ ৫৯ ॥

জালস্বৰুবন্ধ ও তৎফল

বদ্ধা গলশিরাজালং ছদয়ে চিবুকং অনেং। বন্ধা জালম্বর: প্রোক্তো দেবানামপি তুর্লভ: ॥ ৬০ নাভিম্বো বহ্নিজ্ভুনাং সহস্রক্মলচ্যুত্ম,। পিবেং পীযুধবিবরং তদর্থং বন্ধয়েদিমাম,॥ ৬১॥

ধিনি নির্দ্য হইয়া এই মূদ্রা অভ্যাসপূর্বক ইহাতে অবস্থিত, শতব্ৰহ্মার নাশকালও তিনি ক্ষণাৰ্ধ্ব বিলয়া বোধ ক্ষেন্ ॥ ৫৭

যে মতিমান্ সাধক গুরুপদেশমতে এই খেচরীমুদ্রা জ্ঞাত হইয়াছেন, তিনি যদিও মহাপাপে পাণী হন, তথাপি শ্রেষ্ঠগতি লাভ করিতে পারেন॥ ৫৮॥

হে দেববন্দিতে ! থিনি আপনার প্রাণতুল্য প্রিয়তম, তাঁহাকেও এই প্রধান যোগ দিতে পারা যায় না। যত্মসহকারে ইহা গুপ্ত রাখাই অতি কর্ত্তব্য ॥ ৫৯ ॥

(বঠনকোচ ছারা) গলপ্রদেশের শিরাসকল রোধনহকারে জদয়ে চিবুক স্থাপন করিতে হইবে। ইহাকে জালদ্ধরবন্ধ কহে। ইহা স্বর্গণেরও জুপ্রাপ্য॥ ৬০॥

(এই জালদ্ধরের উদ্দেশ্য এই যে,) প্রাণিগণের সহস্রদলপদ্ম হইতে যে স্থা করিত হয়, নাভিমগুলস্থ (সর্বসংহারক) অগ্নি তৎসমুদ্য শোষণ করিয়া থাকেন। জালদ্ধরবন্ধ করিলে (স্থাপমনের বদ্ধেনানেন পীযুষং শ্বয়ং পিবতি বৃদ্ধিমান্।
শমরত্বঞ্চ সম্প্রাপ্য মোদতে ভূবনত্তরে॥ ৬২ ॥
ভালদ্ধরো বদ্ধ এবং শিদ্ধানাং শিদ্ধিদায়কঃ।
অভ্যাসং ক্রিয়তে নিতাং বোগিনা শিদ্ধিমিচ্ছতী॥ ৬৩ ॥

मृतवद्व ७ ७१कन

শাদম্দেন সংপীতা গুদমার্গং স্বস্থিত:।
বলাদপানমাকৃষ্য ক্রমাবদ্ধং সমাচরেৎ॥ ৬৪॥
কলিতোহয়ং মূলবন্ধো জরামরপনাশন:।
অপানপ্রাণয়েবৈক্যং প্রকরোত্যধিকল্লিতম্॥ ৬৫॥
বন্ধোনেন স্বতরাং যোনিমূলা প্রসিধ্যতি।
সিদ্ধায়াং যোনিমূলায়াং কিং ন সিধ্যতি ভৃতলে॥ ৬৬।

পথরোধ নিবন্ধন) ঐ অগ্নি তাহা শোষণ করিতে পারে না : স্থতরাং এই জালন্ধরবন্ধ অভ্যাদ করা যোগীর কর্ত্তব্য ॥ ৬১ ॥

ধীমান সাধক এই জালদ্ধবৰদ্ধ আশ্রয় পূর্বক (নাভিত্ব সর্বসংহারক শগ্রিকে বঞ্চনা করিয়া) নিজেই ঐ স্লধাপান করেন এবং শমরত প্রাপ্ত ইইয়া ভূবনে আনন্দভোগ করিতে থাকেন॥ ৬২॥

সিদ্ধ ব্যক্তির পক্ষে এই জালস্করবন্ধই সিদ্ধিদায়ক। যিনি সিদ্ধিলাভ করিতে ইচ্ছা করেন, তিনি এই জালস্করবন্ধ অভ্যাস করেন॥ ৬৩॥

সংবত্ত সংয়ে পাদমূল (গুল্ফ) কর্তৃক গুত্প প্রেলশ নিপীড়িত করিয়া শক্তির সকে আনবায়কে আকর্ষণ পূর্বক ক্রমে উর্দ্ধে লইয়া বাইবে। ইহার নাম মূলবন্ধ। এই মূলবন্ধ বারা জরা ও মৃত্যুর আক্রমণ হইতে রক্ষা পাওরা যায়। এই মূলবন্ধের বলে প্রাণ ও অপানবায়্র সমতা হয়।। ৬৪-৬৫।।

कारक कारकहे थहे मृत्रद कर्जुक शिनिमुखा निक हरेत। (र

বন্ধস্যাস্থ প্রসাদেন গগনে বিজিতানিল: । পদাদনে স্থিতো ঘোগী ভ্রমুংস্কা বর্ততে ॥ ৬৭ ॥ স্থপ্তে নির্জ্জনে দেশে বন্ধমেনং সমভাদেৎ। সংসারসাগরং ভর্তুং যদীচ্ছেদ্বোগিপুদ্ধর: ॥ ৬৮ ॥

বিপরীতকরণীমূক্রা ও তৎফঙ্গ

ভূত**েল স্থাবো দন্তা** থে নয়েচ্চরণছয়ম্। বিপরীতক্ষতিকৈবা সর্বতন্ত্রেমু গোপিতা ॥ ৬৯॥

সাবক এই যোনিম্যায় সিদ্ধ হন, এই পৃথিবীতে তাঁহার কোন্ সিছি ত্লু ভ ॥ ১৬ ॥

সাধক কেবল বুন্তক দারা আকাশে উত্থিত হইতে পারেন না, পরত্ত এই মূলবন্ধের প্রসাদে পদাদনে সমাদীন হইয়া বায়ু পরাজর পূর্বক পৃথিবী পরিত্যাগ করিয়া শূলদেশে উত্থিত হইতে পারেন ॥ ৬৭ ॥

্যাগিরাক যদি সংসার-সমূদ্র পার হইতে ইচ্ছা কবেন, ভাহা হইলে তিনি অতি গোপনে বিজনস্থানে এই মূলবদ্ধ সভ্যাস করিবেন ॥ ৬৮ ॥ *

ভূতলে নিজ মন্তক বিভাগ করতঃ পাদ্যুগল উদ্ধানী করিবে। ইহাকে বিপরীতকরণী মূদা কহে। সকল তন্ত্রেই ইহা সুগুপ্ত আছে॥৬৯॥

^{*} হঠপ্রদীপিকা বলিতেছেন, মূলবন্ধ স্বভাগ দার। প্রাণ্ধান্ধ আপানবায়্র একতা সাধিত হয়। দেইজন্ম বে ধোগী মূলবন্ধে দিছিলাভ করেন, তিনি যদি বুদ্দ হন্, তথাপি তাঁহার যুবার ন্যায় সামর্থ্য থাকে। হঠপ্রদীপিকার মতে মূলবন্ধের কিছু পার্থক্য আছে, যধা—গুল্ফ দারা স্বীয় কোষ ও গুল্দেশের মধাভাগ (যোনিদেশ) পীড়ন করতঃ ওহদেশ স্দৃডভাবে আকুষ্কন করিয়া অধোদেশস্থিত অপান বায্কে উদ্ধৃত করিলেই মূলবন্ধ হইয়া থাকে।

এতাং বং কুকতে নিত্যমভ্যাসং ধামমাত্রকম্।
মৃত্যুং জয়তি স বোগী প্রানয়ে নাপি সীদতি ॥ १०॥
কুকতেইমৃতপানং স সিদ্ধানাং সমতামিয়াং।
স সিদ্ধা সর্কালোকেষ্ বন্ধামনং করোতি বং॥ १১॥
উড্ডানবন্ধ ও তংফল

নাভেক্কমধশ্চাপি তানং পশ্চিমমাচরেৎ। উড্ডানো বন্ধ এষ স্থাৎ সর্ব্বজুংখৌঘনাশনঃ॥ ৭২॥

বে সাধক প্রতিদিন এক প্রহরমাত্র এই বিপরীতকরণী মূজা জভ্যাস করেন, তিনি মৃত্যুকে জয় করেন এবং প্রসম্বাচেও তিনি অবসাদগ্রস্থ হন না ॥ १ • ॥

ৰে সাধক এই বিপরীতকরণী মূজা অভ্যাস করেন, তিনি অমৃতসেবন করিয়া সিদ্ধ পুরুষদিসের সমান হন। এমন কি, তিনিও সিদ্ধব্যক্তি বিলয়া লোকে খ্যাত হুইয়া থাকেন॥ ৭১॥ *

নাভির উদ্ধৃতাগ ও নিমুজাগ পশ্চিমতান করিবে; ইহাকেই উড্ডানবন্ধ কহে। ইহা দারা সকল কষ্ট নাশ পায় ॥ ৭২ ॥

ু হঠপ্রদীপিকায় এই বিপরীতকরণী মূজা সম্বন্ধে যাহা উপদিষ্ট হইরাছে, এম্বনে তৎদম্বন্ধে সংক্ষেপে কিছু বলা হইল। অস্ক্রান্ধিংজ্ পাঠক মূলগ্রন্থ দেখিতে পারেন।

মানবদেহের ললাটে স্থাংশুমণ্ডল এবং নাভিমণ্ডলের উর্দ্ধে স্থ্য অবছিত। ঐ স্থাংশুমণ্ডল হইতে স্থায়ীয় স্থা ক্ষরিত হয়; কিছ নাভিমণ্ডলম্ব স্থ্য ঐ স্থা পান করিয়া থাকেন। তজ্জ্জ্জ মানবদেহ বিনাশ প্রাপ্ত হয়। সতরাং স্থোর মৃথ বছ করা আবশুক। এই বিপরীতক্রণী ঘারা অর্থাং মাটীতে মন্তক এবং চরণঘয় উর্দ্ধে তুলিলে চক্র নিয়ভাগে এবং স্থা উর্দ্ধিদেশে থাকায় স্থ্য আর সেই স্থা পান করিতে সমর্থ হন না। কেন না, এই অবস্থায় নাভিদেশ উর্দ্ধভাগে এবং ললাট নিয়দেশে অবস্থিত হয়, এই হেতু এই মৃদ্রা অভ্যাদের ফলে সর্বপ্রকার ব্যাধি ধ্বংসপ্রাপ্ত হয়। উদরে পশ্চিমং তানং নাভেরদ্ধ কারস্কেং।
উড্ডানাখ্যা হ্বয়ং বদ্ধো মৃত্যুমাতদকেশরী । १৩ ॥
নিত্যং যা কুহতে যোগী চতুকারিং দিনে দিনে।
তত্ত্ব নাভেন্ত শুদ্ধিঃ ত্ব দ্বেন শুদ্ধো অবৈয়কং ॥ १৪ ॥
ব্যাসমভাসন্ বোগী মৃত্যুং ক্রমতি নিশ্চিতম্।
তত্তোদরাগ্রিদ্ধালিত রসর্দ্ধিশ্চ কারতে ॥ १৫ ॥
মনেন স্তরাং সিদ্ধিকিগ্রহত্ত প্রকারতে।
রোগাণাং সংক্রশ্চাপি যোগিনো ভবতি প্রবম্ ॥ १৩%॥

কিংবা নাভির উর্জভাগ এরণ ভাবে পশ্চিমতান করিবে বে, পেটের চর্ম্ম বেন মেরুদগুকে প্রায় স্পর্শ করে। ইহাকেও উজ্ঞানবন্ধ বলা বার। ইহা মৃত্যুরূপ কারীর পক্ষে সিংহ-স্থরুপ ॥ ১৩ ॥

খিনি প্রভাহ চারি বার করিয়া এই উড্ডানবদ্ধ করিবেন, জাঁহার নাভিশ্বদ্ধি এবং বায়ুশোধন হইবে । ৭৪॥

ছয়মাদ কাল ইহা অভ্যাদ করিলে দাধক নিশ্চয়ই মৃত্যুঞ্জয় হইয়া উঠেন; বিশেষতঃ তাঁছায় অঠরানল উদ্দীপিত হয় ও রদবৃদ্ধি হইয়া উঠে। ৭০॥

স্ত্রাং এই বন্ধ কর্তৃক সাধকের দেহসিদ্ধি ও রোপনাশ হয়, সংশর নাই॥ १৬॥

এই মৃত্যা অভ্যাদকালে সাধকের অত্যধিক আহার আবশুক; কেন না, এই সময়ে অঠরানল অত্যন্ত প্রবল হইয়াথাকে! এই সময় অল্লাহার বা অনাহার করিলে প্রবল অঠরানল সাধককে ভত্মীভূত করিয়া ফেলিতে পারে। প্রথমাবদ্বায় গুরুর শিক্ষা মত অল্লকণ মাত্র অভ্যাদ করিতে হইবে এবং ক্রমশ: সময় বর্ধিত করিবে। ক্রমাগত ৬ মাদ এই অভ্যাদ করিলে দেহের দকল প্রকার দৌষ্ঠব সাধিত হইবে। যে বোগী প্রত্যহ এই মৃত্যা এক প্রহর কাল পর্যান্ত সাধন করিতে সমর্থ হইবেন, তিনি মৃত্যুগ্রহ হইবেন।

গুরোর্ক বা ডু যত্নে সাধয়েন্ত, বিচক্ষণ:। নির্ক্তনে স্থায়িতে দেশে বন্ধং পরমত্র ভিম্॥ ৭৭॥

ब्रांकी मूजा ও उৎक्रम

বজ্রোলীং কথরিষ্যামি সংসারধ্বাস্তনাশিনীম্।
স্বভক্তের: সমাসেন গুরুদ্গুন্থত্যামপি। ৭৮॥
স্বেচ্চয়া বর্ত্তমানেশি বোগোক্তনিষ্ঠমর্বিনা।
ম্কো ভবেদ্গৃহস্বোহপি বজ্রোল্যভাাসবোগত: ॥ ৭৯॥
বজ্রোল্যভাাসবোপোহ্যং ভোগে যুক্তাহপি মৃক্তিদ:!
তত্মাদতি প্রযুক্তন কর্তুবো ধোগিভি: সদা ॥ ৮০॥
আক্ষ্যে বিদ্বাধন স্বাধীরে প্রবেশয়েং॥ ৮১॥
আক্ষ্যে লিকনালেন স্বাধীরে প্রবেশয়েং॥ ৮১॥

ৰুদ্ধিমান বোগী গুৰুর নিকটে এই প্রম্গোপ্য বন্ধের উপদেশ লাভ করিয়া, যে স্থানে মন প্রফুল হয়, সেই প্রকার বিজন স্থানে অবস্থান পূর্ক ৰত্তসহকারে এই বন্ধ অভ্যাস করিবেন । ৭০॥

সম্প্রতি স্বীয় ভক্তগণের জন্ম বজোলী মুদ্রা সংক্ষেপে বর্ণনা করিতেছি।

এই বজোলী মূলা যারা সংসারাস্ক্রকার দূর হয়। ইহা গোপ্য হইতেও
গোপ্যতম ॥ ৭০ ॥

বে বোগী কেবলমাত্র বজোলী মুদ্রা অভাগে করেন, তিনি গৃহীই হউন অথবা বোগশাস্ত্রোক্ত কোন নিয়ম পালন না করিয়া যথেচ্ছাচারে প্রবৃত্তই হউন, তথাপি মোক্ষলাভ করিতে পারেন, সংশয় নাই। ৭০।

এই বজোলী মুদ্রা অভ্যাদসময়ে যোগী ভোগাৰস্থায় থাকিলেও তাঁহার মোকলাভ হইয়া থাকে, স্তরাং বোগীদিপের দক্ষণা অতি যত্তপূর্ক এই মুদ্রা অভ্যাদ করা উচিত ॥৮০॥

বিশ্বান বোগী প্ৰথমতঃ যত্তপুৰুক লিজনাল ৰাৱা জীৰোনি-কুছর

শ্বয়ং বিন্দৃঞ্চ সংবধ্য লিজচালনমাচরেং।
দৈবাচ্চলতি চেদৃর্জে নিরুদ্ধো বোনিমৃত্যয় ॥ ৮২ ॥
বামভাগেহণি তহিন্দুং নীতা লিজং নিবারয়েং।
কণমাত্রং ধোনিভোহয়ং পুমাংশ্চালনমাচরেং॥ ৮০ ॥
শুরুপদেশতো ধোনী ছংছ্মারেণ ধোনিভ:।
অপানবাযুমাকুঞ্চা বলাদাকুত্য তত্রক:॥ ৮৪ ॥
শুনেন বিধিনা যোগী ক্ষিপ্রং ধোগত্য সিদ্ধয়ে।
গব্যভুক্ কুকতে যোগং শুরুপাদজপুজ্ক:॥ ৮৫ ॥
বিন্দৃবিধুময়ো জ্রেরো রক্ত: স্থ্যময়ন্তথা।
উভয়োর্যেলনং কার্য্যং স্বশ্বীরে প্রযুত্ত:॥ ৮৬।

হইতে বিধানমতে রক্ষ: আকর্ষণপূর্বক নিজ দেহে প্রবেশিত করিবেন।৮১।

তৎপৰে তাহাতে সীয় বীষ্য সংবদ্ধ করিয়া লিক পবিচালন। করিতে থাকিবেন; ইহার মধ্যে যছাপি ধোনিমুদ্রা কর্তৃক উর্দ্ধে নিরুদ্ধ বিন্দু থালিতপ্রায় হয়, তাহা হইলে তাহা বামভাগে ইছা নাড়ীতে চালিত করিয়া কিয়ংকণ যোনিমধ্যে লিকপরিচালন বন্ধ করিবেন। তৎপরে সেই সাধক বাক্তি গুরুপদেশ-মহুষায়ী হুংছ্কার শন্ধ-সহকারে অপান বায়ু আকুঞ্চন করিয়া শক্তিসহকারে যোনিমধ্য হইতে রক্তঃ আকর্ষণানস্তর পুনরায় লিকপরিচালন করিতে প্রবৃত্ত হইবেন। ৮২-৮০।

ষে সাধক শীঘ্র বোগসিদ্ধি ইচ্ছা করেন, তিনি গুরুপাদপদ্ম পূজাপূর্ধক প্রত্যন্ত বিধিমতে গ্রায়ত ও ত্থা-সেবন সহকারে এই বিধি অন্থায়ী যোগসাধন করিতে থাকিবেন ॥ ৮৫॥

বিন্দু চন্দ্রমান্তরণ এবং রক্ষা রবিন্ধরূপ , অতএব যত্নপূর্ব্বক নিজ শরীবে রবি-শনীর মিলন করা যোগীর কর্ত্তব্য ॥ ৮৬ ॥ खरः विस्व अः अक्तिकक्तार्यन्तः वर्षा।

त्वानिताः नाधनवकाः क्तिक्ताः वश्रुक्ता॥ ৮१॥

सवनः विस्वार्यका स्वीवनः विस्वावनाः।

क्यापिक्यवर्यन क्कर् विस्वावन्य ॥ ৮৮॥

स्वायक श्विरक नार्का विस्वा नाय नः भवः।

वक्षाया ना त्वाणी विस्वावन्य नाय नः भवः।

पक्षाया स्वायक किः न निधाकि स्वाव ।

वक्षाया स्वायक किः न निधाकि स्वाव ।

वक्षाया स्वावित्या स्वारणकान् ।

वक्षाया स्वाकि मर्द्ववाः स्वः वः वक्षाव नः विद्या ।

नः नावितः विद्यानाः स्वायवन्यानिनाम्॥ ३)।

আমি বিন্দুখরণ ও রক্ষ: শক্তিখরণ; স্বতরাং ধবন সাধক কর্তৃক ধোষীর শরীরে এইরূপ শিবশক্তির মিলন হয়, তথন তাঁহার দিব্য-শরীর হইরা থাকে। ৮৭ ॥

বিন্দৃণতন মৃত্যুর কারণ এবং বিন্দৃধারণই অমরত্বের হেতু; এই কারণে সাধকরা অতি যত্তে বিন্দৃধারণ করিয়া থাকেন॥৮৮॥

লোক বিন্দু হইতেই জন্মগ্ৰহণ করে এবং বিন্দু হইতেই মৃত্যুমুধে পতিত হয়, এ বিষয়ে বিন্দুমাত্ত সন্দেহ নাই। সাধকরা ইহা জ্ঞাত হইরা সর্বদা বিন্দুধারণ করিবেন।৮১॥

এই জগতে মহারত্বস্থা বিন্দুসিদ্ধ হইলে কি না সিদ্ধ হইল ? অর্থাৎ সকলই সিদ্ধ হইল। এই বিন্দুধারণপ্রভাবেই আমার এতদূর মহিমা হইয়াছে। >• ।

এই বিন্দৃই অরামুত্যশালী অজ্ঞানী সংসারিগণের স্থপ ও কটের কারণ অর্থাং এই বিন্দৃই তাহাদিগকে স্থযুক্ত ও ছংখময় করিতেছে। ১১॥ আরং শুভকরো যোগো বোদিনাম্ওমোত্তম:।
আভ্যাদাৎ দিছিমাপ্রোভি ভোগে যুক্তোহণি মানব:॥ ১২॥
স কালে দাখিতার্থোহণি দিছো ভবতি ভূতলে।
ভূক্তা ভোগানশেষান্ বৈ যোগেনানেন নিশ্চিতম্॥ ১৩॥
আনেন সকলা দিছির্বোগিনাং ভবতি প্রবম্।
স্থপভোগেন মহতা ভশাদেনং সমভ্যদেৎ॥ ১৪॥ *

এই সর্ব্যপ্রধান যোগ সাধকপণের পক্ষে সম্পূর্ণ মন্ত্রপ্র। মন্ত্রপ্র ভোগী ইইয়াও ধারণা ঘারা এই বিষয়ে সিদ্ধিলাভ করিতে পারেন। ১২ ॥

বোগী এই সাধনাৰলে পৃথিৱীমধ্যে নানাবিধ ভোগ্য বন্ধ ভোগ-পূর্ব্ব ক বথাসময়ে ভোগবিষয়ে পূর্ণমনোরথ হইয়াও পরে প্রমা সিদ্ধি লাভ করেন, সংশন্ধ নাই ॥ ১০॥

এই বোপসাধনপ্রভাবে বোপিসমূহ নানাস্থভোগ পূর্ব ক নিশ্চয়ই সকলা দিছি প্রাপ্ত হইতে পারেন; অভএব এই বোগ অভ্যাস করা একাস্ত কর্ম্বর ॥ ১৪ ॥

* বজ্ঞোলী মৃদ্রা সম্বন্ধ অস্ত্রান্ত তম্ম এবং ধোগীদিগের প্রতাকীকৃত অভিজ্ঞতা হইতে সার সংগ্রহ করিয়া এখানে বিছু বিবৃত হইল। পাঠক ইহাতে দেখিবেন, বজ্ঞোলী মৃদ্রাসাধনের ঘারা কিরূপ অভীষ্ট দিছ হইয়া থাকে।

খিনি বজোলী মূলা সাধন করিবেন, তাঁহার গব্য-ত্থ এবং বশীভূত। কামিনী—এই তুইটি অভ্যাবশুক। কেন না, সক্ষের পর ইন্দ্রিয়দৌর্বেল্য ঘটে, স্বভরাং তাহা দূর করিবার জন্মই তুথের প্রয়োজন, আর বশীভূতা রমনী ব্যতীত এই মূলাসাধন অসম্ভব।

বজোলী মুলাদাধনের একটি আন্দর্য্য গুণ আছে। ইহা ভোগপ্রদ হইলেও মুক্তিলায়ক। যদিও শীত-গ্রীম দিবা-রাত্রি প্রভৃতি বেমন পরস্পর বিরোধী সেইক্লপ ভোগ ও মুক্তি পরস্পরবিক্ষ। কিছু ব্রজোলী মুলায় এই উভন্নবিধই একাধারে অবস্থিত, পুক্ষ ও ন্ত্রী উভয়ের পক্ষেই বিদ্দৃ ^{দি}

अभरतानी ७ महरवानी भूजा

সহজোল্যমরোলী চ বজ্ঞোল্যা ভেদতো ভবেং। ধেন কেন প্রকারেণ বিন্ধুং ঘোগী প্রধারমেং॥ ১৫॥

সহজোলী মূলা ও অমরোলী মূলা বজ্রোলীমূলারই তেদমাত্ত : শতএব যে কোন প্রকারে বিন্দুধারণ করাই সাধকের উচিত ॥ ৯৫ ॥

খননোশুব বা খলিত হয়, থাহা হইলে গুৰুর উপদেশামুসারে যত্নের সহিত ক্রমে ক্রমে উহা উদ্ধ্য করিবেন। ইহা অভ্যাস্থাপেক।

এখন প্রাথমিক অভ্যাসের কথা বলা হইতেছে। এই মুদ্রা প্রথম অভ্যাসের সময় সীসার একটি নল আবশ্রক। লিকরন্ধে বারু সঞ্চারের ক্রা এই নল ঘারা ধীরে ধীরে বার বার ক্ষুকার দিতে হইবে। তাহার পর সীসার এমন একটি সম্ভ ভিক্লণ নল প্রস্তুত করিবে—ঘাহা অনায়াসে লিকর্দ্র দিয়া অভ্যন্তরে প্রবিপ্ত হইতে পারে। এই নল দৈর্ঘ্যে ১৪ অনুনী হওয়া আবশ্রক, ক্রমে ক্রমে এই নল লিকর্জে প্রবেশ করাইবে। প্রথম দিনেই সমগ্র প্রবেশ করাইবে না, কেন না, তাহাতে বিপত্তি ঘটিবার সম্ভাবনা। সমগ্র নলটি যথন লিকব্রে অনায়াসে প্রবিপ্ত হইবে, তথনই বৃক্তিত হইবে থে, লিকর্জ বিশুদ্ধ হইয়াছে।

এইরপে লিকরন্ধ বিশুদ্ধ হইলে এমন একটি ১৪ অপুলী দীঘ কাঁপা নল প্রস্তুত করাইবে, বাহার ১২ আপুল সরল এবং উপরের ২ আপুল বাঁকা হইবে। সরল অংশটি লিকরন্ধে প্রবিষ্ট করাইরা বাঁকা ভাগটি বাহিবে রাখিতে হইবে। ভাহার পর অর্ণ হার বেরপে সক নলের ঘারা প্রদীপে ফুংকার দিয়া অলকার নির্মাণ করে, সেইরপ নল ঐ বাঁকা নলেরম্থে প্রবেশ করাইরা ফুংকার দিরা মার্গশুদ্ধি করিবে। কেন না, মার্গশুদ্ধি না হইলে লিক ঘারা জল আকর্ষণ করা সন্তব নয়। মার্গশুদ্ধির পর লিক ঘারা জল আকর্ষণ অভ্যাদ করিতে হইবে। জল আকর্ষণে সফলকাম হইলে পুর্কে যেরপ বলা হইরাছে সেই ভাবে বিন্দুর উদ্ধাকর্ষণ মভ্যাদ করিবে। এই বিন্দু আকর্ষণই বজ্রোলী মুদার চরম অবস্থা। যে সাধক প্রাণারাম ও ধেচরী মুদ্যায় দিদ্ধিলাভ করিতে

व्ययद्वानी मूखाब छन्दरम

দৈবাচনতি চেৰেগে মেলনং চক্রসূর্ব্যয়োঃ। অমবোলিরিয়ং প্রোক্তা লিক্ষনালেন শোষয়েং॥ ১৬ ॥

বদি ত্রী-সহবাসে বেগবশত: হঠাৎ বিদ্যুখলিত হয়, ভাহা হইলে সেই মিশ্রিত রবি-শনী লিজনাল কর্ত্ব শোষণ করিয়া ত্রীয় শরীরে পুন: প্রবেশিত করিবে। ইহারই নাম অমরোলী মৃদ্রা ॥ ১৬ ॥ ৩

পাবেন, তাঁহার পক্ষে বজ্ঞোলী মূজা সাধন সহজ্ঞসাধ্য। মোট কথা, প্রাণায়া য ও খেচরী মুদ্রায় সিদ্ধিলাভ করিতে না পারিলে, বজোলী মূজা সিদ্ধ হয় না।

এই স্থানে আর একটি গুল্ বিষয় বাজ করা হইতেছে। সহবাসসময়ে অভ্যাসসাহায়ে পতনশীল রেড: আকর্ষণ করিয়া লওয়াই সক্ষত, কিন্তু ধদি ভাহা সন্তব না হয়, তবে পতনের অব্যবহিত পরেই আকর্ষণ করিয়া লইবে। আকর্ষণ করিবার সময় প্রীরক্ষণে আকর্ষণ করত: উ.র্দ্ধ রক্ষা করিবে। সাধক যদি এই কার্য্যে সফলতা লাভ করেন, তবে তিনি অবা-মৃত্যুর কবল হইতে আত্মরক্ষা করিতে সমর্থ হন। বেহেড়ু, বিন্দুধারণই জীবন এবং বিন্দুপাতেই মৃত্যু। বজ্লোলী মৃত্যার সাধককে চিনিবার একমাত্র উপায় তাঁহার পাত্রগছ। কেন না, এই সাধকের দেহ হইতে আত সদগছ বহির্গত হইয়া থাকে।

গ্রীলোকও বদি এই বজোলী মুলায় সিদ্ধ হন, তাহা হইলে তিনি যোগিনী হইয়া সকল প্রকার সিদ্ধি লাভ করেন। বে কামিনী স্বীয় যোনি আকুঞ্চন করতঃ রক্ষঃ আকর্ষণ করিয়া উদ্ধিগ করিতে পারেন, প্রকৃত পক্ষেতিনিই বোগিনীপদবাচ্যা। তাঁহার অলাধ্য কগতে কিছুই নাই। বজোলী মুদ্রালাধকের রূপলাবণ্য, শারীরিক বল অলামাত্ত হইয়া থাকে এবং দেহ বজ্ঞাপেকাও দৃঢ় হয়। তিনি বহু প্রকার পাধিব স্থপভোগ করিয়া অস্থে মোক লাভ করেন।

* হঠপ্রদীপিকাতে অমরোলী মুদ্রা সম্বন্ধে বাহ। লিখিত আছে, এই স্থানে ভাহা কিছু বিবৃত হইল। উক্ত গ্রন্থে আছে, যথন শিবাস্থ বহির্গত হয়, ভখন শিতের উৎকটত। ও নি:সারতা ভ্যাস করিয়া দোষবহিত স্থিম মধুধার। শান করা উচিত। খণ্ডকালিকা বোসি-সম্প্রদায় ইহাকেই অমরোলী

সহ**লোলী মূলার উপদেশ** পতং বিস্কৃং স্বয়ং যোগী বা**ষ্ত্রেং** বোনিমূল্যা। সহলোলিরিয়ং প্রোক্তা সর্বতন্ত্রেয়ু গোণিতা॥ ১৭ ॥

ৰজ্ঞোলী, অফ্ৰোলী ও সহ**ভোলী মূলার এক**তা ও ভদভাসের **উপায়**

সংজ্ঞাতেদান্তবেন্তেনঃ কার্যাৎ তৃলাগতির্বদি। তন্মাৎ সর্বপ্রধত্বেন সাধ্যতে বোগিভিঃ সদা॥ ১৮॥

ষোগী শতিতপ্রায় নিজ বিন্দুকে বদি যোনিমূলা কর্তৃক স্থীয় শরীরে ক্লফ করেন, তাহা হইলে তাহাকে সহজোলী মূল। বলা বার। এই সহজোলী মূলা সমস্ত তন্ত্রেই স্থপ্ত রহিরাছে ॥ ১৭॥ *

বজ্বোলী, অমবোলী ও সহজোলী মূলা, এই তিন মূলাব ভেদ নামভেদমাত্রেই ঘটিয়াছে, প্রকৃতপক্ষে এ তিনের ক্রিয়া ও গতি

মূলা বলিয়া অভিহিত করিয়া থাকেন। অমরী শব্দের অর্থ শিবাদ্। প্রত্যহ অমরী নক্ত লইয়া উহা গেবন করতঃ বস্ত্রোলী মূলা অভ্যাদ করাকেই অমবোলী মূলা বলে। ধংকালে অমবোলী মূলা দাধন করা হয়, তংকালে চান্দ্রী স্থা করিত হয়, গেই স্থা বিভৃতির সহিত মিশাইয়া নিক্ত উত্তমাকে অর্থাৎ মন্তক, ললাট, চকু, স্বন্ধ, কণ্ঠ, স্বন্ধ ও হন্ত প্রভৃতিতে ধারণ করিলে লাধক দিবানৃষ্টি লাভ করেন। তাৎপর্ব্য এই বে, অমবোলা মূলাদাধক ভূত, ভবিশ্বং ও বর্ত্তমান কালের সকল বৃত্তান্ত অন্ত্রেশে ক্ষর্গত হইতে দমর্থ হন।

* হঠবোপপ্রদীপিকার মতে দহকোলী মৃত্যা এইরূপ:—দাধক দাধনের পূর্বে গোময়ভন্ম অর্থাং ঘুটের ছাই অলে দিয়া বাধিবেন। এই ভন্মে বেন কোনরূপ মরলা না থাকে। তদনস্তর বজ্ঞোলী মৃত্যাদাধনের জন্ত জ্ঞাদহবাদের পর উভরে স্থাখে উপবেশন করিয়া পূর্বোক্ত ভন্মমিশ্রিভ অল মৃদ্ধা, কপাল, চন্দু, বক্ষা, বাছষর প্রভৃতি শোভনাকে প্রলিপ্ত করিলেই সহক্ষোলী মৃত্যা হইবে, ইহা বোগীদিগের অভ্যন্ত শ্রহার বস্তু।

শবং বোগো ময়া প্রোক্তো ভকানাং স্নেহতঃ পরম।
গোপনীয়ঃ প্রযত্মেন ন দেয়ো যত্ত কত্তচিং ॥ ১০ ॥
এতদ্প্রহতমং গুরুং ন ভূতং ন ভবিগ্রতি।
ভশাদতিপ্রবন্ধেন গোপনীয়ং দদা বুদ্ধি:॥ ১০০ ॥
অম্জোৎসর্গকালে বো বলাদাকৃত্য বায়ুনা।
ভোকং ভোকং ভালেম, অম্জ্মাকৃত্র তং পু: ॥ ১০১ ॥
গুরুপদিষ্টমার্নেণ প্রত্যহং হং সমাচরেং।
বিন্দুসিদ্ধির্ভবন্তেত্ত মহাসিদ্ধিপ্রদায়িকা ॥ ১০২ ॥
ব্যাসমভ্যদেদ্ যো বৈ প্রভাহং গুরুশিক্ষয়া।
শভাদনোপভোগেহপি তত্ত বিন্দুর্ন নশ্রতি ॥ ১০০ ॥

সমান। **এই** কারণে সাধকরা দর্বপ্রথত্বে সকল সময়েই এই ম্রাক্তিত্বের কিংবা তাহার মধ্যে একতমের সাধন করিয়া থাকেন॥ ১৮॥

আমি ভক্তসমূহের প্রতি পরমঙ্গেহনিবন্ধনই তোমার নিকট এই যোগ কহিলাম; পরস্ক ইহা যত্নপূর্বক গোপন করাই উচিত . ধে কোন গ্রন্তিকে ইহার উপদেশ দেওয়া কর্ত্তব্য নহে॥ ১১॥

এই দাধনা অত্যন্ত গুহু, ইহার স্থায় গুহুতম বোগ আর হয় নাই এবং হইবেও না; অতএব ধীমান্দিগের কর্ত্তব্য এই বে, অতীব যত্ন পূর্ব্বক ইহা গোশন করিয়া রাবেন ॥ ১০০ ॥

(এই মুদ্রাত্তম্ব অভ্যাদের আর এক উপায় বিহিত হইতেছে।)—
নিজ মুত্রভাগকালে সাধ্যমতে অপানবায় বারা ঐ মৃত্র টানিয়া লইয়া অল্লে
অল্লে ভ্যাপ করিতে হইবে এবং পুনরায় উহা উর্দ্ধে আকর্ষণ করিয়।
লইবেন। বে সাধক গুরুপদেশ অনুসারে প্রভাহ এই প্রকার সাধন
করিবেন, ভাঁহার ক্রুমে ক্রুমে বিন্দুসিদ্ধি হইবে এবং ভদ্ধারা তাহাত্ত্বাদ্ধিও হইয়া উঠিবে॥ ১০১-১০২॥

विनि अजनातम अञ्चात्रो इत्रमानकान रेननिक अहेजन अक्तान

সিদ্ধে বিন্দৌ মহারত্বে কিং ন সিধ্যতি ভৃত্তলে ॥ ঈশব্ধং বংপ্রসালেন মমাপি তুর্গভং ভবেং ॥ ১০৪ ॥

শক্তিচালনমূজা ও তৎফল

আধারকমলে স্থাং চালয়েৎ কুণ্ডলীং দৃঢ়াম্। অপানবায়্মারুছ বলাদাক্তা বৃদ্ধিমান্। শক্তিচালনমুদ্রেয়ং সর্বাশক্তিপ্রদায়িনী॥ ১০৫॥

করিবেন, শত শত স্ত্রী সহবাদেও তাঁহার বিন্দুপাত হইবে না । ১০০। মহারত্বস্থা এই বিন্দুগিদ্ধি হইলে ভূমওলমধ্যে কি না সিদ্ধ ইইল ?

এই বিশুগিদ্ধিপ্রভাবেই আমারও এই অন্**সত্তভ ইবর্দ্ধা**ভ হইরাছে ১০৪॥

মৃলাধারপদ্ম কুগুলিনীশক্তি দ দৃত্রপে স্বয়স্থ্লিক বেষ্টন পূর্বেক নিজ।
বাইতেছেন। ধীমান্ যোগী অপানবায়্ব সহবোগে সবলে এই কুগুলিনী দেবীকে আকর্ষণ করিয়। উ.র্জ চালিত করিবেন; ইহাকে শক্তিচালনমূল।
কহে। ইহা বারা সকল শক্তি লাভ হয় ॥ ১০৫ ॥

* হঠবোগপ্রদাপে কুলকুগুলিনীর বিষয় ঘাহ। কবিত আছে, তাহা এখনে লিখিত হইল। সর্প কুওলী পাকাইয়। অবস্থিত হইলে বেরপ দেখিতে হয়, কুলকুগুলিনী ঠিক তদ্রপ অর্থাং কুলকুগুলিনী সর্পের স্থায় কুগুলী পাকাইয়া আছেন। যে লাধক এই শক্তিকে পরিচালিত ও উথাপিত করিতে সমর্থ হন, তিনিই মুক্তপুরুষ। গলা (ইড়ানাড়ী) ও যম্নার (পিললা নাড়া) মধ্যভাগে বালরগু। (বালবিধবা) অর্থাং ইড়াপিললার মধ্যন্তিত ক্ষুয়া নাড়ীয় ঘারে অবস্থিত পরম্পান বিরহিণী কুগুলিনী শক্তিকে বলাংকার ঘারা অর্থাং বলপুর্বাক গ্রহণ কয়িয়া লইতে পারিলেই মুক্তিলাভ করা যায়। প্রকৃত অর্থ এই যে, যে লাখক বল ঘারা অর্থাং লাখনবলে ম্লাধারন্থিত কুগুলিনীকে জাগাইয়া পরম্পিতে স্থা করিছে লম্ম্ হল, তিনিই মুক্তিলাভ করেন।

শক্তিচালনমেত্দি প্রত্যহং যং সমাচরেৎ।
আয়ুর দ্বিত্তবৈত্ত রোপাণাক বিনাশনম্ । ১ • ৬ ॥
বিহায় নিজাং ভূকগী স্বয়মূদ্ধে ভবেৎ ধলু।
ভক্ষাদভ্যাসনং কার্য্যং ঘোগিনা দিদ্ধিমিচ্ছতা । ১ ০ ৭ ॥
যং করোতি সদাভ্যাসং শক্তিচালনমূভ্যম্।
বেন বিগ্রহদিদ্ধিং আদ্বিমাদিগুপপ্রদা।
ভক্ষপদেশবিধিনা তত্ত মৃত্যুভরং কৃতঃ ॥ ১ ০ ৮ ॥

যে যোগী দৈনিক এইরপে শক্তিচালন অভ্যাস করিবেন, তাঁহার পরমায়ু বৃদ্ধি হইবে এবং কদাচ শরীরে ব্যাধির সঞ্চার থাকিবে না॥১০৬॥

এই মুদ্রাবলে দেবী কুলকুগুলিনী নিজা ত্যাগপুর্বক নিজে উর্দ্ধ-গামিনী হন। অভএব যে সাধক সিদ্ধি প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, তাঁহার এই শক্তিনালনমুদ্রা সাধন করা একান্ত আবশ্রক। ১০৭॥

বে সাধক সর্কাণ গুরুপদেশ অন্থায়ী এই সর্ক্রপ্রেষ্ঠতম শক্তি চালন্
মূলা সাধন করেন, তাঁধার বিগ্রহদিছি হয় অর্থাৎ শরীর অঞ্জয় ও
অমর হইয়া থাকে; হতংগং তাঁহার আর মৃত্যুভয় থাকে না;
বিশেষতঃ তিনি অণিমা, লঘিমা ইত্যাদি অক্টেম্ব্যা লাভ করিতে
পারেন ॥ ১০০ ॥

লোক চাবে বারা বেরপ সবলে বার খুলিয়া থাকে, হঠবোগ অভ্যাসের বারা সেইরপ কুগুলিনীশক্তি পরিচালনা বারা মোক্ষরের উন্মোচন করেন। বে পথ দিয়া ব্রহ্মলোক যাওয়া যায়. সেই পথ পরমেশ্বর্গ কু গালনী স্বীয় মৃথ বারা আবৃত রাখিয়া নিজিতা আছেন। ইনি বোগিগণকে মৃত্ত দিবার জন্ত এবং অজ্ঞানদিগের বন্ধনের নিমিন্ত এই ভাবে অবস্থিত আছেন। বে সাধক কুগুলিনীকে অবগত হইতে পারেন, তিনিই প্রকৃত যোগী।

মৃত্ব্ৰন্থপৰ্যতাং বিধিনা শক্তিচালনম্।

বং কৰাতি প্ৰবড়েন ততা সিন্ধিন দ্বত:।

মৃক্তাসনেন কৰ্ত্তব্যং ৰোগিভিঃ শক্তিচালনম্॥ ১০০॥

এতত্ত্বমূদ্ৰাদশকং ন ভূতং ন ভৰিয়তি॥

একৈকাভ্যাগনে গিদ্ধিঃ সিন্ধো ভৰতি নাম্ৰথা॥ ১১০॥

ইভি শ্ৰীশিবসংহিভারাং বোগশান্তে মূত্রাকখনে চতুর্ব: পটল: ॥ ৪ ॥

বে সাধক প্রতিদিন মৃত্র্ব্রকাল পর্যন্ত বন্ধপুর্ব্বক বিধিমতে শক্তি-চালন করিবেন, তাঁহার সিদ্ধি করায়ন্ত হুইবে। আরও, উপযুক্ত আসনে আর্থাৎ সিদ্ধাসনে বা বল্লাসনে উপবিষ্ট হুইরা এই মূলা সাধন করিতে হুইবে ॥ ১ • ৯ ।

এই বে দশটি মূলা বলিলাম, ইহার তুলা উত্তম মূলা আৰ হয় নাই, ছইবেও না। এই মূলাদশকের অক্সতম একটিমাত্র মূলা বারাই দিছি-লাভ হইতে পারে: স্থতরাং ইহা বারা বোগী বে পূর্ণদিছ হইবেন, সে বিৰয়ে বিন্দুমাত্র সংশয় নাই ॥ ১১০॥

পঞ্চম-পটলঃ

দেৰীর প্রশ্নে যোগবিদ্ন বর্ণন শ্রীদেব্যুবাচ

ক্ৰছি মে ৰাক্যমীশান পৰমাৰ্থধিয়ং প্ৰতি। বে ৰিল্লা: দন্তি লোকানাং চেনন্ধি প্ৰেম শহৰ ॥ ১॥

> ভোগরূপ বিদ্ন শ্রীঈশর উবাচ

শূণু দেৰি প্ৰবক্ষ্যামি যথা বিদ্বাঃ স্থিতাঃ সদা।
মৃক্তিং প্ৰতি নৰাণাঞ্চ ভোগঃ প্ৰমবন্ধকঃ ॥ ২ ॥
নাৰী শধ্যাসনং বস্ত্ৰং ধনমস্ত বিড়ম্বনম্।
তামুলং ভক্ষ্যানানি বাজেমধ্যবিভৃত্যঃ ॥ ৩ ॥

দেবী বলিলেন, হে ঈশান! হে শস্তো! আমার প্রতি ধদি আপনার স্নেহ থাকে, তাহা হইলে প্রমার্থজ্ঞান বিষয়ে জীবের ধে সকল বাধা ঘটিতে পারে, তাহা আমার নিকট বলুন॥১॥

ঈশ্ব কহিলেন, হে দেবি ! মৃক্তিলাভবিবয়ে মস্ক্রের বে সকল বাধা প্রায়ই উপস্থিত হয়, তাহা কহিতেছি, অবধান কর। এই বাধাসমূহের মধ্যে বিষয়ভোগই মুক্তিপথের প্রধান অন্তরায় ॥ ২ ॥

বিশেষতঃ ত্রী-সম্ভোগ, উত্তম শহ্যা, মনোহর আসন, স্থার বন্ধ ও অর্থসঞ্চয়, এই সকল মৃক্তিপথের বিজ্বনামাত্র। পান, ডক্ষ্যভোজ্যানি, বান (শকটশিবিকানি), রাজ্য, ঐশ্বর্যা (প্রভূত্ব), বিভূতি, স্বর্ণ, রঞ্জত, ভাষ্ত্র, রত্ব, গছত্রব্য, গো, পাণ্ডিত্য, বেদপাঠাদি, নৃত্য, গীত, অলকার, বংশী, বীণা, মৃদশ্ব, হন্তী, অশ্ব, উট্ট প্রভৃতি বাহন, দারা, অপত্য হেম রূপাং তথা ভাষং রত্নগাঞ্জনখেনবং।
শাভিত্যং বেদশাস্ত্রাণি নৃত্যং গীভং বিভ্ৰণম্ ॥ ৪ ॥
বংশী বীণা মৃদকশ্চ গজেন্দ্রভাগবাহনম্ ॥ ৫ ॥
দারাশত্যানি বিষয়া বিছা এতে প্রকীর্ভিতাং।
ভোগরূপা ইমে বিছা ধর্মরূপানিমান্ শৃণু ॥ ৬ ॥

ধর্মরূপ বিদ্ন

স্থানং প্ৰাতিধিহোঁ মন্তথা দৌখ্যমন্ত্ৰী স্থিতি:।
ব্ৰতোপবাসনিয়মা মৌনমিন্দ্ৰিয়নিগ্ৰহ: ॥ १ ॥
ধ্যেয়ো ধ্যানং তথা মন্ত্ৰো দানং খ্যাতিদ্দিশাস্থ চ।
বাপীকুপতড়াগাদিপ্ৰাপাদাবামকল্পনা ॥ ৮ ॥
ধ্ৰুং চাক্ৰায়ণং কুছুং তীৰ্থানি বিষয়াণি চ।
দৃশ্যন্তে চ ইমা বিল্লা ধ্ৰ্মক্ৰপেণ সংস্থিতা ॥ ১ ॥

প্রভৃতি সংসার, বিষয়কর্ম, এতংসমৃদায় মৃক্তিপথের বাধা বলিয়া কথিত আছে। পরস্ক এ সকল ভোগরূপ আপদ্। অতঃপর ধর্মরূপ বিদ্ন নিরূপণ করিতেছি, শ্রবণ কর॥ ৩—৬॥

প্রাতঃম্বানাদি বেদনিদিট ম্বান, প্রভাধিক্য, অনবরত অতিথিসেবা, অগ্নিতে হোম, সৌধ্যমন্ত্রী দ্বিতি অর্থাৎ বিণাদিতা, ব্রত, উপবাস, নিরমধারণ, মৌন (বাগিন্দ্রিয়নিগ্রহ), ধ্যেয়তা, স্থল্ধ্যান, মন্ত্রপাদি, মান, সর্বত্র থ্যাতি, বাপী, কুপ, তড়াগ, সরোবর, প্রাদাদ, উন্থান, কেলিয়ান ইত্যাদি নির্মাণ বা নিম্বাণক্ষনা, বজ, চান্দ্রায়ণ্বত, ক্রফ্রব্রত, তীর্থপিগ্রটন ও বিষয়পর্যালোচন, এ সকল ধর্মবিদ্ধরণে বিরাশ্যান আছে । ৭-১।

জ্ঞানরূপ বিদ্ন

যতু বিদ্নং ভবেজ্জানং কথগামি ববাননে।
গোম্থাভাসনং কৃষা ধৌতী প্রকালনং বদেং॥ ১০॥
নাড়ীশকারবিজ্ঞানং প্রত্যাহারনিরোধনম্।
কৃষ্ণিগঞ্চালনং ক্ষীয়প্রবেশ ইন্দ্রিয়াধনা॥ ১১॥

ভোজনরপ বিঘ

নাডীকর্মণি কল্যাণি ভোজনং শ্রন্ধতাং মম ॥ ১২ ॥ নবং ধাতৃরসং ছিন্দি ঘণ্টিকান্তাড়য়েৎ পুনঃ ॥ ১৩ ॥

হে বরাননে! মৃক্তিবিষয়ে যে সমস্ত জ্ঞানরূপী বিছ সঞ্চারিত হয়, তাহাও বলিতেছি। গোম্পাদন প্রভৃতি দ যে কোম আদল করিয়া ধৌতী ধোগ কর্ত্তক নাড়ীপ্রকালনে প্রবৃত্ত হওয়া, নাড়ী-সঞ্চার-কাল অর্থাং বিদপ্ততি সহস্র নাড়ীর মধ্যে কোথায় কোন্নাড়ী আছে, ভদ্ধ তাহারই অফ্লেক্কান, প্রভ্যাহার করিবার উদ্দেশে চক্ষ্য, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়রোধ ও লৌহশুঝল বাবা লিক্সক্ষন বা লৌহকণ্টকালি কর্তৃক লোচন বা লিক্সবিদ্ধনকরণ, বায়ুচালনার উদ্দেশে কৃষ্ণিসঞ্চালন, উপস্থাদি স্বারা হৃষ্ণণান ও নাড়ীকর্ম অর্থাং বায়ু হারা কেবলই নাড়ী ধৌতকরণ, এতংসম্দার জ্ঞানরূপ বিল্ল বলিয়া কানিবে ॥ ১০-১১ ॥

হে কলাণি! সম্প্রতি থাত্তরূপ বিদ্ন কহিতেছি, শ্রবণ কর। ধাহাতে শরীরে নবরসের সঞ্চার হয়, এ প্রকার বস্তুভোগ ত্যাগ করিবে অর্থাৎ বসবৃদ্ধিকর বস্তু বিদ্লম্বরূপ, কেন না, তদ্বারা জিল্পামূল ক্ষাতি হয় ও তাহাতে বেদনাবোধ হইয়া থাকে; কাজেই বোগদাধনে বিদ্লঘটে॥১২-১৩॥

^{*} গোম্থাদন সম্বন্ধে হঠযোগপ্রদীপিকায় বণিত আছে যে, পৃষ্ঠদেশের বামভাগে কটির নিম্নবেশে বামপদের গোড়ালি নিয়োঞ্জিত করিলেই গোম্ধবং হুইবে, এইভাবে উপবেশনের নাম গোম্থাদন।

এককালে সমাধির উপায়

একবালং সমাধি: স্তান্তিকভূতমিদং শৃণু।
সক্ষমং গচ্ছ সাধ্নাং সকোচং ভক্ত ভূজনাং।
প্রবেশে নির্গমে বারোগুরুলক্ষাং বিলোকরেং॥ ১৪ ॥
শিশুষং রূপদংস্কুঞ্চ রূপদ্ধং রূপবর্জ্জিতমু।
বিদ্যান্তি ॥ ১৫ ॥
ইত্যেতে কথিতা বিদ্যান্তানরূপে ব্যবস্থিতাঃ॥ ১৬ ॥

চতুর্বিধ বোগ ও চতুর্বিধ সাধক এবং বোগচতুইয়বর্ণন মন্ত্রবোগে। হঠকৈব লয়বোগন্ত,তীয়ত:। চলুক্র্বা বাজবোগঃ স্থাৎ দ বিধাভাববজ্জিত:॥ ১৭॥

সম্প্রতি কি প্রকারে এককালে সমাধি হয়, তাহার বীজ অর্থাৎ মূলকারণ বলিতেছি, শ্রবণ কর। সর্বাগা সাধুসজ কর; ছুর্জন-সহবাদে বিরত হও; বায়ুর প্রবেশ ও নির্গমকালে গুরুপদিষ্ট লক্ষ্যে দৃষ্টি রাধ॥ ১৪॥

বিনি পিওস্থ অর্থাং শরীরস্থ, বিনি রূপের আধার ও বিনি রূপেও অবস্থিতি করিভেচেন অথচ যিনি রূপশৃষ্ণ, তিনিই ব্রহ্ম; তাঁহাতে অবস্থান করাই মরণাবস্থা বা সমাধি; এই অবস্থাতেই হৃদর প্রশাস্ত হয়। (ইহাই ব্রহ্মপিষ্ট লক্ষা) ॥ ১৫॥

এই স্থামি ত্রৎসমীপে জ্ঞানরূপ বাধাসকল কহিলাম। ১৬॥ যোগ প্রধানতঃ চারিপ্রকার —প্রথম মন্ত্রযোগ, দ্বিতীয় হঠবোগ, ভৃতীয় লয়বোগ ও চতুর্ব রাজবোগ। এই শেষক্ষতি রাজবোগে দৈত ভাব

থাকে না অর্থাং সে সময়ে সমাধিনিবন্ধন জ্ঞান, জ্ঞের ও জ্ঞাডা, এই তিনটিই সমভাবাপর হইয়া পরমান্ধমাত্র অবশিষ্ট থাকে ॥ ১৭ ॥

শাধকচতু ইয়বর্ণন

চতুর্ধা লাধকো জ্বেরো মৃত্মধ্যাধিমাত্রক:। অভিযাত্ততম: প্রেপ্তো ভবারের্ন লক্ষম:॥ ১৮॥

মৃত্যাধকের লক্ষণ ও অধিকার

যন্দোৎসাহী স্থসংমৃঢ়ো ব্যাধিষো গুকদ্যক:।
লোভী পাশমন্তিকৈ বহুবাশী বনিতাপ্রয়: ॥ ১৯॥
চপল: কাতবো বোগী পরাধীনোহতিনিষ্ঠ্য:।
সন্দাচারো মন্দ্বীর্ব্যো জাতব্যো মৃত্সাধক:॥ ২০॥
ঘাদশান্দে ভবেৎ সিদ্ধিরেতক্ত বত্নত: পরম।
মন্দ্রবোগাধিকারী ন জাতব্যো গুরুণা প্রবম্॥ ২১॥

যোগ বেরপ চতুর্বিধ, যোগীও সেই প্রকার চতুর্বিধ, যথা—মৃছ-দাধক, মধ্যদাধক, অধিমাত্রদাধক ও অধিমাত্রতমদাধক। এই চতুর্বিধ বোপীর মধ্যে অধিমাত্রতম দাধকই দর্বপ্রধান এবং শীব্র দংলারদাপর্শক্তানে দম্পূর্ণ ক্ষমতাবার ॥ ১৮ ॥

মৃত্-নাধক-লক্ষণ, ৰথা:—বিনি মন্দোৎসাহী অৰ্থাৎ সামান্ত উৎসাহ-বিশিষ্ট, স্থান্দ্ অৰ্থাৎ বৃদ্ধিপূক্ত, বোগগ্ৰন্ত, গুৰুদ্ধক (বিনি গুৰুদ্ধ কাৰ্য্যাদিতে লোষায়োপ বা গুৰুনিন্দা করেন), লোজী, পাপকাৰ্য্যে আৰুট, বহুডোজনশীল, রমণীজিত, চঞ্চল, পরিপ্রামে কাতর, কপ্পদেহ, পরাধীন, অতিনির্দ্ধিয়, কুৎসিতবীধ্য, তাঁহাকেই মৃত্দাধক বলিয়া শ্বির করা বাম ॥ ১৯-২০॥

পরস্থ বিনি শুরুপদে অভিষিক্ত, তাঁহার জ্ঞাত থাকা কর্তব্য যে, এই বৃদ্ বোগী মন্ত্রবাগেরই অধিকারী; স্বতরাং এরপ শিল্পকে কেবল মন্ত্রোগ দান করাই কর্তব্য ॥ ২১ ॥

সমবৃদ্ধি: ক্ষাযুক্ত: পুণ্যাকাজ্জী প্রিয়ংবদ:।
মধ্যস্থ: সর্বকার্যোয়ু সামান্ত: স্থান্ন সংশন্ত: ॥ ২২ ॥
এতক্জাবৈত্ব গুরুতিদীয়তে যুক্তিতো নয়: ॥ ২২ ॥

অধিমাত্ৰ সাধকের লক্ষণ ও অধিকাৰ

শ্বিবৃদ্ধিদ য়ে যুক্ত: স্বাধীনো বীৰ্য্যবানপি ॥ ২৪ ॥
মহাশরো দয়াযুক্ত: ক্ষমাবান্ সত্যবানপি ।
শ্বো দয়স্ত শ্রদ্ধাবান্ গুরুপাদাক্তপ্তক: ।
বোগাভ্যাদরত শৈব জ্ঞাতব্যশ্চাধিমাত্রক: ॥ ২৫ ॥
এতক্স দিদ্ধি: ষড় ববৈর্ত্বদেভ্যাদ্যোগত: ।
এতক্ম দীয়তে ধীরেইঠবোগশ্চ দাক্তঃ ॥ ২৬ ॥

মধ্যসাধকলকণ, যথা:—ঘিনি সমবৃদ্ধি (যাঁহার জ্ঞান তাদৃশ প্রথরও নহে, ডাদৃশ মৃত্ও নহে), ঘিনি ক্ষাবান্, যিনি পুণাপ্রার্থী, যিনি মিইভাষী ও ঘিনি কোন কর্মেই লিপ্ত নহেন, তাঁহাকেই সামাক্ত সাধক বা মধ্যসাধক বলা যার॥ ২১॥

পরীকা বারা জ্ঞাত হইরা যুক্তি অন্তবায়ী এক্কপ ব্যক্তিকে লয়বোগ প্রামান করা গুরুর কর্ত্তব্য॥২০॥

অধিমাত্র নাধকের লক্ষণ, যথা:— যিনি ধীববৃদ্ধি, লয়নাধনে নিরত, স্বাধীন, বীধ্যবান, মহাশয়, দয়াবান, কমাশীল, সভ্যানিষ্ঠ, শৌধ্যবিশিষ্ট, লয়যোগে আদ্ধাযুক্ত, গুরুপাদপদ্ম-পূ্রাপরায়ণ ও বোগাভ্যাসে সর্বাদাই নিরত, এরপ লোককে অধিমাত্র সাধক বলা যায়। ১৪-২৫।

এরপ ব্যক্তি অভ্যান করিলে ছয় বংনরমধ্যে সিদ্ধি প্রাপ্ত হইতে পারেন। এরপ শিশুকে সান্ধোপান্ধ হঠবোগ দান করা ধীমান্ গুরুর কর্ম্মব্য ॥ ২৬ ॥ অধিমাত্রতম সাধকের লক্ষণ ও অধিকার
মহাবীর্যাবিতোৎসাহী মনোজ্ঞ: শৌর্যাবানিপি।
শাস্ত্রজ্ঞোহভাগেনীলক্ষ নির্মোহক্ষ নিরাকুল: ॥ ২৭ ॥
নববৌবনসম্পন্নো মিতাহারী জিতেন্দ্রিয়: ॥ ২৮ ॥
নার্বাবিনার উচিদ ক্ষো দাভা সর্বজনাশ্রয়: ॥ ২৮ ॥
অধিকারী স্থিরো ধীমান্ বথেচ্ছাবস্থিত: ক্ষমী।
স্থীলো ধর্মাচারী চ গুপ্তচেই: প্রিয়ংবদ: ॥ ২৯ ॥
শাস্তো বিশ্বাসসম্পন্নো দেবতাগুরুপুজ্ক: ।
অনদন্ধবিরক্জক মহাবাাধিবিবজ্জিত: ॥ ৩৩ ॥
অধিমাত্রো ব্রতজ্ঞক সর্ব্যোগত্র সাধক: ।
ত্রিভি: সংবৎসবৈ: সিদ্ধিরেতত্র স্তাৎ ন সংশয়: ॥ ৩১ ॥
সর্ব্যোগাধিকারী স নাত্র কার্যা বিচারণা॥ ৩২ ॥

অধিমাত্রতম দাধকের লক্ষণ, বথা: — যিনি মহাবীর্ঘ্য, মহোৎদাহদম্পদ্ধ, মনোহর, শৌর্ঘ্যনান্, শান্ত্রজ্ঞ, অভ্যাদনীল, মোহশূল্ঞ, নিরাকুল, নবংবীবন-দম্পন্ন, মিতাহারী, জিতেন্দ্রিয়, ভয়্মশূল্ঞ, শুদ্ধাচার, স্থাক্ষ, দাতা, দর্বজীবের প্রতি অমুকুল, দর্ববিষয়ে অধিকারী, স্থিরচিন্ত, বুদ্ধিমান্, বংগছে-স্থানাবস্থিত, ক্ষমা গুণবিশিষ্ট, স্থানীল, ধর্মনিষ্ঠ, গুপ্তচেষ্ট, প্রিয়ংবদ, শান্ত, বিশ্বাসসম্পন্ন, দেবগুরুপুজা-পরায়ণ, জনসম্বিরক্ত, মহাব্যাধিশূল্ঞ, অধিমাত্র মর্থাৎ দকল বিষয়েই সকলের অপ্রসর এবং ব্রভ্জ্ঞ, দেই দাধককে অধিমাত্রতম দাধক কহে। ইনি দর্ব্বাসেদাধনেই দমর্থ। এ প্রকার দাধক তিন বংসর মধ্যেই দিদ্ধিলাভ করিয়া থাকেন, তাহাতে সন্দেহ নাই॥ ২৭-৩১॥

এরপ সাধক নিধিল ঘোগেরই অধিকারী, এ বিষয়ে কোনরূপ বিচারেরই প্রয়োজন নাই॥ ৩২॥

প্রতীকোশাসনা ও তংগদ

প্রতীকোপাসনা কার্য্যা দৃষ্টাদৃষ্টক্সপ্রদা। পুনাতি দর্শনাদত্ত নাত্র কার্য্যা বিচারণা। ৩০। গাঢ়াত্তপে স্বপ্রতিবিষ্টেশ্বরং,

নিরীক্য নিকালিতলোচনৎয়ম্। বদা নভঃ পশুতি স্বপ্রতীকং,

নভোহদনে তৎক্ষণমের পশ্রতি॥ ৩৪ প্রত্যহং পশ্রতে বো বৈ স্বপ্রতীকং নভোহদনে। সার্ক্ দ্বির্তবেশুত্র ন মৃত্যুঃ স্তাৎ কদাচন॥ ৩৫॥

প্রতীকোশাসনা করা বোগীর অবস্থ উচিত। এই প্রতীকোপাসনা কর্তৃক দৃষ্ট অদৃষ্ট উভয়প্রকার ফল প্রাপ্ত হওয়া বায়। এই ছারাপুকর দর্শনমাত্রেই দেহ পরিত্র হয়, এ বিষয়ে বিস্কুমাত্র সংশয় নাই॥ ৩৩॥

গাঢ় আতপে (বাষ্প বা মেঘপরিশ্রু দিবসে স্থনির্মান রোজে)
নিক্ষলকক স্থাকিরণসন্ত্ত খীয় ছায়া দর্শনপূর্বক আকাশে দৃষ্টিপাত
করিলেই তৎক্ষণাৎ সেই আকাশে স্থপ্তীক অর্থাৎ ছাম্মাপুক্ষ দৃষ্ট
ছইবে ॥ ৩৪ ॥ ১

বে দাধক প্রত্যহ আকাশপ্রাদণে স্বপ্রতীক দর্শন করেন, ভাঁহার পরমায় বৃদ্ধি হয় এবং তিনি কখনই মৃত্যুমুখে পতিত হন না। ৩৫।

^{*} ছায়াপুরুষ দর্শনের উপায় এই বে, স্ব্যিকে পশ্চাছ্ভাপে রাধিরা দ্রামান হইবে, তাহার পর নিজ ছায়ার গলদেশ দেখিতে থাকিবে, মিনিট কয়েক এই ভাবে অবস্থিতির পর আকাশের দিকে দৃষ্টি নিবদ্ধ করিলেই ছায়াপুরুষ দেখিতে পাওয়। যাইবে। প্রস্কৃট ছায়ালোক এবং প্রদীপের উজ্জল আলোকেও ছায়াপুরুষ দর্শন অসভ্য নহে! ভবে এ স্থলে বক্তব্য এই বে, এই সময় যেন চক্র পদ্ধব না পড়ে, এক দৃষ্টিতেই চাছিয়া থাকিতে ছইবে।

বদা পশুভি সম্পূর্ণং স্থপ্রতীকং নভোহ্মনে।
ভদা বহুং নমারাভি বাহুং নিজ্জিতা সঞ্চরেং ॥ ৩৬ ॥
যং করোভি সদাভাসেং চাম্মানং বিদ্দতে পরস্থ।
পূর্ণানন্দৈকপুরুষং স্থপ্রভীকপ্রদাদতঃ ॥ ৩৭ ॥
যাজাকালে বিবাহে চ তভে কর্মণি সহটে।
পাপক্ষরে পূধ্যবৃদ্ধো প্রভীকোশাসনক্ষরেং ॥ ৩৮ ॥
নিরন্তর্যকভাভ্যাসাদ্ভরে পশুভি গ্রবম্।
ভদা মুক্তিমবাপ্রোভি যোগী নির্ভমানসঃ ॥ ৩১ ॥

আত্মসাক্ষাৎকার ও নাদাস্থ্যদোনের উপার
অস্কৃতিতামূভে শ্রোত্তে তর্জনীত্যাং বিলোচনে।
নাসারক্ষে চ মধ্যাত্যাং অস্তাত্যাং বদনে দুচুম্ ॥ ৪০ ॥

ষধন সাধক নতঃস্থানে প্রত্যেক অব্দপ্রত্যক্ষিত্র স্থপ্রতীক দর্শন করেন, তথন তিনি সর্কবিষয়ে জয়স্ক হন এবং বায় জয় পূর্বক বিচরণ করিতে পারেন॥ ৩৬ ॥

যে সাধক সর্বাদা এই যোগসাধন করেন, স্বপ্রতীকের অন্তগ্রহে তিনি পূর্ণানন্দময় পরমান্ধার সাকাৎকার লাভ করিতে পারেন। ৩৭॥

যাত্রাকালে, উবাহে, ওভক্ষাহঠানকালে, বিপদ্সময়ে এবং পাপনাশ বা পুণার্ক্ষিকালে প্রতীকোশালনা বরা উচিত। ৬৮॥

সর্বাদা এই যোগসাধন করিলে সাধক স্বীয় হাদয়মধ্যেই স্বপ্রতীক দর্শন করিতে পারেন দংশয় নাই। এরূপ হইলে যোগী সংয়তাক্সা হন ও মুক্তিলাভ করিতে পারেন॥ ৩৯॥

আত্মদর্শন ও নাদাহসভান।— অভ্ঠনর বারা কর্ণনয়, তর্জনীনর বারা চকুর্বর, মধ্যমাজ্লিবর বারা নাদিকাছ্টিই এবং অনামিকা ও ক্রিষ্ঠাভূলিবর বারা মুখমওল দৃঢ়রশে রদ্ধ করিয়াবদি বোসী বার বার নিশ্বধান মকতং বোগী ববেবং কুকতে ভূপম্।
তদা লক্ষণমান্ধানং ক্যোতীরূপং প্রপশুতি ॥ ৪১ ॥
তত্তেকো দৃশুতে যেন ক্ষণমাত্রং নিরাবিলম।
সর্ব্বপাপৈবিনিম্কি: স ষাতি পরমাং গতিম্॥ ৪২
নিরস্তরক্কতাভ্যাসাং বোগী বিগতকল্মম:।
সর্ব্বদেহাদি বিশ্বতা তদভিদ্ধ শ্বয়ং ভবেং ॥ ৪৩ ॥
য়: করোতি সদাভ্যাসং গুপ্তাচারেণ মানব:।
স বৈ ব্রহ্মণি লীন: স্থাৎ পাপকর্মরতো মদি॥ ৪৪ ॥

বায়্শাধন করেন, তাহা হইলে জ্যোতির্মন্ন জীবান্ধাকে দর্শন করিতে পারেন ॥ ৪০-৪১ ॥ *

বে মাহাত্মা কণকালমাত্র এই নির্মণ আত্মভ্যোতিঃ দর্শন করেন, তিনি সমস্ত পাপ হইতে নির্মৃক্ত হইয়া শ্রেষ্ঠগতি লাভ করিতে পারেন ॥ ৪২ ॥

এই যোগ সর্বাদ। নাধন করিলে যোগী পাপশ্র হইয়া তুলাছে প্রভৃতি সমস্ত বিষয়ণ পূর্বাক তরায় হইয়া উঠেন অর্থাং দে সময় আর দেহাভিমান থাকে না॥ ৪০॥

যে মহয় সর্বাণ গুপ্তভাবে এই ঘোগ সাধন করেন, তিনি যদিও কার্যাহ্নষ্ঠানে রত থাকেন, তথাপি পরব্রহে লয় প্রাপ্ত হন স্বর্গাৎ মৃক্তি-লাভ কবিতে পাবেন॥ ৪৪॥

জীবাত্মা দর্শন গুরুর উপদেশ ব্যতীত কখনই সন্তব নহে। যদিও
সকল সাধনাই গুরুপদেশদাপেক, তথাপি জীবাত্মাদর্শনের জন্ত বিশেষ
ভাবে এই কথা বলা হইল। নিদ্ধাননেও এই সাধনা করা হায়, আবার
স্কুত পদ্মাননেও করা যায়।

বোপনীয়: প্রবড্নেন দক্ষ: প্রভায়কারক:।
নির্কাণায়কো লোকে ধোপোন্যং মম বল্পভ:।
নাদ: সংক্ষায়তে তক্ত ক্রমেণাভ্যাসভ*চ বৈ ॥ ৪৫ ॥
মন্তভ্জবেণুবীণাসদৃশ: প্রথমো ধ্বনি:।
থবমভ্যাসভ: পশ্চাং সংসারাধ্বাস্থনাশন:।
ঘণ্টারবসম: পশ্চাং ধ্বনির্বেঘরবোপম: ॥ ৪৬ ॥
ধ্বনো তন্মিন মনো দ্বা ধ্বা তিষ্ঠতি নির্ভরম্।
তদা সংক্ষায়তে তক্ত সমুক্ত মম বল্পভে ॥ ৪৭ ॥
ভক্ত নাদে যদ। চিত্তং রুমতে বোগিনো ভূশম্।
বিশ্বভা সকলং বাহাং নাদেন সহ শাম্যতি ॥ ৪৮ ॥

এই যোগ পৃথিবামধ্যে আমার অতীব প্রিয়, নির্বাণম্কিদায়ক ও দক্ষঃপ্রত্যয়কারক, অত এব যত্ত্বসহকারে ইহা গোপন রাখা উচিত। এই যোগ অভ্যান করিতে প্রবৃত্ত হইলে ক্রমশঃ নাদ (শন ব্রহ্ম) প্রত্যক্ষ হইতে থাকে ॥ ৪৫॥

যথন নাদ প্রত্যক্ষ হয়, সে সময় অথ্যে (বিলীরব), মত্রট্পদ্ধবনি, বীপাবাদ্ধ ও বেণুবাগুভূল্য ধ্বনি শ্রুত হইতে থাকে। এইরপ অভ্যাস করিতে করিতে পরে সংসারাদ্ধকারনাশক ঘটারবসদৃশ শব্দ ও মেঘ-সর্জ্ঞানবং ধ্বনি শ্রুবণগোচর হয়। (ইহার মধ্যে শন্ধনাদ, সমুশ্বধনি ও দেবহৃদ্ভিশব্দ প্রভৃতিও শ্রুত হইতে থাকে। শেষে প্রভ্রত্বরে সমুচ্চারিত প্রশ্বধনিও শ্রুতিগোচর হয়)॥ ৪৩॥

হে প্রিয়ে! সাধক ধে সময় নির্ভয়ন্ত্রণে একাস্তিকভাবে সেই ধ্বনিতে চিত্তস্থাপন পূর্বক অবস্থান করেন, সে সময় তদ্মারা তাঁহার লয়ের অবস্থা অর্থাৎ সমাধি উপস্থিত হয় ॥ ৪৭ ॥

বে সময় বোগীর মন উক্ত শব্ধে ঐকান্তিক ভাবে বিশ্রাম করে, তথন তিনি সমন্ত বাহ্যবন্ধ বিশ্বত হইয়া নাদের সহিত প্রশাস্ত হন স্থাৎ তথন বোগীর সমাধি উপস্থিত হয়॥ ৪৮॥ এডদভ্যাসংখাপেন জিছা সম্যক্ গুণান্ বহুন্। সর্বাব গুণান্তা চিদাকাশে বিলীয়তে ॥ ৪৯ ॥ নাসনং সিদ্ধসদৃশং ন কুন্তসদৃশং বলন্। ন খেচবীসমা মৃত্রা ন নাদদদৃশো লয়ঃ ॥ ৫০ ॥

বোগোপদেশ-গ্রহণের নিয়ম
ইদানীং কথরিয়ামি মৃক্তস্থাক্তবং প্রিয়ে।
বজ্ঞাত্বা লভতে মৃক্তিং পাপর্কোহণি সাধক: ॥ ৫১ ॥
সমজার্চ্চোবরং সমাক্ কৃত্বা চ বোগম্ভ্রমম্ ।
গৃহীরাং অভিতো ভূতা গুরং সক্ষোত্র বৃদ্ধিমান্ ॥ ৫২ ॥
কীবাদি সকলং বস্তু দত্বা বোগবিদং গুরুম্ ।
সক্ষোয়াতিপ্রধত্বেন বোগোহয়ং গৃহতে ববৈ: ॥ ৫০ ॥

এই খোগ অভ্যাদ করিলে **ত্রিগু**ণের কর্মদকল জয় করিছে পার। যায় এবং সেই অবস্থায় সাধক সর্ববিস্তপরিভ্যাপী হইগা চিদাকাশে লয়প্রাপ্ত হন ॥ ৪২ ॥

সিদ্ধাসনের তুলা আসন, কুম্বকতুলা বল, খেচরীতুলা মূল। ও নাদসদৃশ লয়সাধক আর কিছুই নাই॥ ৫•॥

ষোপোপদেশগ্রহণের নিয়ম।—হে প্রিয়ে! জীবনুক্ত সিদ্ধপুক্ষর।
জ্ঞান ঘারা বে এক সিদ্ধান্ত করিয়াছেন, তাহা অধুনা কহিতেছি, শ্রবণ কর।
সাধক যদিও পাপযুক্ত হন, তথাপি তিনি ইহা বিদিত হইলে মৃক্তিলাভ
করিতে পারেন॥ ৫১॥

ধীমান, বোগী অগ্নে গুরু ও সদাশিবকে নমস্বারপূর্বক আগন প্রভৃতি বোগের অল শিক্ষা করিয়া গুরুর সম্ভোষবিধান করিয়া তংপরে সংঘতমনে বোগের উপদেশ গ্রহণ করিবেন ॥ ৫২ ॥

ধীমান, ব্যক্তি বোগজ গুকুকে গো. খর্ণ প্রস্তৃতি সমত বস্তুদান পূর্বাক সন্তুট করিয়া ভংপরে এই বোগ গ্রহণ করিবেন। ৫০॥ বিপ্রান্ সম্ভোক্ত মেধাবী নানামকলসংযুত:।
মমালয়ে ওচিভূজা প্রগৃত্তীয়াৎ ওভাক্সকম্॥ ৫৪॥
সংক্ততানেন বিধিনা প্রাক্তনং বিগ্রহাদিকম।
ভূজা দিব্যবপূর্বোগী গৃত্তীয়াক্ক্যমাণকম্॥ ৫৫॥

বায়ুসিদ্ধির উপায়

পদ্মাসনস্থিতো ধোগী জনসন্ধবিবজ্ঞিত: ।
বিজ্ঞাননাড়ী বিতয়মসূদী ভাগং নিরোধয়েং ॥ ৫৬ ।
সিদ্ধে ভদাবির্ভবিত স্থবরূপী নিরঞ্জন: ।
তিশ্বিন্ পরিশ্রম: কার্যো ধেন সিদ্ধো ভবেং ধলু ॥ ৫৭ ॥

য: করোতি সদাভাগেং তক্ত সিদ্ধিন দ্বত: ।
বায়ুসিদ্ধির্ভবেক্ত ক্রমাদেব ন সংশয়: ॥ ৫৮ ॥

শুর্বিক বান্ধারণক্ষ যোগশিক্ষার্থী ব্যক্তি নানা মান্দলিক কর্ম সম্পাদন পূর্বিক বান্ধণগণকে সম্ভষ্ট করিয়া শুদ্ধাচারে আমার আলয়ে । শিবদন্দিরে) গমনপূর্ববিক এই শ্রেয়স্কর যোগ গ্রহণ করিবেন ॥ ৫৪ ॥

বোগশিকার্থী ব্যক্তির কর্ত্তব্য এই বে, বিধিমতে প্রাক্তন দেহ ইন্দ্রিয় ইত্যাদি সম্মাসপূর্বক অর্থাৎ সর্বকামনা ত্যাগ করতঃ দিবাদেহ হইয়া বক্ষামাণ রীতি অন্থবায়ী যোগশিকায় প্রবৃত্ত হইবেন ॥ ৫৫ ॥

বোগশিক্ষা-প্রবৃত্ত সাধক জনসঙ্গরহিত হইরা প্রথমতঃ পন্মাদনে উপবেশন করতঃ অঙ্গুলি ঘারা বিজ্ঞাননাড়ীঘয় (নাসিকাঘয়)নিরোধ-পূর্বক কৃষ্ণুক অভ্যাস করিবেন॥ ৫৬॥

এই প্রাণায়াম নিদ্ধ হইলে যোগীর হৃদরে আনন্দম্বরূপ নিরঞ্জন পুরুষ প্রাকৃত্ত হইয়া থাকেন। অভএব যাহাতে এই প্রাণ্ধায়াম-বিষয়ে নিদ্ধিলাভ করিতে পারা যায়, তবিষয়ে পরিশ্রম করা আবশ্রক ॥ ৫৭॥

षिनि नर्कमः बहैद्रभ প্রাণায়ামদাধন করেন, তিনি শীঘ সিদ্ধিলাভ

मङ्गर यः कृक्ट वाश भार्भायः नामराम् अवस् ।

जन्न नामराम् वाराः श्राद्या नाज मः मशः ॥ ६० ॥

जन्न नामिति यः म दाशी त्मरम् किछः ।

व्यामिति विश्व मङ्गा विष्ठ त्यस्य ॥ ७० ॥

रवा यथान्यानिमान्यामास्य द्यस्य विष्ठ ।

रिष्ठिमाञ्चनि त्यथावी म भूनः क्वीफ्र ए स्मम् ॥ ७० ॥

जन्त्यामः भवः त्याभाः न तमः यन्न कन्निर ।

स्थारिनः ममायुक्त स्थाय कथार् अवस् ॥ ७२ ॥

করিতে পারেন; বিশেষতঃ এই প্রাণায়াম অভ্যাস ঘারা ক্রমে বায়্সিদ্দি হয় সন্দেহ নাই॥ ৫৮॥

ষে দাধক ইড়া ও পিছলা রোধ পূর্বক একবারমাত্রও এই কুম্বক অভ্যাস করেন, তাঁহার সমস্ত পাপ বিধাংস হইরা যায়, বিশেষতঃ ইহা ঘারা বায়ু সুমুদ্ধ। নাড়ীতে প্রবেশ করে, সংশয় নাই॥ ৫৯॥

যে সাধক এইরূপ প্রাণায়াম মজ্যাস করেন, তিনি দেবগণেরও প্রিভ হন এবং অণিমাদি অষ্টের্যা লাভ করিয়া ত্রিভ্বনে ভ্রমণ করিতে থাকেন। ৬০॥

বে ৰোগী ষেত্ৰপ ৰায়ুদাধনে নিৰত হইবেন, অনিলাভাাদ ধাৰা তিনি সেইব্ৰপট দিদ্দিলাভ করিবেন। বিশেষতঃ তাঁহার বিগ্রহ অর্থাৎ মন আছানিষ্ঠ হইবে এবং দেই বৃদ্ধিমান্ দাধক ধংপরোনান্তি আনন্দ বোধ করিতে থাকিবেন। ৬১ ॥

এই বোগ সম্পূর্ণ গুল্প, যে কোন ব্যাক্তিকে ইহা দান করা কর্ত্তব্য নহে। ধিনি প্রমাতা অধাৎ তত্ত্বাহ্নদানবিশিষ্ট, কেবল তাঁহারই নিকট ইহার বিষয় বিষত করা বায় ॥ ৬২ ॥

আন্ত ফলপ্রদ বিবিধ হোগ—কুৎপিপাসানিবৃত্তির উপায়

যোগী পদ্মাদনে ভিষ্ঠেৎ কণ্ঠকূপে যদা স্মরন্। জিহ্বাং কৃত্বা ভালুমূলে কৃৎপিপাদা নিবর্ত্ততে ॥ ৬৩ ॥

চিত্ত হৈর্য্যের উপায়

কণ্ঠকুপাদধঃস্থানে কুর্মনাড্যন্তি শোভনা। তব্মিন্ যোগী মনো দ্বা চিঙ্টেম্বর্যং লভেদদ্ভশম্॥ ৬৪॥

জ্যোতির্মন্ন দর্শনের উপায় ও ফল

শির:কপালে কজাকো বিবিধং চিন্তয়েদ্ ধদি।
তদা জ্যোতিঃপ্রকাশং স্থাবিত্যন্তেকঃসমপ্রভন্ ॥ ৬৫ ॥
এডচিচন্তনমাত্রেণ পাশানাং সংক্ষয়ে। ভবেৎ।
ত্রাচারোহপি পুরুষো লভতে পরমং পদম্॥ ৬৬ ॥

যে যোগী পদাসনে আদীন হইয়া, তালুমূলে জ্বিহা স্থাপন পুর্বক কঠকুপে মনঃ স্থাপন করিতে সমর্থ হইবেন, তাঁহার স্থাও পিণাসানিবৃত্তি হইবে॥ ৬৩॥

কণ্ঠকূপের নিম্নভাগে মনোহর কুর্মনাড়ী আছে। যোগী সেই স্থলে মনোনিবেশ করিলে উত্তমদ্ধপে চিত্ত স্থির হইতে পারে॥ ৬৭॥

যোগী শিবনেত হইয়া (নয় নর তারাঘদ উ.র্ছ উঠাইয়া) কপালদেশে চিত্ত স্থাপন পূর্বক ষ্ডাপি বিভারশৃত্ত অর্থাৎ নিবিবকার রূপ চিন্তা করেন, তাহা হইলে বিত্তাৎপ্রভাবং জ্যোতিঃ প্রত্যক্ষ হয় ॥ ৬৫ ॥

এই প্রকার ভাবনা করিবামাত্র সমস্ত পাপ নাশ পায় এবং ইছা ছারা ছুটাচার ব্যক্তিও শ্রেষ্ঠপুদ লাভ করিতে পারে। ৬৬। অহনিশং যদা চিস্তাং তৎ করোতি বিচক্ষণ:। শিদ্ধানাং দর্শনং ডক্ত ভাষণঞ্চ ভবেদ্ধ্রবম্ ॥ ৬৭ ॥

শৃক্তধ্যান ও তৎফল

তিঠন্ গচ্ছন্ স্থপন্ ভূঞ্জন্ ধ্যারেচ্চ্ন্সমহনিশম্।
ভদাকাশময়ো যোগী চিদাকাশে বিলীয়তে ॥ ৬৮ ॥
এতজ্জানং সদা কার্যাং ধোগিনা সিদ্ধিমিচ্ছতা।
নিরস্তরকৃতাভ্যাসাৎ মম তুল্যো ভবেদ্ধ্রম্ ॥ ৬৯ ॥
এতজ্জান-বলাদ্ধোগী সর্কেষাং বল্লভো ভবেং ॥ ৭০ ॥

নাদাতো দৃষ্টি দারা জ্যোতির্দর্শনাদি

দর্বান্ ভূতান্ জয়ং ক্বতা নিরাশীরপরিগ্রহং।

নাদাগ্রে দৃষ্ঠতে যেন পদ্মাদনগতেন বৈ।

মনসা মরবং তক্ত খেচরত্বং প্রদিধ্যতি ॥ ৭১ ॥

বদি ধীমান সাধক উক্তরপে দিবানিশি ধ্যান করেন, তাহা হইলে তাঁহার দিত্বপুক্ষদর্শন ও সিদ্ধপুক্ষগণের সহিত কথণোকথন হয় সন্দেহ নাই ॥ ৬৭॥

ৰদি কোন সাধক গমনকালে ও ভোজনকালে দিবারাত শৃষ্ণ চিন্তা করেন, ভাছা হইলে ভিনি আকাশময় হইয়া চিলাকাশে বিলয় প্রোপ্ত হন। ৬৮।

বে সাধক সিদ্ধিলাভ করিতে ইচ্ছা করেন, তাঁহার এইরূপ শৃশু চিস্তা করা আবিশ্রক। যিনি সর্ব্বলা এইরূপ সাধন করেন, তিনি আষার (মহাদেবের) সমান হন সম্পেহ নাই ॥ ৬০॥

বিশেষতঃ ইছা দারা যোগী সকলেরই প্রিয় হইয়া থাকেন ॥ १०॥
বিনি সর্ব্বভূত জয় করত আশাহীন ও জনসম্পৃত্ত হইয়া পদ্মাননে
উপবেশন পূর্বক নাসাগ্রে দৃষ্টিস্থাপন করেন, তাঁহার মনোনাশ হয় এবং
ভিনি ব্যোষপথে গমনাগমন করিতে সমর্থ হন ॥ १১॥

ক্যোতিঃ পশুতি ধোগীক্র: শুদ্ধং শুদ্ধাচলোপমম্। তত্ত্বাভ্যানবলেনৈর স্বয়ং তদ্রক্ষকো ভরেৎ॥ ৭২॥

শবাদনে শয়ন করত: ব্যান ও তৎফল উত্তানং শয়নে ভূমো স্বস্ত্র, ধ্যায়রিরন্তরম্। দত্য: শ্রমবিনাশায় স্বয়ং ধোগী বিচক্ষণ:। শিবংশশ্চান্ত, ভাগস্ত ধ্যানে মৃত্যুঞ্জাে ভবেৎ॥ ৭০॥

জ্রমধ্যে দৃষ্টি দ্বাবা জ্যোতির্ম্মনর্দর্শন
জ্রমধ্যে দৃষ্টিমাত্ত্রেণ হুপরঃ পরিকীর্ত্তিঃ ॥ ৭৪ ॥

ষ্ট্চক্ৰবিজ্ঞান ও ধ্যানাদি—ষ্ট্চক্ৰেব মূলীভূত নাড়ীবিজ্ঞান

চতুব্বিবস্ত চান্নস্ত রমস্ত্রেধা বিভজ্ঞাতে। তত্ত্র মারতমো লিঙ্গদেহস্ত পরিপোধকঃ॥ ৭৫॥

এই নাসাগ্র-দর্শন দারা যোগী বিশুদ্ধ পর্বতের মত শুদ্ধজ্যোতিঃ দর্শন করেন, এই যোগ কিছু দিন সাধন করিলে এই জ্যোতিঃ চিরস্থায়ী হইয়া থাকে॥ ৭২॥

ধীমান্ যোগী নিজে গভা শ্রমনাশের নিমিত্ত ভূশহ্যায় উত্তানভ'বে শয়ন করিয়া একচিত্তে ধ্যান করিয়া থাকেন, এই ভাবে মন্তকের পশ্চাদ্ভাগধ্যান করিলে মৃত্যুকে জয় করিতে পারা যায় ॥ ৭৩ ॥

যদি উল্লিখিত প্রকারে শয়ন পূর্বক জ্রমধ্যে দৃষ্টি স্থাপন করা ধায়, তাহাত্তলৈ আর এক প্রকার যোগসাধন হইয়া থাকে॥ १৪॥

চর্ব্যা, চোয়া, লেহ ও পেয়া, এই চারি প্রকার অন্নের বে রস লক্ষাত হয়, তাহা তিন অংশে বিভক্ত হইয়া থাকে। এই ভাগের মধ্যে শ্রেষ্ঠ সারতম ভাগ লিক্দেহের পরিপোষক হয়॥ ৭৫॥ সপ্তধাত্ময়ং পিশুমেতি পৃঞ্চাতি মধ্যগং।
বাতি বিন্ত্রপেণ তৃতীয়ং সপ্তকো বহিঃ॥ ৭৬॥
আছভাগৰয়ং নাডাঃ প্রোক্তান্তাঃ সকলা অপি।
পোষ্য়ন্তি বপুর্কায়্মাপাদতলমন্তকম্॥ ৭৭॥
নাড়ীভিরাভিঃ সর্কাভির্কায়, সঞ্চরতে বদা।
তবৈদ্ব ন বদো দেহে সামোনেহ প্রবর্ততে॥ ৭৮।
চ চুর্দ্দশানাং তত্তেহ ব্যাপারো ম্থ্যভাগতঃ।
তা অন্তগ্রা ন হীনাশ্চ প্রাণসঞ্চারনাড়িকাঃ॥ ৭ঃ

মধ্যম দার অংশ রক্তধাতুময় স্থলশরীর পরিপুষ্ট করে। তৃতীয় অদার ভাগ দপ্তধাতুমধ্য হইতে বাহির হইয়া মল ও মৃত্রাদিরূপে নির্গত হইয়া যায় ॥ ৭৬ ॥

বস্ততঃ প্ৰথম সারভাগ তৃইটি শরীরস্থ সকল নাড়ী, উভয় শরীর ও আপাদ-মন্তক দেহস্থ সকল বায়কেও পোষণ করে॥ ৭৭॥

থথন দেহস্থ এই সকল নাড়ী কর্ত্ব সমন্ত শরীরে বায় সঞ্চারিত হুইতে থাকে, সেই সময় আর দেহে রসর্দ্ধি হয় না এবং ঐ রসসকল দেহে সাম্যাবস্থায় অবস্থান করে (উত্তানভাবে শয়ন করতঃ ক্রমধ্যে দৃষ্টিকপ উক্ত যোগ্দাধন কর্ত্ব এইরপ ফলসিদ্ধি ও দিব্য জ্যোতির্দর্শন হুইয়া থাকে)। ৭৮॥

মান্ত্ৰের শরীরমধ্যে যে বিদপ্ততি সংস্র নাড়ী আছে, তাহার মধ্যে চতুর্দ্দশ নাড়ী শ্রেষ্টরূপে শারীরিক ব্যাপার সম্পাদন করিতেছে। এই চতুর্দ্দশ শ্রেষ্ট নাড়ীর মধ্যেও আবার প্রাণদকারিক। তিনটি নাড়ী মর্থাও ইড়া, পিরুলা, ক্ষুমুমা অন্ত্রাও দর্বপ্রধান ॥ ৭৯ ॥

মূলাধারবর্ণন

গুদাদ্বাদ্বাত্শে কিং মেটে কাৰ্নতন্তথ:।

এবকান্তি সমং কলং সমতাচত্বস্লম্ ॥ ৮০ ॥

পশ্চিমাভিম্থী বোনিগুদিমেটা স্তালগা।

তত্ত্ব কলং সমাখ্যাতং তত্ত্বাত্তে কুগুলী সদা॥ ৮০ ॥

সংবেষ্টা সকলা নাড়ীঃ সাষ্ট্রধা-কুটিলাক্বতিঃ।

ম্বে নিবেশ্ত তং পুছেং অ্যুমাবিবরে স্থিতা॥ ৮২ ॥

স্থা নাগোপমা হোবা ক্বন্তি প্রভরা স্বয়া।

অহিবং সন্ধিশংস্থানা বাগ্দেবী বীজসংজ্ঞকা॥ ৮০ ॥

গুজ্বারের ছই অঙ্গী উর্দ্ধে, মেট্রের এক অঙ্গী নীচে কলেৰ গ্রায় একটি মূলগ্রন্থি আছে। ধ্যানকালে তাহার পরিমাণ দীঘে ও প্রস্থে সমান চারি অঙ্গী॥৮০॥

গুরুষার ও মেটেব মধ্যে পশ্চিমাভিম্থ (অর্থাং ষাহার বদন বা কোণ পশ্চাভাগে রহিয়াহে, নেইরূপ) ধোনিমগুল আছে, এই থোনিমগুলই উক্ত কল্পেব স্থান। এই কল্পেই কুলকুগুলিনী দেবী দর্কালা অবস্থান কাংতেছেন॥৮১॥

এই কুণ্ডলিনী দেবী (এক মূর্ত্তি দাবা অইচজে) অইধা কুটিলা লইয়া স্ব্যুমা নাড়ীর সকল ভাগ বেইন করিয়াছেন এবং (অপরা মৃত্তির দাবা) নিজমুখে নিজ পুছত স্থাপন করতঃ (সান্ধিত্তিবলয়াকারা হইয়া স্বয়স্ত্রুলিক বেইন পূর্বেক ব্রহ্মবার রোধ করিয়া) স্ব্যুমামুখে অবস্থিতি করিতেছেন ॥ ৮২॥

এই কুণ্ডলিনী দেবী নিজিত দর্পের আকার ধারণ করত: নিজ তেজে দেদীপামান হইয়া নিজা যাইতেছেন। ইহার দকল শরীরসংস্থান অবিকল দর্পের স্থার। ইনি দরস্ব গ্রী, ই হা হইতেই দকলের বাক্যক্তি হয়। ইনি ধ্বর্ণমন্ত্রী ও) দমগ্র বীজ্ঞমন্ত্রকুপা ॥ ৮৩ ॥ জ্ঞেরা শক্তিবিরং বিফোনির্ভর। স্বর্ণভাসরা।
সবং রক্তমশ্রেতি শুণজ্ররবিকস্বরা॥ ৮৪ ॥
তত্ত্র বর্কপূপাতং কামবীজং প্রকীন্তিতম্।
কলহেমসমং ঘোগে প্রমুক্তাক্ষররূপিণ্ম্॥ ৮৫ ॥
স্বয়ুমাপি চ সংশ্লিষ্টা বীজং তত্ত্র বরং স্থিতম্।
শরচক্রনিভং তেজস্বরমেতং স্কৃংৎ স্থিতম্।
স্থাকোটিপ্রতীকাশং চন্দ্রকোটিস্থানিত্তম্॥ ৮৬ ॥
এতন্ত্রহং মিলিইত্বর দেবীত্রিপুরইভরবী।
বীজসংজ্ঞং পরং তেজস্থাদেব পরিকীন্তিতম্॥ ৮৭ ॥
কিয়াবিজ্ঞানশবিভাগং যুতং বং পরিতো ভ্রেং।
উত্তিষ্ঠন্বিরত্ত্বাভং স্ক্রং শোণশিখাযুতম্।
ধোনিস্থং তং পরং তেজঃ স্বং স্কুলিকসংস্থিতম্॥ ৮৮ ॥

ইইহার বর্ণ স্বর্ণের ফ্রায় ভাস্বর। ইনি সন্ত, রক্ষাও তমং, এই ত্রিপ্তণের মূল এবং ইনিই স্কাংশে বিষ্ণৃশক্তি বলিয়া কথিত হইয়া থাকেন ॥৮৪॥

এই কদ্মধ্যে বন্ধৃক্ষুলের মত লোহিতবর্ণ কামবীজ বিরাজমান আছে। এই কামবীজই বোগীদিগের ধোয়, তপ্তস্ববর্ণ, চতুর্দ্দেশপদ্দিত বর্ণ-চতুইয়রপী॥৮৫॥

সমুদা নাড়ীতে সংশ্লিষ্ট কুওলিনী শক্তি, তংসন্ধিহিত কামবীজ ও শরচচন্দ্রের স্থায় তেকোময় বর্ণ এই ত্রিভয় কোটিস্থাবং প্রভাসম্পন্ধ ও কোটিচন্দ্রবং সুশীতল ॥ ৮৬॥

এই বিভয় মিলিত হইরাই দেবী বিপ্রতিভরবী নামে বলিত হইর। থাকেন। বীজমন্ত্র নামে যে অস্ত তেজ আছে, ভাহাও এত ত্রর হইতে ভিন্ন নহে। ৮১॥

এই উথিত পরমতেজঃ মৃণালহত্তের ক্যায় হক্ষ ও ইহার শিখা

আধারপদ্মেত্তি যোনির্যন্তাতি কন্দত:।
পরিক্রাদ্বাদি-সাস্তচতুর্বর্ণং চতুর্দ্দম্ ॥ ৮৯ ॥
কুলাভিধং স্বর্ণাভং স্বয়স্থলিসসকতম্।
তিবতো যত্র সিজোইন্ডি ডাকিনী যত্র দেবতা॥ ১০ ॥
তংপদ্মধ্যগা যোনিন্তত্র কুগুলিনী স্থিতা।
তত্যা উর্দ্ধে ক্রং তেজঃ কামবীজং ভ্রমন্তম্॥ ১১ ॥

মূলাধারধ্যানফল

য়: করোতি দদা ধ্যানং মূলাখারে বিচক্ষণ:। তম্ম স্থাদার্দ্ধী দিদ্ধিভূমিত্যাগক্রমেণ বৈ॥ ৯২॥

লোহিডবর্গ, স্বয়ছ্লিকই ইহার আধার। ক্রিয়াশক্তি ও জ্ঞান-শক্তি সহবোগে এই শ্রেষ্ঠ তেজঃ খোনিমগুলে ত্রিকোণাকারে ভ্রমণ করিতেছে; (কেহ কেহ এই তেজকে মন্ত্রও বলিয়া থাকেন)। ৮৮॥

মহাদেব পার্ব্যতীসমীপে বলিয়াছিলেন ধে, হে দেবি ! তোমার সমীপে মূলাসমূহের নাম কহিলাম । ইহা বিজ্ঞাত হইবামাত্র সর্ব্যদিদ্ধি-লাভ হয় । ইহা অতীব গোপা, বাহাকে ইচ্ছা প্রদান করিও না । এই মূলাসমূহ বোগিগণের পরম প্রীতিপদ এবং দেবতাগণেরও হুর্লভ ॥ ৪-৫ ॥ মহামূলা । — অতি ষতুপূর্বক বামগুল্ফ হারা গুহুদেশ পীড়ন করতঃ

গ্রহমানলে কথিত আছে, যথা—সংশালবনধাত্রীণাং ষথাধারোইহিনায়কঃ।
সর্বেষাং হঠতদ্রাণাং তথাধারা হি কুণ্ডালী। স্থা গুৰুপ্রসাদেন ধদা
আগতি কুণ্ডালী। তদা পদ্মানি সর্বাণি ভিত্তত্তে গ্রন্থয়োইপি চ। প্রাণক্ত
শ্বাপদবী তথা রাজপথাগতে। যদা চিত্তং বিনালম্বং তদা কালক্ত বঞ্চনম্।
তত্মাৎ সর্বপ্রয়েল প্রবোধ্য়িত্নীশ্বীম্। ব্রন্ধরন্ধু মুখে স্থাং মুক্তাভাসিং
সমাচরেৎ।" সংহিতান্তরেও লিখিত আছে যে,—"স্থা গুৰুপ্রসাদেন
যদা আগতি কুণ্ডালী। তথা সর্বাণি পদ্মানি ভিত্তত্তে গ্রন্থয়াইপি চ।
তত্মাৎ সর্বপ্রয়েলন প্রবোধায়তুমীশ্বীম্। ব্রন্ধরন্ধু, মুখে স্থাং
মুক্তাভাসং সমাচরেৎ।"

মহামূলাফলকথন ক্ষয়কাদং গুদাবৰ্ত্তং প্লীহাজীৰ্ণং জ্ঞয়ন্তথা। নাশয়েৎ সৰ্ব্ববোগাংশ্চ মহামূল্যাতিদেবনাৎ ॥ ৮ ॥

নভোমুজাকথন

যত্ত যত্ত স্থিতো যোগী নর্ককার্য্যেয়ু দর্বদা।
উদ্ধক্তিকা স্থিরো ভূতা ধারয়েৎ পবনং দদা।
নাভোমুজা ভবেদেবা যোগিনাং রোগনাশিনী ॥ > ॥

উড্ডীয়ানবন্ধ উদরে পশ্চিমং তানং নাভেন্ধর্দ্ধন্ত কারয়েং। উড্ডীয়ানং কুরুতে যন্তদবিশ্রান্তং মহাধগঃ। উড্ডীয়ানং অুসৌ বন্ধো মৃত্যুমাতন্তকশ্বী॥১০॥

করতঃ দক্ষিণপাদ প্রসারণ পূর্বক হন্ত দিয়া পদান্ত্রি ধারণ করিবে ও কণ্ঠ সক্ষোচন পূর্বক ভ্রযুগলের মধ্যদেশ অবলোকন করিবে। ইহাকেই ব্ধগণ মহামুদ্রা বলিয়া নির্দ্ধেশ করেন । ৬— १ ॥

এই মহামুদ্রা সাধন করিলে ক্ষয়কাস, গুদাবর্ত্ত, প্লীহা, অজীর্ণ, জর প্রভৃতি সমস্ত রোগ ধ্বংস প্রাপ্ত হইয়া থাকে ॥ ৮ ॥ *

নভোৰ্ব্বলা।—সাধক দৰ্বাদা সৰ্বাকাৰ্য্যে স্থির ও উদ্ধিজিহব হইয়া কৃষ্ণক ছারা বায়ু নিবোধ করিবে, ইত্যারই নাম নভোমুজা। এই মুলাপ্রভাবে যোগিগণের নিথিল রোগ নষ্ট হয় (ইতার অপর নাম আকাশীমুজা)। । । । । উড্ডীয়ানবদ্ধ।—নাভির উদ্ধি এবং পশ্চিম্বারকে উদরে তুলারপে

^{*} গ্রহ্যামলে ফলান্তর বাহা বর্ণিত আছে, তাহা নিমে বিয়ত হইল:
মহামূলা আচরণশীল খোগীকে ক্লেশাদি দোব সকল, এমন কি, মৃত্যু
পর্যান্ত আক্রমণ করিতে সমর্থ হয় না। এই খোগীর পক্ষে পথ্য, অপথ্য
নাই; অধিক কি, তাঁহার তীত্র হলাহল জীর্ণ হইরা থাকে।

উড়ীয়ানবন্ধের ফলকথন

সমগ্রাং বন্ধনাৎ তেৎ উড্ডীয়ানং বিশিয়তে। উড্ডীয়ানে সমভ্যতে মুক্তিঃ স্বাভাবিকী ভবেং॥ ১১ ॥

জালস্বর্বস্থ কথন

কণ্ঠনজোচনং কৃতা চিবুকং হানয়ে গ্রাসেং। জালন্ধরে কৃতে বন্ধে যোড়শাধারবন্ধনম্। জালন্ধরং মহামুজা মৃত্যোশ্চ ক্ষয়কারিণী॥ ১২॥

জালন্ধরবন্ধের ফলকথন

নিদ্ধং ভালস্করং বন্ধং যোগিনাং নিদ্ধিদায়কম্। দ্যাদমভ্যদেং যো হি দ দিদ্ধো নাত্র সংশয়ঃ ॥১১৩॥

সমাকৃঞ্চিত করিবে অর্থাং উদরের নিমুদ্ধিত গুঞ্চাদিচক্রান্তর্গত নাড়ীসমূহকৈ নাভির উর্দ্ধে উন্তোলিত করিবে, ইহাই উড্ডীয়ানবন্ধ বলিয়া অভিহিত হয়। এই উড্ডীয়ানবন্ধ মৃত্যুর পক্ষেগঞ্জ ও সিংহের স্থায়॥ ১০॥

ধে সমস্ত মুদ্রাবন্ধ কথিত হইয়াছে, তন্মধ্যে এই উভ্ডীয়ানবন্ধই সর্কোৎকৃষ্ট। ইহা বিদিত হইলে মোক্ষলাভ করিতে সমর্গ হয়। ১১॥

জালন্ধরবন্ধ।—কণ্ঠনেশ সংস্কাচ করিয়া হনুমে চিবুক সংস্থাপন করিলেই ভাহাকে জালন্ধয়বন্ধ বলে। ইহা ঘারা যোড়শপ্রকার আধারবন্ধ সংসাধিত হইয়া থাকে এবং ইহা মৃত্যুকে বিনাশ করে॥ ১২॥ *

গ্রহ্বামলমতে জালন্ধরবন্ধ নিয়রপ:
কণ্ঠদেশ আকৃঞ্চন করতঃ স্বীয় চিবৃক স্থানুচরপে জাদয়ে
ৢয়াপিত করিলেই
ভালন্ধরবন্ধ হইবে।

মূলবন্ধক থন

পাঞ্চিণা বামপাদত যোনিমাকুঞ্দ্নেতত:।
নাভিগ্রন্থিং মেরুদতে কংপীড়া যতত: স্বধী:॥ ১৪॥
মেতুং দক্ষিপঞ্জাকে তু দৃঢ়বন্ধং সমাচরেং।
জ্বাবিনাশিনী মূলা মূলবন্ধো নিগন্তাতে॥ ১৫॥

মূলবন্ধের ফলকথন

বংসার-সাগরং তর্জু মছিলষতি যা পুমান্ :
বিরলে স্থাপ্তো ফুজা মৃজামেনাং সমভ্যদেৎ ॥ ১৬ ॥
জভ্যাসাৎ বন্ধনস্থাস্থ মকংসিদ্ধিতবৈদ্ধাবম্ ।
সাধ্যেৎ ষত্মতো তহি মৌনী তু বিজ্ঞালসঃ ॥ ১৭ ॥

মহাবন্ধ কথন

বামপাদত গুল্ফে তু পায়্মূলং নিরোধয়েৎ। দক্ষপাদেন তদ্গুল্ফং সংপীড্য যত্নতঃ স্থীঃ॥ ১৮।।

সাধক ছয় মান বাবং ইহার অহুষ্ঠান করেন, তাঁহার সিদ্ধিলাভ হয়, ইহাতে সন্দেহ নাই।। ১৩।।

মূলবন্ধ।—ৰামপাদের গুল্ফ দারা গুল্দেশ আকৃঞ্ন করতঃ যত্ব পূর্বক মেকদণ্ডে নাভিগ্রন্থি সংযুক্ত এবং পীড়ন করিবে আর দক্ষিণগুল্ফ দারা দৃঢ়রূপে উপস্থ সংবদ্ধ করিয়া রাখিবে। ইহাকেই মূলবন্ধ বলা হয়। এই মূলা জরানাশিনী॥ ১৪—১৫॥

ষিনি ভবসাগর পার হইতে অভিনাধ করেন, তিনি বিজনে গোপনে এই মূলা অভ্যাস করিবেন। এই মূলবদ্ধ শিকা করিলে শীঘ্রই মহুৎসিদ্ধি হয় সন্দেহ নাই; স্তরাং সাধক অনলস হইরা মৌনাবল্যন পূর্বক যতুসহকারে এই মূলা সাধন করিবেন।। ১৬-১২।।

মহাবন্ধ।—বামচরণের বারা পায়ুম্ল নিরোধ করিয়া দক্ষিণচরণ বারা যন্ত্রপুর্বক বামগুল্ফ আপীড়ন করিয়া ধীরে ধীরে গুহুদেশ পরিচালিত শনৈঃ শনৈশ্চালয়েং পাঞ্চিং বোনিমাকুঞ্য়েচ্ছনৈঃ। জালন্ধরে ধারয়েৎ প্রাণান্মহারন্ধো নিগগুতে॥ ১৯

মহাবন্ধের ফলকথন

মহাবদ্ধঃ পরো বদ্ধো অরামরণনাশনঃ। প্রসাদাদত্ম বন্ধতা সাধয়েৎ সর্ববাঞ্ছিতম্ ॥ • ॥

মহাবেধকথন

কপযোবনলাবণাং নারীণাং পুরুষং বিনা।
মূলবন্ধমহাবন্ধে মহাবেধং তথা ॥ ২১ ॥
মহাবন্ধং সমাধাত উড্ডীনকুম্ভকং চবেৎ।
মহাবেধং সমাধাতে যোগিনাং সিদ্ধিদায়কঃ ॥ ২২ ॥

মহাবেধের ফলকথন
মহাবন্ধমূলবন্ধো মহাবেধসমন্বিতো।
প্রত্যহং কুরুতে বস্তু দ যোগী যোগবিত্তমঃ॥ ২০॥

করিবে ও শনৈঃ শনৈঃ গুহুদেশ আকুঞ্চন করিবে এবং ভালস্থ্য বন্ধ দারা প্রাণবায় ধারণ কবিবে। ইহাই মহাবন্ধ বলিয়া অভিহিত ১১৮-১৯॥

এই মহাবন্ধ নামক মূলা যাবতীয় মূলামধ্যে সেইবলিয়া অভিহিত। ইহা জরা ও মৃত্যুকে বিনষ্ট করে। ইহার প্রসিধে নিখিল অভীইনিদ্ধি হয়॥২০॥

মহাবেধ।—পুক্ষ ব্যতিরেকে যেমন না ্রির রূপ, যৌবন ও লাবণ্য বিফল হয়, সেইরপ মহাবেধ বিনা মূলবন্ধ ও নির্মান নির্মান হইয়া থাকে। অগ্রে মহাবন্ধমূজার অন্তর্গান করিয়া উড্ডীয়া বন্ধ করত কুপ্তকপ্রভাবে ৰায়্বোধ করিলেই মহাবেধ সিদ্ধ হইয়া থাকে। মহাবেধ দারা যোগিক্ল সিদ্ধিলাভ করিয়া থাকেন॥ ২১-২২॥

যিনি প্রত্যহ মহাবেধযুক্ত মহাবন্ধ এবং মৃ 💦 দ্বর অন্তর্গন করেন

ন চ মৃত্যুভয়ং তম্ম ন লয়। তম্ম বিছতে। গোপনীয়ঃ প্রদল্পেন বেধোহয়ং যোগিপুদ্ধবৈঃ॥ ২৭ ॥

খেচরীমূজাকথন

ভিহ্নাথো নাড়ীং সংছিল্লাং বসনাং চালয়েং সদা।
দোহয়েরবনীতেন লোহয়েরণ কর্ষয়েং॥ ২৫॥
এবং নিত্যং সমভ্যাসাল্লম্বিকা দীর্ঘতাং একেং।
যাবদগচ্ছেদ্ভর্বোর্যধ্য তদা গছাতি থেচরী॥ ২৬॥
রসনাং তালুমধ্যে তু শনৈ: শনৈ: প্রবেশয়েং।
কপালকুহরে জিহ্বা প্রবিষ্টা বিপরীতগা।
ভ্রুবোর্যধ্যে গভা দৃষ্টির্ম্তা ভবতি থেচরী॥ ২৭॥

তিনিই সাধকশ্রেষ্ঠ ; মৃতু বা জরা কথনও তাঁহাকে আক্রমণ করিতে সমর্থ হয় না। ইহা পরম গোপ্য, সাধকশ্রেষ্ঠগণ ষত্তপূর্বক ইহা গোপন বাখিবেন॥ ২৩-৩৪॥

খেচরীমূল।—রসনার নিয়ভাগে জিন্তামূল ও জিন্তা এই ছুইটি সমুক্ত করিয়া যে নাড়া আছে, তাহা ছেনন করিয়া সর্বান জিন্তার নীচে রসনার আগ্রভাগকে পরিচালিত করিবে, আর রসনাকে নবনীত দ্বারা দোহনপূর্বক লোহমন্ত্রী লেখনী দ্বারা জিন্তা কর্ষণ করিতে হুইবে। প্রভাহ এইরূপ করিলে জিন্তা দীর্ঘতা লাভ করে। ক্রমে ক্রমে অভ্যাস দ্বারা জিন্তা এইরূপ লম্বিভ করিবে যে, উহা আরুলে জন্বরের মধ্যভাগ স্পর্শ করিতে সমর্থ হয়। জিন্তাকে ক্রমে ক্রমে তালুদেশে লইয়া যাইতে হুইবে। তালুদেশের মধ্যস্থ গ্রুর কপালকুহর। রসনাকে ঐ কপালকুহরের মধ্যে উর্জাকিক লানে: শনৈ: প্রবেশিত করিয়া জন্বরের মধ্যস্থান নিরীক্ষণ করিবে। ইহাকেই থেচরীমূলা বলে ॥২৫—২৭॥

খেচরীমুদ্রার ফলকথন

ন চ মৃচ্ছ। ক্ষ্ধা তৃষ্ণা নৈবালতাং প্রজায়তে ।
ন চ বোগো জরা মৃত্যুদেবদেহে প্রজায়তে ॥ ২৮ ॥
নাগ্রিনা দহুতে গাত্রং ন শোষয়তি মারুতঃ;
ন দেহং ক্লেমস্ত্যাপো দংশয়ের ভূজজমঃ ॥ ২৯ ॥
লাবণাঞ্চ ভবেদগাতে সমাধিজায়তে প্রবম্ ।
কপালবক্ত সংযোগে রসনা রসমাপুয়াৎ ॥ ৩০ ॥
নানারসসম্ভূতমানন্দঞ্চ দিনে দিনে ।
আলৌ লবণক্ষারঞ্চ তভ্তিক্তক্ষায়কম্ ॥ ৩১ ॥
নবনীতং ঘৃতং ক্ষীরং দ্ধিতক্রমধূনি চ ।
দাগারসঞ্চ পীযুষং জায়তে রসনোদকম্ ॥ ৩২ ॥

ধে দাধক এই খেচরীমুলা অভ্যাদ করেন, মুচ্ছা, কুধা পিণাদা তাঁকে কেশ প্রদান করিতে দমর্থ হয় না, আলভাও তাঁহার দেহে স্থান পায় না, তাঁহার জ্বা বা মরণভয় দ্রীভূত হয়, তিনি স্ব্রদেহতুল্য শ্রীর লাভ ক্রিয়া থাকেন ॥ ২৮॥

যে থৈ পেচরী মূলা-দাধন করে, অগ্নি তাহাকে দগ্ধ করিতে, বাযু তাহাকে শুক্ক করিতে, জল তাহার শরীরকে আর্দ্র করিতে ও দর্প তাহাকে দংশন করিতে সমর্থ হয় না॥ ২৯॥

খেচরীমূজাকারী সাধকের দেহে অপূর্ব্ব লাবণা সম্ভূত হয় এবং তিনি সমাধিযোগলাভ করিতে পারেন। কপাল ও বদন এই ত্ইটির সংযোগে তাঁহার বসনায় নানারূপ অস্তুম রুদের স্থার হইরা থাকে॥ ৩০॥

যে সাধক এই মূলার অন্নষ্ঠান করেন, তাঁহার রসনায় প্রতিদিন অন্তুত রসসঞ্চার হয় এবং তাঁহার চিত্তে নানাবসসমূভূত আনন্দ অমিয়া থাকে। সেই সাধকের মিহুবাতে প্রথমে লবণরস, পরে ক্ষাররস, তদনস্তর বিশরীতকরণীমূদ্রা

নাভিম্দে বনেৎ ক্ষান্তালুম্লে চ চক্রমা:।

অমৃতং গ্রসতে ক্ষান্ততো মৃত্যুবশো নর:॥ ৩৩॥

উর্দ্ধে চ নীরতে ক্ষান্তক্রণ অধ আন্যেৎ।

বিপরীতকরী মূলা সর্বতন্তেমু গোপিতা॥ ৩३॥
ভূমো শিরক্ত সংস্থাপ্য কর্যুগ্নং সমাহিত:।

উদ্ধাদ: স্থিয়ো ভূতা বিপরীতকরী মতা॥ ৩৫

বিপরীতকরণীমূদার ফল মৃদ্রেঃ দাধয়েন্নিত্যং জরাং মৃত্যুঞ্চ নাশয়েং। স সিদ্ধঃ দর্কালোকেযু প্রলয়েহণি ন সীণতি॥ ৩৬

তিক্তরস, পরে ক্ষায়রস, নবনীত, ক্ষীর, দ্ধি, তক্র (ঘোল), মধু, দ্রাক্ষা, অমৃত প্রভৃতি নানারসের আবির্ভাব হুইয়া থাকে॥ ৩:-৩২॥

বিপরীতকরণী মূলা—নাভিমূলে স্থানাড়ী এবং তালুমূলে চন্দ্রনাডী অধিষ্ঠিত আছে। সংস্থানপদ্ম হইতে যে অমৃতধারা বিগলিত হয়, স্থানাড়ী ঐ অমৃত পান করিয়া থাকে, এই জন্ম প্রাণিগণ ভকরাল কালগ্রাদে পতিত হয়। যদি চন্দ্রনাড়ী ঐ অমৃত পান করে, তাহা হইলে কিছুতেই জাবের মৃত্যুসম্ভব হয় না। এই নিমিত্ত যোগবলে স্থানাড়ীকে উর্দ্ধভাগে এবং চন্দ্রনাড়ীকে অধোদেশে আনয়ন করা সাধকের কর্ত্র্য। এই বিপরতকরণী মূলার বায়া নাড়ী উক্তরূপে স্থাপিত করা বায়। মন্তক ভ্তলে স্থাপিত করিয়া হত্তবয় পাতিয়া রাখিবে আর পদ্যুগল উর্দ্ধিক উন্তোলিত করিয়া কৃত্তক বাবা বায়ুরোধ পূর্কক সমাদীন হইবে। ইহাকে বিপরীতকরণীমূলা বলে॥ ৩০ –৩৫॥

বে পুরুষ প্রতিদিন এই মূলাসাধন করেন, তাঁচার জরা ও মরণ দ্বীভৃত ছয় এবং তিনিই সর্বাত্ত সিদ্ধ বলিয়া বিখ্যাত হন ; সেই বোগী প্রলয়কালেও ভয়ে অবসন্ত হন না। ৩৬॥

যোনিমূজা

দিদ্ধাননং সমাসাত্ত কর্ণচকুর্নসোম্থম্।
অন্ত ভিজনীমধ্যানামাদিভিল্চ সাধরেৎ॥ ৩৭।
কাকীভিঃ প্রাণং সংকৃত্ত অপানে যোজ্যেন্তভঃ।
ঘট্চক্রাণি ক্রমান্ধ্যান্তা হং হংসমন্থনা স্থাং॥ ৩৮॥
হৈচক্রমানরেন্দেবীং নিজিতা যা ভূজনিনী।
জীবেন সহিতাং শক্তিং সম্থাপ্য করাঘুজে॥ ৩০॥
শক্তিময়ং স্বয়ং ভূজা পরং শিবেন সঙ্গমম্।
নানান্তথং বিহারঞ্চ চিন্তয়েং পরমং স্থম্॥ ৪০॥
শিবশক্তিসমাযোগাদেকান্তং ভূবি ভাবয়েং।
আনন্দঞ্চ সয়ং ভূজা অহং ব্রেছাতি সন্তবেং॥ ৪১॥
যোনিমূলা পরা গোপ্যা দেবানামপি ভূলভা।
সক্তরু লাভসংসিদ্ধিঃ সমাধিস্থং স এব হি॥ ৪২॥

যোনিম্ত্রা—প্রথমত: দিদ্ধাসনে উপবিষ্ট হইয়া কর্ণযুগল অনুষ্ঠয়য় বারা
নয়নয়য়য়ল তজ্জনীবয় বারা নিরোধ করিবে। প্রাণবায়ুকে কাকীমুজাযোগে সমাকর্ষণ করতঃ অপানবায়ু সহ সম্মিলিত করিতে হইবে,
শরীবস্থ ষট্চক্র চিন্তা পূর্বক "ছং" ও "হংস" এই মস্ত্র বারা দেবী কুলকুওলিনীকে জাগরিতা করিবে এবং জীবায়ায় সহিত মিলিত কুওলিনীকে
সহস্রার পদ্মে সমানয়নপূর্বক সাধক ঈদৃশ চিন্তা করিবেন যে, "আমি
শক্তিময় ও শিবসহ সলমাসক্ত হইয়া পরম আনন্দ উপভোগ ও বিহার
করিতেছি এবং শিবশক্তির সংসর্গে আমিই আনন্দময় ব্রহ্ম।" ইহাই
যোনিম্ত্রা। এই মৃত্রা অতীব গোপনীয়, ইহা দেবগণেরও তুর্গভ। এই
মৃত্রা একবার সাধন করিলেই যোগী নিদ্ধিলাত করিতে পারেন। ইহা
ঘারা অনায়ানে সমাধিস্থ হওয়া বায়॥ ৩৭—৪২॥

যোনিমুজার ফল

ব্রহ্মহা জণহা হৈব স্থবাপী গুরুতর্নগঃ।

এতৈ পাপৈনলিপ্যেত যোনিম্দ্রানিবন্ধনাং।

যানি পাপানি ঘোরাণি উপপাপানি যানি চ।

তানি সর্ব্বাণি নশুন্তি যোনিম্দ্রানিবন্ধনাং।

তত্মাদভ্যাসং কুর্যাদ যদি মুক্তিং সমিচ্ছতি॥ ৪৪॥

বজোলীমূদ্রা

ধরামবস্তুত্য করয়োক্তলাভ্যাং, উর্দ্ধে ক্ষিপেৎ পাদযুগং শির: থে। শক্তিপ্রবোধায় চিরজীবনায়, বজোলী মুদ্রা মৃনয়ো বদস্তি । ৪৫ ॥

বজ্ঞোলীমুদ্রার ফল

অন্নং বোপো যোগভোঠো যেগিনাং মৃক্তিকারণম্।
অন্নং হিতপ্রামো ঘোগো যোগিনাং দিদ্ধিদারকঃ । ৪৬ ।
এতদ্যোগপ্রসাদেন বিন্দুদিদ্ধির্ভবেদ্ধিবম্।
দিদ্ধে বিন্দৌ মহাযত্ত্বে কিং ন দিংগতি ভূতবে ।

যোনিমুলা সাধন ঘারা কি ব্রশ্নহত্যা কি জণহত্যা, কি মছপান, কি গুৰুপত্নীগমন, কোন পাপই তাঁহাকে স্পর্শ করিতে সমর্থ হয় না। ভূতলে যে সকল ঘোর পাতক বা উপপাতক আছে, এই ঘোনিমূলার অফুগ্রান করিলে তৎসমন্তই দ্রীভূত হয়। মোক্ষলাভের ইচ্ছা থাকিলে ইহা অভ্যাস করা কর্ত্তব্য । ৪৩—৪৪ ॥

বজ্ঞোলীমূদ্রা।—করতলযুগল ভূমিতে স্থিরভাবে রাধিয়া উর্দ্ধভাগে পদময় ও মন্তক উদ্ভোলন করাকেই বজ্ঞোলীমূদ্রা কহে। ইহা বল ও দীর্ঘায়ুংপ্রদ । ৪৫ ।

এই মূলাবোপ সমন্ত বোগের মধ্যে শ্রেষ্ঠ, ইহা দাধকগণের মুক্তির কারণ, এই বোগ পরম উপকারী ও সাধককুলের সিদ্ধিপ্রদ ॥ ৪৬ ॥

এই যোগের প্রদাদে নিশ্চরই বিন্দৃদিদ্ধি হর অর্থাং এই মুদ্রার

ভোগেন মহতা যুক্তো যদি মুখাং সমাচরেং। তথাপি সকলা নিশ্ধিস্তান্ত ভবতি তিশ্চিতম ॥ ৪৮ :

শক্তিচালনীযুদ্রা

ম্লাধারে আত্মশক্তিং কুওলী পরদেবতা।
শয়িতা ভূজগাকারা সান্ধিত্রিবলয়াম্বিতা ॥ ৪৯
যাবৎ দা নিদ্রিতা দেহে তাবজ্জাবং প্রথা।
জ্ঞানং ন জায়তে তাবং কোটিযোগং সমভ্যমেৎ ॥ ৫০ ॥
উদ্যাটয়েৎ কাটঞ্চ যথা কুঞ্চিকয়া হঠাৎ।
কুগুলিক্সা প্রবোধেন ব্রহ্মগারং প্রভেদয়েৎ ॥ ৫১ ॥
নাভিং সংবেষ্টা বস্ত্রেগ ন চ নগ্রো বহিঃস্থিতঃ।
গোপনীয়গৃহে স্থিতা শক্তিচালনমভ্যমেৎ ॥ ৫২ ॥

অস্থান করিলে শাধকের বিদ্ধারণ হয় না, তাঁহার বিদ্ধারণশক্তি ভ্নিয়া থাকে, বিদ্দিদ্ধি হইলে পৃথিবীতে এমন কোন কর্ম নাই, যাহা দিদ্ধ করা যায় না ॥ ৪৭ ॥

ভোগী পুরুষও এই মুদার অভ্ঠান করিলে সমস্ত দিদ্ধিলাভে সমর্থ হন সম্পেহ নাই॥ ৪৮॥

শক্তিচালনীমুদ্রা— পরমদেবতা কুগুলিনীশক্তি সান্ধত্তিবলঃ যুক্তা ভূক্তিনী সদৃশ মুলাধারপল্লে নিদ্রিতা রহিয়াছেন॥ ৪৯॥

ষাৰং ঐ কুগুলিনীশক্তি প্রস্থা থাকেন, ভাবং কোটি কোটি ষোগাভ্যাস ঘারাও জীবগণের জ্ঞানোদ্য হয় না, ততদিন জাব পশুর তুলা অজ্ঞানে সমাচ্ছয় থাকে॥ ৫ • ॥

যেরপ কুঞ্জিকা দারা দার সমৃদ্যাটিত হয়, সেইরপ কুণ্ডলিনীশক্তিকে প্রবাধিত করিলেই ব্রহ্মদার সমৃদ্যাটিত হইয়া থাকে; এইরপ হইলেই জীবের জ্ঞানোদয় হয়। ৫১॥

वमन बाबा नाजिएमण (वहेन कदछ: अश्वशृद्ध चामीन इरेबा मक्किराननी

বিতন্তিপ্রমিতং দীর্ঘং বিস্তাবে চতুরস্পাম্ ।
মৃত্লং ধবলং স্কাং বেইনাম্বরশক্ষণম্ ।
এবমম্বর্জ্বঞ্চ-কটিস্ত্রেণ যোজয়েৎ ॥ ৫০ ॥
তত্মনা গাত্রদংলিপ্তং দিদ্ধাদনং সমাচরেৎ ।
নাসাভ্যাং প্রাণমারুগ্র আপনঃ ধোজয়েন্ বলাং ॥ ৫৪ ॥
তাবদাক্কয়েদ্গুহ্ং শনৈরশিনী মৃত্রা ।
যাবদ্ পচ্ছেং স্থমুমায়াং বায়ুং প্রকাশক্রের্ঠাং ॥ ৫৫ ॥
তদা বায়প্রবন্ধেন কৃত্তিকা চ ভূজ্জিনী ।
বদ্ধাসন্ততো ভূজা উদ্ধার্গং প্রশুততে ॥ ৫৬ ॥
বিনা শক্তিং চালনেন ধোনিম্জা ন সিধ্যতি ।
আদে চালনমভান্ত ধোনিম্জাং সমভ্যদেং ॥ ৫৭ ॥

মুক্রা অভ্যাস করিবে; কিন্তু নগ্নাবস্থায়, বাহিন্তে অবস্থিত হইয়া এই ধোসসাধন করা অকর্ত্তব্য।। ৫২।।

বিতন্তিপরিমিত, চতুরঙ্গুশবিস্তৃত, অভিমৃত্, শুল্ল ও পুন্ধ বদন দারা নাভি বেষ্টন করিবে এবং ঐ বদনধণ্ড কটিস্তে দারা সংবদ্ধ করিবে।। ৫৩।।

ভশ্ম দারা দেহ লিপ্ত করিয়া সিদ্ধাসনে উপবেশন করভঃ প্রাণবায়ুকে নাসাচ্চিত্রদ্ধ দারা সমাকর্ষণ পূর্ব্বক সবলে অপানবায়ুর সহিত নিলিভ করিবে। বাবৎ বায়ু স্থ্যুমানাড়ীর মধ্যে গমন করিয়া প্রাকাশিভ না হয়, তভক্ষণ অধিনীমূলা দারা শনৈঃ শনৈঃ গুহুদেশ আকৃঞ্জিভ করিবে।। ৫৪-৫৫॥

এইরণে নিশাস রোধ করতঃ কুম্বক ধারা বায়ুরোধ করিলে ভূজকারুতি কুওলিনী শক্তি জাগরিতা হইরা উর্দ্ধণে সম্থিত হইরা থাকেন অর্থাৎ সহস্রদলপালে পরমান্তার সহিত সংযুক্ত হইরা থাকেন।। ৫৬।।

শক্তিচাৰনীমূলা ব্যতিরেকে ধোনিমূলা বিদ্ধ হয় না: স্বতরাং

ইতি তে কথিকং চণ্ডকাপালে শক্তিচালনম্। গোপনীয়ং প্রয়ত্ত্বেন দিনে দিনে সমভাসেৎ। १৮।

मक्तिगननीमृजार कन

মৃদ্ৰেয়ং পৰমা গোপ্যা জ্বামৰণনাশিনী।
তন্মাদভাগনং কাৰ্য্যং ধোপিতিঃ দিদ্ধিকাজ্জিভিঃ ॥ ৫০ ॥
নিত্যং ধোহভাদতে ধোপী সিদ্ধিস্তস্ত কবে স্থিতা।
তন্ত বিগ্ৰহদিদ্ধিঃ স্তাকোপাণাং সংক্ষয়ো ভবেং ॥ ৬০ ॥

তাড়াগীমূলা

উনৰং পশ্চিমোন্তানং ক্ল<mark>ণা চ ত</mark>ড়াগাক্কতি। ভাড়াগী দা পৰা মূজা **কৰামৃত্যু**বিনাশিনী॥ ৬১॥

প্রথমত: এই মৃদ্রা অভ্যাস করিয়া পরে বোনিমুদ্রা অভ্যাস করিতে হইবে॥ ৫৭॥

হে চণ্ডকাপালে! এই শক্তিচালিনীমূজা ভোমার নিকট বর্ণন করিলাম। ইহা যতুপুর্কিক গোপনে রাখিবে ও প্রত্যুহ ইহার অভ্যাদ করা বিধেয়। ৫৮॥

শক্তিচালনীমুদ্রার ফল।—এই শক্তিচালনীমুদ্র। অতীব গোপ্যা; ইহা অরা ও মৃত্যুবিনাশিনী; অতএব সিদ্ধিলাভেচ্ছু যোগিগণ ইহা অভ্যাস করিবেন। ৫৯॥

ধে সাধক এই মূলা প্রত্যেছ অভ্যাস করেন, দিদ্ধি তাহার করত সস্থ হইয়া থাকে। তাঁহার বিপ্রহসিদ্ধি ভব্মে এবং রোগরাশি দ্রীভৃত হইয়া যায়॥ ৬০॥

তাড়াগীমূলা।— পশ্চিমোন্তান আসনে . উপ্ৰিষ্ট হইয়া উদর তড়াগাকৃতি করিয়া কুম্বক অফুষ্ঠান করাকেই তাড়াগীমূলা কছে। এই মূলা শ্রেষ্ঠমূলা বলিয়া কথিছে, ইছা জরা ও মৃত্যু বিনাশ করে॥৬১॥

মাও,কীমূলা

মৃথং সমৃথিতং কৃত। জিহ্বামৃলং প্রচালয়েৎ।
শনৈর্গ্রেদমৃত্তরাত,কীমৃদ্রিকাং বিছঃ॥ ৬২॥

মাতৃকীমুখার ফল বলিতং পলিতং নৈব ভান্নতে নিত্যধৌবনম্। ন কেশে জায়তে পাকো যঃ কুগ্যান্নিত্যমাতৃকীম্॥ ৬০॥

শান্তবীমূত্র।

নেত্রাঞ্জনং সমালোক্য আত্মারামং নিরীক্ষয়েং। সা ভবেচ্ছান্তবী মূজা সর্বতন্ত্রেমু রোপিতা। ৬৪ ॥

শাস্তবীমূত্রার ফল বেদশাস্তপুণাণানি সামাস্তপদিকা ইব। ইয়ন্ত শান্তবা মৃত্রা গুপুরা কুলবধুরিব ॥ ৬৫॥

মাও্কীমূল। — বদন ছিলে মুদিত করিয়া উর্দাদকে তাল্বিবরে রসনার দুম্লদেশকে সঞালিত করিবে ও জিহবা ঘার। শনৈঃ শনৈঃ সহস্রনলকমলোভূত অমৃতধারা পান করিবে। ইহাকে মাও্কীমূলা ক্ষে ॥ ৬২ ॥

এই মাণ্ড্কীমূলা নিত্য সাধন ছারা শরীরে বলিত বা পলিত-সঞ্চারের কথা দূরে থাকুক, পক্তাও জন্মে না এবং যৌবন চির্দিন বিভাষান থাকে॥ ৬৩॥

শান্তবীমূদ্রা।—জ্যুগলের মধ্যদেশে স্থির দৃষ্টি করত: একান্তমনে চিস্তাবোগে প্রমান্ত্রাকে নিরীক্ষণ করিবে। ইহার নাম শান্তবীমূদ্রা। এই মৃদ্রা। সর্ববিজ্ঞাই গোণ্যা বলিয়া অভিহিত হইয়াছে ॥ ৬৪ ॥

বেদ, প্রাণ প্রভৃতি সমন্ত শাস্ত্রই সামান্ত বেখার ন্থায় প্রকাশিত ; কিন্তু এই শান্তবীমূলা কুলবধুর ক্লায় পরম পোণ্যা॥ ৬৫॥ স এব আদিনাথশ্চ স চ নারায়ণঃ স্বয়ম্।
স চ ব্রহ্মা স্ক্রেইবারী ধো মৃত্রাং বেন্তি শাস্ক্রবীম্।। ৬৬ ।।
সত্যেং সত্যং পুনঃ সভ্যং সভ্যমৃত্রং মহেশ্বংঃ।
শাস্তবীং ধো বিজানীয়াৎ স চ ব্রহ্ম ন চাত্রগা।। ৬৭ ॥

नक्धाद्र**ा**मृज्

কথিতা শান্তবী মৃদ্র। শৃণুষ পঞ্চারণাম, ।
ধারণাণি সমাসাভ কিং ন সিধাতি ভূতলে ।। ৬৮ ॥
অনেন নরদেহেন স্বর্গেয়ু পমনাপমঃ ।
মনোগতি ভবেত্ততা থেচরতাং ন চারুণা ॥ ৬০ ॥

ধে সাধক এই শান্তবীমূদ্রা বিদিত আছেন, তিনি আদিনাথ সদৃশ, তিনিই অয়ং নারায়ণখন্তপ এবং তিনিই অষ্টিকারী ব্রহ্মার তুল্য, ইহাতে আর সন্দেহ নাই। এই কথা শিব বিস্বত্য করিয়া নিদ্দেশ করিয়াহেন। ৬৬-৬৭

পঞ্চারণাম্তা।—শান্তবীমূতা কথিত হইল, এক্ষণে পঞ্চিধ ধারণাম্তা বিলিতেছি, প্রবণ কর। এই পঞ্চিধ ধারণামূতা সিদ্ধ করিতে পারিলে ভূতলে ঈদুশ কোন বিষয়ই নাই, যাহা সিদ্ধ করা না যায়।। ৬৮।।

যে ব্যক্তি পঞ্চবিধ ধারণামূলা সিদ্ধ করে, দে তৎপ্রভাবে নরদেহেই স্বর্গধানে গমনাগমন করিতে পারে এবং তাহার মনোগতিও খেচরত্ব-লাভ হয়। (পঞ্চপ্রকার ধারণামূলা পূর্বেই উক্ত হইয়াছে, যথা—পৃথিবী, আছেদী, বায়বী, আগ্নেমী ও আকাশী)।। ৬১।।

পার্থিবীধারণামূজা

যভত্বং হরিতালদেশরচিতং ভৌমং লকারায়িতং, বেদাশ্রং কমলাদনেন দহিতং ক্ববা ক্তি স্থায়িনম্। প্রাণাংশুত্র বিনীয় পঞ্চটিকাং চিত্তাম্বিতাং ধারয়ে দেষা শুন্ত কারী ক্ষিতিজয়করী ক্র্যাদধোধারণা। ৭০॥

পার্থিবীধারণামূজার ফল

পাথিবীধারণা-মূজাং ষঃ করোতি হি নিত্যশঃ। মৃত্যুঞ্জয়ঃ স্বয়ং দোহপি স সিজো বিচরেদ্ ভূবি॥ १১॥

ৰাজ্গীধারণামূলা

শদ্খেন্দু প্রতিমঞ্চ কুন্দধবলং তত্তং কিলালং শুভং, তৎপীযুধবকারবীলসহিতং যুক্তং সদা বিষ্ণুনা। প্রাণাংস্তক্র বিনীয় পঞ্চবিটকাং চিন্তান্বিতাং ধার্যে-দেয়া তুঃসহতাপহরণী স্তাদাস্ত্রদী ধারণা। ১২।

অতঃপর পার্থিবীধারণ।মূলা—পৃথীতত্ত্বের বর্ণ হরিতালের তুলা, লকার ইহার বীজ, আরুতি চতুজোণ এবং ব্রহ্মা ইহার দেবতা। যোগবলে ঐ পৃথীতত্ত্বকে হৃণয়ান্তরালে প্রকাশিত করাইবে এবং মনের সহিত উহা হৃদরে সংঘত করতঃ প্রাণবায়্কে সমাকর্ষণ পৃথ্বক পঞ্চ্টিকা প্যান্ত কুন্তক্ষোপ ঘারা ধারণ করিবে। ইহার নাম পার্থিবীধারণামূল। ইহার অপর নাম অধোধারণামূল। সাধকপুক্ষ এই ধারণা অভ্যান করিলে ইহার প্রসাদে পৃথিবী জয় করিতে সমর্থ হন। ইহার তাংশ্যা এই যে, পৃথিবী-সম্বদ্ধীয় কোনরূপ ঘটনাই তাঁহাকে কালগ্রাদে পাতিত করিতে পারে না॥ ৭০॥

বে প্রতিদিন এই পৃথিবীধারণাম্ভার অন্তর্গান করে, সে সাকাং মৃত্যুঞ্জয় তুল্য হয় এবং সিদ্ধ হইয়া ভূতলে বিচরণ করে। १১। আন্তর্গীধারণামূডা।—বারিতত্ত্বে বর্ণ শব্দ, চন্দ্র ও কুল সদৃশ থেত,

আন্তুপীমুদ্রার ফল

ান্তদী পরমাং মুক্তাং যো জানাতি চ যোগবিং। জলে চ গভীরে ঘোরে মরণং ভক্ত নো ভবেং॥ ৭০॥ ইয়ন্ত পরমা মুদ্রা গোপনীয়া প্রযন্ততঃ। প্রকাশাৎ সিদ্ধিহানিঃ স্থাৎ সত্যং বচিনু চ তরতঃ। ৭৪॥

আগ্নেমীধারণামুদ্রা

ষয়াভিস্থিতমিদ্রপোপদৃশং বীঞ্চং ত্রিকোণান্নিতং, তথ্য তেন্দোময়ং প্রদীপ্তমকলং কল্রেণ যথ সিদ্দিদম্। প্রাণাংস্কর বিনীয় পঞ্চবটিকাং চিন্তান্বিতাং ধারয়ে-দেষা কালগভীরভীতিহরণী বৈখানরী ধারণা॥ ৭৫॥

ইহার আরুতি চন্দ্রমাতৃল্য, বকার ইহার বীক্স, বিফু ইহার দেবতা।
যোগবলে হৃদয়মধ্যে এই জলতত্ত্বে প্রকাশ করাইবে এবং প্রাণবাযু
সমাকর্ষণ করতঃ একমনে পঞ্চটিকা পর্যন্ত কুন্তক বারাধারণা করিতে
ইইবে। ইহাকেই আন্তলীমূলা বলে। এই মূলা অভাাদ করিলে
ক্লাভ্যন্তরে মৃত্যুভয় থাকে না, এই মূলা তৃঃসহ সংসারতাপ হরণ করিয়া
থাকে । ৭২॥

যে যোগবিৎ পুরুষ এই আন্তলীমূদ্রা বিদিত আছেন, ঘোর গভীর অসমধ্যে পতিত হইলেও তাঁহার কথনই মৃহ্য হয় না। १८॥

এই আন্তসীমূল। মূলাশ্রেষ্ঠ বলিয়া অবিহিত, ইহা যত্ত্ব গোপন করিয়া রাখিবে—আমি ইহা সতাই বলিতেছি, ইহা প্রকাশ করিলে দিদ্ধিহানি হয়॥ १৪॥

আথেয়ীধারণামূল। — অগ্নিতত্ত্বের স্থান নাজি : ইহার বর্ণ ইন্দ্র-গোপকীট সদৃশ, বকার ইহার বীজ, আকার ত্রিকোণ এবং দেবতা রুত্র । এই তত্ত্ব তেজাময়, দীপ্তিমান্ ও সিদ্ধিপ্রদ। বোগ ঘারা এই অগ্নিতত্ত্বের প্রকাশ করাইয়া একাগ্রমনে পাঁচ ঘটিকা যাবং কুন্তক্ষোগ ঘারা প্রাণবায় আগ্নেমীধারণামূলার ফল প্রদাপ্তে জ্বলিতে বহে । এত নুদাপ্রদাদেন স জীবতি ন মৃত্যুভাক্ ॥ ৭৬ ॥

বায়বীধারণামূলা

যন্তিয়াঞ্চনপুঞ্জদন্ধিভমিদং ধুঝাবতাসং পরং,
তবং দত্তমন্ধং ঘকারসংহিতং ঘত্তেখবোলদেবতা।
প্রাণাংস্তক্র বিনীয় পঞ্চাটিকাং চিন্তাবিতাং ধার্থেদেষা থে গ্মনং করোতি ঘমিনাং স্থাঘায়বী ধারণা। ৭৭॥

বায়বীধারণামূত্রার ফল ইয়স্ক পরমা মূত্রা অরামৃত্যুবিনাশিনী। বায়ুনা মিয়তে নাপি থে চ গতিপ্রদায়িনী॥ ৭৮॥

ধারণ করিবে। ইহাকেই আথেগ্নীধারণামূদ্রা বলে। এই মৃদ্রা.আভ্যাদ করিলে ভবভয় দূর হয় এবং অগ্নিতে দাধকের মৃত্যু দংঘটিত হয় না॥ ৭৫॥

নাধক প্রদীপ্ত অগ্নিমধ্যে নিপতিত হইলেও এই মুদ্রার প্রদাদে জীবিত থাকিতে পারিবেন, তাঁহাকে কথন মৃত্যুগ্রাদে পতিত হইতে হইবে না॥ ৭৬॥

বায়বীধারণাম্তা—বাযুত্ত্বের বর্ণ মন্দিত অঞ্জনপুঞ্জ সদৃশ ও ধূত্রের স্থায় কৃষ্ণবর্ণ, যকার ইহার বীজ এবং ইহার দেবত। ঈখর্। এই তত্ত্ব সন্ধৃত্ত্বপ্রম, যোগ দারা এই বাযুত্তকে প্রকাশ করাইয়া একমনে কুন্তক্বারা প্রাণবায় আকর্ষণ করত: পাঁচঘটিকা ধারণ করিলেই বায়বীধারণাম্দা হয়। এই মৃদ্রার অন্তর্গান করিলে বায়ু হইতে কখনই তাঁহার মৃত্যু হয় না এবং সাধক আকাশমার্গে পরিভ্রমণ করিবার শক্তি শাভ করিয়া থাকেন । ৭৭॥

এই মূত্রা শ্রেষা মৃত্রা বলিয়া কথিত। ইহা বারা জরা ও মৃত্যু

শঠায় ভক্তিহীনায় ন দেয়া যুস্ত কস্তচিৎ দত্তে চ সিদ্ধিহানিঃ স্থাৎ সত্যং বচিনু চ চণ্ড তে॥ ৭৯॥

আকাশীধারণামূদ্রা

বংশিক্ষো বরশুদ্ধবারিসদৃশং ব্যোমং পরং ভাসিতং, তত্ত্বং দেবসদাশিবেন সহিতং বীজং হকারায়িতম্। প্রাণাংম্ভত্র বিনীয় পঞ্চবটিকাং, চিতান্বিতাং ধারব্রে-দেষা মোক্ষকবাটভেদনকরী কুর্যায়ভোধারণা। ৮০।

আকাশীধারণামূত্রার ফল আকাশীধারণা-মূত্রাং যো বেন্তি দ চ যোগবিং। ন মৃত্যুর্জায়তে ওস্ত প্রসয়ে নাবদীদতি॥৮১॥

দ্রীভূত হয়। যে সাধক ইহার আচরণ করেন, বায়ুতে তাঁহার কথনই বিনাশ হয় না এবং এই মুদ্রা শৃতদেশে ভ্রমণশক্তি প্রদান করে। ৭৮।

শঠ ও ভক্তিহীন পুৰুষকে কখনও এই মূলা সমর্পণ করা কর্তব্য নহে। ছে চণ্ডকপালে! আমি ভোমার নিকট সভা করিয়া বলিভেছি, শঠ বা ভক্তিহীন পুৰুষকে এই মূলা প্রদান করিলে সিদ্ধিহানি হয় সন্দেহ নাই । ১৯॥

সাকাশতত্ত্বের বর্ণ পবিজ্ঞদির্বারিত্ন্য, ইহার দেবতা সদাশিব এবং ইহার বীজ হকার। এই আকাশত্ত্বেকে যোগবলে উদিত করিয়া একাগ্রচিত্তে প্রাণবায়ু সমাকর্ষণ করত: পঞ্চটিকা কুত্তক্ষোগ ঘারা ধারণ করিবে। ইহাকে আকাশীধারণামূলা কহে। ইহা সাধন করিলে অমরত্ব ও মৌকলাভ হয়।।৮০।।

ষে পুৰুষ আকাশীধারণামূদ্রা বিদিত আছেন, ডিনিই পরম বোগবিং বিদয়া অভিহিত। তাঁহাকে কথনই কালগ্রাসে পতিত হইতে হয় না, অধিনীমূল্যাকথন আকুঞ্জেদ্ গুদ্ধারং প্রকাশয়েং পুনঃ পুনঃ। সা ভবেদধিনী মুদ্রা শক্তি প্রবোধকারিণী।। ৮২।।

অখিনীমূলার ফল অখিনী পরমা মূজা গুজুরোগবিনাশিনী। বলপুষ্টিকরী চৈব অকালমরণং হরেং॥ ৮৩॥

পাশিনীমূলাকথন কণ্ঠপৃষ্ঠে ক্ষিপেৎ পাদে পাশবদ্দ্বন্ধনম। দা এব পাশিনী মূলা শক্তি-প্রবোধকারিণী। ৮৬।

পাশিনীমূলার ফল পাশিনী মহতী মূলা বলপুষ্টিবিধায়িনী। নাধনীয়া প্রযত্মেন নাধকৈঃ নিদ্ধিকাজ্জিভিঃ॥ ৮৫॥

অর্থাৎ তিনি ইচ্ছামৃত্যু লাভ করেন এবং তিনি প্রলয়-সময়েও অবসয়

পুন: পুন: গুহুদার আকুঞ্চন ও প্রসারণ করাকেই অখিনীমূজা কছে। এই মূজা শক্তি-প্রবোধকারিণী বলিয়া অভিহিত ॥ ৮২ ॥

এই দর্বোৎকৃষ্ট অখিনীমূলার প্রভাবে গুরুরোগ নষ্ট হয়, ইহা বল ও পুষ্টিদাধনকরী এবং ইহার প্রদাদে অকালে মরণ হয় না॥ ৮৩॥

পাদৰ্য কঠের দিক্ দিয়া পৃষ্ঠদেশে নিক্ষেপ করত: পাশের স্থায় দৃঢ়ক্ষণে বন্ধন করিবে। ইহাকে পাশিনীমূজা বলে। এই মূজা শক্তি-প্রবোধকারিণী বলিয়া কথিত ।। ৮৪॥

এই মহতী পাশিনীমূজা ৰারা বল ও পুষ্টিনাধন হইয়া থাকে; অতএব সিদ্বিলাভেচ্ছ সাধকরণ ব্লুপুর্বক ইহার সাধনা করিবেন I ৮৫ I কাকীমূলা

কাকপুৰদান্তেন পিৰেষায়ুং শলৈ: শলৈ:।
কাকীযুদ্ৰা ভবেদেষা সৰ্ব্যৱোগবিনাশিনী ।। ৮৬ ।।

কাকীমুদ্রার ফল

ৰাকীমূলা পরা মূলা সর্বভেন্নেষ্ গোণিতা। অন্তা প্রসাদমাত্ত্বেণ কাকবৎ নীরোগী ভবেৎ॥ ৮৭॥

মাতিপিনী মূদ্রা

কণ্ঠমশ্লে জলে স্থিয়া নাসাভ্যাং জনমাহরেও।
মুখান্নির্গময়েও পশ্চাও পুনর্বজ্ঞে ও চাহরেও ॥ ৮৮॥
নাসাভ্যাং বেচয়েও পশ্চাও কুর্যাদেবং পুনঃ পুনঃ।
মাতজিনী পরা মুক্রা জরামৃত্যবিনাশিনী ॥ ৮১॥

মাতবিনীমুলার কল
বিরলে নির্জ্জনে দেশে স্থিতা চৈকাগ্রমানসঃ।
কুর্ব্যান্মাতবিনীং মূলাং মাতব ইব কায়তে ॥ ১০ ॥

নিজম্থ কাকচঞ্ব ন্থায় করিয়া ধীরে ধীরে বাষ্ পান করিবে। ইহাকেই পণ্ডিতগণ কাকীমূলা বলিয়া থাকেন। এই মূডার প্রভাবে সর্করোগ ধ্বংস প্রাপ্ত হয়, ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই॥ ৮৬॥

এই পরমশ্রেষ্ঠ কাকীমূলা সর্বতিদ্রেই পোপনীয়। ই**হার প্রভাবে** কাকের ক্সায় নীরোপী হইতে পারা যায়॥ ৮৭ ॥

কণ্ঠময় জলে অবস্থিত হইয়া অগ্রে নালিকাম্ম মারা জল আহ্রণ করিয়া মুখমারা নির্গমিত করিবে। পরে পুনরার মুখ মারা জল লইয়া নালার মারা নিক্রামণ করিবে। পুনঃ পুনঃ এইক্লণ করাকেই মাতজিনীমুল। কছে। এই মূলার প্রভাবে জরাও মৃত্যু দূর হয়।। ৮৮—৮৯।।

নিৰ্কন খানে উপবেশন পূৰ্বক একাগ্ৰচিত্তে এই মাভদিনীমূলার

ৰত্ত তত্ত্ব স্থিতো যোগী স্থপমত্যস্তমশ্লুতে। ভক্ষাৎ সৰ্ব্বপ্ৰয়ত্ত্বেন দাধয়েৎ মৃত্ৰিকাং পরাম্।। >>_।

ভুজজিনীমূদ্রা

ৰক্তং কিঞ্চিৎ স্থপ্ৰসাৰ্য্য চানিলং গলয়া পিৰেৎ। লা ভবেৎ ভূজনী মৃত্যা জ্বামৃত্যুবিনাশিনী।। >২।।

ভূজিনীমুন্তার ফল ধাবচ্চ উদরে রোগমজীর্ণাদি বিশেষতঃ। তৎ সর্বাং নাশয়েদাশু ধত্র মূলা ভূজিনিনী।। ১৩ ॥

মূলাসমূহের ফলকথন ইনন্দ মূলাপটলং কথিতং চণ্ডকপালে। বল্লভং স্কাসিদ্ধানাং জ্বামরণনাশনম্।। >৪।।

সাধন করিবে। এই মূজা সাধন করিতে পারিলে সাধক গজের স্থায় বলশালী হুইতে পারেন।। ১০।।

সাধক বে কোন স্থানেই বাস করুন না কেন, এই মূলার প্রভাবে পরম স্থপভোগ করিতে পারেন, অতএব সর্ন্ধা ষত্বপূর্বক এই মূলার অনুষ্ঠান করিবে।। ১১।।

মূখ কিঞ্ছিৎ বিভাৱিত করিয়া গলদেশ বারা বাষ্ করাকেই ভুজজিনী ু মূলা বলে। এই মূলা জরাও মৃত্যু নাশ করে।। ২২।।

জঠরমধ্যে অজীর্ণ প্রস্তৃতি যদি কোন পীড়া বিভয়ান থাকে, এই ভূজজিনীমূল্রার প্রভাবে শীক্ষই ভাহা নাশ প্রাপ্ত হয়।। >৩।।

হে চণ্ডকপালে। এই তোমার নিকট বাবতীয় মুন্তার বিষয় কথিত হুইল। ইহা বারা জরা ও মৃত্যু নাশ প্রাপ্ত হয় এবং ইহা বাবতীয় নিম্নমূহেরই প্রিয় ॥ ১৪ ॥ শঠায় ভজিহীনায় ন দেয়ং যত্ত কত্তিং।
পোপনীয়ং প্রয়প্তেন ত্ত্ত্ত ভিং মক্তামপি॥ ৯৫॥
খজবে শান্তিচিন্তায় গুক্তভিশবায় চ।
কুলীনায় প্রদাতব্যং ভোগম্জিপ্রদায়কম্॥ ৯৬॥
মৃত্যাপাং পটলং স্তেভং সর্বব্যাধিবিনাশনম্।
ভিত্যমভ্যাসশীলত কঠায়িবিবর্জনম্॥ হ৭॥
তত্ত্ব ন লায়তে মৃত্যুর্নাত্ত জরাদিকং তথা।
নায়িজলভয়ং তত্ত্ব বায়োরপি কুতো ভয়ং॥ ১৮॥
কাসং খাসং প্রীহা প্লেমরোগাণাক্তিব বিংশতিং।
মৃত্যাণাং সাধনাতিতব বিনপ্তিত্তি ন সংশয়ং॥ ১৯॥

বে সাধক শঠ ও ভক্তিহীন, তাহাকে কথনই এই সকল মূদ্রা প্রদান করা কর্ত্তব্য নহে, ইহা বত্বপূর্বক গোপনে রক্ষা করিবে। এই সমন্ত মূদ্রা দেবগণেরও পক্ষে হুর্স ভ । ৯৫ ।

বে পুরুষ সরল, শাস্তচিত্ত, গুরুভক্তিপরায়ণ ও কুলীন, ভাহাকেই ইহা

এই মূলা নিশ্চর সর্বব্যাধিবিনাশক। বে পুরুষ প্রতিদিন ইহা অভ্যাস করেন, ভাঁহার কঠরারি প্রবৃদ্ধিত হয়। ১৭॥

বে পুৰুষ মূজাদাধন করেন, মৃত্যু ও জরা তাঁহাকে আক্রমণ করিতে দমর্থ হয় না। কি অগ্নিভয়, কি বারিভয়, কিছুতেই তাঁহার ভীতিসঞ্চারের সঞ্চাবনা নাই ॥ २৮॥

মূলালাখন করিলে তৎপ্রভাবে কাস, খাস, গ্লীহা, কুঠ এবং বিংশতি-প্রকার স্নোরোগ নাশ প্রাপ্ত হয় । >> । ৰছনা কিমিহোক্তেন সারং বচিনু চ চগু তে। নাজি মুল্লাসমং কিঞ্চিৎ সিদ্ধিদং ক্ষিভিমণ্ডলে। ১০০।

ইডি ঐধ্যেওসংহিতায়াং বেরওচওসংবাদে ম্ফ্রাকখনং নাম ভতীয়োপদেশঃ । ৩।

হে চণ্ড! তোমার নিকট অধিক কি বলিব, এইমাত্র সার কানিও বে, অগতে মুম্মার তুল্য নিদ্ধিপ্রদ আর কিছুই নাই ॥ ১০০॥ *

ইভি দেবগুসংহিতায় মূক্রাকথন নামক তৃতীয় উপদেশ সমাপ্ত।

ৰে সকল মুক্রা কথিত হইল, শিবসংহিতা গ্রন্থে তাহার অধিকাংশ
 ভিষক্রণে প্রকাশিত। অনুসদ্ধিংক্ত পাঠক এই গ্রন্থ 'শিবসংহিতা'
 কেথিবেন।

চতুর্থোপদেশঃ

প্রত্যাহার-যোগ

দেরগু উবাচ।

অথাতঃ সংপ্রবন্ধ্যামি প্রত্যাহারমন্ত্রমম্।

যক্ত বিজ্ঞানমাত্বেণ কামাদিরিপুনাশনম্॥ ১॥

ততন্ততো নিরম্যেতদাত্মক্তেব বশং নয়েং॥২॥
প্রস্কারং তিরস্কারং স্থাব্যং ভাবমায়কম্।

মনস্তস্মায়িইমৈয়তদাত্মক্তেব বশং নয়েং॥ ৩॥

স্পান্ধা বাপি তুর্গন্ধো আপেমু কারতে মনঃ।

তত্মাৎ প্রত্যাহরেদেতদাত্মক্তেব বশং নয়েং॥ ৪

বেরও কহিলেন, অতঃপর অন্তম প্রত্যাহার-বোগ কহিতেছি। ইহা বিজ্ঞানমাত্রেই কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎস্থ্য—এই ছয় বিপু বিনাশ পার। ১।

মন বে যে বিষয়ে চঞ্চল হইয়া পরিভ্রমণ করে. প্রভ্যাহার-প্রভাবে শেষ্ট সেই বিষয় হইতে মন প্রতিনিবৃত্ত হইয়া আত্মার বশতাপন্ন হয় । ২ ।

কি প্রস্থার, কি ডিরস্কার, কি স্থাব্য, কি অথাব্য, কি মারাভাব, বে কোন বিষয়ই হউক না কেন, ইহার প্রদাদে চিত্ত প্রতিনির্ত্ত হইয়া আছার বশবত হয়। ৩।

কি স্থপদ্ধ, কি তুর্গদ্ধ, বে কোন বিষয়েই মন চঞ্চল হউক না কেন, এই প্রত্যাহারবলে চিত্ত নিবৃত্ত হইয়া আত্মার বনীভূত হয় । ৪।।

মধুরামকতিকাদিরদগাদি বদা মনঃ। ভত্মাৎ প্রত্যাহরেদেভদাত্মক্তেব বশং নয়েৎ।। ¢।।

ইতি শ্রীদেরগুসংহিতায়াং দেরগুচগুসংবাদে প্রত্যাহারবোগো নাম চতুর্থোপদেশ: ॥ ৪ ॥

কি মধুর, কি অন্ন, কি তিক্ত, কি কযায়, যে কোন বসযুক্ত বিষয়ে মন চঞ্চল হউক না কেন, ইহার বলে মন সেই সেই বিষয় হইতে প্রতিনিবৃত্ত হয়।। ৫ ॥।

ইতি ঘেরগুদংহিতায় প্রত্যাহার-বোগ নামক চতুর্থ উপদেশ সমাধ্য।

পঞ্চমাপদেশঃ

প্রাণায়াম-প্রয়োগ

বেরও উবাচ।

অথাত: সংপ্রবক্ষ্যামি প্রাণায়ামশু যদিধিম্।
বশু সাধনমাত্ত্রেণ দেবতুল্যে ভবেলর: ॥ ১ ॥
আদৌ স্থানং তথা কালং মি কাহারং তথাপরম্।
নাডীভদ্ধিক তৎপশ্চাৎ প্রাণায়ামক সাধ্যেৎ ॥ ২ ॥

স্থাননির্ণয়

দ্রদেশে তথারণ্যে রাজধান্তাং জনান্তিকে।
বোগারন্তং ন কুর্নীত ক্ততে চ সিদ্ধিহা ভবেং॥৩॥
অবিখানং দ্রণেশে অরণ্যে রক্ষিবর্জ্জিতম্।
লোকারণ্যে প্রকাশক তমাত্রীণি বিবর্জিয়েং॥৪॥

ষেবত কহিলেন, অতঃপর প্রাণায়ামবিধি বলিতেছি।—প্রাণায়াম-সাধন করিলে মানব অমর সদৃশ হয়।। ১।।

প্রাণায়ামদাধন করিতে হইলে চারিটি বিষয় জানা উচিত। প্রথমে উপযুক্ত স্থান ও বিহিত কাল, তদনস্তব পরিমিত আহার অভ্যাস, অবশেষে নাড়ীভদ্ধি। এই চারিটি বিষয়ে সিদ্ধিলাভ করিবার পর প্রাণায়াম অভ্যাস করিবে॥ ২॥

দ্রদেশে, অরণ্যে, রাজধানীতে ও জ্বনসমীপে যোগারস্থ করা উচিত নতে, এই সকল স্থানে যোগসাধন করিলে সিদ্ধিহানি ঘটিরা ধাকে।। ৩।।

দ্রদেশে যোগ অভ্যাস করিলে অবিখাস হয়, বনে যোগসাধন

স্থাদেশে ধার্মিকে বাজ্যে স্কৃতক্যে নিরুপক্তবে।
তবৈকং কৃষ্টিরং রুত্বা প্রাচীবিরং পরিবেষ্টিতম্ ॥ ৫ ॥
বাপীকৃপতভাগঞ্চ প্রাচীবমধ্যবর্ত্তি চ।
নাত্যকং নাতিনিম্নঞ্চ কৃটীবং কীটবর্জিতম্ ॥ ৬ ॥
সম্যগ্রোময়নিপ্তঞ্চ কৃটীবস্তত্ত্ব নির্ম্মিতম্।
এবং স্থানেমু গুপ্তেমু প্রাণায়ামং সমভ্যসেৎ। ৭ ॥

কালনিৰ্ণয়

হেমত্তে শিশিরে গ্রীমে বর্ষায়াঞ্চ ঋতে তথা।
বোগারস্কং ন কুর্বীত ক্তে যোগী হি বোগদং ॥ ৮ ।
বসত্তে শরদি প্রোক্তং যোগারস্কং সমাচরেং।
তথা যোগী ভবেং দিদ্ধো রোগামুক্তো ভবেদ্ঞবম্ ॥ > ॥

করিলে রক্ষক্ষীন হইতে হয় এবং জনস্মীপে যোগসাধন করিলে তাহা প্রকাশ হইয়া পড়ে; স্বতরাং এই তিন্টি স্থানই যোগসাধন-বিষয়ে বিশ্বনীয় ॥ ৪ ॥

ষে দেশের রাজা ধর্মশীল, যে হলে থাছবন্ত হলভ ও প্রচ্ব পরিমাণে প্রাপ্ত হওয়া যায়, যে দেশ নিরুপত্রব, তাদৃশ হুস্থানে একটি কৃটীর নির্মাণ করিবে। ঐ কৃটীয়ের চতুর্দ্দিক্ প্রাচীর ধারা পরিবেটিড করিতে হইবে, ঐ প্রাচীয়ের মধ্যহলে বাপী, কৃপ ও তড়াগাদি কলাশয়সকল থাকিবে, কৃটীয়ট নাতি-উচ্চ বা নাতি-নিম হইবে এবং উত্তমরূপে গোময় ধারা লেপন করিবে ও সকল প্রকার কীটাদি-বিজ্ঞত হইবে। উদৃশ কৃটীয় নির্মাণ পূর্বক দেই নির্জ্ঞন স্থানে প্রাণায়ামসাধন করিবে। ৫-৭॥

হেমন্ত, শীত, গ্রীম ও বর্ষা, এই ঋতুচতুইয়ে যোগারন্ত করা কর্তব্য নহে। এই সমন্ত ঋতুতে যোগারন্ত করিলে সেই যোগ পীড়ালারক হয়॥ ৮।

बमस ७ भवर, धहे कृहे अडूहे (बानावस-विवास क्षणा । धहे कृहे

কৈলাদি কাৰ্নান্তে চ মাঘাদি কাশুনান্তিকে।
বৌ বৌ মাদৌ ঋতুভাগৌ ক্ষভাবক্ত কুল্ডু: ॥ ১০ ॥
বন্ধ আবণভাজাভ্যাং শ্রদাখিনকার্তিকো।
মার্গপোষো চ হেমন্তঃ শিশিরো মাঘদান্তনো । ১১ ।
অহভাবং প্রবক্যামি ঋতুপাঞ্চ মথোদিতম্।
মাঘাদি-মাধবান্তেমু বসন্তাহভবক্ততুঃ ॥ ১২ ॥
কৈলাদি চাখানান্তং প্রার্থাহভবক্ততুঃ ॥ ১০ ॥
ভাজাদিমার্গশিবান্তং শ্রদোহহ ভবক্ততুঃ ।
কার্তিকাদিমাঘ্যাসান্তং হেমন্তাহভবক্ততুঃ ।
মার্গাদিত্রো মাসান্ শিশিরাহভবং বিতঃ ॥ ১৪ ॥

ঋতুতে যোগাঞ্চান কারলে সাধক শিদ্ধ ও বোগ হইতে মৃক্ত হইতে: পাবেন, তাহাতে কোন সংশয় নাই॥ >॥

চৈত্রমাস হইতে ফাল্কনমান পর্যস্ত দাদশ মাসে ছয় ঋতু হয়, আর
মাদমাস হইতে (পর বর্ষের) ফাল্কনমান পর্যস্ত চতুর্দিশ মাসে ছয় ঋতুর
অহতেব হয়। ছই ছই মানে এক এক ঋতু ও চারি চারি মাসে এক
একটি ঋতু অহতেত হয়য় থাকে॥ ১০॥

চৈত্র ও বৈশাথ এই তুই মাস বসন্ত, জৈ ঠ ও আঘাত এই তুই মাস গ্রীম, প্রাবণ ও ভাত এই তুই মাস বর্ষা, আশ্বিন ও কার্ডিক এই তুই মাস শ্বং এবং অগ্রহায়ণ ও পৌষ এই তুই মাস শীত ঋতু ॥ ১১॥

এক্ষণে যে যে মাসে যে যে ঋতুর অমুভব হয়, তাহা বলিতেছি।
মাম মাস হইতে বৈশাধ মাস পর্যস্ত চারি মাসে বসস্ত-ঋতুর অমুভব
হয়। চৈত্র হইতে আরাঢ় পর্যস্ত চারি মাস গ্রীম্থ ঋতুর; আবাঢ়
হইতে আথিন পর্যস্ত বর্ধা-ঋতু; ভাত্র হইতে অগ্রহায়ণ পর্যস্ত চারি

বসস্তে বাপি শরদি যোগারভং সমাচরেং। তদা যোগো ভবেং সিজো বিনায়াদেন কণ্যতে। ১৫।

মিতাহার

মিতাহারং বিনা বস্তু ষোগারগুত্ত কাররেং।
নানারোপো ভবেক্ত কিঞ্চিদ্বোপো ন সিধ্যতি । ১৬ ।
শাল্য হবপিগুং বা গোধ্যপিগুকং তথা।
মূদগং মাৰচণকাদি শুভ্রঞ ভূষবর্জিভ্রম্ ॥ ১৭ ।
পটোলং পনসং মানং ককোলঞ্জ শুকাশকম্।
ব্যাঢ়িকাং কর্কটাং রম্ভাং ভূষবীং কন্টকন্টকম্ ॥ ১৮ ॥

মাদে শরৎ-ঋতৃ; কার্ত্তিক হইতে মাদ পর্যস্ত চারি মাদে হেমস্ত-ঋতৃ এবং অগ্রহায়ণ অবধি ফান্ধন পর্যস্ত চারি মাদে শীত-ঋতৃর অস্থতব হইরা থাকে ৷ ১২—১৪ ৷

বসস্ত ও শরৎঝতুতেই বোগাহ্নচান করা বিধেয়। এই ঋতুতে বোগাহ্নচান করিলেই বিনা ক্লেশে সিদ্ধিলাভ ঘটরা থাকে। ১৫।।

মিতাহার।—বে সাধক পরিমিত আহার না করিয়া অভিবিক্ত ভোজন পূর্বাক বোগামুষ্ঠান করে, তাহার নানাবিধ পীড়া হয় এবং ভাহার বিন্দুমাত্রও বোগসিদ্ধি হয় না।। ১৬।।

সাধক পুরুষ শালিধান্তের অর, ঘবপিও (ববের ছাড়ু), গোধুম-পিও (মর্না), মৃদ্য (মৃগের ডাইল), মাবকলায়, চণক (ছোলা), এই সমস্ত বস্তু ভোজন করিবে, কিন্তু ঐ সমস্ত শুল্লবর্ণ ও তুমব্দ্দিত হওরা উচিত।। ১৭।।

পটোল, পনদ (কাঁঠাল), মানকচ্, ক্জোল, বদরী, করঞ্জ, কাঁকুড়, বিস্তা, ডুস্ব, যোগী এই দকল ত্রব্য ভোজন করিবে।। ১৮।। আমরন্তাং বালরন্তাং রন্তানগুঞ্চ মূলকম্।
বার্ত্তাকীং মূলকং ঋদিং যোগী ভক্ষণমাচরেং॥ ১৯॥
বালশাকং কালশাকং তথা পটোলপত্রকম্।
পঞ্চশাকং প্রশংশীয়াবান্ত,কং হিলমোচিকাম্॥ ২০॥
শুক্তাতে স্থরণং প্রীত্যা মিতাহারমিমং বিহু: ॥ ২১॥
শুক্তাতে স্থরণং প্রীত্যা মিতাহারমিমং বিহু: ॥ ২১॥
শুক্তাত স্থরণং প্রীত্যা মিতাহারমিমং বিহু: ॥ ২১॥
শুক্তাত স্থরণং প্রীত্যা মিতাহারমিমং বিহু: ॥ ২১॥
শুক্তাত ত্রীয়াংশং সংরক্ষেদাযুচারণে॥ ২২॥
কট্মং লবণং তিক্তং ভৃষ্টঞ্চ দ্ধি-তক্রকম্।
শাকোৎকটং তথা মন্তং তালঞ্চ পনসন্তবা॥ ২০॥
কুলখং মস্থরং পাঞ্ কুলাগুং শাকদগুক্ম্।
ভূদীকোলকপিথঞ্চ কন্টবিবং প্লাশক্ষ্ম্॥ ২৪॥

কাঁচকলা, বালরন্তা (ঠটেকলা), রন্তাদণ্ড (খোড়), মূলা, বেগুন ও ঋদ্ধি, এই সমস্ত ত্রব্য সাধকগণের ভোজন করা বিধেয় ॥ ১৯ ॥

বালশাক, কালশাক, পলতা বেতো শাক ও হিলমোচিকা (হিঞা), এই পাঁচ প্রকার শাক সাধকগণের ভোজন-বিষয়ে স্প্রশস্ত ॥ ২০॥

নির্মান, স্থমধুর, স্নিগ্ধ ও স্থারন বস্তু-সকল সস্তোমসহকারে ভোজন পূর্বক, অর্দ্ধোদর পূর্ণ করিবে এবং উদরাদ্ধ শৃক্ত রাখিবে। ইহাকেই পশ্তিতগণ মিতাহার বলিয়া নির্দ্ধেশ করেন ॥ ২১॥

উদরের অর্দ্ধভাগ অয়াহার ধার। পূর্ণ করিবে, জলপান ধারা তৃতীয়াংশ পূরণ করিবে এবং বায়্-চালনার্থ চতুর্থ ভাগ শৃত্য রাথিতে ছট্রে । ২২ ।

কটু, অম, লবণ, ডিজ্জ-এই চতুবিধ, রগবিশিষ্ট বস্তু, ভৃষ্টদ্রব্য (ভাজা), দধি, তক্র (ঘোল), ঘুণিত শাক, স্থবা, তাল, পাকা কাঁঠাল, কুলখ, মন্ত্র, পাণ্ডুনামক, ফল, কুমাণ্ড, শাকদণ্ড (ভাঁটা বা কদমং জমীরং বিষং লক্চং লন্তনং বিষম্।
কামরদং পিরালঞ্চ হিন্দুশাব্দালীকেম্কম্
ঘোগারন্তে বর্জ্জন্তে পথস্ত্রীবহিন্দেবনম্ । ২৫ ॥
নবনীতং স্বতং ক্ষীরং গুড়ং শক্রাদি চৈক্বম্ ।
পকরন্তাং নারিকেলং দাড়িমমশিবাসবস্ ।
আক্ষান্ত নবনীং ধাত্রীং রসমন্ত্রং বিবর্জ্জিতম্ । ২৬ ॥
আলাজাতিলবলঞ্চ পৌক্ষং জন্তুজ্জান্দ্রম্ ।
হ্বীতকীথর্জ্বঞ্চ ঘোগী ভক্ষণমাচরেৎ । ২৭ ॥
লন্ধাকং প্রিয়ং স্পিয়ং ধথা ধাত্প্রপোষ্ণম্ ।
মনোহভিল্বিতং বোগাং ঘোগী ভোক্নমাচরেৎ । ২৮ ॥

ভেলো খাড়া), তুখী (লাউ), কুল, কণিখ (কদবেল), কণ্টবিষ, পলাশ, কদম, অধীর (বাতাবিলেরু), বিম্ব (ভেলাকুচা), লকুচ (মাদার বা ভহরা), রশুন, মৃণাল, কামরালা, পিয়াল, হিলু, শালালী ও কেমুক (পাব), বোগাম্চানকালে সাধকের এই সকল ত্রব্য ভোজন করা বিধেয় নহে। পর্বপর্যনি, জীনহ্বাস এবং অগ্নিস্বেন্ত ধোগাম্চানে নিষিদ্ধ । ২৩-২৫ ।

বোগারন্তে নবনীত, শ্বত (মাহিষ), ক্ষীর, গুড়, ইকুথ শর্করা (মাকের চিনি) প্রভৃতি এবং প্রুরন্তা, নারিকেল, দাড়িম, প্রাক্ষা, নবনীফল, আমলকী ও অমুরস্যুক্ত বস্তু ভোজন করা অবিধেয় ॥ ২৬ ॥

এলাচি, জাতিফল, লবল, তেজোদায়ক বস্তু, জম্, হ্রীডকী ও ধর্জ্ব—এই স্কল প্রব্য যোগায়তে শাধকপুক্ষ ভোজন করিবেন। ২৭।

বে সকল তথ্য আহার করিলে অনারাসে জীর্ণ হয়, বাহা ভিষ্ক, বাহাতে ধাড়ুর পুষ্টি হয়, ভাদৃশ মনোজ শ্রীতিপ্রদ তথ্য ভোজন করাই সাধকের কর্ম্বর । ২৮ ।

কাঠিন্তং ছবিতং পৃতিমুক্তং প্যা দিতং তথা।
অভিনীতঞ্চাতিচোগ্রং ভক্ষ্যং বোগী বিবৰ্জ্জন্তং॥ ২০।
প্রাতঃস্বানোপবাসাদি কায়ক্রেশবিধিং বিনা।
একাহারং নিরাহারং বামান্তে ন চ কার্য্যেং॥ ৩০ ॥
এবং বিধিবিধানেন প্রাণায়ামং সমাচরেং।
আবস্থা প্রথমে কুর্যাৎ কীরাজ্যং নিত্যভোজনম্।
মধ্যাহে ঠবে সায়াহে ভোজনব্যুমাচরেং॥ ৩১ ॥

নাডীভঙ্কি

কুশাসনে মৃগান্ধিনে ব্যান্ত্রান্ধিনে চ কম্বলে।
ম্বলাসনে সমাসীনঃ প্রান্ধ্বপোৰ্বাপ্যানন্ধ্য।
নাড়ীভাঙিং সমাসাভ্য প্রাণায়ামং সমভাদেৎ ॥ ৩২ ॥

ষে সকল বস্তু কঠিন, যাহা ভোলন করিলে পাপস্থার হয়, যাহা প্তিগদ্ধর্ক্ত, অতি উষ্ণ, প্যা্ষিত, অতি শীতল এবং উগ্র, সেই সকল স্রব্য সাধকগণের পক্ষে ভোজন করা বিধেয় নহে। ২৯।

প্রাতঃস্নান, উপবাস, দেহে ক্লেশপ্রদান, একবার ভোজন, নিরাহার, এই সকল সাধকের পক্ষে অবিহিত, তবে একপ্রহরবাল পর্যান্ত অনাহারে অবস্থান করিলে কোন দোষ নাই ॥ ৩ ॥

এইরূপ নিয়মে প্রাণায়াম অভ্যাস করিতে হয়। প্রাণায়াম করিবার পূর্বে প্রভাহ কীর ও ঘুত (গব্য) ভোজন করিবে এবং মধ্যাহ্ন ও সন্ধ্যা ছুইবার ভোজন করিতে হুইবে॥ ৩১॥

কুশাসন, মৃগচর্ম, ব্যাঘ্রচর্ম, কম্বল কিমা ম্বলাসনে পূর্বাভিম্থ বা উত্তরাভিম্থ হইয়া নাড়ীভ্রিপ্রক প্রাণায়ামসাধন করিতে মভ্যাস করিবে ॥ ৩২ ॥ চগুকাপালিক্ষবাচ। নাড়ীশুদ্ধিং কথং কুৰ্য্যান্নাড়ীশুদ্ধিস্ত কীদৃশী। তংগৰুৰ্বং শ্ৰোড়মিচ্ছামি তত্ত্বদম্ব দুৱানিধে॥ ৩৩॥

বেরও উবাচ।

মলাকুলাস্থ নাড়ীয়ু মকতে। নৈব গচ্ছতি।
প্রাণায়ামঃ কথং দিকগুজ্জানং কথং ভবেং।। ৩৪।।
তত্মাদাদে নাড়ীভদ্ধিং প্রাণায়ামং ততোহভ্যাদং।
নাড়ীভদ্ধিথি প্রোক্তা সময়নির্ময়ন্তথা।
বীজেন সময়ং কুর্যামির্ময়ং ধৌতিকর্ম্মণা।। ৩৫।
ধৌতিকর্ম পুরা প্রোক্তং ষট্কর্ম্মাধনে ধথা।
দৃণুদ্ধ সময়ং চণ্ড নাড়ীভদ্ধিথা ভবেং।। ৩৬।।

চপ্তকপালি কহিলেন, হে করুণানাগর! নাড়ীশুদ্ধি কিরুপে করিতে হয় এবং নাড়ীশুদ্ধি কি প্রকার, তাহা সবিশেষ শ্রবণ করিতে অভিলায হইতেছে, অতথব তাহা কীর্ত্তন করুন।। ৩৩।।

বেরও কহিলেন, মলযুক্ত নাড়ীর মধ্যে বায়ু স্কলবন্ধপে প্রবাহিত হইতে পারে না: স্থতরাং প্রাণায়ামলাধন কি প্রকারে হইবে ও কি প্রকারেই বা তত্ত্তানের উল্লেখ হইবে । এই জন্ত প্রথমে নাড়ীভদ্ধি করিয়া প্রাণায়াম সভ্যাস করা কর্ত্তব্য ।। ৩৪ ।।

নাড়ীত্তি বিবিধ; — সমস্থ প্রিশ্বন্থ। বীক্ষমন্ত্র বারা যে নাড়ীত্তি হয়, তাহার নাম সমস্থ নাড়ীত্তি এবং ধৌতিকর্ম বাবা বে নাড়ীত্তি হয়, তাহার নাম নির্মায় নাড়ীত্তি॥ ৩৫॥

হে চণ্ড। বট্কর্মবর্ণনকালে খৌডিকর্ম কীর্ত্তন করিয়াছি, অধ্নঃ বেরূপে সময় নাড়ীগুদ্ধি করিতে হর, তাহা খ্রবণ কর। ৩৬। উপবিশ্বাদনে যোগী পদাদনং সমাচরেং।
গুর্বাদিন্তাদনং কুর্যাদ্যথৈব গুরুজাবিতম্।
নাড়ীশুদ্ধিং প্রকুর্বাত প্রাণায়ামবিশুদ্ধয়ে ॥ ৩৭ ॥
বায়্বীকং ততা ধ্যাদা ধ্যবর্ণং সতেকসম্।
চক্তেন প্রয়েবায়ং বীজং যোড়শকৈ: ক্ষমীঃ ॥ ৩৮ ॥
চতুংবস্তা মাত্রয়া চ কুন্তকেনিব ধারয়েং।
ঘাত্রিংশনাত্রয়া বায়ং ক্র্যানাড্যা চ রেচয়েং॥ ৩৯ ॥
নাভিম্লাদহ্দম্থাপ্য ধ্যায়েত্রেকোহ্বনীযুত্তম্।
বহ্নিবীক্রোড়শেন ক্র্যানাড্যা চ প্রয়েং। ৪০ ॥
চতুংবস্তা চ মাত্রয়া কুন্তকেনিব ধারয়েং।
ঘাত্রংশনাত্রয়া বায়ং শশিপাড্যা চ রেচয়েং॥ ৪১ ॥

প্রথমে পদ্মাসনে আসীন হইয়া গুর্বাদি-স্থাস করিবে, পরে গুরুর আদেশাস্থায়ী প্রাণায়ামসাধনের নিমিত্ত নাড়ীগুদ্ধি করিবে॥ ৩৭॥

পরে বায়্বীজ (যং) চিস্তাপূর্ব্বক ঐ বীজ বোড়শমাত্রা জ্বপ করিয়া বামনাসিকায় বায়্পূর্ণ করিবে। ধ্যানকালে ঐ বায়্বীজকে তেজোময় ও ধ্যাবর্ণ চিস্তা করিবে। চতুঃষষ্টিবার জ্বপ দারা কুস্তক করিয়া ধারণ করিতে হইবে এবং দাত্রিংশদার জ্বপ দারা দক্ষিণনাদাপুটে রেচন করিবে।। ৩৮-৩৯।।

নাভিম্ল অগ্নিতত্ত্বর স্থান। যোগবলে নেই নাভিম্ল হইতে অগ্নিতত্বকে প্রকাশ করিয়া পৃথিবীতত্ত্বকে ঐ অগ্নিতত্ত্ব সংযোগপূর্বক চিন্তা করিবে। পরে ষোড়শবার বহিবীজ (বং) জপ খারা দক্ষিণনাসিকাতে বায়ুপূরণ করিবে। এইরূপ চতু:ষ্টিবার জপ খারা কুন্তক করিয়া বায়ুধারণ করিবে এবং খাত্রিংশদ্বার জপ করিয়া বামনাসিকা খারা ঐ বায়ুরেচন করিবে।। ৪০-৪১।।

নাসাত্রে শশশ্বগ্রেষং ধ্যাত্বা জ্যোৎস্থাসমধিতম্।
১ংবীক্ষোড্শেইনৰ ইড্য়া প্রবেদ্দেশ্ব। ৪২ ॥
চড়ু:ষষ্ট্যা মাত্রয়া চ বং বীক্ষেইনৰ ধারয়েও।
অমৃতপ্রাবিতং ধ্যাত্বা নাড়ীধোতং বিভাবয়েও।
ক্ষাবেণ দ্বাত্তিংশন দৃঢ় ভাগ্যং বিরেচয়েও॥ ৪০ ॥
এবংবিধাং নাড়ীভূজিং কুতা নাড়ীং বিশোধ্যেও।
দৃঢ়ো ভূত্বাসনং কুতা প্রাণায়ামং সমাচরেও॥ ৪৪ ॥
সহিতঃ স্থাভেদশ্চ উজ্জায়ী শীতলী তথা।
ভিত্তিকা ভামরী মৃচ্ছা কেবলী চাইকুভিকা: ॥ ৪৫ ॥
সহিতো দিবিধঃ প্রোক্তঃ প্রাণায়ামং সমাচরেও।
সপ্রেভা বীজমুচার্য্য নির্গর্ভো বীজবজ্জিতঃ॥ ৪৬ ॥

তদনন্তর নাসিকার অগ্রভাগে জোৎস্ন'-সমন্থিত চন্দ্রবিষের ধ্যানপূর্বক "ঠং" এই বীক্ত ষোড়শবার জপ দারা বামনাসিকায় কায় পরিপূর্ণ করিতে হাইবে। পরে বং-বীক্ত চতুংবটিবার জপ করতঃ স্বয়্ম্ন'-নাড়ীতে কুম্ভক দারা বায়্ধারণ করিবে। অতঃপর এইরূপ চিন্তা করিবে যে, নাসার অগ্রদেশস্ব চন্দ্রবিষ হাইতে অমৃতধারা ক্ষরিত হাইতেছে, তদ্ধারা শরীরন্থিত সমন্ত নাড়ী ধ্যেত হাইরাছে। এইরূপ ধ্যান করতঃ ধরাবীক্ত অর্থাৎ "লং" এই বীক্ত দাবিংশদ্বার জপ দারা দক্ষিণনাসিকা দারা সেই প্রিত বায়ু রেচন করিবে।। ৪২-৪০।।

এইরণে নাড়ীশুদ্ধ করিয়া দৃঢ়ভাবে আসনে উপবিষ্ট হইয়া প্রাণায়াম অভ্যান করিবে। কুম্বক অষ্টবিধ;—সহিত, স্ব্গিভেদ, উচ্চায়ী, শীতনী, ভল্লিকা, ভাষরী, মুর্চ্ছা ও কেবলী।। ৪৪—৪৫।।

সহিত কুম্বক বিবিধ; সগর্ভ ও নির্গর্ভ। যে কুম্বক বীজমন্ত্র প্রেঠপূর্ব্বক সাধিত হয়, ভাহার নাম সগর্ভ এবং যে কুম্বক বীজমন্ত্রবিরহিত, ভাহার নাম নির্গর্ভ কুম্বক । ৪৬।।

প্রাণায়ামং সগর্ভক প্রথমং কথয়ামি তে।

স্থাসনে চোপবিশু প্রালুখো বাপাদলুখ:।

থায়েদিখিং বজোগুণং বক্তবর্ণমবর্ণকম্ ॥ ৪৭ ॥

ইড়ায় প্রয়েদ্বর্থ মাজয়া ষোড়শৈ: স্থা:।

প্রকান্তে কৃত্তকান্তে কর্তব্যক্তৃড্ডীয়ানক: ॥ ১৮ ॥

স্ত্রকান্তে কৃত্তকান্তে কর্তব্যক্তৃড্ডীয়ানক: ॥ ১৮ ॥

স্ত্রকান্তে কৃত্তকান্তে কর্তবর্তকার ধারয়েং ॥ ৪৯ ॥

চত্ঃমন্তা মাত্রয়া চ কৃত্তকেনের ধারয়েং ॥ ৪৯ ॥

তমোময়ং শিবং ধ্যাত্বা মকারং শুক্রবর্ণকম্ ।

বাত্রিংশয়াত্রয়া চৈব রেচয়েদিখিনা পুন: ॥ ৫০ ॥

পুন: পিশ্বয়াপুর্যা কৃত্তকেনের ধারয়েং ।

ইড়ায়া রেচয়েং পশ্চাং ভন্নীজেন ক্রমেণ ভূ ॥ ৫১ ॥

সপর্জ প্রাণায়াম কির্মণে সাধিত হয়, প্রথমে ভাহা বলিতেছি, শ্বন কর। পূর্বাভিম্থ বা উত্তরাভিম্থ হইয়া স্থাসনে উপবেশন-পূর্বক ব্রহ্মার ধ্যান করিবে। ব্রহ্মা রক্তবর্ণ, অকার্রপী এবং রক্ষোগুণসমন্বিভ।। ৪৭।।

পরে মতিমান সাধক "অং" এই বীজ ষোড়শবার জপ দারা বাম-নাসিকাপুটে বায় পূরণ করিবে। কুন্তক করিবার পূর্বে ও বায়ুপূরণ করিবার শেষে উজ্জীয়ানবন্ধের অঞ্চান করিবে।। ৪৮।।

তদনস্তর সন্তগুণসম্বিত, উকাররূপী, শুক্লবর্ণ শিবের ধ্যান করিয়া "মং" এই বীজ বাত্রিংশবার জপ বারা ক্ষণনাসাপুট বারা পুরিত বার্ বেচন করিবে।। ৫০।।

পরে পুনরায় উক্তরণে কথিত বীক্ষকন ব্ধাস্থ্য কণ বারা

অহলোমবিলোমেন বারংবারঞ্চ নাধ্যেৎ।
প্রকান্তে কৃত্তকান্তং ধৃতনাদাপুট্ছয়য়ৄ।
কনিষ্ঠানামিকাসুঠেতজ্জনীমধ্যমাং বিনা॥ ৫২॥
প্রাণাদ্বামং নির্গর্ভন্ত বিনা বীজেন জান্ততে।
একাদি শতপর্যন্তং পুরকৃত্তকরেচনম্॥ ৫০॥
উত্তমা বিংশতিমাত্রা বোড়শী মাত্রা মধ্যমা।
অধ্যা বাদশীমাত্রা প্রাণাদ্বামাত্রিধা স্বতাঃ। ৫৪॥

দক্ষিণনাসিকায় বায়ুপূৰণ করতঃ কুন্তক্ষোগে ধারণ করিয়া পরে বামনাসাপুট দিয়া রেচন করিবে॥ ৫১॥

এই প্রকারে মৃত্সুঁছ: অহলোমবিলোমক্রমে প্রাণায়ামাছটান করিবে। বায়ুপ্রণের শেষ অবধি কুছকের শেষ পর্যান্ত তর্জনী ও মধ্যমা ভিন্ন কনিষ্ঠা, অনামিকা ও অনুষ্ঠ—এই তিন অনুনী বারা নাদাপুটবন্ন ধারণ কবিবে অর্থাৎ বখন কুছক করিবে, তখন বামনাদিকা কনিষ্ঠা ও অনামিকা বারা এবং দক্ষিণনাদিকা কেবল অনুষ্ঠানুলী বারা ধারণ করিবে॥ ৫২॥

বীজমন্ত্র ব্যতিরেকে নির্গর্ভ প্রাণায়াম হয়। পূরক, কুন্তক ও রেচক—ত্রিবিধ অক্ষয়ক প্রাণায়ামদাধনে এক হইতে একশত পর্যন্ত মাত্রা আছে। ৫০। *

মাত্রাস্থারে প্রাণায়াম তিবিধ; বিংশতিমাত্রা, যোড়শমাত্রা এবং বাদশমাত্রা। বিংশতিমাত্রা প্রাণায়াম উত্তম, যোড়শমাত্রা মধ্যম ও বাদশমাত্রা অধম ॥ ৫৪ ॥ প

^{*} পূরকে এক গুণ মাত্রা, রেচকে বিগুণ মাত্রা, এবং কুম্বকে চারিগুণ মাত্রা।

ণ উত্তমমাত্রা প্রাণায়াম লাখন করিতে হইলে প্রকে বিংশতিমাত্রা, কুম্বকে অণীতিমাত্রা ও রেচকে চল্লিশমাত্রা নির্দ্ধারিত সাছে। এইরূপে মধ্যম ও অধম মাত্রা প্রাণায়াম লাখিতে হইলে চারিগুণ ও বিশক্তমে কুম্বকে ও রেচকে মাত্রার সংখ্যা স্থির করিতে হইবে।

অধমাজ্জায়তে ঘর্ষে। মেক্রকম্পশ্চ মধ্যমাৎ।
উত্তমাচ্চ ভূমিত্যাগস্তিবিধং সিদ্ধিলক্ষণম্।। ৫৫।।
প্রাণায়ামাৎ থেচরত্বং প্রাণায়ামাথ রোগনাশনম্।
প্রাণায়ামাধ্যেচ্ছক্তিং প্রাণায়ামান্যনোন্মনী।
আনন্দো জায়তে চিত্তে প্রাণায়ামী স্বধী ভবেং।। ৫৬।।

ঘেৰও উবাচ।

কধিতং সহিতং কৃন্তং স্থাভেদনকং শৃণু। পুরয়েৎ স্থানাড্যা চ যথাশক্তি বহিন্দকং।। ৫৭।। ধারয়েঘছযত্ত্বেন কৃন্তকেন জলন্ধকৈঃ। যাবৎ স্বেদং নথকেশা ভ্যাং তাবৎ কৃর্বন্ত কৃন্তকম্।। ৫৮।।

অধমমাত্রা প্রাণায়াম-দাধন করিলে মেককম্প জন্ম অর্থাৎ মেকদন্তের তুল্য একটি নাড়ী গুগুদেশ হইতে ব্রহ্মরন্ত্র পর্যন্ত উথিত আছে, সেই নাড়ী কাঁপিতে থাকে; আর উত্তমমাত্রা প্রাণায়াম সাধন করিকে ভূতলত্যাগশক্তি জন্মে অর্থাৎ দাধক ধরাতল হইতে শৃদ্ধে পরিভ্রমণ করিতে পারেন। ঘর্শ্বনির্গম, মেককম্প ও ভূমিত্যাগ, এই তিন্টি প্রাণায়ামসিছির লক্ষণ। ৫৪।।

প্রাণায়ামনাধন করিলে তং প্রদানে খেচরত্বশক্তি জন্মে অর্থাৎ দাষক পর্গনে অ্রমণ করিতে দমর্থ হন, ইহার প্রভাবে রোগদকল দ্রীভূত হয়, প্রাণায়ামের প্রভাবে পরমাজশক্তি জাগরিত হয় এবং ইহার প্রমানে দিব্যজ্ঞানলাভ হয়। যে পুরুষ প্রাণায়ামদাধন করেন, উাহার মনে প্রমানন্দ জন্মে এবং তিনি অতি স্থী হন ।। ৫৬।।

বেরও কহিলেন, হে চওকপালে! সহিত কুম্ভকের বিষয় কথিত হইল, অধুনা স্থাভেদনামক কুম্ভকের বিবরণ কহিতেছি, অবধান কর। প্রথমে জালন্ধরবন্ধনামক মৃত্যার অষ্ঠান করতঃ দক্ষিণনাসিকা ঘারা বায় পূরণ করিবে, অভি মুন্দ্রের সহিত কুম্ভক্ষোগে ঐ বা ধারণ করিবে। প্রাণোহপান: সমানশ্চোদানব্যানে তথৈব চ।
নাগঃ কৃষ্ণ ক্রকরো দেবদত্তো ধনঞ্জঃ ॥ ৫৯ ॥
হদি প্রাণো বসেরিভ্যং অপানো গুদমগুলে ।
সমানো নাভিদেশে তু উদান: কণ্ঠমধ্যগঃ ॥ ৬০ ॥
ব্যানো ব্যাপ্য শরীরে তু প্রধানাঃ পঞ্চবায়বঃ ॥ ৬১ ॥
প্রোণান্ডাঃ পঞ্চ বিখ্যাতা নাগান্ডাঃ পঞ্চবায়বঃ ॥ ৬১ ॥
ভেষামপি চ পঞ্চানাং স্থানানি চ বদাম্যহম্ ।
উদ্যাবে নাগ আখ্যাতঃ কৃষ্তুমীলনে স্বভঃ ॥ ৬২ ॥
কৃকরঃ কৃংকৃতে জ্রেয়ো দেবদত্তো বিজ্প্তণে ।
ন জহাতি মৃতে ক্বাপি স্বর্ব্যাপী ধনঞ্জঃ ॥ ৬৩ ॥

ৰার্থ নথ ও কেশ হইতে ঘর্ম বহির্গত না হয়, তাবৎ কুম্ভকবোগ দাবা বাষ্ধারণ করিবে।। - ৫৭-৫৮।।

প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান—এই পঞ্চবায়ু অন্তর্ম্বিত এবং নাগ, কুর্ম, কুকর, দেবদত্ত ও ধনঞ্জয়—এই পঞ্চ বায়ু বহিঃস্থিত।। ১।।

হৃদয়দেশে প্রাণ, গুহে মপান, নাভিতে সমান, কণ্ঠদেশে উদান এবং সমন্ত শরীর ব্যাপ্ত হইয়া ব্যানবায় প্রবাহিত আছে। এই শঞ্চবিধ বায়ুই অন্তর্ম্থ বিশ্যাত এবং নাগ, কুর্ম, কুকর, দেবদত্ত ও ধনঞ্জ, এই শঞ্চবিধ বায়ু বহিঃছ।। ৬০-৬১।।

এই পঞ্চবিধ বহিঃস্থ বায়ু যে যে গলে প্রবাহিত, তাহা কীর্ত্তন করিতেছি। উদগারে (তেঁক্রে) নাগবায়ু, উন্মীদনে কুর্ম্মবায়ু, কুৎকারে (হাচিতে) কুকরবায়ু, জ্পুণে (হাই তোলাতে) দেবদন্ত বায়ু শরীরধ্বংস হুইলেও মৃত শরীরে প্রবাহিত থাকে।। ৬২-৬৩।। *

উল্পার—তেঁ কুর ভোলা। উন্নীলন—নয়নের উল্লেষ। কৃৎকার—
 ইাচি। ছেন্ত্রণ— হাইভোলা।

নাগো গৃহাতি চৈতত্তং কৃশ্বলৈব নিমেষণম্।
কৃত্ট্কং কুকরলৈব কৃত্থং চতুর্থেন তু।
ভবেদ্ধনপ্রয়াছকোং কণমাত্রং ন নিঃসরেং ॥ ৬৪ ॥
সবের্ব তু স্ব্যাসংভিদ্ধা নাভিম্লাং সম্দ্ধরেং ।
ইড়য়া রেচয়েং পশ্চাং বৈর্যোগাধগুরেগতঃ ॥ ৬৫ ॥
পুনঃ স্বর্যাণ চাক্বল্য কুল্লয়িত্বা ঘণাবিধি ।
রেচয়িত্বা সাধ্যেত্ব ক্রমেণ চ পুনঃ পুনঃ ॥ ৬৬ ॥
কৃত্তকঃ স্ব্যাভেদল জনামৃত্যুবিনাশনঃ ।
রোধ্যে কুগুলীং শক্তিং দেহানলং বিবর্দ্ধরেং ।
ইতি তে কথি ভশ্চগু স্ব্যাভেদনম্ভ্রম্ ॥ ৬৭ ॥

নাগবায় চৈতক্ত উৎপাদন করে, কুর্মবায় দারা নিমেষ, কুকরবায় দারা ক্ষা ও পিপানা এবং দেবদত্ত বায় দারা ক্তগক্রিয়া সংসাধিত হইয়া থাকে। ধনপ্রয়-বায় হইতে শব্দ উংপন্ন হয়। এই বায় কোন অবস্থাতেই শরীর ভাগি করে না।। ৬৪।।

কুম্বক করিবার কালে উক্ত প্রাণাদি বায়্নিচয়কে পিঙ্গলানাড়ী ছারা বিভিন্ন করত: নাভিন্ন মূল হইতে সমানবায়কে উত্তোলন করিয়া ধৈর্যাসহকারে বেগের সহিত বামনাদিকা ছারা রেচন করিতে হইবে। পুনরাম দক্ষিণনাদিকায় বায় পুরণ করিয়া স্থমুমাতে কুম্বক করিবে ও বামনাসা ছারা রেচন করিতে হইবে। পুন: পুন: এইরূপ করিতে হয়। ইহাকেই স্থাভেদ কুম্বক বলে॥ ৬৫-৬৬॥

এই স্থাভেদনামক কুন্তক জরা-মৃত্যু বিনাশ করে। ইহা ধার।
কুন্তলীশক্তি প্রবোধিতা হয় এবং দেহস্থিত অগ্নির বৃদ্ধি হয়। হে চণ্ড!
তোমার নিকটে এই শ্রেষ্ঠ স্থ্যভেদনামক কুন্তক্ষোগ কীর্ত্তন
করিলাম ॥ ৬ । ॥

উজ্জায়ীকুম্বক

নাপাজ্যাং বায়ুমাকৃষ্য বায়ুং বক্ষেণ ধারয়েও।
ফ্লেগাজ্যাং সমাকৃষ্য মুখমধ্যে চ ধারয়েও। ৬৮ ।
মুখং প্রক্ষাল্য সংবন্দ্য কুর্যাজ্জালন্ধরং ততঃ।
আশক্ষি কুন্তকং কৃত্যা ধারয়েদবিবােধতঃ॥ ৬৯ ॥
উজ্জানীকুন্তকং কৃত্যা ধারয়েদবিবােধতঃ॥ ৬৯ ॥
ভবেৎ কফরােগশ্চ ক্রুরবায়ুরজীর্গকম,॥ १०॥
আমবাতঃ ক্ষয়ঃ কানাে জরপ্লীহা ন বিভাতে।
ক্রামুভ্যবিনাশায় চােজায়ীং সাধ্যেয়রঃ॥ ৭১॥

শীতশীকুম্বক

ঞ্চিবয়া বায়ুমাকৃষ্য উদরে প্রয়েচ্ছনৈ:। ক্ষণক কুস্তুকং কৃষা নাসাড্যাং রেচয়েৎ পুন:॥ ৭২॥

বহি:স্থিত বায়ু নাসিকায়্গল ঘারা এবং অস্তঃস্থিত বায়ু হাদয় ও ্লদেশ ঘারা আকর্ষণ করিয়া কুন্তক্ষোগে মুখাভ্যন্তরে ধারণ বিবে।। ৬৮।।

অনস্তর বদন প্রকালনপূর্কক জালন্ধরমূজার আচরণ করিবে।
এইরপে নিজ শক্তি অন্সারে কুন্তক করিয়া নিরাপদে বায়্ধারণ
করিবে।। ৬২।।

ইহাকে উজ্জায়ী কৃত্তক বলে। ইহার প্রভাবে দমন্ত কার্য্য দিছ হইয়া থাকে এবং ইহার প্রভাবে কফবোগ, ত্ইবায়ু, অজীর্ণ, আমবাত, ক্ষরবোগ, কাস, জর ও প্লীহা প্রভৃতি দমন্ত রোগ বিনাশপ্রাপ্ত হয়। যে শাধক জরা ও মৃত্যুকে নাশ করিতে ইচ্ছা করেন, তাঁহার পক্ষে এই উজ্জায়ী কৃত্তকযোগ দাধন করা একান্ত কর্ত্তব্য।। ৭০-৭১।।

